পূর্কার্থন্থেন্নে জীবদ্য ব্রহ্মাংশত্বমুচ্যতে। দ্বা স্থপর্ণে-ত্যাদীনি বাক্যানি শ্রায়ন্তে। তত্ত্রৈক ঈশো দ্বিতীয়স্ত জীব ইতি প্রতীয়তে। ইহ সংশয়ঃ। কিমীশ এব মায়য়া পরিচ্ছিলো জীবঃ কিংবা রবেরংগুরিব তদ্ভিন্নস্তৎসম্বন্ধাপেক্ষী তদ্যাংশ ইতি। কিং প্রাপ্তং মায়য়া পরিচ্ছিন্ন ঈশ এব জীব ইতি। ঘ্ট-সংব্রতমাকাশং নীয়মানে ঘটে যথা। ঘটো নীয়েত নাকাশং তদ্বজ্জীবো নভোপম ইত্যথৰ্কপ্ৰেণতেঃ। এবঞ্চ তত্ত্বমন্যাদি-বাক্যান্যনুগৃহীতানি স্থ্যঃ। এবং প্রাপ্তে পঠতি।

ন স্থাদিত্যর্থঃ। হেতৃকর্ত্তা প্রযোজকঃ। তদন্বিতি। ঈশেচ্ছাং বিনা জীবঃ কিঞ্চিদপি কর্ত্ত্রণালমিত্যর্থঃ॥ ৪০॥

পূর্বার্থস্থেমে ইত্যাদিবিধ্যাদিবাক্যে ব্রহ্মপ্রের্য্যতাং জীবস্থা বিবক্ষিত্বা তস্ত কর্ত্তরং ব্রহ্মায়ত্তং যথা স্বীকৃতং তথাভেদ্বাক্যেহংশাংশিবাক্যে চ ভেদ্-মংশাংশিভাবং চৌপাধিকং বিবক্ষিত্বা ব্রহ্মাত্মকত্বমেব তহ্ম স্বীকার্য্যমিতি দৃষ্টান্তোহত্র সঙ্গতিঃ। ভেদাভেদবাক্যয়োরর্থভেদাদিরোধে দয়োঃ শ্রুতিত্ব-নাদরণীয়ত্বাদংশাংশিভাবাভাুপগনেন বিরোধো ভাবীত্যভিপ্রায়েণ ভায়ত প্রবৃত্তি:। পূর্বার্থো জীবো ব্রন্ধাধীন: করোতীত্যেবংরূপস্তম্ভ স্থেমে দার্ঘ্যা-য়েত্যর্থ:। ঘটসংবৃতমিতি। নীয়মানে স্থানাস্তরং প্রাপ্যমাণে ইত্যর্থঃ। শ্রুতাস্তরং চাত্রান্তি। ঘটে ভিল্লে যথাকাশঃ আকাশঃ ভাব যথা পুরা। এবং দেহে মৃতে

পূর্ব্বার্থের দার্ঢ্যার্থ জীবের ব্রহ্মাংশত্ব উক্ত হইতেছে। "বা স্থপর্ণা" ইত্যাদি শ্রুতিতে এক ঈশ্বর ও দিতীয় জীব, অর্থাৎ জীবত্রন্দের দৈত, ইহাই প্রতীত হয়। ত্রিষয়ে সংশয় এই যে, মায়া দারা পরিচিছন ঈশ্বরই জীব, অথবা রবির অংশুর ন্যায় ব্রদ্ধ ইইতে ভিন্ন অথচ তৎসম্বন্ধাপেকী তদংশই জীব ? অথর্ক শ্রুতিতে পঠিত হয়, 'জীব আকাশোপম; ঘটাদির স্থানান্তর প্রাপ্তিতে যেরূপ আকাশের অবস্থান্তর হয় না. জীবেরও তজপ।' তদরুসারে মায়া ছারা পরিচ্ছিন্ন ব্রহ্মই জীব, এইরূপ প্রতীতি হয়। এইরূপে "তত্ত্মদি" ইত্যাদি বাক্য অংশো নানাব্যপদেশাদন্যথা চাপি দাসকিতবাদিছ-মধীয়ত একে॥ ৪১॥

পরেশন্যাংশো জীবঃ অংশুরিবাংশুমতঃ তদ্তিমন্তদমু-যায়ী তৎসম্বন্ধাপেক্ষীত্যর্থঃ। কুতঃ নানেতি। উদ্ভবঃ সম্ভবো দিব্যো দেব একো নারায়ণো মাতা পিতা ভ্রাতা নিবাসঃশরণং স্থল্গতির্নারায়ণ ইতি স্থবালশ্রুতো গতির্ভতা প্রভুঃ সাক্ষী নিবাসঃ শরণং স্থল্দত্যাদিস্মৃতো চ স্রফুস্জ্যন্থনিয়ন্তুনিয়ম্য-

জীবো ব্ৰহ্ম সম্পদ্যতে তদেতি। এবঞ্চেত। তত্ত্বমন্থাদিবাকৈ য়রীশ্বরজীবমোরভেদো বোধ্যতে। স কিল তয়োর্ভেদে মায়োপাধিক্তে সত্যেব সিদ্ধ্যেৎ।
যথা ঘটকরকক্তে নভোভেদে সতি ঘটাদিনাশে সিদ্ধ এব নভোহভেদস্তদ্দিতি
তথাক্যান্থ্রহো ভবতীত্যর্থঃ।

এবসাক্ষেপে পঠতি জংশ ইতি। জ্বাংশশব্দেনোপসর্জ্জনীভূতোহর্থো প্রায়স্তবৈধনোপপত্তা ব্যাধ্যানাৎ। ব্যাধ্যাস্তবে তু একবস্ত্বেকদেশত্বমংশত্বং ব্যক্তীতবিষ্যতি। পরেশস্তেতি। জংশুমতো রবেং তদন্ত্বান্নী তদন্ত্বতঃ তৎ-সম্বন্ধং তৎসেবকতামপেক্ষত ইতি তদাস ইত্যর্থঃ। উদ্ভব ইত্যাদি। উদ্ভব উৎপত্তিকরঃ। সন্তবং প্রশন্তকরঃ। মাতা পালকঃ। পিতা শিক্ষকঃ। ভ্রাতা সহান্নী। নিবাসোধারকঃ। শরণং রক্ষকঃ। স্ক্রিন্তিম্। গতিরূপায়োপেন্দ্র-সকল জ্বন্থানীত হইতেছে; জ্বাৎ ক্রম্বাও জীবের জ্ঞানেই বোধিত হই-

নানা সম্বন্ধের বাপদেশ হেতু জীবকে অংশই বলিতে হয়। অন্যপ্রকারেও আথর্কাণিকেরা যে জীবের ব্রহ্মাত্মকত্ব অর্থাৎ ব্রহ্মেরই দাসকিতবাদি জীবভাব বলিয়া থাকেন, তাহাতেও অংশাশিভাবই ব্যক্ত হয়।

তেছে। এইপ্রকার পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন ;—

অংশুমানের অংশুর ন্যায় জীব পরমেশ্বরেরই অংশ। জীব ব্রহ্ম হইতে ভির ইইরাও তৎসরদ্ধাপেকী। কারণ, অ্বাল শ্রুতিতে উক্ত ইইরাছে, 'এক নারায়ণ মাতা, পিতা, ভ্রাতা, নিবাস, শরণ, ও অ্ব্রুৎ প্রভৃতি সকলই। শ্বুতিতেও বলিয়া-ছেন, গতি, ভ্রতা, প্রভু, সাক্ষী, নিবাস, শরণ ও অ্ক্রৎ, সকলই তিনি। ঐ সকল

ত্বাধারাধেয়ত্বস্বামিদাসত্বস্থিত্তপ্রাপ্যপ্রত্তাদিরূপনানাসম্বন্ধ-ব্যপদেশাৎ। অন্যথা অন্যয়া চ বিধয়া তদ্বাপ্যতয়য়৽ জীবং তদাত্মকমেকে আথর্কণিকা অপ্যধীয়ন্তে। ত্রহ্মদাসা ব্ৰহ্মদাসা ব্ৰহ্মেমে কিতবা ইতি। ন হ্যেতে ব্যপদেশাঃ স্বরূ-পাভেদে সংভবেয়ঃ। ন হি স্বয়ং স্বদ্য স্বজ্যাদিব্যাপ্যো বা। ন বা চৈত্র্যায়ন্দ্র দাসাদিভাবঃ। তথা সতি বৈরাগ্যোপদেশ-ব্যাকোপাৎ। ন চেশ্স্য মায়্যা পরিচ্ছেদঃ তদ্য তদ্বিষয়-ত্বাৎ। ন চ টক্ষচিছনপায়াণথগুৰৎ তচিছনস্তৎখণ্ডো জীবঃ অচ্ছেদ্যত্বশাস্ত্রব্যাকোপাৎ বিকারাদ্যাপত্তেশ্চ। তত্মাৎ তৎ-ভূত ইত্যর্থ:। অন্তথেতি। ব্রহ্মব্যাপ্যতয়েত্যর্থ:। ব্রহ্মদাসা ইতি। দাসাঃ কৈবর্ত্তাঃ দাসা ভৃত্যাঃ কিতবাঃ কপটনো দ্যুতদেবিন ইত্যর্থঃ। ন বা চৈত-ত্মেতি। কুৎদিতেষু কৈবৰ্ত্তাদিবু বৈরাগ্যমুপদিশচ্ছান্ত্রং পীড়িতং স্থাৎ যদি বিজ্ঞানঘনং শুদ্ধং ত্রদৈর কৈবর্ত্তাদিরপং ভবেদিত্যর্থঃ। তদবিষয়ত্বাৎ বস্তুত: পরিচ্ছেদার্গোচরতাদিত্যর্থঃ। ন চেতি। টক্ষঃ পাষাণ্দারণ ইত্যুমরঃ। ভচ্চিলো মার্যা বৈধীভাবং লব্ধ:। তৎখণ্ড: ব্রহ্মথণ্ড:। তত্মাদিতি। তত্ত্বেগতি শ্রুতিতে ও শ্বৃতিতে নানা সম্বন্ধের ব্যপদেশ হেতু জীবের ব্রহ্মসম্বন্ধাপে কিছ নির্দ্ধারিত হইতেছে। ('তিলে যেরূপ তৈল থাকে, এবং দ্ধিতে যেরূপ ঘৃত থাকে,' ইত্যাদি খেতাখতর বাক্যাত্মগারে দাসাদি শব্দ দারা উপলক্ষিত জগতের ব্রহ্মাধীনরুত্তিকতাদি হেতু দারা ব্রহ্মরূপত্ব প্রযুক্ত) ব্রহ্মই দাসাদিরূপ জীব, এই কথা আথর্কণিকেরা বলিয়া থাকেন। "ব্রহ্মদাসাঃ" ইত্যাদি বাক্যই তাঁহাদিগের মতের পোষক প্রমাণ। স্বরূপের অভেদে এরপ বাপদেশ সম্ভব হয় না। কেই কখন আপনি আপনার হজ্য বা ব্যাপ্য হইতে পারেন না। আবার চৈতন্যঘন বস্তুর স্বরূপত দাসাদিভাবও সম্ভব হয় না। তাহা হইলে, বৈরাগ্যোপদেশের ব্যর্থতা ঘটে। ঈশবের মায়া দারা পরিচ্ছেদও বলা যায় না, যেতেতু তিনি মায়ার ষ্মবিষয়। জীবকে টক্কচিছন পাষাণ্যণ্ডের ন্যায় ত্রন্ধের বিচিছন অংশও বলা বায় ना। कानगुजारा रहेरम् आकात अरह्मायरवाधक भाज मकल मिथा। रहेश शर्ष।

সজ্যত্বাদিসম্বন্ধবাংস্তন্তিরো জীবস্তত্পদর্জনত্বাৎ তদংশ উচাতে। তত্ত্বপ তদ্য তচ্ছক্তিত্বাৎ দিদ্ধন্। তচ্চ বিষ্ণুশক্তি-রিত্যাদো ক্ষেত্রজ্ঞাথা তথাপরেতি স্মৃতেঃ। চক্রমগুলস্য শতাংশঃ শুক্রমগুলমিত্যাদো দৃষ্টপৈতৎ। একবস্ত্বেকদেশত্ব-মংশত্বমিত্যাপি ন তদ্বিক্রামিত। ত্রন্ধ খলু শক্তিমদেকং বস্তু ত্রন্ধশক্তির্জীবো ত্রন্ধৈকদেশত্বাৎ ত্রন্ধাংশো ভবতীতি তত্পস্কত্বং স্থাটন্। ঘটেত্যাদিবাক্যং ভূপাধিহানো তয়োঃ দার্জ্যং ক্রবৎ দঙ্গতন্। তত্ত্বমদীত্যেতদ্পি পর্দ্য পূর্বায়ত্ত-রত্তিকত্বাদি বোধয়তি পূর্ব্বাক্তশ্রুত্যাদিভ্যো ন ত্ব্যাৎ।

তহপদর্জনন্বন্। তচ্চেতি তচ্ছ ক্রিকন্বন্। অংশশব্দ শ্রোপদর্জ্জনাথত্বে প্রয়োগমাই চন্দ্রমণ্ডলন্তেতি। ত্রিদণ্ডিনাং ব্যাখ্যামিহ দর্শন্তি একবন্ধিতি। ন তদিতি। তহপসর্জনন্বমংশত্বং নাতিক্রমতি নোল্লজ্মন্তীত্যর্থঃ। উক্তং ব্যুৎপাদন্তি ব্রহ্মেতি।
তহপস্থইত্বং ব্রহ্মোপদর্জনন্বমিত্যর্থঃ। ঘটদংবৃত্তমিত্যাদিশ্রতেরর্থসঙ্গতিমাই
উপাধিহানাবিত্যাদিনা। তত্ত্বমদীতি। তদিতি পূর্বং ত্বমিতি তুপরম্। তন্তাবেন্নোপাদানাৎ পরস্থা অম্পদার্থস্থ জীবস্থা পূর্বনির্দ্ধিষ্টতৎপদার্থপরমাত্মাধীনবৃত্তিকত্বং

এবং বিকারাদিরও আপত্তি হয়। অতএব ব্রহ্ম-স্জাতাদি-সম্মাবিশিষ্ট ব্রহ্মজিয় জীব, ইহাই দ্বির হইতেছে। ব্রহ্মস্জাত্ত্ব প্রাথ্যকেই জীবকে ব্রহ্মের অংশ বলা বার। আবার জীব ব্রহ্মের শক্তি বলিয়াই তাঁহাকে তাঁহার ক্ষত্ত্য বলা হইয়া থাকে। জীব যে ব্রহ্মের শক্তি, তাহা, "বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজাথ্যা তথাপরা" ইত্যাদি শ্বতিতেই প্রসিদ্ধ আছে। ক্ষত্যার্থে অংশ শব্দের প্রয়োগ, 'চক্রমণ্ডলের শতাংশে শুক্রমণ্ডল,' ইত্যাদি বাক্যেই দৃষ্ট হইয়া থাকে। 'বস্তবর একদেশই তাহার অংশ,' এই স্থলেও ঐ অর্থ লজ্বিত হয় নাই। ব্রহ্ম একটি শক্তিমমন্বিত বস্তু । ব্রহ্মের শক্তিভূত জীব, তাঁহার একদেশ বলিয়াই অংশরূপে অভিহিত হয়। এইরূপে জীবের ব্রহ্মস্থত্ব উপপন্ন হইল। "ঘটসমূত্রম্" ইত্যাদি বাক্য উপাধিহানিতেই সঙ্গত হইতেছে। কারণ, উক্ত বাক্য ধারা জীবেনদের সামুদ্ধাই ব্যক্ত হইতেছে। "তত্ত্মসি" প্রভৃতি বাক্য সকলও জীবের ব্রহ্মায়ন্ত-

তস্মাৎ ঈশাৎ জীবদ্যান্তি ভেদঃ। স চ নিয়ন্তৃত্বনিয়ম্যত্বিভূত্বাপুত্বাদিধর্মকৃতত্ত্বন প্রত্যক্ষগোচরত্বামান্তথাসিদ্ধঃ॥ ৪১॥

অথ বাচনিকমাহ।

মন্ত্রবর্ণাৎ॥ ৪২॥

পাদোহদ্য দর্বা ভূতানীতি মন্ত্রবর্ণোহপি জীবদ্য ব্রহ্মাংশত্বমাহ। অংশপাদশব্দো হনর্থান্তরবাচকো। ইহ দর্বা
ভূতানীতি বহুত্বে শ্রোতে দূত্রে অংশশব্দো জাত্যভিপ্রায়েবৈক্বচনান্তো বোধ্যঃ। এবমন্যত্রাপি॥ ৪২॥

অপি স্মৰ্য্যতে॥ ৪৩॥

মমেবাংশো জীবলোকে জীবভূতঃ সনাতন ইতি শ্রীভগ-বতা ইহ সনাতনত্বোক্ত্যা জীবস্যোপাধিকত্বং নিরস্তম। তস্মাৎ

বোধয়তি ন স্বভেদমিত্যর্থ:। স চেতি ভেদ:। নাম্মথাসিদ্ধ: লোকজ্ঞাততয়া ন সিদ্ধ: কিন্তু শাস্ত্রৈকজ্ঞাততয়ৈবেত্যর্থ:। শাস্ত্রেণেব হি নিয়ম্যানিয়ামক স্থাদিনা স জ্ঞায়ত ইত্যর্থ:॥ ৪১॥

মন্ত্রবর্ণাদিতি। সর্ব্বা ভূতানি সর্ব্বে জীবা:। অস্ত ব্রহ্মণ:। পাদোহংশ:॥৪२॥

বৃত্তিকত্ব প্রভৃতি বোধ করাইতেছে। পূর্ব্বোক্ত শ্রুতাদি হইতে এরপই প্রতীতি হয়; কিন্তু জীবব্রক্ষের অভেদ কোনরপেই বোধিত হয় না। অতএব জীবেশ্বরের ভেদই স্বীকার্য্য। ঐ ভেদ আবার নিয়ন্ত্ব ও নিয়ম্যত্ব প্রভৃতি ধর্ম দারা
প্রত্যক্ষগোচর না হইলেও শাস্ত্রগম্যত্ব প্রযুক্ত স্ত্যই জানিতে হইবে॥ ৪১॥

অনন্তর জীবের বাচনিক অংশত্ব প্রদর্শন করিতেছেন ;—

মন্ত্রবর্ণ হইতেই ঐ অংশত পরিদৃষ্ট হয়।

"পাদোহন্ত সর্কা ভূতানি" প্রভৃতি মন্ত্রবর্ণও জীবের ব্রহ্মাংশত্ব নির্দেশ করিরা থাকেন। মন্ত্রোক্ত পাদ শব্দ অংশকেই বোধ করাইতেছে। উক্ত শব্দব্দ অর্থান্তরের বাচক নহে। এই নিমিন্তই শ্রোত স্থ্রে জাত্যভিপ্রায়ে অংশ শব্দের এক্রচনান্তত্ব উপ্দেশ করিয়াছেন। অন্যত্ত্বও এইরূপই বৃদ্ধিতে হইবে॥ ৪২॥ তৎসম্বন্ধাপেকী জীবস্তদংশ ইতি। তৎকর্তৃথাদিকমপি তদায়ত্তম্। স্মৃতিশ্চ জীবস্বরূপং বিশিষ্যাহ। জ্ঞানাশ্রয়ো জ্ঞানগুণশেচতনঃ প্রক্তেঃ পরঃ। ন জাতো নির্বিকারশ্চ একরূপঃ
স্বরূপভাক্। অগুর্নিত্যো ব্যাপ্তিশীলশ্চিদানন্দাত্মকস্তথা।
অহমর্থোহব্যয়ঃ সাক্ষী ভিন্নরূপঃ সনাতনঃ। অদাহ্যোহচ্ছেদ্য
অরেদ্যঃ অশোষ্যোহক্ষর এব চ। এবমাদিগুণৈর্ফুঃ শেষভূতঃ
পরস্য বৈ। মকারেণোচ্যতে জীবঃ ক্ষেত্রজ্ঞঃ পরবান্ সদা।
দাসভূতো হরেরেব নান্যস্যৈব কদাচনতি। এবমাদীত্যাদিপদাৎ কর্তৃত্ব-ভোক্তৃত্ব-স্বব্যাস্বয়ংপ্রকাশস্থানি বোধ্যানি।

অপি অর্য্যত ইতি স্ব্রেণ ভগবতেতি বৃত্তিপদং দংবন্ধ্যম্। অন্তকান্
জীবধর্মান্ ভাষ্যক্ৎ সংগৃহাতি। শ্বৃতিশেতি পাল্লমিতি বোধ্যম্। জ্ঞানাশ্রম ইতি
জ্ঞানঞ্চাদাবাশ্রমশ্চতি কর্মধারয়াৎ জ্ঞানরূপো ধর্মীত্যর্থঃ। তদেবাহ জ্ঞানগুণ
ইতি। চেতনো দেহাদেশেত য়িতা অহমর্থোহ শুচ্ছ কবাচ্যঃ শেষভূতোহং শভূতঃ
হরেরেব দাসভূতঃ। নম্বত্র সর্কেবাং জীবানাং হরিদাসত্বং শ্বরপদিদ্ধং নির্কিশেষঞ্চ প্রতীতম্। তত উপদেশসংস্কারয়োর্টের্ম্বর্যমিতি চেট্মব্যেতৎ তদ্-

শ্বতিতেও জীবের ব্রহ্মাংশত্ব ব্যক্ত আছে। শ্রীভগবান গীতাতে বলিয়াছেন, 'এই ভূলোকে জীবভূত সনাতন বস্তু আমারই অংশ।' এই স্থলে জীবকে সনাতন বলাতে তাঁহার ঔপাধিকত্ব নিরস্ত হইয়াছে। অতএব ব্রহ্মসন্ধাপেক্ষী ব্রহ্মাংশই জীব। জীবের কর্তৃত্বাদিও ব্রহ্মায়ত্ত। শ্বতিতেও জীবের স্কর্ম বিশেষ করিয়া উক্ত হইয়াছে; যথা,—'জীব জ্ঞানাশ্রয়, জ্ঞানগুণ এবং প্রকৃতির অতীত ও চেতন। তাঁহার জন্ম নাই, বিকারও নাই। তিনি একর্ম ও শরীরবিশিষ্ট। তিনি অব্, নিত্য, ব্যাপ্তিশীল ও চিদানলাত্মক। তিনি অক্রছন্ধ-বাচ্য, অব্যয়, সাক্ষী, ভিয়য়প ও সনাতন। তিনি অদাহ, অচ্ছেদ্য, অক্রেদ্য, অশোষ্য ও অক্ষর। তিনি ইত্যাদিগুণযুক্ত ও ব্রক্ষের অংশভূত। মকার হারা সদা পরবান ক্ষেত্রক্ত জীয় উক্ত হয়েন। তিনি প্রহারই দাসভূত, অন্যের নহেন। আদি পদ হারা জীবের কর্তৃত্ব, ভোক্তৃত্ব ও স্বয়ং প্রকাশমানস্থাদি যাক্ত

প্রকাশঃ থলু গুণদ্রব্যভেদেন দ্বিভেদঃ। প্রথমঃ স্বাশ্রয়দ্য স্ফুর্ত্তিঃ। দ্বিতীয়স্ত স্বপরস্ফূর্ত্তিহেতুর্বস্তবিশেষঃ। দ চাজার। দীপশ্চক্ষুঃ প্রকাশয়ন্ স্বরূপস্ফূর্তিঞ্চ স্বয়মের করোতি ন তু ঘটাদিপ্রকাশরৎ তদাদিদাপেকঃ। তত্মাদয়ং স্বয়ং প্রকাশঃ। তথাপি স্বং প্রতি ন প্রকাশতে ত্মন্মিন্ জাড্যাৎ। আত্মা তু স্বয়ং পরঞ্চ প্রকাশয়ন্ স্বং প্রতি প্রকাশতে। অতঃ স্বস্মৈ স্বয়ং প্রকাশঃ যদদেশ চিদ্রেপ ইতি॥ ৪৩॥

প্রদঙ্গাদিদং বিচিন্ত্যতে। একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ ঈড্য একোহপি সন্ বহুধা যোহবভাতীতি শ্রীগোপালতাপন্যাং

দান্তাভিব্যঞ্জকত্বন তয়ারর্থবন্ধাং। শ্রুতিশ্চবনাহ। দ্বতমিব পয়ি নিগৃঢ়ং ভূতে ভূতে বসতি বিজ্ঞানং সততং মছয়িতবাং মনসা ময়ানদপ্তেনেতি। যক্ত দেবে পরা ভক্তিরিত্যাদ্যা চ। স্মৃতিশ্চ যথা ন ক্রিয়তে জ্যোৎসা ইত্যাদ্যা। আদিপদগ্রাহেষু কর্ভ্যাদিরু কর্ভ্যাদিরয়ং প্রাক্ নির্ণীতম্। স্ববৈদ্ধ স্বয়ং প্রকাশন্বং ব্যুৎপাদয়তি প্রকাশ থিবিত্যাদিনা। তদাদিসাপেক্ষো দীপাদ্যপেক্ষী॥ ৪০॥

হইরা থাকে। গুণভেদে ও দ্রবাভেদে প্রকাশ দ্বিধ। স্বাশ্ররের ক্র্তি প্রথম প্রকাশ। এবং দিতীয় প্রকাশ স্বপরক্তির হেতৃত্ত বস্তবিশেষ। আত্মাই উক্তবন্তা দীপ চকুকে প্রকাশ করিয়া স্বয়ং স্বরূপের ক্রি করিয়া থাকে। উহা ঘটাদি প্রকাশের নাায় প্রকাশকের অপেক্ষা করে না। অতএব দীপ স্বপ্রকাশস্বরূপ। তথাপি উহা আপনার জড়ত্বপ্রত্ত নিজের পক্ষে নিজে প্রকাশিত হয় না। কিন্তু আত্মা আপনাকে ও পরকে প্রকাশ করিয়া নিজের পক্ষেও প্রকাশিত হয়। উহা নিজের পক্ষেও স্বপ্রকাশ। আত্মার চিক্রপত্তই উহার কারণ॥ ৪০॥

প্রস্কাধীন অপর একটি বিচার উত্থাপন করিতেছেন। গোপালতাপনীতে ।
ব্যক্তিবা বনী ইত্যাদি বাক্যে ব্যক্তের একত্ব সত্তেও ব্যক্তপত্ব উক্ত ইইয়াছে।

পঠ্যতে। শ্বৃতে চ একানেকস্বরূপায়েত্যাদি। অত্রাংশিরূপে-গৈকোহংশকলারূপেণ তু বহুধেত্যর্থঃ প্রতীয়তে। তত্ত্র জীবাংশান্মৎস্থাদ্যংশস্থ বিশেষোহস্তি ন বেতি সংশয়ে অংশহাবিশেষাৎ নাস্তীতি প্রাপ্তে—

প্রকাশাদিবলৈবং পরঃ ॥ ৪৪ ॥

অংশশব্দিতত্বেহপি পরো মৎস্যাদির্ন এবং জীববন্ধ ভবতি। তত্র দৃষ্টান্তমাহ প্রকাশেতি। যথা তেজোহংশো

প্রদাদি ত্যাদি। অংশ প্রদাদ প্রকৃতবিষয়স্যাপি বিচারস্যোৎপত্তি:। উপদর্জন হমেব জীবস্থাংশহং পূর্বমৃক্তং তদমৎ স্থান্য বারস্থাপি তদ্ধের তথাস্থিতি দৃষ্টান্তোহত্র সঙ্গতি:। মৎস্থাদেরংশহবোধকং পূর্ণহবোধকঞ্চ বাক্যমন্তি।
ত্যোবিরোধোন বেতি সংশয়ে অর্থভেদাৎ বিরোধে প্রাপ্তে মংস্থাদ্যংশহবাক্যে
সর্ব্ধশক্তানভিব্যঞ্জক জমেবাংশছমিতি ব্যাখ্যানাদ্বিরোধ ইত্যভিপ্রায়েণ স্থায়স্থ প্রকৃত্যন ভব্যঞ্জক জমেবাংশছমিতি ব্যাখ্যানাদ্বিরোধ ইত্যভিপ্রায়েণ স্থায়স্থ প্রকৃত্যন ভব্যগ্রি:। এক ইতি। একঃ দর্বমৃথ্যঃ পরম ইত্যর্থ:। বদী নিয়স্তা। সর্ব্ধগো বিভূ:। ঈড্যোহনস্ত গুণহাৎ স্তবনীয়ঃ। একোহপি সন্নেক জমজহদেব বহুধা প্রকৃষাবতারলীলাবতারাদিরপেণাবভাতি বিহুষাং প্রতীতিগোচরো ভবতীত্যর্থ:। স্থুতৌ চেতি প্রীবৈষ্ণবে চেত্যর্থ:।

প্রকাশাদিবদিতি। ফুটার্থম্॥ ৪৪॥

শ্বতিতেও বলিরা থাকেন, 'তিনি এক হইরাও অনেকরপ,' ইত্যাদি। এই স্থলে অংশীরপে এক এবং অংশকলারপে বহু,' এই রূপই প্রভীতি হয়। তদ্-বিষয়ে সংশয় এই যে, জীবরূপ অংশ হইতে মংস্যাদিরপ অবভারাংশ সকল ভিন্ন কি না ? অংশত্বের অবিশেষ হেতু ভেদাভাবই প্রভীত হয়। এই প্রকার পূর্বাপক্ষের উত্তর করিতেছেন;—

অংশ শব্দে অভিহিত হইলেও পর মৎস্যাদি অবতার প্রকাশাদির ছায় জীবের সদৃশ হইতে পারেন না।

মৎস্তাদি অবতার সকলকে যদিও অংশশদেই অভিধান করা হয়, কিন্তু -উাহারা জীবের তুল্য হইতে পারেন না। প্রকাশাদিই উহার দৃষ্টান্ত। তেজের রবিঃ খদ্যোতশ্চ তেজঃশব্দিতত্বেহপি নৈকরূপ্যভাক্ যথা জলাংশঃ স্থামদ্যাদিশ্চ জলশব্দিতত্বেহপি ন সাম্যং লভতে তদ্বৎ ॥ ৪৪ ॥

স্মরন্তি চ॥ ৪৫॥

স্বাংশশ্চাথ বিভিন্নাংশ ইতি দ্বেধাংশ ইষ্যতে। অংশিনো
যতু সামর্থ্যং যৎস্বরূপং যথা স্থিতিঃ। তদেব নাণুমাত্রোহপি
ভেদঃ স্বাংশাংশিনোঃ কচিৎ। বিভিন্নাংশোহল্লশক্তিঃ স্থাৎ
কিঞ্চিৎসামর্থ্যমাত্রযুগিতি। সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতা ইতি চ। অয়ং ভাবঃ। এতে চাংশকলাঃ পুংসঃ
কৃষ্ণস্ত ভগবান্ স্বয়্মত্যাদৌ কৃষ্ণাখ্যস্ত বস্তুনঃ স্বয়ং রূপস্ত
যে মৎস্থাদয়োহংশাঃ স্মৃতাঃ ন তে জীববৎ ততো ভিদ্যন্তে

শ্বরম্ভি চেতি মহাবারাহে ইতি বোধ্যম্। স্বভূতোহংশঃ স্বাংশো মংস্থাদিঃ
স্বন্ধাবিভিন্নোহংশস্ত জীবলক্ষণ ইত্যেবমংশশকার্থো বিভেদঃ। নিত্যমগ্রিহোত্রম্। নিত্যং ব্রন্ধেতিবলক্ষণভেদো বোধ্যঃ। অংশশক্ষার্থভেদাদেব তত্ত্র
বিশেষোহস্তীত্যাহ অংশিনো যন্তিতি। অয়মিতি। এতে চেতি প্রীভাগবতে।

অংশ রবি যেরপ তেজঃশব্দে শব্দিত থদ্যোতের সদৃশ হইতে পারে না এবং জলাংশভূত স্থধা ও মদ্যাদি যেরপ জলশব্দে শব্দিত হইলেও পরস্পর সাম্য লাভ করিতে পারে না, মংস্থাদি অবতারও তদ্ধপ জীবের তুল্য হইতে পারেন না॥ ৪৪॥

স্বৃতিতেও ঐরপই উক্তি দৃষ্ট হইয়া থাকে।

'অংশ বিবিধ; স্বাংশ ও বিভিন্নাংশ। অংশীর যেরপ সামর্থ্য, যাহা স্বরূপ, যে প্রকার স্থিতি, স্বাংশেরও তদ্ধপ। স্বাংশ হইতে অংশীর অণুমাত্র ভেদ নাই। কিন্তু বিভিন্নাংশ সকল অপেকান্তত অল্লশক্তি। উহাদের সামর্থ্যও অত্যলমাত্র। স্বাংশ সকল সর্বপ্তণপূর্ণ ও স্বর্বদোষবিবর্জিত।' তাৎপর্য্য এই—পুরুষাদি সকলেই শ্রীক্ষের অংশ। তিনি স্বয়ং ভগবান। মৎস্তাদি শ্রীক্ষের অংশ সকল

তদ্যৈব বৈদ্ধ্যাদিবৎ তত্তভাবাবিক্ষারাৎ। দর্বশক্তিব্যক্ত্যব্যক্তিদব্যপেক্ষো হি তত্তভাপদেশঃ। যং কৃষ্ণঃ কৃৎস্নবাজ্ঞণ্যব্যক্তকোহংশী দ এবাকৃৎস্নতদ্ব্যক্তকো ভ্যেক্ষ্যক্তকো বাংশঃ
কলা চেত্যুচ্যতে। যথৈকঃ কৃৎস্নবট্শান্তপ্রবক্তা দর্ববিহুচ্যতে
দ এব কচিদকৃৎস্নতদ্বলা দ্যেকশাস্ত্রবক্তা চ দর্ববিহুক্ত্যেভ
দ এব কচিদকৃৎস্নতদ্বলা দ্যাদিক্রেকা
ব্রহ্মতার্বির্দ্তা প্রক্রের্যাপকবংশমাধ্র্য্যস্বপর্যান্তদর্ববিদ্যাপকক্রপমাধ্র্যানিরতিশয়কাক্রণ্যাদ্যো যশোদান্তন্ত্রয়ে কৃষ্ণ এব
নিত্যাবির্ভূতাঃ দন্তি ন তু মৎস্যাদিত্বে দতীতি তদ্যেব

তত ইতি স্বয়ংরূপাৎ কুঞাদিতার্থ:। অরুৎস্নতবাঞ্জক ইতি স্বনিষ্ঠং ষাড়গুণ্যং कार्रसाना श्रक हे ब्रह्मिकार्थः। (हारक कि। यक्षाः मरश्र एव । धकः वा कार्रसान প্রকটর্ম্মিত্যর্থঃ। পুরুষবোধিনীতি। আদিনা ঋক্পরিশিষ্টং গ্রাহ্ম। রাধাদ্যা ইতি। আদ্যাশব্দেন চন্দ্রাবলী গ্রাহা। তদাকর্ষকতাদিগুণসংহতিশ্চ শ্রীরাধায়াঃ জীবের ন্থায় তাঁহা হইতে ভিন্ন নহেন। তিনি স্বয়ং বৈদ্যামণির ন্থায় তন্ত-ছাবের আবিষ্কার করিয়া থাকেন। সকল শক্তির প্রকাশ ও অপ্রকাশেই ভেদ-ব্যপদেশ হইয়া থাকে। রুৎম্বাজ্গুণ্যব্যঞ্জক অংশী প্রীরুষ্ণই অরুৎম্বাজ্গুণ্য-বাঞ্জক মৎস্থাদি অবতার। হুই এক শক্তির বাঞ্জকই অংশ বা কলা রূপে উক্ত হয়েন। সর্ব্যাস্ত্রবেভাকে যেরূপ সর্ব্ববিৎ এবং ছই এক শ্বাস্ত্রবেভাকে সর্ব্ববিৎ-কল বা অল্লজ্ঞ বলা হয়, ভগবান এবং তদবতারাদিও তদ্রণই দানিতে হইবে। পুৰুষবোধিনী প্ৰভৃতি শ্ৰুতিতে যে শ্ৰীরাধাদি পূর্ণ শক্তি দকল অভিহিত হই-মাছেন, তাঁহারা এবং শ্রীমন্তাগবতের দশমস্বদাদিতে উক্ত দেই দর্বাতিশরি-প্রেমপূর্ণ-পরিকরত, ত্রহ্মাদিবিছত্তম-বিশ্বাপন-বংশীমাধুর্ঘ্য এবং স্বপর্য্যন্তসর্ক-বিশ্বাপকরপুশাধুর্য্য ও নিরতিশন্তকারণ্য প্রভৃতি গুণ সকল যুশোদান্তনন্ধর প্রীক্লফে নিত্য বিরাজিত। তাঁহার মংস্থাদি অবতারে ঐ সকল গুণ থাকে না। কারণ, শ্রীকৃষ্ণেই ঐ সকল ভাবের মাবিষার হয়, মৎস্তাদি অবভারে তাহা

তত্তন্তাবাবিন্ধারাম মৎদ্যাদেজীববৎ তত্ত্বাস্তরত্বং কিন্তু তদা-ত্মকত্বমেবেতি॥ ৪৫॥

যুক্ত্যন্তরেণ বিশেষং দর্শয়তি।

অনুজ্ঞাপরিহারো দেহসম্বন্ধাৎ জ্যোতিরাদিবৎ ॥৪৬॥
সত্যপি ত্রন্ধাংশত্বেহনাদ্যবিদ্যাবিজ্ঞিতাৎ দেহসম্বন্ধাৎ
জীবরূপস্থাংশস্থ পরেশক্তাবনুজ্ঞাপরিহারো শ্রায়েতে নৈবং
মৎস্থাদিরূপস্থ। কিন্তু দেহসম্বন্ধরাহিত্যং সাক্ষাৎ পরেশিত্বঞ্চ তক্স শ্রোতে অতো মহান্ বিশেষঃ। অনুজ্ঞানুমতিঃ সাধ্ব-সাধুকর্মপ্রেরণেতি যাবৎ। এষ এব সাধুকর্ম কারয়তীত্যাদি-

পূর্ণবং সর্বলক্ষ্যংশিত্বাৎ তৎসংহতেরংশিত্বঞ্চ তত্তদংশিতাদিতি বোধ্যম্। তদেতৎ কামাধিকরণভাষ্যস্থক্ষে ভাষ্যপীঠকে চ দ্রষ্টবাম ॥ ৪৫ ॥

নমু তত্ত্র তত্ত্বাংশশব্দস্থার্থভেদঃ কথং প্রদ্ধেষস্তত্ত্বাহ যুক্ত্যস্তরেণেতি। পরেশ-ক্বতান্ত্র্জাপরিহারকত্বং তদ্বিরংশ্চাত্র যুক্তান্তরম্। তেনাংশশব্দ তথা তথা ইত্যর্থঃ।

অমুজ্ঞেতি। সত্যপীতি। ব্রহ্মাংশত্বে উপসর্জ্জনীভূতশক্তিমদ্ববৈদ্ধদেশবে ইত্যর্থ:। তস্যেতি মংস্থাদে:। অনুজ্ঞানুমতিরিতি। ততঃ সাধ্বসাধুকর্ম-

হয় না। অতএব মংস্থাদি অবতার সকল জীবের ন্যায় তত্ত্বাস্তর নহেন। উহারা তদাস্থকই ॥ ৪৫ ॥

পুনর্কার যুক্ত্যন্তর ধারা বিশেষ দেখাইতেছেন ;—

দেহসম্ম প্রযুক্ত জ্যোতি প্রভৃতির ভায় জীবের অনুজ্ঞা ও পরিহার দৃষ্ট ইয়া থাকে।

বৃদ্ধাংশত্ব সন্তেও অনাদি অবিদ্যা হারা বিজ্ঞিত জীবরূপ অংশের দেহশহ্দ প্রযুক্ত পরেশক্ত অনুজ্ঞা ও পরিহার শ্রবণ করা বার। মৎস্থাদি অবতারের কিন্তু সেরূপ শুনা বার না। অধিকন্ত ঐ সকল অবতারের দেহসহন্দ্ররাহিত্য ও পরেশত্ব শ্রবণ করা বার। অত এব জীবে ও মৎস্থাদি অবতারে মহান্
বিশেষ। অনুজ্ঞা শক্ষে অনুমতি অর্থাৎ সাধু কর্ম ও অসাধু কর্মে প্রেরণা।

শ্রুতি:। পরিহারশ্চ ততো নির্বৃতির্মোক্ষ ইতি যাবং। তমেব বিদিন্থেত্যাদিশ্রুতে:। তত্র দৃষ্টান্তমাহ জ্যোতিরিতি। জ্যোতিশ্চক্ষুস্তস্থ যথা সূর্য্যাংশস্থাপি দেহসম্বন্ধাং নানাবিধম্বং তদসুগ্রাহ্যমং তৎপ্রবৃত্তিনির্ত্তী চ তদ্বেত্বে এব নৈবং থক্ষ্ম সূর্য্যাংশস্থাপি তৎপ্রকাশস্থ তম্ম সূর্য্যাত্মকম্বাৎ তম্বৎ ॥৪৬॥

অসন্ততেশ্চাব্যতিকরঃ ॥ ৪৭ ॥

জীবস্থাসন্ততেরপূর্ণ হাদব্যতিকরঃ। পূর্ণেন মৎস্যাদিনা সাম্যং নেত্যর্থঃ। বালাগ্রশতভাগস্যেত্যাদ্যা শ্রুতির্জীবস্থাপূর্তি-মাহ। পূর্ণমদঃ পূর্ণমিদমিত্যাদ্যা তু মৎস্যাদেঃ পূর্তিম্॥ ৪৭॥

হেতুং দূষয়তি।

আভাদ এব চ॥ ৪৮॥

প্রেরণাং। জ্যোতিশ্চকুরিত্যাদি। চকুরত্র তদ্রশিপরমাণুঃ থস্থঃ প্রকাশস্ক তদমুক্তবিরবিমণ্ডল ইতি ব্যোধ্যম্। তদ্বেত্কে স্ব্যহেত্কে ॥ ৪৬॥

তত্রৈব যুক্তান্তরং পুনরাহাসন্ততেরিতি ॥ ৪৭॥

পরিহার শব্দে ঐ সকল হইতে নির্ত্তি বা মৃক্তি। "এষ হেব সাধু কর্ম্ম কারম্যতি," ইত্যাদি শ্রুতি হইতেই ঐ অর্থ স্থির হয়। তিথিয়ে দৃষ্টান্ত যথা;—জ্যোতিঃ পদার্থ চকু যেরপ স্ব্যাংশ হইলেও দেহসম্বন্ধ প্রযুক্ত নানাবিধ ও তদমুপ্রান্থ হয়, অর্থাৎ চকুর প্রবৃত্তি বা নির্ত্তি যেরপ স্ব্যাক্তই অপেক্ষা করে; কিন্তু আকাশন্ত স্ব্যাংশভূত স্ব্যপ্রকাশ স্ব্যাত্মক বলিরা তাহার অপেক্ষা করে না, জীব ও মংস্থাদি অবতার সকলেরও তক্রপই ভেদ জানিতে হইবে॥ ৪৬॥

অপূর্ণবৃত্ত ঐ অসাম্যের অপর একটি কারণ। জীব সকল অপূর্ণ বিলিয়াও পূর্ণ বংস্যাদি অবভারের সহিত উহাদের সাম্য হয় না। "বালাগ্রশতভাগস্য" প্রভৃতি শ্রুতি সকলই জীবের অপূর্ণত্ব নির্দ্দেশ করিয়া থাকেন। আবার "পূর্ণমদঃ পূর্ণমিদম্" প্রভৃতি শ্রুতি সকল মংস্থাদি অবভারের পূর্ণত্বই ব্যক্ত করিয়া থাকেন॥ ৪৭॥

অবস্তর উক্ত পক্ষের হেতৃতে দোষারোপ করিতেছেন ;— পুর্ব্বোক্ত হেতৃ, হেতৃ নহে ; হেছাভাসমান্ত। অংশশব্দিতত্বাবিশেষাদিতি যো হেতুর্মৎস্যাদ্যংশশু জীবাংশেন সাম্যং বোধয়িতুরুপশুস্তঃ স ছাভাস এব সৎপ্রতি-পক্ষাথ্যো হেত্বাভাস এব। বৈষম্যসাধকস্য পূর্ত্ত্যাদের্হেত্বরশু সন্ত্রাৎ। চকারো দৃষ্টান্তসূচনায়। ন হি দ্রব্যন্ত্রন পৃথিবী-নভসোঃ সাম্যপারম্যং সাধনীয়ম্। ন বা পদার্থত্বন ভাবা-ভাবয়োস্তৎ। তথাচ মৎস্যাদাবসর্বব্যঞ্জকত্বং জীবে তু তত্বপ-সর্জ্জনত্বমংশত্বমিতি॥ ৪৮॥

এবং প্রাদঙ্গিকং সমাপ্য প্রকৃতং চিন্তয়তি। নিত্যো নিত্যানাং চেতনশ্চেতনানামেকো বহুনাং যো বিদধাতি

আভাস ইতি। সংপ্রতিপক্ষেতি। সাধ্যাভাবসাধকহেত্বরং যন্তান্তি স সংপ্রতিপক্ষ ইত্যর্থ:। যথা শব্দোহনিত্য: কার্য্যবাদ্ ঘটবদিত্যন্ত শব্দো নিত্যঃ প্রাবাদ্ধাছক্তব্বদিতি প্রতিপক্ষো হেতুরস্তি তথেই মংখ্যাদিরনীশোহংশদ্বাৎ জীববদিত্যস্য মংখ্যাদিরীশঃ পূর্ণবাৎ সহস্রশীর্ষবদিতি প্রতিপক্ষো হেতুর্য্প্য:। তথাচেত্যাদি। মৎস্যাদেরংশদ্বমনভিব্যঞ্জিতসর্ব্বশক্তিত্বং পূর্তিশ্রবণাৎ। জীব-ভ্যাংশত্বমুপ্সর্জ্জনীভূতব্রক্রৈকদেশত্বমণুত্বশ্রুতেরিত্যর্থ:॥ ৪৮॥

জীব ও সংখ্যাদি অবতার উভয়েই অংশ শব্দে অভিহিত হইরা থাকেন, অতএব তহুভয়ের সাম্যই বলা হউক, এইটি ব্রাইবার নিমিত্ত "অংশশন্ধিতথাবিশেষাং" এই বে হেতু উপগুল্ড হইরাছে, উহা হেতু নহে; সংপ্রতিপক্ষ নামক
হেত্বাভাসই। কারণ, বৈষম্যসাধক পূর্ণত্ব প্রভৃতি হেত্বন্তরই বিদ্যমান রহিয়াছে।
তুল্যবল বিরোধিহেতুদ্ব এক পক্ষে থাকিলেই সংপ্রতিপক্ষ নামক হেত্বাভাস
ঘটে। স্ত্রেন্থ চকার দৃষ্টান্তের স্কানার্থ। জব্যুত্ব হেতু হারা পৃথিবী ও আকাশের
সাম্য সাধন করা বাইতে পারে না। আবার পদার্থত্ব হেতু হারাও তৎসাধন সম্ভব
হয় না। বেহেতু পদার্থত্ব ভাব ও অভাব উভয় পদার্থেই দেখা যায়। মংস্থাদি
অবতারে অন্তর্মানিজ্বিয়ঞ্জেত্ব এবং জীবে ব্রেক্ষাপ্সর্জ্ঞনত্ব ও অংশত্ব সিদ্ধ হইলা। ৪৮॥

এই প্রকারে প্রাণঙ্গিক বিষয় সমাপন করিয়া প্রকৃত চিন্তা করিতেছেন। কাঠকাদি শ্রুতিতে "নিত্যো নিত্যানাম" ইত্যাদি বাক্য পঠিত হয়। এ স্থাকে কামানিত্যাদীনি বাক্যানি কাঠকাদিয়ু শ্রুষ্যস্তে। তত্র নিত্য-চেতনতয়া প্রতীতা বহবো জীবাঃ সাম্যভাজো ন বেতি সন্দেহে বিশেষাপ্রতীতেঃ সাম্যভাজ ইতি প্রাপ্তে—

অদৃষ্টানিয়মাৎ ॥ ৪৯ ॥

মণ্ড্কপ্লুত্যা নেত্যন্ত্বৰ্ত্তে। নৈব তে সাম্যভাজঃ। কুতঃ স্বরূপসাম্যেহপি তদদৃষ্টানামনিয়মাৎ নানাবিধস্থাৎ। অদৃষ্টং স্থনাদি॥ ৪৯॥

নিষ্কিছাদেষাদিভিবৈষম্যং স্থান্মেত্যাহ। অভিসন্ধ্যাদিষপি চৈবম্॥ ৫০॥

অশু খারশু প্রাদিক্ষিৎ ব্যবহিতয়োরপি পূর্ব্বোন্তরন্যায়য়োঃ সঙ্গতিঃ
খ্যাৎ। প্রাগ্যথা জীবানাং ব্রহ্মোপসর্জ্জনাণুত্রব্যত্বে তারতম্যং নাস্তি তথা
ফলতারতম্যমপি তেষাং ন স্যাদিতি দৃষ্টাস্তরূপা সা বোধা। ঐহিকামুদ্মিকফলতারতম্যবচাংসি শ্রুয়স্তে। তেষাং বিরোধোহন্তি ন বেতি সন্দেহে অর্থডেদাদন্তীতি প্রাপ্তে একব্যক্তাবেবৈক্দৈব তেষাং বিরোধো ন তু ব্যক্তিডেদে
কালভেদে বেতি ব্যবস্থাপনাদ্বিরোধ ইত্যেতমর্থং হৃদি নিধায় ন্যায়ং প্রবর্ত্তর্মতি এবমিত্যাদিনা। নিত্য ইতি। যো হরিনিত্যশ্তেন একো নিত্যানাং
চেতনানাং বহুনাং জীবানাং কামান্ বাঞ্চিতানি বিদ্ধাতি প্রয়তীত্যর্থঃ।

অদৃষ্টেতি। তদদৃষ্টাত্মসারেণ তহুপাসনাত্মসারেণ চেতি বোধ্যম্॥ ৪৯॥

নিতাচৈতভা দারা প্রতীত জীব সকল সমান কি সমান নয়, এইরূপ সংশরে, বিশেষের অপ্রতীতি নিবন্ধন জীব সকল সমান,এইরূপ পূর্ব্বপক্ষে,বলিতেছেন ;—

অদৃষ্টের অনিয়ম বশত জীব সকলের পরস্পর সাম্য স্বীকার করা যায় না।
মণ্ডুকপ্লুতি দারা ন অমুবর্ত্তিত হইবে। জীব সকল সমান নহে। কারণ,
স্বরূপত সাম্য সত্ত্বেও অদৃষ্টের অনিয়ম হেতু জীব নানাবিধই হইয়া থাকে।
ঐ অদৃষ্ট অনাদি॥ ৪৯॥

ইচ্ছাবেষাদি ধারা বৈষম্য হউক, এরূপও বলা যায় না, ইহাই দেখাইডে-ছেন ;--- তেম্বপি বৈচিত্র্যহেতুতয়াঙ্গীকৃতেম্বেশং হেম্বন্তরাপেক্ষা-পত্তেহেশ্যদৃষ্টাদেবেত্যর্থঃ। চকারঃ প্রতিক্ষণবৈচিত্রীং সম্-কিনোতি॥ ৫০॥

নকু স্বর্গভূম্যাদিপ্রদেশবৈশেষ্যাৎ বৈচিত্র্যং স্যান্নেত্যাহ। প্রদেশাদিতি চেন্নান্তর্ভাবাৎ॥ ৫১॥ তৎপ্রাপ্তেরপ্যদৃষ্টাপেক্ষত্বেনাদৃষ্টান্তর্ভাবাৎ প্রদেশাদেক-

দেশস্থিতানামপি বৈচিত্ৰীদর্শনাচ্চ॥ ৫১॥

ইতি শ্রীনদ্রক্ষত্তভাষ্যে দিতীয়াধ্যায়শু তৃতীয়ঃ পাদঃ॥ ২॥ ৩॥

অভীতি। অভিসন্ধিরিচ্ছা। আদিনা বিধেবাদি। তেৎপি ইচ্ছাদ্বেষাদয়:॥৫০॥ প্রদেশাদিতি। তৎপ্রাপ্তেঃ স্বর্গভূম্যাদিলাভস্ত ॥ ৫১॥

ইতি এগোবিন্দভাষ্যব্যাপানে ক্ষাভিধানে দ্বিতীয়াধ্যায়ভাষ্যক্ত তৃতীয়পাদো ব্যাধ্যাতঃ ॥ २ ॥ ৩ ॥

অভিসন্ধি প্রভৃতিতেও যথন অদৃষ্টেরই কারণতা দেখা যাইতেছে, তথন অদৃষ্টকেই বৈচিত্রীর কারণ বলিতে হইবে।

দ্বেষাদিকে বৈচিত্রোর কারণ বলিয়া স্বীকার করিলেও তাহারাই যথন অদৃষ্টরূপ হেম্বস্তরের অপেক্ষা করিতেছে, তথন অদৃষ্টকেই একমাত্র বৈচিত্র্যের কারণ বলিতে হইবে। চকার দারা প্রতিক্ষণবৈচিত্রী সমুচ্চিত হইতেছে॥ ৫০॥

স্বৰ্গ ও পৃথিবী প্ৰভৃতি প্ৰদেশবিশেষও ঐ বৈচিত্ৰীর কারণ নহে, ইহাই, বলিভেছেন;—

অন্তর্ভাব প্রযুক্ত প্রদেশকেও বৈচিত্রীর কারণ বলা সঙ্গত হয় না।
স্বর্গাদিলাভই বথন অদৃষ্টাপেক্ষ, তথন অদৃষ্টই মূল কারণ। বিশেষত প্রদেশ
ছইতে একদেশস্থিত ব্যক্তিরও বৈচিত্রী দর্শন করা যাইতেছে॥ ৫১॥

গোৰিকভাব্যাসুবাদে বিতীয়াধ্যারের ভৃতীয়পাদ ॥ ২ ॥ ৩ ॥

চতুর্থপাদঃ।

ছজ্জাতাঃ কলিতোৎপাতা মৎপ্রাণাঃ সন্ত্যমিত্তভিৎ।

এতান্ শাধি তথা দেব যথা সৎপ্রথামিনঃ॥ ं॥

ভূতবিষয়ঃ শ্রুতিবিরোধঃ পরিহাতস্তৃতীয়পাদে। চতুর্ধে
তু প্রাণবিষয়ঃ স পরিব্রিয়তে। গৌণমুখ্যভেদেন দ্বিবিধাঃ

অথৈকবিংশতিদ্ত্রকমেকাদশাধিকরণকং চতুর্থং পাদং ব্যাখ্যাতুং সন্মার্গপ্রবৃত্তিবাঞ্চারপং মঙ্গলমাচরন্ পাদার্থং স্চয়তি তজ্জাতা ইতি। হে দেব প্রাণস্পষ্টিরপক্রীড়াপরেতি। ছুর্ব্তজিগীষো ইতি সর্বারাধ্যেতি বার্থঃ। ভজ্জাতা ভবছৎপরা মংপ্রাণাঃ কলিতোৎপাতাঃ সন্তঃ সন্তি বর্ত্তন্তে। মৎপ্রাণা মচক্ষুরাদীনি
ইক্রিয়ানি মরিম্বিতাদিবায়বশ্চ কলিতঃ ক্বত উৎপাতো বিষয়েষ্ট্চঃ পৃতনং
বৈস্তে। তবৈমুখ্যকরক্বিষয়প্রাবল্যেন ছৎপথানাং ভ্রংশয়স্তীত্যর্থঃ। অতন্তান্
ছষ্টান্ ছং তথা শাধি শিক্ষয় যথা তে সৎপথগামিনন্তৎপদপ্রবণাঃ স্থারিত্তার্থঃ। নির্যাদীনামৃৎপাতিছং তাদ্গিক্রিয়ধারকছাদিনা বোধাম্। ছে
সমিত্রভিৎ শক্রতাপনেতি। তদীয়শু মে শত্রবন্তে ছয়া শাসনীয়া ইতি ভাবঃ।
ইথক প্রাণবিষয়া বিক্লাঃ শ্রুতয়োহ্র পাদে সঙ্গমনীয়া ইতি ভ্রিতম॥ ॥ ॥

ভূতেত্যাদি। পূর্বত প্রাণাদিধারণে স্বরূপেণৈর কর্দ্তারে। জীবাস্তল্যস্বরূপা
ভবি প্রাণেক্রিয়োপকরণবস্তঃ কর্ম চোপাসনঞ্চ কুর্ব্বাণান্তয়োর্টেবিধ্যাৎ তৎ-

ভগবন! আমার এই চকু প্রভৃতি ইন্সির সকল তোমা হইতেই উৎপন্ন ইইয়া বিষয়ে অত্যাসক্ত হইয়া পড়িয়াছে। ইহায়া আমাকে ছদ্বৈমুখ্যকর বিষয়-প্রাবল্য ছায়া তোমার পথ হইতে বিভ্রন্থ করিতেছে। তুমি ঐ হুষ্ট সকলকে এই-দ্ধাপ উপদেশ প্রদান কর, যাহাতে উহারা ছৎপদপ্রবণ হয়॥ •॥

তৃতীর পাদে ভূত-বিষয়ক ঐতিবিরোধ পরিস্থত হইরাছে। এই চতুর্থপাদে প্রাণ-বিষয়ক ঐতিবিরোধের পরিহার করা হইবে। গৌণ ও মুখ্য ভেদে প্রাণ

্ ২ আ, ৪ পা।

প্রাণাং। গোণাশ্চক্ষ্রাদীন্তেকাদশেন্দ্রিয়াণি মুখ্যাস্ত প্রাণাপানাদয়ঃ পঞ্চেতি। তেরু গোণাং পরীক্ষ্যন্তে। এতস্মাজ্জায়তে প্রাণো মনং সর্ব্বেন্দ্রিয়াণি চ ইত্যাদি প্রায়তে। কিমত্র জীববদিন্দ্রিয়াণামুৎপত্তিরুত থাদিবদিতি সংশয়ে অসদা ইদমগ্র আসীৎ তদাহুং কিং তদাসীদিতি ঋষয়ো বাব তে অসদাসীৎ তদাহুং কে তে ঋষয় ইতি প্রাণা বাব ঋষয় ইত্যত্র ঋষিপ্রাণশন্দিতানামিন্দ্রিয়াণাং স্ফেঃ প্রাক্ সত্ত্বেরণাৎ জীববদিতি প্রাপ্তে পঠতি।

ফলানি বিবিধানি ভল্পীত্যুক্তম্। তৎপ্রসঙ্গাৎ কক্রপকরণানাং তেষাঞ্চ তদ্বিরোধপরিহারেন নিরূপণমিতি পূর্ব্বোত্তরেরার্ন্যারয়োঃ প্রসঙ্গসঙ্গতিঃ। প্রাণ্বাক্যবিরোধপরিহারেন নিথিলপ্রাণপ্রবর্ত্তকে হরৌ তন্বাক্যসমন্বরদূঢ়ীকরণাদধ্যারসঙ্গতিঃ। পূর্ব্বপক্ষে বাক্যানাং মিথোবিরোধেনাপ্রামাণ্যাৎ সমন্বর্গাসিদ্ধিঃ ফলং সিদ্ধান্তে তু তেবামবিরোধাৎ তৎসিদ্ধিস্তদিতি জ্ঞেরম্। নিথিলে পাদে প্রাণবাক্যবিরোধপরিহারাৎ পাদসঙ্গতিশ্চ বোধ্যা। ভূতানি থাদীনি ভূতাশ্চ। ক্ষুট্টমন্য । অসন্বাইতি বাক্যং প্রাণাহ্ৎপত্তিপরম্ এতন্মাদিতি বাক্যং তু প্রাণোৎপত্তিপরম্ দৃষ্টম্। তদনয়োর্বিরোধসন্দেহে ভিন্নার্থন্থানিরোধে প্রাপ্তে অসন্ধাইতিবাক্যে ব্রহ্মপরত্রা নীতে নান্তি বিরোধ ইত্যভিপ্রায়েণাহ তেন্বিত্যাদি।

দ্বিষধ। চক্ষ্য প্রভৃতি একাদশ ইল্রিয়ই গৌণ প্রাণ। এবং প্রাণাপানাদি পাঁচটি মুখ্য প্রাণ। তন্মধ্যে গৌণ প্রাণ পরীক্ষিত হইতেছে। 'ইহা হইতে প্রাণ, মন ও সর্ব্বেল্রিয়ের উৎপত্তি হইয়াছে,' এইরূপ শুতি দেখা যায়। এন্থলে সংশন্ধ এই যে, ইল্রিয়ের উৎপত্তি জীবের অথবা আকাশাদির ভার ? 'ইহা কি স্টির পূর্ব্বে অসৎ ছিল?—ঋষিগণ বলিলেন, ইহা অসৎই ছিল। ঐ অসৎ কে?—ঋষিগণ। ঐ ঋষিগণ কে?—প্রাণ সকলই ঋষি। এন্থলে ঋষিও প্রাণ শব্দ দারাই ইল্রিয়ের সভাই শ্রবণ করা যায়। অভএব উহার উৎপত্তি জীবের ন্যায়ই ব্রিতে হইবে। এইরূপ পূর্ব্বিক্রেয়ের বলিতেছেন;—

তথা প্রাণাঃ॥ ১॥

যথা থাদয়ঃ পরস্বাহৎপদ্যতে তথা প্রাণা ইন্দ্রিয়াণি
চেত্যর্থঃ। প্রাক্ সফেরেক ছাবধারণাৎ মনঃ সর্বেন্দ্রিয়াণি
চৈতস্মাৎ জায়ন্ত ইতি শ্রুতেশ্চ। ন চ জীবোৎপত্তিবদিন্দ্রিয়োৎপত্তিভবিতুমইতি জীবানাং চৈতন্মরূপাণাং ষড়্ভাববিকারাভাবাৎ। কচিৎ তহুৎপত্তিশ্রুতিগৌণী ইন্দ্রিয়াণান্ত
প্রাকৃতত্বাৎ মুখ্যা সেতি। এবং সতি ঋষিপ্রাণশকাভ্যাং
ব্রৈশ্বেব তত্র গ্রাহুং তয়োঃ সার্বিজ্যপ্রাণনাভিধায়িয়্রাৎ॥ ১ ॥
নমৃষয়ঃ প্রাণা ইতি বহুছামুপপত্তিন্ত তাহ।

তথেতি। বড়্ভাবেতি। জায়তে অস্তি বর্দ্ধতে বিপরিণমতে অপক্ষীয়তে বিনশ্যতি চেতি ভাববিকারাঃ ষট্ পঠিতা বান্ধেন। তে জীবানাং ন সস্তি তেষাং নিত্যাটৈতন্যথাদিত্যথঃ। ইক্রিয়াণান্ধিতি। প্রাক্তথাদাহন্ধারিকথাং। বান্ধেক্রিয়াণি রাজ্যাহন্ধারকার্য্যাণি। অন্তরিক্রিয়ং মনস্ত সান্ধিকাহন্ধারকার্য্যাণি। মৃত্যুক্তং প্রাক্। সেত্যুৎপত্তিশ্রতিঃ॥১॥

আকাশাদি যেরপ পরষেশ্বর হইতেই উৎপন্ন হয়, প্রাণ অর্থাৎ ইন্দ্রির সকলও তজ্ঞপই উৎপন্ন হয়। স্পষ্টির পূর্ব্বে একছেরই অবধারণ হইয়া থাকে। বিশেষত শ্রুতিতে মন ও ইন্দ্রিয় সকল ইহা হইতেই উৎপন্ন হয়, এইরূপই উক্ত হয়া থাকে। অভএব জীবের উৎপত্তির ন্যায় ইন্দ্রিয়বর্মের উৎপত্তি যুক্ত হয় না। জীব সকল চৈতন্যস্বরূপ। উহাদিগের ষড্ভাববিকার দেখা যায় না। তবে যে কোথাও কোথাও জীবের উৎপত্তি শ্রুবণ করা যায়, দে গৌণনার। ইন্দ্রিয় সকল ভৌতিক বলিয়া উহাদিগের উৎপত্তি ম্থাই জানিতে হইবে। এইরূপ হইলে, ঋবিশন্দ বা প্রাণশন্দ ধারা ব্রহ্মই গৃহীত হইতেছেন। কারণ, উক্ত শন্দ্রয় বারা সার্ব্বিজ্ঞা প্রাণই অভিহিত হইয়াছেন॥ ১॥

যদি বল, ঋষিশক ও প্রোণশক দারা ব্রদ্ধাই বোধিত হইতেছেন বলিলে, ভতংশক্ষের উত্তর যে বছবচনের বিভক্তি প্রয়োগ করা হইয়াছে, তাহার অফুণ্-পত্তি হইতেছে, তত্ত্ত্তরে বলিতেছেন ;— গোণ্যসম্ভবাৎ ॥ ২ ॥

বছস্বশুতির্গোণী কুতঃ স্বরূপনানাস্থাভাবেন বহুর্থা-সম্ভবাৎ। তথাচ প্রকাশাভিপ্রায়ং তত্র বহুস্বং ভবিষ্যতি। এক এবাসোঁ বৈদ্ধ্যবদভিনেতৃন্টবচ্চ বহুধাবভাসতে। একং সন্তং বহুধা দৃশ্যমানম্ একানেকস্বরূপায়েত্যাদিশ্রুতি-স্মৃতিভ্যশ্চ॥ ২॥

তৎ প্ৰাক্ শ্ৰুতেশ্চ ॥ ৩॥

ন চ তদানীমনপীতাঃ কতিচিৎ পদার্থাঃ স্থ্যবৈত্ত্ত্বোপ-পত্তিরিতি শক্যং শঙ্কিতুং স্থটেঃ পূর্ব্বমেকত্বাবধারণশ্রবণাৎ। অতশ্চ সা গৌণীত্যর্থঃ॥ ৩॥

নম্বদা ইত্যাদিবাক্যে ব্ৰহ্মপরতয়া ব্যাখ্যাতে একত্মিন্ ব্ৰহ্মণি ঋষয়ঃ প্ৰাণা ইতি বহুবচনং কথমুপপদ্যেত তত্ত্বাহ গৌণীতি। তত্ত্বতি ব্ৰহ্মণি। জ্যো প্ৰমান্ধা হরিঃ॥ ২ ॥

তদিতি। ন চেতি। তদানীং প্রলয়ে। অনপীতাঃ অদীনাঃ। একছেতি।

যদ্যপি জীবান্তদ্বিগ্রহাক্তয়শ্চ নিত্যছাৎ তমঃশক্তিকহরৌ স্বাবস্থয়াজভূজ
ভায়েন প্রতিসর্ফে স্থিতা ন তু থাদিবদ্বিনষ্ট্রভাবস্থতয়া তথাপি তেষাং তাসাং

চ তত্মাৎ পৃথগপ্রকাশাৎ ক্রোড়ীকৃতজীবাদিকসৈয়ক্যাদেকছাব্ধারণং দিশ্দ্।

সাবহুত্মাতিঃ॥৩॥

বছত্ব-শ্রুতি গৌণী। কারণ, স্বরূপের নানাত্বের অভাব বশত বছর্ব ই অসতব হইতেছে। প্রকাশের অভিপ্রায়েই ব্রন্ধে বছত্ব হইবে। একই ব্রন্ধ বৈদ্ধ্যমণির ন্যার এবং অভিনেতা নটের স্তায় বহুধা বিভাত হইয়া থাকেন। শ্রুতিতে
বিশিরাছেন, 'ব্রন্ধ এক হইয়াও বহুধা দৃশ্যমান হয়েন।' 'তিনি একরূপ হইয়াও
অনেকরূপ।' এই প্রকার স্থৃতিও দেখা যার ॥ ২ ॥

স্টির পূর্ব্বে অবিলীন অবস্থায় কতকগুলি পদার্থ থাকে এবং ভদ্ধারাই বহুজের উপপত্তি হয়,এরপও আশঙ্কা করা যায় না। কারণ তৎকালে জ্বিদ্ধাব-ধারণই শ্রবণ করা যায়। অতএব উক্ত শ্রুতি গৌণী॥৩॥ প্রাণশব্দ অক্ষপরত্বে যুক্তিমাহ। তৎপূর্বকত্বাদাচঃ॥ ৪॥

বাচঃ সূক্ষশক্তিকব্রহ্মান্যবিষয়স্থ নালঃ প্রধানমহদাদি-স্প্রিপূর্বকদ্বাৎ তদা নামরূপবতামভাবেন ততুপকরণানা-মিন্দ্রিয়াণামপ্যভাবাৎ প্রাণশব্দস্তত্র ব্রহ্মাভিধায়ীত্যর্থঃ। তদ্-বেদং তহীতি শ্রুতিঃ স্থান্টঃ পূর্বাং নামরূপিণামভাবমাহ। তন্মাদিন্দ্রিয়াণি থাদিবতুৎপন্নানীতি॥৪॥

এবমিন্দ্রিরবিষয়কং শ্রুতিবিরোধং নিরস্থ তৎসংখ্যা-বিষয়কং তং নিরস্থতি। সপ্ত প্রাণাঃ প্রভবন্তি তম্মাৎ সপ্তা-

তৎপূর্বকথাদিতি। তদা স্বর্গাৎ প্রাক্। নামেতি। তদ্বভাভাবেনেত্যর্থ: ॥৪॥ অথেক্রিয়সংখ্যানির্গায় প্রয়তত এবমিত্যাদিনা। আশ্রয়াশ্রনিভাবোহজ দলতি:। তত্ত্ব পূর্বপক্ষিণো যদা পঞ্চেতি শ্রুত্যমুসারেণ জ্ঞানেক্রিয়পঞ্চকং বৃদ্ধিন্দরী চেত্তি সথ্যৈবেক্রিয়াণীত্যর্থ:। স্যুব্রে চাকুষং পুরুষং পরাঙ্ পর্য্যাবর্ততে তথা রূপজ্ঞো ভবত্যেকীভবতি ন পশ্রতি ন জিন্নতি ন রুসয়তে ন বদতি ন শৃণ্তে ন মহতে ন স্পৃশতীত্যাছরিতি শ্রুত্যমুসারাৎ তৃ তৎপঞ্চকং বাক্ চ মনশ্রতি স্থৈবৈতি। অভ্যর্থ:। যুত্রোৎক্রান্তিদশায়াং চকুর্ধিষ্ঠাত্দেবং স্ব চাকুষ্শন্ধবাচ্যঃ পুরুষো রূপাদিবিষয়ব্যাপ্তিং হিম্বাবর্ত্তে তদায়মরূপজ্ঞো ভবতি হৃদ্বে চকুরেকীভবতি পার্য্বাংশু নায়ং পশ্যতীত্যাহরিতি। এতহভ্রার্থং সপ্ত

একণে প্রাণশব্দের ব্রহ্মপরত্বে যুক্তি প্রদর্শন করিতেছেন ;—

বাক্য অর্থাৎ স্ক্রশক্তিকত্রকাঞ্চবিষয়ভূত নামের প্রধানমহদাদিস্ষ্টিপূর্ব্ব-কন্ধ হৈতৃ তৎকালে অরপবৎ বস্তু সকলের অভাববশত তর্গকরণভূত ইক্সিয়্ম-বর্গেরও অভাব হয় বলিয়া প্রাণশক ত্রকাভিধারীই হইতেছে। "তদ্ বা ইদং তহি" এই শ্রুতি স্টির পূর্ব্বে নাম ও রূপের অভাব বলিতেছেন। অতএব ইক্সির সকল আকাশাদির ভায় উৎপন্নই বলিতে হইবে॥৪॥

এই প্রকারে ইন্তিরবিষয়ক শ্রুতিবিরোধ পরিহার পূর্বক তৎসংখ্যাবিষয়ক বিরোধের নিরাস করিতেছেন। 'সপ্ত প্রাণ উৎপন্ন হয়। তাহা হইতে স্প্রাক্তি, র্ক্তিষঃ সমিধঃ সপ্তহোমাঃ সপ্তেমে লোকা যেরু সঞ্চরন্তি প্রাণা গুহাশয়া নিহিতা সপ্ত সপ্তেতি মুওকে। দশেমে পুরুষে প্রাণা আত্মৈকাদশেতি চ বৃহদারণ্যকে শ্রেয়তে। তত্র সপ্তিব প্রাণা উতৈকাদশেতি সন্দেহে পূর্ববিশক্ষমাহ।

সপ্তগতেবিশেষিতহাচ্চ। ৫।

প্রাণাঃ সপ্তিব। কুতঃ গতেঃ। সপ্তানামেব জীবেন সহ সঞ্চাররূপায়া গতেঃ শ্রবণাৎ। যদা পঞ্চাবতিষ্ঠন্তে জ্ঞানানি মনসা সহ। বুদ্ধিশ্চ ন বিচেন্টেত তামাহুঃ প্রমাং গতিমিতি

প্রাণা ইত্যনেন প্রাবয়ন্তি যেয়ু সপ্তম্ন লোকেয়ু জীবেন সহ প্রাণাঃ সঞ্চয়ন্তি গছিত্বি গুহাশয়া গোলকনিগুঢ়াঃ। সপ্ত সপ্তেতি প্রাণিভেদমাদায় বীপা। সপ্তেত্যেতদপ্টকাদীনামুণলক্ষণম্। অটো বৈ গ্রহা অটাবতিগ্রহা ইতি ইক্রিয়াণি গ্রহাঃ পুরুষপশুবন্ধক্ষাৎ বিষয়াস্বতিগ্রহাঃ রাগাছ্যৎপাদনন্ধারেণেক্রিয়াকর্ষক্ষাৎ সপ্ত বৈ শীর্ষণ্যাঃ প্রাণা নাবর্ষাঞ্চিতি । কচিয়্রব পঠ্যন্তে। দে চক্ষ্মী দে শ্রোতে দে নাসিকে একা বাগিতি সপ্ত দ্বাবর্ষাঞ্চাবিতি নব বৈ পুরুষে প্রাণা নাভিদশ্মীতি কচিৎ পঠিতম্। এবং নানাবাক্যানি দৃষ্টানি। দশেমেইতি তু সিদ্ধান্তবাক্যম্। দশ প্রাণা বাহেক্রিয়াণি। আত্মা স্তর্রিক্রয়মত্যর্থঃ। এবনেতেষাং বাক্যানাং বিরোধোহন্তি ন বেতি সংশয়ে অর্থভেদাদন্তীতি প্রাপ্তেশ

একদেশিমতেনাহু সপ্তেতি। অত্র হেতুর্গতেরিত্যাদিঃ। জীবেন সহেত্যতো লোকাস্তরেম্বিতি বোধ্যন্। অতৈবং কেচিহ্যাচক্ষতে। সইপ্তব প্রাণাঃ। কুতঃ

সমিধ, সপ্ত হোম ও এই সপ্ত লোক, যাহাতে গুহাশর প্রাণ সকল সঞ্চরণ করে,' এই মুণ্ডক শ্রুতি এবং 'দশম পুরুষে প্রাণ সকল ও আত্মা একাদশ' এই বৃহ-দারণ্যক শ্রুতি হইতে প্রাণ সাতটি বা এগারটি, এইরূপ সন্দেহে পরবর্তী পূর্ম্ব-পক্ষীয় স্ত্রের অবতারণা করিতেছেন;—

প্রাণ সাতটি। কারণ, সাতটি প্রাণেরই জীবের সহিত সঞ্চাররূপ গতি শ্রবণ করা যায়। বিখন পাঁচটি জ্ঞান ও বুদ্ধি মনের সহিত চেটা করে না, সেই কাঠকে যোগদশারাং জ্ঞানানীতি বিশেষিতত্বাচ্চ। শ্রোত্রাদি-পঞ্চকবুদ্ধিমনাংসি সপ্তৈব জীবস্থেন্দ্রিয়াণি ভবন্তি। যানি তু বাক্পাণ্যাদীনি শ্রুয়ন্তে তেষাং জীবেন সহ গত্যশ্রবণা-দীযত্রপকারমাত্রেণেন্দ্রিয়ত্বভণিতির্গেণিতি॥ ৫॥

এবং প্রাপ্তে সিদ্ধান্তয়তি। হস্তাদয়স্ত স্থিতে২তো নৈবম্॥ ৬॥

ভুশব্দেগান্যনিরাসার্থঃ। হস্তাদয়ঃ সপ্তাতিরিক্তাঃ প্রাণা মন্তব্যাঃ। কুতঃ জীবে দেহস্থিতে তেষামপি তদ্যোগ-

গতে:। শ্রুতৌ তেষাং সপ্তত্তাবগমাৎ বিশেষিতত্তাচ্চ। সপ্ত বৈ শীর্ষণ্যাঃ প্রাণা ইতি শিরোগতসপ্তচ্চিত্রনিষ্ঠত্তেন বিশেষণাচ্চেতি॥ ৫॥

এবং প্রাপ্তে সিদ্ধান্তমাহ। হস্তাদয়ন্তি। নমু বাগাদীনাং জীবেন সহ লোকান্তরেষু গতেরপ্রবাণ তেষাং গৌণমিক্রিয়ন্তমিত্যক্তম্। মৈবম্। তম্ং-ক্রামন্তং সর্ব্বে প্রাণা অনুৎক্রামন্তীতি সর্বাশকাৎ হস্তাদীনাং সহগতিং বিনা বন্ধকন্তরপ্রহন্ধান্ত্রপাত্তঃ। সপ্ত বৈ শীর্ষণ্যা ইত্যক্র সপ্তন্তপ্রতিপাদনং প্রামা-দিকম্। চতুর্গামেব ছিদ্রভেদেন সপ্ততয়া বর্ণনাৎ। ন থলু তক্র সপ্তোদ্ধেশন প্রাণন্তং বিহিতম্। কিন্তু প্রাণোদ্ধেশন ছিদ্রভেদমাক্রেণ চতুর্গামেব সপ্তন্তমিতি।

অবস্থাকেই পরম গতি বলা হয়,' এই কাঠক শ্রুতিতে বোগদশায় "জ্ঞানানি" 'জ্ঞান দকল,' এইরূপ বিশেষণের প্রয়োগ বশত শ্রোত্রাদি পঞ্চ ইন্দ্রিয় এবং বৃদ্ধি ও মন, এই সাতটি জীবের ইন্দ্রিয় হচিত হয়। বাক্ ও পাণি প্রভৃতি অপর পাঁচটির জীবের সহিত গতির অশ্রবণ হেতু ঈষৎ উপকারকত্ব প্রযুক্ত উহাদের ইন্দ্রিয়রূপে উক্তি গৌণই বৃদ্ধিতে হইবে॥ ৫॥

এইরপ পূর্বপক্ষের উত্তরে সিদ্ধান্তস্ত্র প্রদর্শন করিতেছেন ;—

জীবদেহে হন্তাদি সপ্তাতিরিক্ত প্রাণ স্বীকার্য্য, অতএব প্রাণ সাতটি, এরূপ বলিতে পারা যায় না।

আশহানিরাদের নিমিত্ত তুশক। সপ্তাতিরিক্ত হন্ত প্রভৃতি প্রাণ অর্থাৎ ইন্দ্রির স্বীকার্য্য হুইতেছে। কারণ, জীবদেহ থাকাতে হন্তাদিও ভোগসাধনার্থ সাধনত্বাৎ কার্য্যভেদাক। তথাক বৃহদারণ্যকে পঠ্যতে। হস্তো বৈ গ্রহঃ সর্ব্বকর্মণাভিগ্রহেণ গৃহীতঃ হস্তাভ্যাং কর্ম করোতী-ভ্যাদি। অতঃ সপ্তাভিরেকাদেব হেতোর্নিবং মন্তব্যং সপ্তি-বেতি কিন্তু পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি পঞ্চ কর্মেন্দ্রিয়াণি একমন্ত-রিন্দ্রিয়মিত্যেকাদশৈবেন্দ্রিয়াণি গ্রাহ্মাণি। আজ্মিকাদশেত্য-ত্রাক্মান্তরিন্দ্রিয়ং প্রকরণাৎ। ইদমত্র বোধ্যম্। শব্দস্পর্শরূপ-রসগন্ধবিষয়াঃ পঞ্চ জ্ঞানভেদাস্তদর্থানি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি প্রোত্রত্বকৃষ্কুরসন্ত্রাণাখ্যানি বচনাদানবিহরণোৎসর্গানন্দাঃ পঞ্চ কর্মভেদাস্তদর্থানি পঞ্চ কর্মেন্দ্রিয়াণি বাক্পাণিপাদপায়ু-পন্থাখ্যানি। সর্ব্বার্থবিষয়ং ত্রিকালবর্ত্যন্তঃকরণমেকমনেক-বৃত্তিকম্। তদেব সঙ্কল্লাধ্যবসায়াভিমানচিন্তারূপকার্য্যভেদাৎ

নব বৈ পুরুষে প্রাণা ইত্যেতদপি বাক্যং পুরুষাকারছিদ্রাভিপ্রায়মেব ন ভূ প্রাণাভিপ্রায়মিত্যেতৎসর্কাভিপ্রায়েণাহ কিন্তু পঞ্চেত্যাদি। ত্রিকালবর্তীতি ত্রৈকালিকেষু দশস্বধ্যক্ষতয়া বৃত্তির্যস্ত তদিত্যর্থ: ॥ ৬ ॥

এবং কার্যভেদ প্রযুক্ত স্বীকার্য্য হয়। বৃহদারণ্যকে পঠিত হয়—'কর্ম্মন্প অভিগ্রহ কর্ত্ক গৃহীত হয় বলিয়া হস্তকে গ্রহ বলা যায়। জীব হস্ত দ্বারা করে ।'
এইরূপে যথন আধিক্য দেখা যাইতেছে,তথন সাতটি মাত্র প্রাণ বলা সঙ্গত হয়
না। জ্ঞানেন্দ্রিয় পাঁচটি, কর্মেন্দ্রিয় পাঁচটি ও অস্তরিন্দ্রিয় একটি, সর্বসমেত একাদশটি ইন্দ্রিয়। "আত্মিকাদশ" এই স্থলে আত্মা শব্দে অস্তরিন্দ্রিয় বোধ করায়।
প্রকরণ হইতেই ঐ বোধ ঘটে। এস্থলে তাৎপর্য্য এই—শব্দ, স্পর্শ, রূপ, রঙ্গ গদ্ধ, এই পাঁচটি বিষয়। বিষয়ভেদে পাঁচটি জ্ঞানভেদে হয়। ঐ জ্ঞানভেদের
নিমিন্ত জ্ঞানেন্দ্রিয়ও গাঁচটি হইয়াছে। শ্রোত্র, ত্বক্, চক্ষু, রঙ্গন ও আণ, এই
পাঁচটি জ্ঞাননিন্দ্রিয়। বচন, আদান, বিহরণ, উৎসর্গ ও আনন্দ, এই পাঁচটি কর্ম্মেন্তির ভ্রমাছে। ভাবার সমস্ত জ্ঞানের জন্ম বিকালবর্ত্তী অনেক্বৃত্তি একটি অস্তহইয়াছে। আবার সমস্ত জ্ঞানের জন্য বিকালবর্ত্তী অনেক্বৃত্তি একটি অস্ত-

ক্ষচিদ্ভেদেন ব্যপদিশ্যতে মনোবুদ্ধির হঙ্কারশ্চিত্তঞ্জে । তথাচৈকাদশৈবেন্দ্রিয়াণীতি॥ ৬॥

প্রাণানাং পরিমাণং চিন্তয়তি। প্রাণা ব্যাপিনোহণবো বেতি সংশয়ে দূরপ্রবণদর্শনাদেবান্তভবাদ্যাপিন এবেতি প্রাপ্তে—

অণবশ্চ ॥ ৭ ॥

চো নিশ্চয়ে। অণব এবৈকাদশ প্রাণাঃ। উৎক্রান্তি-শ্রুতেরিতি শেষঃ। দূরপ্রবাদিকং তু গুণপ্রসারাৎ সিদ্ধম্।

প্রাণানামিতি। অত্রাপি প্রাথৎ সঙ্গতিঃ। তত্রৈবাং তত্র তে সর্ব্ধ এব সমাঃ সর্ব্বেংনস্তা ইত্যানস্ত্যবাক্যং তমুৎক্রামস্তমিত্যাচ্যৎক্রাস্তিবাক্যঞ্চান্তি। পূর্বাং ব্যাপ্তিবাচকং পরস্বণুষ্বাচীতি। তয়োর্বিরোধসন্দেহেহর্থভেদাদ্বিরোধে প্রাপ্তে পূর্ব্ব্রাথ যোহ বৈ তাননস্তামুপান্তে ইতি প্রবণাৎ বহুফলকোপাসনতয়া তদানস্ত্যা নীতে নাস্তি বিরোধ ইত্যভিপ্রায়েণ স্থায়স্ত প্রবৃত্তিঃ।

রিক্রিয় আছে, ইহারই নাম মন। ঐ মন সন্ধর, অধ্যবদায়, অভিমান ও চিন্তা-রূপ কার্য্যের ভেদ বশত কখন কখন ভিন্নরপেও ব্যপদিট হইয়া থাকে। যথন ভিন্নরপে ব্যপদিট হয়, তথন উহার নাম যথাক্রমে মন, বৃদ্ধি, অহন্ধার ও চিন্ত এইরূপ অভিহিত হয়। মন সন্ধরাত্মক, বৃদ্ধি অধ্যবদায়াত্মক, অহন্ধার অভি-মানাত্মক ও চিন্তা চিন্তাত্মক। এইরূপে একাদশ ইক্রিয়ই স্থির হইল॥ ৬॥

অনস্তর প্রাণের পরিমাণ চিস্তা করিতেছেন :—

প্রাণ অর্থাৎ ইন্দ্রিয় সকল ব্যাপক কি অণু, এইরপ সংশয়ে, দ্রশ্রবণ ও দ্রদর্শনাদির অন্থভব হেতু ইন্দ্রিয় সকল ব্যাপকই হইতেছে, এই প্রকার পূর্ব-পক্ষে বলিতেছেন;—

हेक्कित्र मकल व्यक्तशह।

চ-শব্দ নিশ্চরে। এগারট ইক্সিরই অণ্রূপ। উৎক্রান্তি শ্রুতি হইতেই উক্ত অণ্রূপত্ব সিদ্ধ হয়। গুণের প্রসারণ হইতেই দূরশ্রবণাদি সিদ্ধ হইতেছে। জীব জীবস্তেব শিরোহজ্বিয়াপিত্ব। এতেন প্রাণব্যাপ্তিবাদিনঃ সাখ্যা নিরস্তাঃ॥ ৭॥

অবৈতস্মাৎ জায়তে প্রাণ ইত্যত্ত মুখ্যঃ প্রাণঃ পরী-ক্ষ্যতে। শ্রেষ্ঠঃ প্রাণো জীববহ্যুৎপদ্যতে খাদিবদ্বতি বিষয়ে নৈষ প্রাণ উদ্দতি নাস্তমেতীত্যাদিশ্রুতেঃ। যৎপ্রাপ্তির্যৎ-পরিত্যাগ উৎপত্তির্মরণং তথা। তম্যোৎপত্তিম্ তিশ্চৈব কথং প্রাণস্থ যুজ্যত ইতি স্মৃতেশ্চ জীববদিতি প্রাপ্তে—

ट्यिके≈5 ॥ ৮ ॥

শ্রেষ্ঠঃ প্রাণোহপি থাদিবছৎপদ্যতে জায়তে প্রাণ ইতি শ্রুতেঃ। স ইদং সর্ব্বমস্জতেতি প্রতিজ্ঞানুপরোধাচ্চেতি

অণবশ্চেতি। এতেনেতি। বিভূত্ববাদে মথুরাস্থিতানামপি শ্রীরঙ্গদর্শনস্পর্শে স্থিতামুৎক্রান্ত্যাদিবিরোধশ্চ॥ १॥

অবৈওম্মাদিত্যাদৌ গৌণপ্রাণস্থায়বৎ প্রদক্ষসঙ্গতির্বোধ্যা। যৎপ্রাপ্তিরিতি। বায়্প্রাপ্তৌ প্রাণস্থান্থংপত্তিবাক্যমুৎপত্তিবাক্যস্থান্তা দেবা ইতি বদাপেক্ষিকামুৎপত্তিপরত্বন নীত্র্বান্তি বিরোধ ইতি রাদ্ধান্তঃ॥৮॥

বেরপ অণ্রপ হইয়াও গুণপ্রসারে পাদ হইতে মন্তক পর্যান্ত ব্যাপ্ত করে, প্রাণও তজ্রপই করিয়া থাকে। এতদ্বারা প্রাণব্যাপ্তিবাদী সাখ্যা নিরন্ত হইতেছেন॥ ৭॥

অনস্তর "এতত্মাৎ কায়তে প্রাণঃ" এই স্থলে মুখ্য প্রাণের পরীক্ষা করিতে-ছেন। মুখ্য প্রাণ জীবের ন্যায় অথবা আকাশাদির ভায় উৎপন্ন হয় ? এই-প্রকার সংশ্বে 'প্রাণের উৎপত্তি এবং নাশ নাই,' ইত্যাদি ক্ষতি এবং 'বাহার প্রাপ্তিই উৎপত্তি ও বাহার পরিত্যাগই মরণ, দেই প্রোণের উৎপত্তি বা বিনাশ সম্ভব হয় না,' ইত্যাদি স্মৃতি হইতে প্রাণের উৎপত্তি জীবের ভায়ই স্বীকার করিতে হয়। এইরূপে পূর্বপক্ষীয় সিদ্ধান্ত স্থির হইলে, তছ্তরের বলিতেছেন;—

শেষঃ। এবং সত্যস্থপ্তিরাপেকিকী। শৈষ্ঠকান্স কারস্থিতি-হেতুসাদদন্তি। পৃধগ্যোগকরণমূত্রচিন্তার্থম্॥ ৮॥

অব তস্ত স্বরূপং পরীক্ষাতে। স কিং বায়ুরেব কেবলঃ
কিংবা তৎস্পন্দরূপা ক্রিয়াববা দেশান্তরগতো বায়ুরিতি
বিচিকিৎসা। কিং প্রাপ্তম্। বাহ্যো বায়ুরেবেতি। যোহয়ং
প্রাণঃ স বায়ুরিতি রহদারণ্যকক্রতেঃ। বায়ুক্রিয়া বা প্রাণঃ
উচ্ছাসনিশ্বাসরূপায়াং তৎক্রিয়ায়াং তচ্ছক্ত প্রসিদ্ধো।
বায়ুমাত্রে তস্তাপ্রসিদ্ধেশ্রুতি প্রাপ্তে—

न वाश्किष्य शृथश्च भारतमार ॥ ৯ ॥

অথা প্রয়া প্র নিষ্ঠা প্র নিষ্ঠ

মুখ্য প্রাণও আকাশাদির ভায়ই উৎপন্ন হয়। "জারতে প্রাণং" ইত্যাদি শ্রুতিবাক্যই উহার প্রমাণ। 'পরমেশ্বর ঐ সমস্ত পদার্থের স্পষ্ট করেন,' ইত্যাদি প্রতিজ্ঞার অন্থরোবে প্রাণের উৎপত্তি স্বীকার করিতে হইবে। যদি এইরূপ হইল, কোখাও কোথাও বে প্রাণের অন্থংপত্তি উক্ত হইয়াছে, তাহা আপে-ক্রিকী বলিতে হইবে। দেহের স্থিতির কারণ বলিন্না প্রাণের শ্রেষ্ঠন্ব, এই নিমিন্তই বলিয়াছেন, উত্তর চিন্তার জন্যই পৃথক্ যোগকরণ॥ ৮॥

শত:পর প্রাণের শ্বরূপ পরীক্ষিত হইতেছে। প্রাণশক্ষে কেবল বায়ু জথবা শ্বনরপ ক্রিরা কিংবা দেশাস্তরগত বায়ু ? এই প্রকার সংশরে, 'প্রাণই বায়ু' এইরূপ বৃহদারণ্যক শ্রুতি জমুসারে, প্রাণ বায়ুরই ক্রিরা, এই প্রকার সিদ্ধান্ত হয়। বেহেতু উচ্ছাস ও নিখাস রূপ বায়ুর ক্রিয়াতেও বায়ুশব্দের প্ররোগ দেখা বার। ঐ ক্রিয়া বায়ুয়াতেই প্রসিদ্ধ লাছে। এইরূপ পূর্বপক্ষের উত্তরে বলিতেছেন;—

শ্রেষ্ঠঃ প্রাণো ন বায়ুর্ন চ তৎস্পন্দঃ। কুতঃ পৃথগিতি।

এতস্মাৎ জায়তে প্রাণ ইত্যাদো বায়োঃ দকাশাৎ প্রাণস্থ

পৃথগুক্তে:। যদি বায়ুরের প্রাণস্তর্হি তস্মাৎ তস্ত দা ন দ্যাৎ।

যদি বা বায়ুস্পন্দঃ প্রাণস্তদাপি বায়োঃ দকাশাৎ তৎক্রিয়ারূপদ্য প্রাণস্য ন দা সম্ভবেৎ। ন হ্যায়াদেঃ ক্রিয়া তেন

দাকং পৃথগুক্তা দৃশ্যতে। যোহয়ং প্রাণঃ দ বায়ুরিতি তু

বায়ুরিব কিঞ্চিত্রিশেষমাপন্নঃ প্রাণো ন তু জ্যোতিরাদিবৎ

তত্তান্তর্মিতি জ্ঞাপনার্থম্। যতু দামান্তকরণর্ত্তিঃ প্রাণাদ্যা

বায়বঃ পঞ্চেতি দাস্থ্যৈঃ দর্কেক্রিয়ব্যাপারঃ প্রাণ ইত্যুক্তং তম

একরূপপ্রাণস্ত বিজাতীয়নানেন্দ্রিয়ব্যাপারত্বাযোগাৎ॥ ৯॥

নেতি। তৎস্পল উচ্ছাসাদিরপা বায়ুক্রিরা। তস্মাৎ তন্তেতি। তস্মাৎ বায়ুতস্তম্ম প্রাণম্ম সা পৃথগুক্তিরিত্যর্থ:। নয়বাহ্যবায়ুরপত্বাক্যম্ম কা গতিরিতি চেৎ তত্তাহ যোহয়মিতি। যন্ত্রিতি। ত্রয়াণামপি করণানাং সামামা বৃত্তি:। প্রাণাদ্যা ইতি যৎ কপিলেনোক্রং তন্ত্র। তত্ত্রেকেরশেতি॥ ৯॥

পৃথক্ উপদেশ হেতু শ্রেষ্ঠ প্রাণশব্দে বায়ু বা তাহার ম্পন্দনরপ ক্রিয়া, এই ছইএর কিছুই বোধিত হয় না। "এতসাৎ জায়তে প্রাণ;" ইত্যাদি শ্রুতিতে প্রাণ, বায়ু হইতে পৃথক্ ভাবেই উপদিষ্ট হইয়াছে। বায়ুই যদি প্রাণ হইত, তাহা হইলে প্ররুপ পৃথক্ উক্তি দৃষ্ট হইত না। আবার বায়ুর ম্পন্দনরূপ ক্রিয়াও যদি প্রাণ হইত, তাহা হইলেও প্ররূপ পৃথক্ উক্তি হইত না। অয়ি প্রভৃতির ক্রিয়া কথনই অয়ি হইতে পৃথক্ ভাবে উক্ত হইতে দেখা বায় না। "বায়হয় প্রাণ: স বায়;" এই উক্তি, প্রাণ বায়ুর আয়ই, তবে ভাহা হইতে ক্রিমার বিশেষ, কর্মে জাোতি:প্রভৃতির সদৃশ তবাস্তর নহে, এইরূপ বুঝাইবার নিমিছই। প্রাণপ্রভৃতি গঞ্চ বায়ু সামায়্যকরণবৃত্তি, প্রাণ সর্কেলিয়্রয়াপার, এইরূপ সাংখ্যমত অয়ুক্ত। একরূপ প্রাণ কথনই বিশ্বাতীয় নানা ইক্রিমের ব্রাপার হইতে পারে না॥ ৯॥

স্থাপের বাগাদির প্রাণ একো জাগর্তি প্রাণ একো মৃত্যুনানাপ্তঃ প্রাণঃ সংবর্গো বাগাদীন্ সংবৃদ্ধক্তে প্রাণ ইতরান্ প্রাণান্ রক্ষতি মাতেব পুত্রানিতি বৃহদারণ্যকে পঠ্যতে। তত্র সংশয়ঃ। মৃথ্যঃ প্রাণো জীব এবান্মিন্ দেহে স্বতন্ত্র উত জীবোপকরণমিতি। বহুবিভূতিশ্রবণাৎ দ ইব স্বতন্ত্র ইতি প্রাপ্তে—

চক্ষুরাদিবতু তৎসহ শিষ্ট্যাদিভাঃ॥ ১০॥
তুশব্দঃ শক্ষাহানায়। প্রাণোহপি চক্ষুরাদিবৎ জীবকরণমেব। কুতঃ তৎসহেতি। প্রাণসন্ধাদেরু তৈশ্চক্ষুরাদিভি-

অথ প্রাণস্থ জীবোপকরণবং দর্শয়তি স্ক্রপ্রেম্বিত্যাদিনা। অত্রাপি পূর্ববংশ
সঙ্গতিঃ। হপ্রেম্বিত্যাদি বাক্যং প্রাণস্থ স্বাতস্ত্রাং বোধয়তি প্রাণসম্বাদবাক্যক্ত
তক্ত জীবোপকারিত্বমিত্যনয়োর্বিরোধসন্দেহেহর্গভেদাৎ বিরোধে প্রাপ্তে হপ্রেবিত্যাদি বাক্যং ভল্পেকরণবর্গরাধান্তমাহ ন তু তম্বৎ স্বাতস্ত্রামিত্যর্থোক্তেক্রুরাদিবৎ তত্পকরণব্যেব তন্ত্রেতি নান্তি বিরোধ ইতি ভাবেন স্থায়স্ত্র
প্রবৃত্তিঃ। মৃত্যুনা শ্রমেণ অনাপ্রোহগ্রন্তঃ সংবৃত্ত্বে ব্যাপ্রোতি।

চক্ষাদিবদিতি। ক্টার্থো গ্রন্থ: ॥ ১০ ॥

বাগাদি ইন্দ্রির দকল সুপ্ত হইলে, এক প্রাণই জাগরিত থাকে। প্রাণ এক ও মৃত্যুরহিত । বাগাদি ইন্দ্রিরের ব্যাপি প্রযুক্ত প্রাণকে সংবর্গ বলা যায়। 'জননী বেরূপ পুত্রকে রক্ষা করেন, প্রাণও তদ্রপ ইতর প্রাণ দকলকে রক্ষা করে।' ব্রুদারণ্যকে এইরূপ উক্তি দেখা যায়। তহিষয়ে দংশর এই, মুখ্য প্রাণ, এই দেহে যাভত্ত জীব অথবা তত্পকরণ ? অনেক বিভৃতির শ্রণ হেতু প্রাণকেও জীবের স্থারই স্বভন্ত বোধ করিতে হয়। এইরূপ পূর্কপক্ষীর দিলাক্তের থওনার্থ বিলিতেছেন;—

অমুশাসন বশত প্রাণকে চক্ষু প্রভৃতি ইন্ত্রিয়ের স্থায় জীবের উপকরণই বলিতে হর।

র্জীবকরণৈঃ সহ প্রাণস্ত শাসনাৎ। সমানধর্মাণাং হি সহ শাসনং যুক্তং বৃহদ্রধান্তরাদিবং। আদিশকাদ্ধ যক্ত বারং মুখ্যঃ প্রাণঃ দ এবায়ং মধ্যমঃ প্রাণ ইত্যাদিনা প্রাণশব্দপরি-গৃহীতে বিন্তিরেষু বিশিষ্যাভিধানং গৃহতে। সংহতত্বাদি চ স্বাতন্ত্র্যনিরাকুতিহেতঃ॥ ১০ ॥

নমু চক্ষুরাদিবজ্জীবোপকরণত্বে প্রাণস্থাঙ্গীকৃতে তম্ব-জ্জীবোপকারক্রিয়াপি স্থাৎ ন চ তাদৃশী কাচিদস্তি যদর্থময়ং দ্বাদশঃ প্রাণস্ততো ন চক্ষুরাদিতোল্যমিত্যাক্ষিপ্য সমাধতে। অকরণস্বাচ্চ ন দোষস্তথাহি দর্শয়তি ॥ ১১ ॥

নম্বিতি। তবৎ চকুরাদেরিব। অকরণেতি। জীবোপকারক্রিয়াবিরহিত-শেৎ প্রাণন্তর্হি দেহেহস্মিন্ জীব ইব স্বতন্ত্র: স ইতি প্রাপ্তে উভয়োঃ স্বতন্ত্রব্যারেকবাক্যখাভাবেন সদ্যো দেহোক্মথনপ্রসঙ্গলক্ষণো স্বোদোষঃ সুন তাৎ দেহধারণলকণপর্মোপকারসভাদিতি ভাব:।

তু-শব্দ আশঙ্কার নিরাসার্থ। প্রাণ্ড চক্ষু:প্রভৃতি ইক্রিয়ের ন্যায় জীব-করণই। কারণ, প্রাণ সম্বন্ধে চকু:প্রভৃতি ইক্সিয়ের সহিত প্রাণের শাসন দেখা ষায়। বৃহদ্রথাস্তরাদির ভায় সমানধর্ম্মেরই অনুশাসন যুক্ত হয়। আদি-শব্দ বারা "অথ যত্ৰ বায়ং মুখ্যঃ প্ৰাণঃ" ইত্যাদি বাক্য দারা প্রাণশব্দপরিগৃহীত ইক্সিয় সমূহে বিশেষ অভিধান গৃহীত হয়। সংহত্ত প্রভৃতি স্বাতন্ত্র নিরাকরণের হেতু ॥ >• #

প্রাপকে চক্ষু:প্রভৃতি ইক্রিয়ের স্থার জীবের উপকরণ বলিয়া শীকার করিলে, উহাদের ন্যায় জীবোপকারক্রিয়াও স্বীকার করিতে হয়। কিন্ত ঐরপ ক্ৰিয়া ত দেখা বার না, যে ক্ৰিয়ার নিমিত প্রাণকে বাদশ ইক্রিয় বলিরা গণ্য করিতে হইবে। অতএব প্রাণকে চকু:প্রভৃতি ইক্রিয়ের সমান বলা সকত হয় ना । এইরপ আকেপের সমাধানার্থ বলিতেছেন ;---

অকরণত্ব প্রযুক্ত দোৰ হর না। শ্রুতিতেও ঐরপই দেখাইরা থাকেন।

আক্দেপনিরাসায় চশব্দঃ। করণং ক্রিয়া। অক্রিয়ন্থাৎ জীবোপকারক্রিয়াবিরহাৎ যো দোষঃ সম্ভাব্যতে স ন স্থাৎ শরীরেন্দ্রিয়ধারণাদিলক্ষণপরমোপকারসন্তাদিতিভাবঃ। হি যতন্তথা ছান্দোগ্যক্রতির্দর্শয়তি। অথ হ প্রাণা অহং শ্রেয়সে ব্যুদিরে ইত্যাদিনা। তত্মাৎ জীবোপকরণমেব মুখ্যঃ প্রাণঃ। জীবস্থ কর্তৃত্বঞ্চ ভোক্তৃত্বঞ্চ প্রতি চক্ষুরাদীনি রাজপুরুষবৎ করণানি প্রাণম্ভ রাজমন্ত্রিবৎ সর্বার্থনাধকতয়া মুখ্যোপকরণমিতি নাস্থ স্বাতন্ত্রাম্॥ ১১॥

যঃ প্রাণঃ স বায়ুঃ। স এষ বায়ুঃ পঞ্চবিধঃ প্রাণোহপানো ব্যান উদানঃ সমান ইতি শ্রুতম্। তত্ত্র কিমেতে অপানাদয়ঃ

অকরণছাদিতি। অথ হেতি। অহংশ্রেরসে স্বস্থশৈষ্ঠ্যার প্রাণা ব্যদিরে বিবাদং চকুরিত্যর্থ:। তান্ বরিষ্ঠ: প্রাণ উবাচ। মা মোহমাপদ্যথাহমেবৈতৎ গঞ্ধাত্মানং বিভৱৈততৎ বাণমবস্টভা বিভাবরামীত্যুক্তং প্রাক্। বাণং শরীরম্। অত্র প্রাণহেতুকা দেহাদিস্থিতির্বিক্টা॥ ১১॥

বাহো বায়ুরেবাবস্থান্তরেণ প্রাণোহভূদিতি চিন্তিতম্। অথাপানাদরো যে চম্বার: শ্রুরন্তে তে কিং বায়োরেবাবস্থাবিশেষা: প্রাণাদন্যে ভবস্কাত প্রাণ-স্থৈব স্থানান্তরবৃত্তেরপানাদিরপত্মিতি চিন্তাতে। যঃ প্রাণ: স বায়ু: পঞ্চবিধ

আক্রেপের নিরাসার্থ চশক। করণ শব্দে ক্রিয়া। অকরণত্ব শব্দে ক্রিয়ার অভাব। জীবোপকাররপ ক্রিয়ার বিরহে যে দোর রস্তাবিত হয়, তাহা ঘটে না। কারণ, প্রাণের শরীরেক্রিয়াদিধারণলক্ষণ প্রমোপকারই দেখা যাইতেছে। এই নিমিন্ত ছান্দোগ্য শ্রুতিতে উক্ত হইয়াছে, "অথ হ প্রাণ অহংপ্রেয়দে," ইত্যাদি। অতএব মুখ্য প্রাণ জীবোপকরণই। জীবেরই কর্ভৃত্ব ও ভোক্তৃত্ব। চক্তৃংপ্রভৃতি ইক্রিয় সকল রাজপুরুবের স্থায় করণমাত্র। তয়্মধ্যে প্রাণ রাজমনীর স্থার কর্মার্থসাধকরণে মুখ্য উপকরণ। অতএব ঐ প্রাণের স্বাভন্তা নাই ॥১১॥

প্রাণ ও বারু ভিন্ন নহে। ঐ বারু পঞ্চবিধ; যথা, প্রাণ, অপান, ব্যান, উনান ও সমান। এইরূপ শ্রুতি আছে। এই পোবোক্ত প্রাণাদি পঞ্চ বায়ু, প্রাণান্তিদ্যন্তে উত তদৃত্তয় এবেতি বীক্ষায়াং সংজ্ঞাভেদাৎ কার্য্যভেদাচ্চ ভিদ্যন্ত ইতি প্রাপ্তে 🛎

পঞ্চরতির্মনোবদ্যপদিশ্যতে ॥ ১২ ॥

এক এব প্রাণো ছদয়াদিয়ু স্থানেয়ু পঞ্চধা বর্ত্তমানো বিলক্ষণানি কার্য্যান্তাবহতীতি পঞ্চরতিঃ। স এব তথা ব্যপদিশ্যতে। তত্মাৎ প্রাণর্ত্তয় এব তে ন ততো ভিদ্যতে। কার্য্যভেদনিমিতঃ সংজ্ঞাভেদঃ। স্বরূপভেদস্ত নাস্ত্যতঃ পঞ্চস্বিপি প্রাণশব্দঃ। প্রাণোহপানো ব্যান উদানঃ সমান ইতি। এতৎ সর্বং প্রাণ এবেতি বচনাচ্চ। রহদারণ্যকে মনোবৎ কামঃ সঙ্কল্লো বিকল্লো বিচিকিৎসা শ্রদ্ধা ধৃতিরধৃতির্ম্নীর্জীরিত্যে-

ইতিকাক্যে বায়ুরেষ প্রাণাপানাদিপঞ্চাবস্থঃ প্রতীতঃ। প্রাণোহপান ইতি বাক্যে তু প্রাণর্ভয়োহপানাদয়ঃ প্রতীয়স্তে। তদনয়োর্বিরোধসন্দেহেহর্ভদোৎ বিরোধে প্রাপ্তে দ এব বায়ঃ পঞ্চবিধ ইত্যত্র দ এব প্রাণাবস্থাং গতো বায়ুরিতি বাধ্যানাৎ নাস্তি বিরোধ ইতি ভাবেন স্থায়স্ত প্রবৃত্তিঃ। যঃ প্রাণ ইত্যাদিনা।

পুর্ব্বোক্ত প্রাণ হইতে ভিন্ন অথবা উহারা উহারই বৃত্তিভূত ? এইরূপ সংশ্রে, সংফোর ভেদ ও কার্যাভেদ দৃষ্টে ভেদই খীকার্য্য হউক, এই পূর্ব্বপক্ষ স্থির হুইনে, তত্ত্তরে বলিতেছেন ;—

ঐ প্রাণাদি পাঁচটি উহারই বৃত্তিবিশেষ। মনের ন্যায় ভেদব্যপদেশ মাতা।
একই প্রাণ হল্যাদি স্থান সকলে পঞ্চধা বর্ত্তমান হইয়া বিলক্ষণ কার্য্য
সম্পাদন করে। ঐ পাঁচটি প্রাণেরই বৃত্তি। এক প্রাণই পঞ্চধা ব্যপদিষ্ট হয়।
অতএব প্রাণেরই বৃত্তিভূত পঞ্চ প্রাণ মৃথ্য প্রাণ হইতে ভিন্ন নহে। সংজ্ঞাভেদ
কার্যাভেদনিমিত্তক। স্বরূপত ভেদ নাই। অতএব প্রাণাদি পাঁচটিতেই প্রাণ্শিকরে প্রয়োগ করা যাইতে পারে। প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান
সকলেই প্রাণ,উহা আপনার কথা হইতেই বুঝা যায়। বৃহদারণ্যকে বলিয়াছেন,
কান, সহল, বিক্লা, বিচিকিৎসা, প্রদ্ধা, ধৃতি, অধৃতি, হী, বী ও ভী, এই

তৎ সর্বাং মন এবেতি। তত্ত্বৈব সংজ্ঞাভেদে কার্য্যভেদেংপি
যথা কামাদয়ো মনসো ন ভিদ্যন্তে কিন্তু তস্থ বৃত্তয় এব
তদ্বৎ বহুবৃত্তিত্বমাত্রেণায়ং দৃষ্টান্তঃ। যোগশাল্লে মনোহপি
পঞ্চবৃত্তিকমুক্তম্। তদভিপ্রায়েণ বা নিদর্শনমিত্যেকে ॥২২॥

শ্রেষ্ঠ: প্রাণো বিভূরণুর্বেতি বীক্ষায়াং সম এভিস্তিভি-র্লোকৈরিত্যাদিশ্রুতের্বিভূরিতি প্রাণ্ডে—

অণুশ্চ ॥ ১৩॥

শ্রেষ্ঠোহপ্যণুরের উৎক্রান্তিশ্রুতে:। ব্যাপ্তিশ্রুতিস্ত সর্বেষাং প্রাণিনাং প্রাণাধীনস্থিতিকতয়া নেয়া॥ ১৩॥

পঞ্চেতি। ক্ষুটার্থো দৃষ্টান্তান্তো গ্রন্থ:। মনোবদিতি। কামাদিনবকং মনো-দ্ধপমিত্যর্থ:। যোগশাল্তে মনোহপীত্যর্থ:। কপিলেন পতঞ্জলিনা চ মনসঃ পঞ্চ বৃত্তয়: কথিতা:। প্রমাণবিপর্য্যয়বিকল্পনিদ্রাস্মৃত্য ইতি তৎস্ত্রাৎ॥ ১২॥

সম এভিস্ত্রিভির্লোকৈরিত্যনস্তরং সমোহনেন সর্বেণ প্রাণে সর্বং প্রতিষ্ঠিতং
সর্বং হীদং প্রাণেনার্তমিতি বাক্যথণ্ডো বোধ্যঃ।

অণুক্তেত্যাদি বিশদার্থম্॥ ১৩॥

সকলই মন।' এই স্থলে বেরূপ সংজ্ঞাভেদ ও কার্যাভেদ সংস্থেও উহাদিগকে মন হুইতে ভিন্ন বলা হয় নাই, কিন্তু কামাদিকে মনেরই বৃত্তি বলা হুইরাছে, প্রাণাদিকেও তজ্ঞপ প্রাণেরই বৃত্তি বৃত্তিতে হুইবে। বছর্তিত্বমাত্রেই এই দৃষ্টাস্ত জ্লানিতে হুইবে, সম্ভ সংশে নহে। যোগশাল্পে মনকেও পঞ্চর্ত্তি বলা হুইরাছে। সেই অভিপ্রারেই এই দৃষ্টাস্ত, এইরূপও কেহ কেহ বলিয়া থাকেন॥ ১২॥

অনুস্তর ঐ মুখ্য প্রাণ বিভূ কি অণু, এইরপ সংশবে, "সম এভিজ্ঞিভি-লোকৈঃ," ইত্যাদি শ্রুতি অনুসারে বিভূত্ই পূর্বপক্ষীয় সিদ্ধান্ত ছির হইলে, ভূত্তরে বলিতেছেন ;—

ঁপ্রাণ অণুই।

উৎক্রান্তি-শ্রুতি দর্শনে শ্রেষ্ঠ প্রাণকেও অণুই বলিতে হয়। সকল প্রাণীরই ' প্রাণাধীনস্থিতি প্রযুক্তই ব্যাপ্তিশ্রুতি দৃষ্ট হইয়া থাকে ॥ ১৩ ॥ স্থাপের বাগাদির প্রাণ একো জাগতীত্যাদে মুখ্যপ্রাণস্থ প্রক্তিঃ প্রায়তে। সপ্তেমে লোকা যের সঞ্চরন্তি প্রাণা ইত্যাদে গোণপ্রাণানাঞ্চ তত্র তানি সপ্রাণানি ইন্দ্রিয়াণি সম্বকার্য্যায় স্বয়ং প্রবর্ত্তেরনুতৈষাং প্রেরকোহন্যোহন্তি। স চ দেবতাগণো জীবঃ পরো বেতি বীক্ষায়াং স্বয়মেব তানি প্রবর্ত্তেরন্ কার্যাশক্তিযোগাৎ দেবতাগণো বা তৎপ্রবর্ত্তকোহন্ত। জীবো বা তন্তোগ্যাধনন্থাদিত্যেবং প্রাপ্তি—

গৌণমুখ্যভেদেন দিবিধা প্রাণা নিরূপিতা:। প্রসঙ্গাৎ তেষাং প্রবৃত্তিঃ
কিংনিমিত্তেতি প্রসঙ্গসক্তা তরিরূপণম্। প্রাণা: প্রবর্ত্তন্ত ইত্যেতদ্বোধকম্
দেবগণো জীবগণশ্চ তৎপ্রবর্ত্তক ইত্যেতদ্বোধকং পরমাত্মা সর্বপ্রবর্ত্তক ইত্যেতদোধকঞ্চ বাক্যং দৃষ্টম্। তেষাং বিরোধসন্দেহেহর্থভেদাৎ বিরোধে প্রাপ্তে প্রাণপ্রবৃত্তিবোধকে দেবাদিপ্রবর্ত্তকতাবোধকে চ বাক্যে পরমাত্মপ্রেরিতান্তে
প্রবর্ত্তকা ভবন্তি ইতি ব্যাখ্যানে নান্তি বিরোধ ইতিভাবেন স্থায়স্থ প্রবৃত্তিঃ
স্থপ্তেমিত্যাদিনা। স্বাগিরিতি। স্বর্থেবিত্যাদিনাত্মিরতিভাবঃ।
জীবো বেতি। সুর্থা মহারাজ ইত্যাদিশতেরিভিভাবঃ।

বাগাদি ইন্দ্রিয় সকল স্থা হইলে, এক প্রাণই জাগরণ করে,' ইত্যাদি হলে মুখ্য প্রাণের প্রবৃত্তি প্রবণ করা যায়। 'এই সপ্তলোকেই প্রাণ সঞ্চরণ করে,' ইত্যাদি হলে গৌণ প্রাণেরও প্রবৃত্তি প্রবণ করা যায়। ঐ প্রাণ ও ইন্দ্রিয় সকল নিজেই কার্য্যে প্রবৃত্ত হয় অথবা উহাদের অন্য প্রেরক আছে ? বদি বল, উহাদের অন্য প্রেরক আছে, তবে ঐ প্রেরক দেবগণ, জীব অথবা পরমেশার ? কার্যাশক্তিযোগহেতু তাহাদিগের শতঃপ্রবৃত্তিও বলা যায়। আবার "অন্নির্বাগৃভূতা মুখং প্রাবিশং" ইত্যাদি প্রতি হইতে দেবতাগণকেই উহার প্রবৃত্তিক বলিতে হয়। পুনশ্চ জীবেরই.ভোগসাধন বলিয়া জীবকেই উহার প্রবৃত্তিক বলিতে পারা যায়। পরমান্মার প্রবৃত্তিক হের ত কথাই নাই। কারণ, তিনি সকলেরই প্রবৃত্তি । এইরূপ পূর্বপক্ষে বলিতেছেন;—

জ্যোতিরাদ্যধিষ্ঠানস্ত তদামননাৎ ॥ ১৪ ॥

তুশকঃ শঙ্কানিরাদার্থঃ। জ্যোতির্ত্র কৈব তেষামাদ্যধিঠানং মৃথ্যপ্রবর্ত্তকম্। কর্ত্তরিল্যুট্। কুতঃ তদিতি। অন্তর্যামিরোক্ষণে তত্তিব প্রাণেক্তিয়প্রবর্ত্তকত্বাবগমাৎ। রহদারণ্যকে
যঃ প্রাণের তিঠনিত্যাদির দেবানাং জীবস্ত চ তৎপ্রযোজ্যানামেব প্রযোজকতা ন•নিরার্য্যতে। স্বতঃ প্রবৃত্তিম্ভ ন ভবেৎ
জাড্যাৎ॥ ১৪॥

জীবস্তু তানি ভোগার্থমধিতিষ্ঠতীত্যাহ। প্রাণবতা শব্দাৎ॥ ১৫॥

প্রাণবতা জীবেন তানি সপ্রাণানী ক্রিয়ানি সংগৃহস্তে ভোগায়। এবং কুতঃ শব্দাৎ। স যথা মহারাজো জানপদান্

-জ্যোতিরাদ্যধিষ্ঠানমিতি। তত্তৈবেতি প্রমাত্মন ইত্যর্থ: া-তৎপ্রযোজ্যানাং প্রমাত্মপ্রেরিতানাম্। স্বতঃ প্রবৃত্তিস্থিতি প্রাণানামিতি বোধ্যম্॥ ১৪॥
বেতি নিশ্চয়ে। যে যশ্মিন্ রূপে একান্তিনন্তে তদন্যরূপ-ব্যক্তান্ গুণামোপসংহরন্তি। যথা কৃষ্ণাদিরূপৈকান্তিনো নৃসিংহাদিনিষ্ঠান্ সটাদং খ্রাভীষণত্বাদীন্। যথা চ নৃসিংহা-দ্যেকান্তিনঃ কৃষ্ণাদিনিষ্ঠান্ বংশবেত্রচন্দ্রকাদীনিতি। কৃতঃ প্রেতি। প্রকরণং প্রকৃষ্টক্রিয়া। তদেকতাৎপর্য্যা ভক্তিরিতি

বন্ধনিষ্ঠতাদ্যথা সনিষ্ঠানাং ব্রন্ধোপাসনম্পদংশ্বতসর্বগুণকং তদ্বৎ পরি-নিষ্ঠিতাদীনামপি তত্মাদেব তাদৃশমেব তদন্ধিতি দৃষ্টাস্তসঙ্গত্যারভ্যতে। অথে-ত্যাদি। পরিশীলিতেতি। ক্ষেক্ষান্তিভির্গোপালোপনিষং পরিশীলিতা রামৈ-কাস্তিভিস্ত রামোপনিষ্দিত্যেবং নিজোপনিষ্দিবিষ্ট্রদয়া ইত্যর্থঃ। তন্মজা-নিতি স্বেষ্টোপনিষ্দাদিতানিত্যর্থঃ। শ্লাঘ্যত্মাৎ সৎকার্যাত্মাৎ।

ন বেতি। তদক্ষরপেতি। স্বোপাস্থেতররূপবতি ব্রহ্মাবির্ভাবে প্রকটা-নিত্যর্থ:। এতি দিলয়য়াহ। যথা কৃষ্ণাদীতি। পরোবরীয়ম্বাদিবদিতি দৃষ্টাস্তার্থ:

জ্ঞাত অন্য গুণের চিম্বা করেন না, এই রূপ সিদ্ধান্ত করিবেন বলিয়া পূর্বপক্ষ স্থাপনসহকারে প্রকরণান্তর আরম্ভ করিতেছেন। গোপালতাপনী প্রভৃতি শ্রুতি সকলই এই বিচারের বিষয়। ঐ স্থলে সংশয় এই, একান্ত ভক্তের উপাসনায় সকল গুণের উপসংহার কর্ত্তব্য কি না ? সামর্থ্য থাকিলে, শ্লাঘ্য বলিয়া করাই কর্ত্তব্য, এইরূপ পূর্ব্বপক্ষীয় সিদ্ধান্তের নিরাকরণার্থ বলিতেছেন;—

প্রকরণের ভেদপ্রযুক্ত "পরোবরীয়ত্ব" প্রভৃতির ন্যায় একান্ত ভক্তর সর্বাধ্যণোপসংহার কর্ত্তব্য নহে। যিনি যে রূপের একান্ত ভক্ত, তিনি তাঁহাতে জন্যব্যক্ত গুণের উপসংহার করেন না। প্রীক্রফাদি কমনীয় রূপের একান্ত ভক্ত প্রীনৃসিংহাদিনিষ্ঠ সটাদংট্রাদি ভীষণ ভাবের এবং প্রীনৃসিংহাদিভক্ত প্রীক্রফাদিনিষ্ঠ বংশীবেত্রাদি মধুর ভাবের চিন্তা করেন না। প্রকরণ কর্থাৎ ভক্তির ভেদই

যাবং। তথা ভেদাদ্বিশেষাদিত্যর্থঃ। স্বনিষ্ঠভক্তেরেকান্তি-ভক্তির্গাঢ়াবেশাদ্বরীয়দী। দৃষ্টান্তমাহ পর ইতি। যথাদিত্যান্ত-বর্ত্তিহিরগ্রয়পুরুবৈকান্তিনঃ স্বোপাস্থে তন্মিন্ পরোবরীয়স্ত্রাদীন্ গুণান্তুদ্গীথনিষ্ঠানপি নোপদংহরন্তি তদ্বং। পরস্মাৎ পরশ্চ বরাচ্চ বরীয়ানিতি পরোবরীয়ান্তুদ্গীথস্তম্ম ভাবস্তত্ত্বং তদাদি-বদিত্যর্থঃ॥৮॥

নমুভয়েষাং ত্রন্ধোপাসকাদিসংজ্ঞা সমৈবাত একান্তিভি-রপি স্বনিষ্ঠেরিব সর্ব্বে গুণাঃ সর্বত্র চিন্ত্যাঃ স্থ্যঃ যথা বিপ্র-সংজ্ঞানাং গায়ত্র্যুপাসনা নির্ব্বিশেষা দৃষ্টেতি চেত্তত্রাহ।

সংজ্ঞাতশ্চেত্তহৃক্তমন্তি তু তদপি॥ ৯॥
শক্ষানিবারকস্তশব্দঃ। সংজ্ঞিক্যাৎ সর্বাঞ্চলোপসংহারো

যুক্ত ইত্যত্র যত্তরং তত্তু ন বা প্রকরণভেদাদিত্যনেনৈ-

বিশদয়তি যথাদিত্যেত্যাদিনা। ছান্দোগ্যে প্রথমপ্রপাঠকে উদ্গীথোশাসনান্তি।
তত্র হিরপ্রয়ন্তাকাশস্ত চ কারণব্রহ্মণ উদগীথশক্দির্দ্দেশ্যন্ত। আকাশোদ্দীথে পরোবরীয়ন্তঃ গুণঃ কীর্ত্তাতে। তত্ত গুণস্ত হিরপ্রয়েদ্গীথে নোপসংহারঃ
তত্পাসকানাং তত্তদ্গুণেন্বেকাস্তিছাৎ। তদ্গুণাস্ত হিরণ্যবর্ণদ্পুগুরীকাক্ষ্দ্দিরঃ। তবং প্রক্তেহপীত্যর্থঃ॥৮॥

উহার কারণ। স্বনিষ্ঠ ভক্তের ভক্তি হইতে একাস্তিভক্তের ভক্তি গাঢ় আবেশ-প্রযুক্ত বরীরসী। আদিত্যাস্তর্বর্তী হিরশ্লর পুরুষের একান্ত ভক্ত যেরপ নিজের উপাক্ত পুরুষে পরত্বাদি উদ্গীথাদিনিষ্ঠ গুণ সকলের উপসংহার করেন না, তদ্ধপ একান্ত ভক্ত সকল অন্য গুণের উপসংহার করেন না॥৮॥

শ্বনিষ্ঠ ও একান্ত উভয়েই ব্রেমাণাসক। অতএব শ্বনিষ্ঠ ভক্তের ন্যার একান্ত ভক্ত কর্তৃকও সকল গুণই স্ক্রে চিন্তনীয় হইভেছে। বিপ্রসংজ্ঞক সকলেরই যেরূপ গায়ত্রীর উপাসনা নির্নিশেষ, ডক্রপ সকল ভক্তেরই উহা বিবিশেষ হউক, এইরূপ পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন;— বোক্তম্। সামাঅসংজ্ঞাপেক্ষয়া বিশেষভূতিকান্তিতায়াঃ
শৈষ্ঠ্যায় তৈন্তে সর্বে বিচিন্ত্যা ইত্যর্থঃ। ইত্রথা শৈষ্ঠ্যক্ষতিঃ।
রূপবিশেষাভিষক্তচিত্তমেন ছেকান্তিনঃ সাধারণেভ্যঃ স্থনিষ্ঠেভ্যো জ্যেষ্ঠা ভবন্তি। ন চ নিথিলগুণান্ত্পসংহর্ত্ত্বং স্থনিষ্ঠোহপিক্ষমঃ। বিষ্ণোন্ত্র্পকং বীর্য্যাণি প্রাবোচমিত্যাদিশ্রুতেঃ। নান্তং গুণানামগুণস্থ জগ্মুর্যোগেশ্বরা যে ভবপান্মম্থ্যা

নন্বিতি। উভয়েষাং স্থানিষ্ঠানামেকান্তিনাঞ্চ।

সংজ্ঞাত ইতি। সংক্রৈক্যায়ামাভেদাৎ। ন তৈন্তে ইতি। তৈরেকান্তিভিন্তে ভগবদ্গুণাঃ সর্ব্বে স্বোপাসনায়াং তুন ভাব্যা ইত্যর্থঃ। অয়মর্থঃ। একান্তিনো দ্বেধা।ফলকামেভ্যোহন্তে হর্ষ্যেকদৈবতা একে। এষাং পারমার্থিকবন্তেকনিষ্ঠয়া শ্রেষ্ঠাম্। চতুর্ব্বিধা মম জনাঃ ফলকামা হি তে স্মৃতাঃ। এষামেকান্তিনঃ শ্রেষ্ঠান্তে বৈ চানক্তদেবতা ইতি স্মৃতেঃ। তেম্বেব তদেকর্নামুরক্তাঃ পরে তেষাং ততীব্রামুরাগেণ তদ্মীভাবাধিক্যং পরমং শ্রেষ্ঠ্যম্। নায়ং স্ক্রখাপো ভগবান্ দেহিনাং গোপিকাস্কতঃ। জ্ঞানিনাঞ্চাস্মৃত্যানাং বথা ভক্তিমতামিহেতি। যৎপাদপাংশুর্বিজ্বরুক্তি ধৃতাস্মভির্গোগিভিরপ্যলভ্যঃ। স এব ষদ্দৃথিষয়ঃ স্বয়ং স্থিতঃ কিং বর্ণাতে দিষ্টমহো ব্রক্ষোকসামিতিচৈবমাদিশ্বরণাৎ। পাদপাংশুর্বিজ্বরুরক্তক্তক্তির্ব্যাতির্ব্যর্থঃ॥ ৯ ॥

সংজ্ঞার ঐক্যবশত সকলেরই সকল গুণের উপসংহার যুক্ত হউক, এইরপ আপতির উত্তর পূর্কস্ত্রেই প্রদত্ত হইয়াছে। সামান্তসংজ্ঞাপেক্ষার বিশেষভৃত একান্ত ভক্তের শ্রেষ্ঠছ প্রযুক্ত, তাঁহারা সকল গুণই চিন্তা করিবেন, এরূপ সিদ্ধান্ত সক্ষত হয় না। তাঁহারাও সকল গুণই চিন্তা করিবেন, এরূপ বলিলে, তাঁহাদিগের শ্রেষ্ঠছের হানি হয়। রূপবিশেষে বাঁহাদিগের চিন্ত একান্ত আদক্ত, তাঁহারাই একান্ত ভক্ত। এবং সেই কারণেই তাঁহাদিগের স্থনিষ্ঠ ভক্ত হইতে শ্রেষ্ঠছ। স্থনিষ্ঠ ভক্ত সকলও ভগবানের নিথিল গুণের উপসংহারে সমর্থ নহেন। শ্রুতিতেই বলিয়াছেন, 'বিফুর প্রভাব সমগ্র বর্ণনে কেইই সমর্থ নহে।' 'শিব-ব্রন্ধাদি যোগেশ্বরগণও অন্তণ পুক্ষরের গুণের অন্ত পান না,' ইত্যাদি শ্বুতিও ইত্যাদি স্মরণাচ্চ। সংক্রৈক্যস্ত হেতোরম্বয়ব্যভিচারং দর্শয়তি অস্তীতি। প্রমিতভেদেম্বপি পরোবরীয়ো হিরথ্যাহ্যপাদনেষ্দ্দীথোপাদনমিতি সংক্রৈক্যমন্তীত্যর্থঃ। তথা চ
স্বনিষ্ঠাঃ সর্বান্ গুণানুপসংহত্যোপাদীরমেকান্তিনস্ত গুণবিশেষানিত্যধিকরণাভ্যাং নির্ণীতম্॥ ৯॥

অথ বাল্যাদীন্ গুণান্ ভগবভ্যুপসংহর্তুমারভতে। তাস্থেব কৃষ্ণায় দেবকীনন্দনায় ওঁ তৎ সৎ ভূর্ভুবঃ স্বস্ত স্মৈ বৈ নমো নম ইতি। কৃষ্ণশব্দস্ত তমালিছিষি যশোদাস্তনন্ধয়ে রুঢ়িরিতি নাম-

পূর্বব্যকাশোদগীণনিষ্ঠং পরোবরীয়ন্ত্বং হিরগ্নয়োদগীথে তদেকান্তিভিনিপান্তনিত্যক্তম্। তবং কিশোরে হরে তবাল্যাদিকমমুপসংহার্যমন্ত্র তেন তিমিরৈকরন্তবিরোধাদিতি দৃষ্টান্তসন্ধতাহ অথেত্যাদি। তান্বিতি প্রীগোপালাদিতাপনীর্। কৃষ্ণারেতি প্রীগোপালতাপন্তাম্। দেবকী প্রীনন্দপত্নী বস্থদেবপত্নী চ। ছেনামী নন্দভার্যায়া যশোদা দেবকীতি চ। অতঃ স্থ্যমভূত্ততা দেবক্যা শৌরিজায়য়েত্যাদিপুরাণাৎ প্রসিদ্ধেশত তত্তান্ততাশত নন্দনঃ স্বতঃ। নমু হরে-র্যশোদাস্থতত্বং ন ক্টার্থবিরোধাৎ। মৈবম্। তৎস্বতত্তাপি ম্নিনা বোধিতার্থ। নিশীথে তম উভূতে জায়মানে জনার্দ্দেন। দেবক্যাং দেবরূপিণ্যাং বিষ্ঠুঃ সর্বপ্রধারঃ। আবিরাদীদ্যথা প্রাচ্যাং দিশীন্ত্রিব পুঞ্চল ইত্যত্র যশোদা নন্দপত্মী

ঐরপই বলিয়া থাকেন। সংস্থার ঐক্য হেতু অবয়ব্যভিচারও প্রদর্শিত হইতেছে। প্রমিতির ভেদ থাকিলেও 'পরোবরীয়' ও হিরপ্রাদি উভয়বিধ উপাসনাকেই উদ্গীথোপাসনা বলা হইয়া থাকে। উভয় উপাসনার উদ্গীথরূপ সংজ্ঞার ঐক্য থাকিলেও যেরপ ক্রিয়াভেদ অবশ্য স্বীকার্য্য, তজ্ঞপ স্থনিষ্ঠ ভক্ত সকল দকল গুণেরই উপসংহার পূর্বক উপাসনা করিবেন এবং একান্ত ভক্তগণ বিশেষ গুণ সকলেরই উপাসনা করিবেন, ইহা অবশ্য স্বীকার্য্য বলিয়াই এই অধিকরণে নির্ণীত হইল॥ ১ ॥

অনন্তর ভগবানে বাণ্যাদি গুণ সকলের উপসংহার করিতেছেন। বৈদিক কৃষ্ণমন্ত্রের কৃষ্ণশব্দ ত্যাল্শ্যামল ধ্শোদাগুনন্ধরেই রুড়, এইরূপ নাম- কৌমুদীকারাঃ। ওঁ চিম্ময়েহস্মিন্ মহাবিষ্ণে জাতে দাশরথে হরো। রঘাঃ কুলেহখিলং রাতি রাজতে যো মহীস্থিত ইতি চৈবমাদিয়ু বাল্যাদয়ো ভ্রহ্মধর্মাঃ শ্রেয়তে। স্মর্য্যন্তে চ তথা স্মৃতিয়ু। তে কিং চিন্ত্যা ন বেতি বীক্ষায়াং তৈর্বিগ্রহে ন্যুনাধিক্যভাবাপতেরৈকরশুশুভিব্যাকোপান্ন চিন্ত্যা ইতি প্রাপ্তে—

वारिखेर ममञ्जमम् ॥ ১० ॥

চ জাতং পরমব্ধাত। ন তবেদ পরিশ্রান্তা নিজয়াপগতস্থতিরিত্যত্র চ। তরিঙ্গং কচিৎ পাঠঃ। অস্থার্থঃ। বস্থদেবপত্নী ইব নন্দপত্নী চ পরং পরমেশ্বরেব স্বগর্ত্তা-জ্জাতমব্ধাত। তদ্বস্থদেবগিমনাদিকং ন বেদ। পাঠান্তরে তস্তু বস্থদেবগিমাদেশিঙ্গং চিহ্নং নাব্ধাতেত্যর্থঃ। তত্র হেতুং পরীত্যাদি। ইথঞ্চ অদৃশ্যতামূলা বিষ্ণোঃ নন্দস্থাত্মজ গোপিকাস্থত ইত্যাদীনি স্পপন্নানি। উপগুলাজ্জানিত্যাদিবদারোপিতস্থতস্বান্ধাপি নিরস্তা। দেবকীস্থতস্থ যশোদাস্থতন সহৈক্যান্তদৈক্যবতস্তম্ভ মথুরাদৌ গমনাৎ। ক্ষৃটার্থে চ ন সন্দেহঃ। তত্মস্থতস্থ হরেঃ প্রাগপি সিদ্ধন্। তত্মনাগমাদিস্পাসনবিধানাৎ। ধরাদীনাং স্থতপস্থই-বন্ধাদিবরহেত্কেন যশোদাদিসাযুজ্যমাত্রেণ তন্তাবলাভ ইতি সর্ব্ধং স্থিরম্। ওমিতি প্রীরামতাপন্যাম্। চিন্ময়ে বিজ্ঞানৈকরসেহিন্মন্ দাশরথে প্রীরামে জাতে প্রকটে সতি রব্বাঃ ক্লেহিথিলং সর্ব্বা সম্পৎ রাতি স্বয়ং দতা ভবত্যভূদিত্যর্থঃ। মহাবিষ্ণে নিধিলব্যাপকে। হরে ভক্তাবিদ্যাপহারকে। বাল্যাদ্য ইত্যাদিপদাৎ পৌগগুকৈশোরে গ্রাহ্যে তত্র তত্র তথ্যারপ্যক্ষেঃ। শ্রমন্ত ইতি দেবকীনন্দনদাশরণ লাভ্যামধিগম্যস্ত ইত্যর্থঃ। স্বর্থান্তে প্রভাগবতাদির্ প্রীরামারণাদির্ চ। ক্ষুটার্থমন্যং।

কৌমুদীকার বলিয়া থাকেন। ওঁ চিন্মর প্রভৃতি রামমন্ত্রেও ব্রন্ধে নিত্যবাল্যাদি ধর্ম প্রবণ করা যায়। স্মৃতিতেও প্ররূপই উক্ত হইয়া থাকে। এক্ষণে ঐ সকল বয়সসম্বন্ধীয় গুণ চিন্তনীয় কি না, এইপ্রকার সংশব্দে, ঐ সকল ধর্ম্মের চিন্তায় বিগ্রহে ন্যুনাধিক্যভাবাপত্তি ও ঐকরক্তশ্রুতির বাধ হয় বলিয়া উহারা চিন্তনীয় না হউক, এই প্রকার পূর্কাপক্ষের উত্তর ক্রিতেছেন;— বাল্যাদিধর্মিণস্তম্য ভগবতো ব্যাপ্তের্বিভূত্বাদ্বাদ্যাদিনা তদ্তাবাভাবাৎ সমঞ্জনং তত্র তদিত্যর্থঃ। প্রপঞ্চিতঞ্চৈত-দনেন সর্ব্বগতত্বমিত্যাদিনা। ন চৈবং জন্মাথ্যো বিকারঃ। অজায়মানো বহুধা বিজায়ত ইতি পুরুষসূক্তাৎ। জনিশ্রত-স্থৈবাভিব্যক্তিমাত্রং জন্মেতি তদর্থঃ। চকারাৎ রসো বৈ সইতি রসাত্মকত্মপ্রবাৎ। স্বোপাসকানাং যাদৃশেন রপেণ লীলারসাত্মত্বস্তাদৃশং রূপমচিন্তায়া শক্ত্যা প্রকটয়তীতি সমুচ্চিতম্। তত্মপাসকাশ্চ নিত্যমুক্তাদয়োহনস্তাঃ তদ্বিফোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয় ইত্যাদিশ্রুতিসিদ্ধা বোধ্যাঃ। এক এব

ব্যাপ্তেশ্চেতি। বাল্যাদীতি। তদ্বাবাভাবাদিএহে ন্যুনাধিকভাবাযোগাদিত্যর্থ:। তত্র বিগ্রহে ব্রহ্মণি। তদ্ বাল্যাদি। তহুপাসকাশ্চেতি। তথাচ তদ্ভোক্তৃণাং নিত্যং সন্থাদ্বশ্ধণো বিভূতীনাং নারণ্যচন্ত্রিকাম্বপ্রসঙ্গ:। তদিকোরিতি গোপালতাপন্যাদৌ দৃষ্টম্। স্বর এতে নিত্যমুক্তা বোধ্যাঃ সদা পশ্যন্তীভূাক্তে:। তত্ত্বকানাদিনিধ্ তিনিথিলক্লেশত্বং বোধ্যম্। নিত্যসর্বজ্ঞাদেব ক্লেশাদেরনবকাশ:। আদিশব্দান্তিদিপ্রাসো বিপণ্যবো জাগ্বাংসঃ সমিন্ধতে ইতি
ক্রতিসিদ্ধা মুক্তা গ্রাহাঃ। তত্ত্বকোপায়নির্ত্তনিথিলক্লেশত্বং বোধ্যম্। বিপ্রাসো

বন্ধ বিভূ বস্ত। তিনি বাল্যাদিধন্মী হইরাও ব্যাপক; স্তরাং তাঁহার বাল্যাদিভাবেও ন্যাধিক্য ভাব প্রকাশ হয় না। অতএব সকলেরই সামঞ্জস্থ ইতিছে। "সর্বগত্তম্" ইত্যাদি বাক্য দ্বারা ইহা পূর্বেই প্রপঞ্চিত হইরাছে। এতদ্বারা জন্মদিবিকারেরও আপত্তি হইতেছে না। 'পরমেশ্বর অজায়মান হইয়াও বহুধা জন্ম প্রহণ করেন,' ইত্যাদি পুরুষস্ক্তন মন্ত্রে অভিব্যক্তিমাত্রই তাঁহার জন্ম বলিয়া উক্ত হইয়াছে। চকার দ্বারা "রসো বৈ সং" ইত্যাদি প্রভিতে, রসাত্মকত প্রবণ হেতু যে রূপে লীলারসের অম্ভব, পরমেশ্বর নিক্ত অভিন্তঃ শক্তি দ্বারা তাদৃশ ভাবেই প্রকট হইয়াথাকেন, ইহাই বাধিত হইয়াছে। পরমেশ্বরের নিত্যমুক্ত প্রভৃতি উপাসক সকল অনন্ত। জ্ঞানিগণ আকাশে বিক্তিও অপ্রতিহত দৃষ্টির ন্যায় বিঞ্র পরম পদ সন্দর্শন

নানাবয়াংসি তত্তত্বপাদকেষু যুগপদ্যনক্তি। হ্রমকুষ্যাহ্নরেষু দশাক ইব নানার্থানিত্যন্তে। তথাচ বাল্যাদিমতোহপি বিভুত্তেনৈকরস্থাচ্চিন্ত্যান্তত্র বাল্যাদয় ইতি॥ ১০॥

নকু বাল্যাদিকর্মণামপি ভগবদ্ধর্মত্বান্নিত্যত্বং তেযু তত্তৎপরিকরযোগেন চ ভাব্যমিতি বাচ্যম্। তত্ত্রৈকস্থ তৎ-

ব্রাহ্মণাঃ। ক্ষত্রিয়াদীনামুপলকণমেতং। বিপণ্যবস্তাক্তব্যবহারাঃ। জাগ্বাংসোহত্ত্তহরয় ইত্যর্থঃ। নানাবয়াংসি বাল্যপৌগওকৈশোরাণি। দশাক ইবেতি বৃহদারণ্যকে। স্বাভ্যদয়ং পৃচ্ছতো দেবময়্ব্যাহ্মরান্ প্রজাপতির্দশাক্ষমুপাদিশং। স যথা তেষু দমদানদয়ারপানর্থান্ যুগপং প্রত্যাপয়ত্তথেত্যর্থঃ। অর্থভেদে শকভেদ ইতি ন্যায়াশ্রয়াস্ত নৈতং দৃষ্টাস্তং সহস্ত ইত্যেকে ইত্যক্তং বৈদ্গ্যইব রূপভেদানিতি তুসময়্ক। নম্ম কিশোরে তিমিংস্তচ্চিস্তকৈর্বাল্যাদি কথং ভাব্যং বিরোধাদিতি চেং। মৈবম্। ন হি তে তত্ত্ব সাক্ষাং তৎ পশান্তি কিস্ববিচিস্তাশক্তিকে তিমিংস্তর্ভাবগ্রাহুং তদস্যেবেতি সন্ত্বন ধীমাত্রমেব তেষাং ন স্বনাদিতি ন কিঞ্চিদ্যমঞ্জদমিতি ব্যাখ্যাতারঃ॥ > ॥

নমু বাল্যাদিকর্মণাং নিত্যত্বে কচিত্তানামন্যত্তোপসংহার: ত্রাৎ। ন চ তেষাং তদন্তি কর্মত্বেন বিনাশপ্রোব্যাৎ। কর্ম ক্রিয়া লীলা চেতি পর্য্যায়শকাঃ। আরম্ভসমাপ্তিতত্তজ্জনসমন্ধবিত্ত থলু কর্মাণি প্রতীয়স্তে। তৎসম্বন্ধং বিনা তেষাং স্বন্ধণাণি ন স্থাঃ তেন ঘটিতত্বাৎ। আরম্ভসমাপ্তিমতাং হুনিত্যত্বমসন্দেহম্। যতু প্রত্যেকং কর্মণাং বছত্বং প্রেতিরয়োঃ কর্মণোন্তিরোভাবাবির্ভাবে চি স্বীকৃত্য ধারাবাহিকত্রা তেষাং নিত্যতাং মন্ত্তে তক্মলং প্রত্যেকং তদ্বতাং

করিয়া থাকেন। পরমেশ্বর এক হইয়াও ততত্বপাসকে যুগণৎ নানা বয়স প্রকটিত করিয়া থাকেন। কেহ কেহ বলেন, স্থর, মহুষ্য ও অস্থরে দশাব্দের ন্যায় নানা অর্থ প্রকাশিত করিয়া থাকেন। স্থতরাং বাল্যাদিবিশিষ্ট হইলেও বিভূজ দারা ঐকরম্ভ হেতু পরমেশ্বরে বাল্যাদি গুণ সকল চিস্তনীয়ই হইতেছে॥ ১০॥

এক্ষণে সংশন্ন এই ;—বাল্যাদি কর্ম যদি ভগবদ্ধম হইল, তবে ঐ ফল নিত্য এবং তত্তৎপরিক্তর যোগেই চিস্তনীয় হইতেছে। ঐ স্থলে একই পরিক্তের পরিকরস্থ পূর্ব্বোত্তরভাবেনানেককর্মসম্বন্ধাইভিমতঃ। পূর্ব্বস্থ কর্মণো নিত্যত্বে তৎসম্বন্ধিনঃ পরিকরস্থাপি তত্র নিত্য-সম্বন্ধো বাচ্যঃ। তমন্তরা তৎস্বরূপাদিন্ধেঃ। এবং সভ্যুত্তরকর্ম্ম-সম্বন্ধস্তম্থ ছরুপপাদঃ। উত্তরন্ধিন্ সম্বন্ধে স্বীকৃতে তু পূর্ব্বস্থ নিত্যত্বং ব্যাহন্মেত। নিত্যত্বে চোত্তরকর্মসম্বন্ধিনস্তস্থান্তবং ভবেৎ। তদিদমনুভবেন শাস্ত্রেণ চ বিরুধ্যতে। তথা কর্ম ধনু পূর্ব্বাপরীভূতাংশং প্রত্যংশমপ্যারম্ভদমাপ্তিভ্যাং দিধ্য-

তেষাং তেষাং মিথোহন্যছাৎ। তশ্মাৎ তয়োস্তৌ বিনাশোৎপাদাবেব ভবেতান্।
যতু তদেবেদং কর্ম্পেতাভেদপ্রতীতেস্কর্মপতয়া নিত্যতাং বদস্তি তচ্চ নিরবধানং
তদেবেদং মহৌষধং যৎ ছয়া পুরোপভ্রুমিতিবৎ তন্তাঃ সাদৃশুৰিষয়য়াৎ তচ্চোক্তযুক্তাা ভেদবিনিশ্চয়াৎ। নয়্বারম্ভসমাপ্তী মাস্তাং চিত্রনর্কক্সায়েন তৎকর্মিবৈকরসমস্ত। তেন নিত্যতেতি চেয়। তাভ্যাং বিনা তৎস্বরূপাসিদ্বেশুৎক্রমায়্
ভূত্যা রসোদয়াসিদ্ধেশ্চ। কিঞ্চ পূর্ব্বোভরয়োস্তজ্জনসম্বন্ধঃ সর্বাম্থভবসিদ্ধতত্ত্বেকরাভ্যপগমেহন্যশু স্বরূপং ন সিধ্যেৎ নিত্যম্বং তু দ্রাপাস্তমিত্যেবমাক্ষেপে বিভাতে পরস্ক্রব্যাখ্যামবভারয়তি নম্বিত্যাদিনা। নিত্যম্বং সার্বজ্ঞাদিধর্মবং। তেয়ু কর্মস্থ। তত্ত্ব পূর্বকর্মাদি। তমস্তরেতি। পরিকরযোগেনৈব
কর্মস্বর্কাসিদ্দেরিত্যর্থ:। তত্ত্বেতি পূর্বকর্মসম্বন্ধিপরিকরশ্ব। প্রক্তেতি কর্মণ:।
তল্পেতি পরিকরশ্ব। ইথং পরিকরযোগেন কর্মণো নিত্যম্বং ন সিধ্যতীত্যাপাদ্য স্বরূপেণাপি তন্ত্ব তন্ধ সম্ভবেদিতি প্রতিপাদম্বতি তথেত্যাদিনা।

পূর্ব্বোত্তর ভাব ধারা অনেককর্মসম্বন্ধই অভিমত। পূর্ব্ব কর্ম যদি নিত্য হয়, তবে তৎসম্বন্ধী পরিকরেরও নিত্যসম্বন্ধই বলিতে হয়। তহাতিরেকে তৎমরূপের অসিদ্ধি হয়। এইরূপ হইলে, পূর্ব্ব পরিকরের উত্তরকর্মসম্বন্ধ ছরূপপর
হয়। আবার উত্তরকর্ম্মে পূর্ব্ব পরিকরের সম্মন্ধ স্থীকার করিলে, পূর্ব্বকর্মের
নিত্যবের হানি হয়। আর যদি পূর্ব্বকর্মকে নিত্য বলা যায়, তবে উত্তরপরিকরের অক্সন্থ হয়। অতএব শাস্ত্র ও অফুভব উভয়ই বিক্লম হইতেছে।
কর্মের ছই অংশ, পূর্ব্ব ও অপর। উহা আরম্ভ ও স্মাপ্তি ধারাই দিন। আরম্ভ

দীক্ষ্যতে। তে বিনা ন তৎস্বরূপং দিখ্যেৎ। ন চ তেন ক্রমেণ রসামুভবঃ। ততঃ কথং তিমিত্যত্বম্। চিত্রলিখিতবৎ দদৈকরস্থে হি নিত্যতা প্রতীতা। কিঞ্চ প্রকাশভেদেরারস্থে প্রত্যেকং বহুদ্বাৎ স্যাদবিচ্ছেদঃ। পৃথগারস্তাদন্তবং তু ত্রনিবারম্। ততক্ষ তদেবেদমিতি প্রতীত্যমুদয়াৎ কথং তামিত্যত্বং প্রত্যেতব্যম্। তত্মাৎ কর্মনিত্যত্বমসমাধ্যেমিত্যেবং প্রাপ্তে তন্ত্রেণোত্তরমাহ।

সর্ব্বাভেদাদগুত্রেমে॥ ১১॥

যে হরিতৎপরিকরাস্তৎকর্মাংশা বা পূর্ববিদ্যন্ কালে কর্মাণি বা সন্তি ত এবেমেহন্মতোত্তরিশ্মন্ কর্মাণি কালে বা স্থ্যরিতি মন্তব্যম্। কুতঃ সর্ববাভেদাৎ। সর্বেষাং পূর্বেনা-

সর্বাভেদাদিতি। পূর্ব্বোত্তরবর্ত্তিনামিতি। পূর্ব্বোত্তরকর্ত্মসম্বন্ধিনাং পূর্ব্বোত্তরকর্ত্মসম্বন্ধিনাং পূর্ব্বোত্তরকর্ত্মনারভে পরপর-কর্মাণঃ পরপরকর্মারভে পূর্ব্বপূর্ব্বকর্মাণ প্রপরকর্মারভে পূর্ব্বপূর্ব্বকর্মাণত প্রকাশান্তরের সন্তাৎ কর্ম্মণাং সদৈক-রন্তাং সিদ্ধন্। সর্ব্বোং প্রকাশানামভেদাচে কর্ম্মণাং নাভারক্তম্। ইথঞ্চ

ও পরিসমাপ্তি ভিন্ন কর্মাই সিদ্ধ হয় না। তাহাতে উক্ত ক্রমান্বরে রসামুভবও নাই। অতএব উহা কিরপে নিত্য হয় ? চিত্রলিখিতের স্থায় সর্বালা একরদ বস্তুতেই নিত্যত্বের প্রতীতি হইয়া থাকে। প্রকাশভেদ স্বীকার করিলেও প্রকাশের বছত্ব প্রযুক্ত প্রত্যেক আরক্তেই অবিচ্ছেদ দৃষ্ট হইবে। যাহার পৃথক্ আরম্ভ হয়, তাহার অস্তুত্ব অর্থাৎ ভেদ হর্নিবার। যাহার ভেদ হইল, তাহাতে সেই এই, এই প্রকার প্রতীতি হইতে পারে না; স্তুত্রাং উহার নিত্যত্ব হইবে কিরপে ? অতএব কর্মের নিত্যত্বের স্মাধান অসম্ভবই হইতেছে। তহ্তরে বলিতেছেন;—

বে হরি, তৎপরিকর বা তৎকর্দাংশ সকল পূর্বকর্ম্মে বা পূর্বকালে থাকেন, ভাঁহারাই উত্তরকর্ম্মে বা উত্তরকালেও থাকেন। কারণ, ভাঁহাদের ভেদ নাই। ভরবর্তিনাং হরিতৎপরিকরপ্রকাশানাং তৎকর্মাংশানাং বা ভেদাভাবাদিত্যর্থঃ। একস্থ হরের্বভূষন্ একোহপি দন্ বহুধা যোহবভাতি একানেকস্বরূপায়েতি শুতিস্মৃতিদিদ্ধন্। একস্থ তৎপরিকরস্থ চ তন্মন্তব্যন্। ভূমবিদ্যায়াং মুক্তস্থ তহুক্তেঃ। মহিষুদ্দাহাদো তথা স্মরণাচ্চ। তুল্যান্মনাং কর্মণাং কালভেদেনোদিতানামপ্যৈক্যন্। দ্বিঃ পাকোহনেন ক্তো ন তু দ্বিধা পাকঃ কৃত ইতি বিদ্বংপ্রতীতেঃ। দ্বির্গোশব্দোহয়-মুচ্চরিতো ন তু দ্বৌ গোশন্দাবিতি শব্দৈক্যবং। ইত্থক্ষ শ্রীহরে-স্ক্রজনানাং তদ্ধান্ধক প্রকাশবাহ্ল্যান্তিদিধিঃ কর্মণা-মারম্ভাং সমাপ্রেশ্চ পৃথগারকানাং তেষামৈক্যাচ্চ স্বরূপ-

পৃথগারস্তাদন্যত্বং গুনিবার্মিতি নিরস্তম্। তদিতি বছত্বম্। একস্থ কর্মণো বছর্পত্বং প্রতিপাদরিত্মাই তুল্যেতি। সমানাকারাণামিত্যর্থ:। তত্তামুভবং প্রমাণরতি দিঃ পাক ইতি। তত্ত দৃষ্টাস্তো দির্গোশকোহ্যমিতি। এতেনোৎপদঃ: কোবিনষ্টঃ ক ইতিবুদ্ধেরনিত্যত্যেতি বদন্ বেদানিত্যত্বাদী তার্কিকো নিরস্তঃ। ইথক্ষেতি। তদিশেবৈঃ প্রকাশতেদেঃ স্বর্গনিত্যত্বে সিদ্ধে ইতি। আরম্ভ-সমাপ্রিমন্তাৎ স্বরূপং সিদ্ধং পৃথগার্কানামপি তেষাং ভেদাভাবাৎ স্কৈকরক্ত

'যিনি এক হইয়াও বহুধা প্রকাশিত হয়েন' ইত্যাদি শ্রুতিবাক্য হইতেই প্রহির, তৎপরিকর ও তৎকর্মাংশ সকলের অভেদ প্রতিপন্ন হইতেছে। ভূম-বিদ্যাতে মৃক্তজীবসম্বন্ধে বহুত্ব কথিত আছে। মহিনীবিবাহাদিতেও একই তবের যুগপং বহুধা প্রকাশ উক্ত হইয়াছে। একরপ কর্ম কালভেদে উক্ত হইলেও তাহাদের ঐক্য স্বীকৃত হয়। এই ব্যক্তি হুই পাক করিয়াছে বলিলে, হুইপ্রকার এক শাক্ট বোধিত হয়। তদ্বারা হুইটি পৃথক্ পৃথক্ পাক বোধিত হয় না। হুই গোশক উচ্চারিত হইলে, গোশকেরই হুইবার উচ্চারণ বোধিত হয় না। এইরপ্রে শ্রীহরি, তাঁহার পরিকর ও তাঁহার ধান সকলের প্রকাশবাহল্য প্রযুক্ত তরিশেষ ঘারা কর্ম সকলের প্রারম্ভ ত সমান্তি এবং পৃথক্ আরম্ভ কর্ম সকলের ঐক্য হেতু স্বর্মপ ও নিভ্যতা

নিত্যতে দিদ্ধে। তৎক্রমান্ত্রত্বেহতুকো বিচিত্ররদোদয়-শৈচতেনৈব ব্যাখ্যাতঃ। ন চৈতদমূলম্। যদগতং ভবচ্চ ভবিষ্য-চেতি বহদারণ্যকাৎ একো দেবো নিত্যলীলান্ত্রক্ত ই-ত্যথর্ববাক্যাৎ জন্ম কর্ম চ মে দিব্যমিত্যাদিভগবদাক্যাচ্চ। ঈদৃক্প্রত্যয়ঃ থলু তৎকৃপয়ৈব। যাবানহং যথাভাবো যজ্ঞপ-গুণকর্মকঃ। তথৈব তত্ত্ববিজ্ঞানমস্ত তে মদনুগ্রহাদিতি তত্তক্তঃ। তত্মামিত্যং তৎকর্মেতি। কিঞ্চ স্বরূপেণ চিচ্ছক্ত্যা

রূপা নিত্যতা চ দিদ্বেত্যর্থ:। তৎক্রমেতি। তেষাং কর্মণাং যঃ ক্রমেণামূতবঃ সাক্ষাংকারঃ তজ্জনিতো যো বিচিত্রভ বছবিশেষবিশিষ্টভ রসভোদরঃ দ চৈতেন কর্মারস্তসমাপ্তিমস্বপ্রতিপাদনেন ব্যাথ্যাতঃ সাধিত ইত্যর্থঃ। ন চৈতদিতি। এতৎ কর্মানিত্যত্বম্। যদ্গতমিতি ব্রহ্মগতং গুণকর্ম্বরূপং বস্থিত্যর্থঃ। গতভবস্তবিব্যান্ত কর্মানিত মামেতি সোহর্জ্জ্লেতি । এবং যো বেত্তি তত্বতঃ ত্যক্ত্বা দেহং প্রক্রম নৈতি মামেতি সোহর্জ্জ্লেতি বাক্যশেষঃ। মে জন্ম কর্ম চ দিব্যমপ্রাক্তং নিত্যং স্বরূপামূবন্ধীতি যাবং। তত্তিবংভূতত্বাভাবে তজ্জ্ঞানেন মোকোক্যমূপপত্তিঃ। বন্ধজ্ঞান্যবে মোচকম্। তমেব বিদিষ্বেত্যাদিশ্রতঃ। তজ্জ্মকর্মণোর্ক্রমানে তজ্জ্ঞানেন তছক্তিনাসঙ্গতেতি। বারাহোক্তিন্ট। এবং জ্মানি কর্ম্মানি নামানি চ বস্ক্ররে। মম দিব্যানি সঞ্চিন্ত্য মূচ্যতে সর্বপাতকৈরিতি। স্বর্গাতি। প্রত্যরো জ্ঞানম্। যাবানিতি। যৎপরিমাণঃ মধ্যমন্থে বিভূত্বান্। যথাভাবঃ সর্বাংশে পারমার্থিকস্তাবিশিষ্টঃ। যদ্ধপ্রেতি। স্বর্গান্থবন্ধির পাদিকঃ। তত্ত্ব রূপাণি বিগ্রহাঃ গুণাঃ সার্বজ্ঞ্যাদরঃ কর্মানি জন্মনীলারপানীত্যর্থঃ।

সিদ্ধ হয়। এই নিমিত্ত তৎক্রমান্ত্রতহেতুক বিচিত্রসোদয় ব্যাখ্যাত হইল।
ইহা অমূলকও নহে। "বদগতং ভবচচ ভবিষ্যচচ" প্রভৃতি বৃহদারণ্যক শ্রুতি
এবং "জন্ম কর্মাচ মে দিব্যম্" প্রভৃতি স্থৃতিই উহার প্রমাণ। ভগবানের ক্লগা
ছারাই উহাদের জ্রূপ প্রতীতি হয়, নতুবা হয় না। ভগবান নিজেই জ্লাকে
বলিয়াছিলেন, আমার অন্ত্রাহে তোমাতে আমার স্থরপের ফুর্তি হইবে।
অত এব জি কর্মানিত্য। ভগবান স্বরূপত চিচ্ছক্তি হারা যে কর্মা সম্পাদন

চ কৃতং কর্ম্ম নিত্যং তেন প্রকৃতিকালাভ্যাঞ্চ কৃতস্থনিত্যম্। তচ্চ স্বর্গাদিকমেবাভূথা লয়োক্তিব্যাকোপঃ॥ ১১॥

কিংক্তি। তেন রূপেণ। অন্তথা সর্গাদিকর্মণোহপি নিতাত্ত্বীকারে সতি। তত্মাৎ দর্গাদিভিন্নং কর্ম নিত্যমিতি সিদ্ধন্। যে তু কেচিৎ মধ্যাহ্লরবিপ্রভাব-বচ্চিৎপ্রকাশময়ঃ সর্বাত্মভূতঃ প্রমাত্মা শ্রুতিতাৎপর্যাগোচরস্তাদশে ভত্মিন জন্মকর্মরপবিবিধমালিন্যবিভাবনং হুধীরেব নমু দাশরখ্যাদিরূপে তত্ত শ্রুত্যা-দিভির্বর্ণিতবাৎ তত্ত্বিছ্বাপি শ্রদ্ধেয়মিতি চেৎ মৈবমেতৎ প্রাপঞ্চিকমেব তৎ স্বামুসারেণাজৈর্নিপ্রপঞ্চেষ্পি তত্মিমপিতং শ্রুত্যাদীন্যমুবদস্ত্যুপবদস্তি চাল্তে তস্মান্নভোনৈল্যবৎ কলিতত্বাদন্তমেব তত্ত্বস্তব্যসতস্তদ্বাক্যার্থশ্রদ্ধালৃনামতত্ত্ব-বিস্তমেব যম্ভ কন্চিৎ তম্ববিৎ স এব নির্গুণচিদেকরমম্বাবেদিশ্রতের্জনাদি-মালিক্সশৃক্তমুক্তলক্ষণমেব তং বিন্দত্যতো বিরক্তেরেব তদ্বিষয়ে। ন ত্বযুরক্তেরিতি জল্লন্তি তে থলু ন কেনাপাত্নগৃহীতা বোধ্যা। মালিন্যক্লেশাম্পদত্বাঙ্গুদেহেষু তৎকর্মস্ক চ বিরক্ত্যা ভবিতব্যং ন তু দেবাদিদেহেষু তৎকর্মস্ক চ। সন্ধ্রপ্রাধা-. ভোন সত্যসক্ষরতয়া চ তেষু তত্ত্ববিরহাৎ। কিঞ্চ দৈত্যহেতুকছঃসহক্লেশযোগেন দেবদেহেম্বপি তত্ত্বিদ্ধিরজ্যতি ন তু ক্লেশকর্মবিপাকাশয়াম্প্রটে সত্যসঙ্কলসভ্য-কামসার্ব্বজ্ঞাপার্থমশ্বর্যাসৌশীল্যকারুণ্যাদিবিচিত্রানস্তগুণরত্বালয়েহপরিচিছ্নচিৎ-স্থাবিগ্রহে বারিবীচিন্যায়েন সোল্লাদাত্মকরদময়বিচিত্রকর্মণি প্রপত্তিমাত্তেণ সর্বক্ষেশহরে অপর্যান্তনিথিলদাতরি হরাবিত্যক্তাভিপ্রায়িণ: পৃথগুজনা এব বিদিতাঃ। শ্রীছরিগুণানামামুবাদিকছাদি তু পুরা নিরস্তম্। নৈর্প্রণ্যবাক্যান্নভো-নৈল্যবং তত্ত্র তদধ্যন্তমিতি তু বালকোলাহল:। অবিষয়ে তদযোগাদাদরায়-ণাদিসর্বজ্ঞামুভকবিরোধাচ্চ নির্গুণবাক্যন্ত প্রাকৃতগুণনির্যেধকুদিত্যুক্তম্। যে চ কেচিৎ বৈশুবন্মন্যাঃ করমন্তি নিস্তরঙ্গনিক্তরিবানন্দচিন্ময়ো নিভ্যোৎক্সষ্টবিশুদ্ধ-সম্বপুর্নিবিকার: স্তাসম্ব্রাদিগুণকো হরিন তস্য জন্মাদি স্বাভাবিকং কিন্তু জনমনোনিবেশায়োপাত্তসত্ত্বো নুভাবমস্থকুর্বন ওপাধিকমেব কলাচিৎ তদাত্বনি

করেন, তাহাই নিত্য কর্ম; এবং তাঁহার প্রকৃতি ও কাল ধারা কৃত কর্মই অনিত্য কর্ম। অর্গাদি ঐ অনিত্য কর্মের দৃষ্টাস্ত। অর্গাদিকে অনিত্য না বিদলে, প্রলুয়োক্তি ব্যর্থ হয় ॥ ১১ ॥ অথেদং বিচারয়তি। বেদান্তেয়ু পূর্ণানন্দাদয়ো ব্রহ্মধর্মাঃ
ক্রায়ন্তে। তে দর্কেয়ু ততুপাদনেমৃপদংহার্যান বেতি বীক্ষায়ামনারভ্যাধীতানামুপদংহারে প্রমাণাভাবাদারভ্যাধীতানামেবোপদংহারঃ। দর্কগুণোপদংহারস্থানিয়মাচ্চ। তত্মামোপসংহার্যান্ত ইতি প্রাপ্তে—

বিন্দতীতি ন তত্র তাৰিকং তৰিভাব্যন্। ন চ তত্তৎক্রীড়ানন্দবিরহে শ্বস্ত্রপে শূন্নতাপতিরিতি বাচ্যন্। শ্বতো নিত্যানন্দে পূর্ণে তদনাপত্তেঃ। ক্রীড়া-হেতুকস্যানন্দ্র জন্যত্বেন নিত্যানন্দদ্রশ্রুতিবাক্যোপাচ্চ ন স ত্র্মিন্ স্বীকার্য্যঃ। অতএব দাশরপ্রেং শৌরেশ্চ গার্হস্তোদাসীন্যম্মরণমূপপন্নন্। তম্মাত্রক্রপমেব ভগবন্তম্বিতি তেহপ্যপূর্ববৈষ্ণবা ভবস্তি। তত্তদভাবে তত্তদাবেদিশ্রুতাদিবাকোপাৎ সর্বাদেশিকব্যাসাদ্যমূভববিরোধাচ্চ। পূর্ণহং হি তত্তিছিচিত্রানন্দ্রক্তমেব। তম্ম চ স্বরূপোল্লাসরপত্বান্ন জন্যত্বশর্ষা। কর্ম্মনিত্যত্বনিরূপণাচ্চ তত্ত্রাস্ম্যাপি নিত্যত্বন্। এবমেবোক্তং তজ্কৈঃ। রূপাদিভোগলৈঃ পূর্তির্যা সৌর্ঘাত্রতি চিছ । তথাপি ন্নবৈচিত্র্যঃ পরাত্মেতি ত্বাপতেও। শ্বতন্তচাপি বৈচিত্র্যং তম্মনন্ত্রীতি চেছ দেং। মৎকুক্ষাবাগতং ধীমন্ ভবতেতি নিভাল্যতামিতি। তম্য তম্ম চ তদাদাদীন্যম্বরণং জনশিক্ষার্থং লীলারূপমিতি সত্তেইবান্। তম্মাৎ ক্রংম্বাক্যার্থপর্য্যালোচনাক্ষ্মা তব তেষাং তদ্মবস্থাক্ত্রন্ধনিত প্রতিব্যাক্ষ্য হরের্গে কিককর্মকত্বেন তদপ্তেলনকত্বাৎ সঙ্গমননীয়মিত্যলমতিবিস্তর্বেশ। ১১ ॥

নম্বস্ত বাল্যাদেরপসংহার: বাল্যাদিরপস্থাপি হরের্বিভূত্বেন বিগ্রহে ন্যূন-দ্বাদ্যনাপত্ত্যা তদৈকরক্ষক্ষতাবিরোধাৎ। কিন্ত আনন্দাদের্গুণগণস্থ মাস্ত সং। তম্ম কাচিৎকৃত্বাদিতি প্রত্যুদাহরণসঙ্গতারভ্যতে অথেদমিত্যাদি। আর

অনন্তর বিচার করিতেছেন। বেদাত্তে পূর্ণানন্দ প্রভৃতি ব্রহ্মধর্ম শ্রবণ করা যায়। ঐ দকল ধর্ম তাঁহার উপাদনাতে উপদংহার করিতে হইবে কি না? আরম্ভ না করিয়াই অধীত গুণ দকলের উপদংহার করিতে হইবে, এরূপ

আনন্দদিয়ঃ প্রধানস্থ ॥ ১২ ॥

প্রধানস্থ ধর্মিণঃ পরমান্মনো যে পূর্ণানন্দবোধস্বাপ্রিত-বাৎসল্যাদয়ো ধর্মাঃ শ্রেয়স্তে তে সর্বত্রোপসংহার্যাস্তত্ঞা-হেতুহাৎ ॥ ১২ ॥

আনন্দময়শ্ত ঐবিফোঃ প্রিয়শিরস্থাদয়ো ধর্মাঃ শ্রুতাঃ।
তক্ষ প্রিয়মেব শির ইত্যাদিনা। তেহপি সর্বত্রোপসংহার্য্যান
ন বেতি বিষয়ে আনন্দাদীনাং সর্বত্রোপসংহার্য্যজাভিধানাত্তেষামপ্যানন্দত্বাবিশেষাৎ স্থাৎ সর্বত্রোপসংহার ইতি
প্রাপ্তে—

ভ্যেতি। আরভ্য প্রকৃত্য যে ধর্মাঃ অধীতান্তেষামূত্তরবর্তিয়্যুপাদনে স্থাত্প-সংহারঃ। পূর্বতোহ্নুর্তিসম্ভবাৎ। যে ত্বানন্দাদরঃ কাচিৎকান্তেষাং স ন স্থাৎ। ন বা প্রকরণভেদাদিত্যধিকরণে সর্বান্তিণোপসংহারস্থাপবাদাচ্চ। এবং প্রাপ্তে ব্রবীতি।

স্থানন্দাদয়ঃ প্রধানস্থেতি। শেষং পূর্য়তি তত্ত্তেতি। তদকুরাগজনক-ম্বাদিতার্থ:॥১২॥

শ্বরপায়বিধিশর্মাৎ যথানন্দস্য গুণশু সর্ব্বেরোপসংহারঃ পূর্ব্বমুক্তন্তবৎ প্রিয়শিরত্বাদেরপ্যানন্দমাবিশেষাৎ সোহত্বিতি দৃষ্টান্তসঙ্গতাহ আনন্দময়-শুত্রাদি। পূর্ব্বপক্ষে পক্ষিরপদ্বেন বিরুদ্ধভাবনং ফলং সিদ্ধান্তে তু নিজ্বভাবোপ-প্রমাণ পাওয়া যায় না। আরক্রেরই উপসংহার করা হয়। বিশেষত সকল গুণের উপসংহারের কোন নিয়ম নাই। অতএব ঐ সকল ধর্মের উপৃ্দংহার কর্ত্বব্য নহে, এই প্রকার পূর্ব্বপক্ষের উত্তরে বলিতেছেন;—

ধর্মিভূত, প্রধান পরমাত্মার পূর্ণানন্দ, পূর্ণজ্ঞান ও ভক্তবাৎসন্যাদি ধর্ম সকলের উপসংহার কর্ত্তব্য। কারণ, তন্ধারা ব্রহ্মভৃষ্ণার বৃদ্ধি হয়॥ ১২॥

'শির তাঁহার প্রিয়', ইত্যাদি বেদবাক্য হইতে আনন্দমর বিষ্ণুর প্রিয়-শিরত্বাদি কয়েকটি ধর্ম শ্রবণ করা যায়। ঐ সকল ধর্ম্মেরও সর্বাত্র উপসংহার করিতে হইবে কি না, এইরূপ সন্দেহে, উহারা আনন্দত্বাদি হইতে অতিরিক্ত প্রিয়শিরস্ত্রাদ্যপ্রাপ্তিরুপচয়াপচয়ে হি ভেদে॥১৩॥
প্রিয়শিরস্ত্রাদীনাং ধর্মাণামপ্রাপ্তিঃ সর্বব্যোপসংহারো ন
ভ্যাৎ। আনন্দময়ন্ত বিকোঃ পুরুষবিধন্ত পক্ষিরূপত্রাভাবাৎ।
কিঞ্চ তন্মিন্ বাক্যে প্রমোদমোদশব্দাভ্যামানন্দগতারূপচয়াপচয়ে রিদ্ধিব্রাসে প্রতীতো। তো চ ভেদে সতি সম্ভবেতাম্। নচৈবমস্তি। স্বগতভেদন্তাপি প্রত্যাধ্যানাৎ।
তন্মান্বোপসংহার্যান্তে॥১৩॥

ইতরে ত্র্থ্যামান্তাৎ ॥ ১৪॥

তস্মাদা এতস্মাদিত্যাদিনা সোকাময়তেত্যাদিনা ভীষা-স্মাদিত্যাদিনা চ তস্মাদাক্যাৎ প্রাগৃদ্ধঞ্চ যে প্রিয়শিরস্থাদিভ্য তরে বিভূত্বচিৎস্থত্বজগৎকারণত্বপারমেশ্ব্যাদয়স্তস্থানন্দ-যোগিদিব্যচিজপবিগ্রহত্বেন ভাবনং তদিতি ভাব্যম্। তেষামপি প্রিয়শির-স্থাদীনামপি।

প্রিয়শিরেতি। স্বগতেতি। অহিকুণ্ডলাধিকরণে তরিরাসাদিতার্থ:॥ ১৩॥
ইতরে দ্বিতি। তমাদিতি। প্রিয়শিরস্থাদিবাক্যাৎ পূর্বব্রোত্তরত চেতার্থ:।
তমাদা এতমাদিতি বিভূচিৎস্থথ পূর্বব্রোক্তং সোহকাময়তেতি জগৎকারণত্বং
নহে, এবং আনন্দাদির উপসংহার্য্য স্বীক্বত হইয়াছে বলিয়া উহাদেরও
সর্ব্ববেই উপসংহার কর্ত্ব্যা, এই পূর্ববিক্ষের উত্তরে বলিতেছেন;—

প্রিয়িশরন্থ প্রভৃতি ধর্ম সকলের সর্ব্বতে উপসংহার করিতে হইবে না। কারণ, আনন্দমর বিষ্ণুর পুরুষাকারন্থ প্রযুক্ত তাঁহার পক্ষিত্ব বাস্তবিক নহে। বিশেষত উক্ত বাক্যে মোদ ও প্রমোদ এই হই শব্দ হারা আনন্দের উপচয় ও অপচয় অর্থাৎ বৃদ্ধি ও হাসই প্রতীত হয়। ভেদ থাকিলেই এরূপ সম্ভব। কিন্তু ব্রন্দের যথন স্থাত ভেদ পর্যান্তও প্রত্যাখ্যাত হইয়াছে, তথন ঐ সকল অনিত্য কারনিক রূপগুণাদির উপসংহার ক্রিতে হইবে না॥ ১৩॥

কিন্তু ফলগত ঐক্য প্রযুক্ত ঐ সকল বেদেই প্রিয়শিরত্ব প্রভৃতি ব্যাখ্যার পর "তন্মাধা এতন্মাৎ" প্রভৃতি বাক্য ধারা বিভূত্ব, চিংমুখত্ব, জগৎকারণত্ব ও ময়স্থ ব্রহ্মণো ধর্মাঃ পঠান্তে তে ভূপদংহার্যা এব। কৃতঃ অর্থেতি। ফলৈক্যাদিত্যর্থঃ। বেদান্তোদিতৈবীর্য্যসংভূতিসর্ব্যসিহদশরণছমোচকত্বাদিভিশ্চিন্তিতৈর্গু গৈর্যো মোক্ষলক্ষণোহর্থস্ত দ্যৈব এতৈরপি তথাভূতিঃ সম্ভবাদিত্যর্থঃ ॥১৪॥

নয়ানন্দময়স্য ত্রহ্মণঃ পক্ষিভাবেন রূপকং কিমর্থম্।
অক্তত্র হি আত্মানং রথিনং বিদ্ধীত্যাদিভিরুপাসকস্য তচ্ছরীরাদেশ্চ রথিরথাদিভাবেন রূপকমুপাস্ত্যপকরণশরীরেন্দ্রিয়াদিবশীকারার্থং দৃষ্টম্। ন চাত্র তাদৃশং কিঞ্চিৎ ফলং দৃশ্যতে।
ন হি ফলমকুদ্দিশ্য তথাত্বেন রূপকে বেদস্য প্রবৃত্তির্মৃক্তা বক্তুমিত্যাশঙ্ক্য তস্য ফলমাহ।

আধ্যানায় প্রয়োজনাভাবাৎ ॥ ১৫॥

ভীষাত্মাদিতি পারনৈখর্যাং চোত্তরত্রোক্তন্। বেদাক্টোদিতৈরিতি। ব্রহ্মক্যেষ্ঠা বীর্যা সংভৃতানি সর্বাভ শরণং স্কন্থং সংসারবন্ধস্থিতিযোক্ষহেত্রিত্যেতদ্-বাক্যোক্তৈরিতি বোধান্। এতৈরিতি বিভূচিৎস্থপথাদিভিরপীত্যর্থ:॥১৪॥

নৰিতি। কিমৰ্থং কিং ফলম্। তথাত্বেন পক্ষিভাবেন। তশু পক্ষিরপকস্থা।

পারমৈখর্যাদি যে সকল ত্রন্ধর্ম কথিত হইরাছে, তাহাদের উপসংহার করিতে হইবে। বেদাক্তোদিত বীর্য্য, সন্তৃতি, সর্বাহ্যন্তর; শরণ্যন্ত ও মোচকন্ত প্রভৃতি গুণ ধারা মোক্ষলক্ষণ প্রাপ্ত হওরা যার। ফলের ঐক্য প্রযুক্ত উহাদেরও উপসংহার করিতে হইবে॥ ১৪॥

পুনর্কার আশহা করিতেছেন যে, আনন্দমর ব্রন্ধের পক্ষিভাবে রূপক বর্ণনের প্রয়োজন কি ? অক্সত্র বে আত্মাকে রথী ও শরীরকে রথরপে রূপক বর্ণন করা হইরাছে, তাহার কারণ দেখা যার। তদ্ধারা উপাসনার উপকরণ-ভূত উপাসকের শরীরাদিকে বশীভূত করাই উদ্দেশ্য। এন্থলে, তক্রপ কোন কল দেখা বার না। কল না থাকিলেই বা বেদ এরূপ রূপা রূপক প্রয়োগ ক্রিবেন কেন ? অভএব পরস্ত্রে উহার ফল নির্দেশ ক্রিভেছেন; প্রয়োজনস্যাভাব্যাভাব্যানারের রূপকোপদেশঃ কৃতঃ।
আধ্যানং সম্যাগতুচিন্তনম্। অয়মর্থঃ। ব্রহ্মবিদাপ্রাতি পরমিত্যুপক্রান্তমেকং ব্রহ্ম স্বয়ংরূপত্বেন বিলাস্থাদিনা চ
দ্বোবৃতিষ্ঠতে। তচ্চ স্বয়ংভগ্বান্ধারায়ণবাস্থদেবসঙ্কর্যপ্রত্যুদ্রানিরুদ্ধশংজ্ঞং স্বরূপতো গুণতো নামাদিতশ্চ বিভূচিৎস্থাত্মকং স্থূলধিয়ামাদে ছুর্বিভাব্যমতস্তদেকমানন্দময়ং ব্রহ্ম
প্রিয়মোদাদিরূপেণ বিভজ্য শিরঃপক্ষ্যাদিভাবেন রূপয়িশ্বোপদিশ্যতে তেবাং স্থবোধন্বায়। ইত্থঞ্চ তস্য বুদ্ধ্যারোহণে
সতি বেদনশব্দোদিতং ধ্যানং সম্যাগ্ভবতি। যথা ছান্ময়স্য
পুরুষস্যাস্য দেহস্য শিরঃপক্ষ্যাদিরূপকেণ বুদ্ধাবারোহণং
তদ্যেদমের শির ইত্যাদিনা যথা চ প্রাণময়মনোময়বিজ্ঞান-

আধ্যানায়েতি। ব্রন্ধবিদাপ্নোতীত্যাদি। স্বয়ংরপ্রেনানন্দ্ময়ক্ষণ্ডেন। বিলাসডাদিনা নারায়ণাদিডেন। অনন্তাপেক্ষিমহৈশ্ব্যমাধুর্য্যঃ স্বয়ংরপঃ। প্রায়ন্তৎসমশক্তিভ্ৎ স এব বিলাসঃ। এতিহির্ণোতি তচ্চেত্যাদিনা। ইখ-

যথন অন্ত কোনরূপ প্রয়োজন দৃষ্ট হইতেছে না, তথন সমাক্ অমুচিস্কনই উক্ত রপকের উদ্দেশ্র বৃষিতে হইবে। উহার তাৎপর্য্য এই যে, ব্রহ্মবিদ্বাক্তিপরত্ব প্রাপ্ত হয়েন, এই কথা বলাতে ব্রহ্ম স্বয়ংরূপে ও বিলাসরূপ, এই হইরূপে নিতাই অবস্থান করেন, ইহাই প্রতীত হয়। ব্রহ্ম স্বয়ংরূপে ভগবান এবং বিলাসরূপে নারায়ণ, বাস্ক্দেব, সন্ধ্বণ, প্রহ্ম ও অনিক্র প্রভৃতি আখ্যা ধারণ করেন। তিনি চিৎস্থাত্মক। তিনি স্থলবৃদ্ধি ব্যক্তির সম্বন্ধে স্বরূপত, গুণত ও নামাদিত ছবিভাব্য। অতথব তাহাদিগের স্থবোধার্থই ঐ ছবিভাব্য তম্ব আনন্দমম ব্রহ্ম প্রির্মাদাদিরূপে বিভাগক্রমে পক্ষ্যাদিরূপকে উপদিষ্ট হইয়াছেন। ঐ প্রকার চিন্তা করিতে করিতে ব্রহ্ম বৃদ্ধিতে আরেচ্ হইলে, বেদনশন্ধবাচ্য ধ্যান সম্যক্ সম্ভব হইয়া থাকে। যেরূপ 'তাহারই এই শির' ইত্যাদি বাক্য ধ্যান সম্যক্ সম্ভব হইয়া থাকে। যেরূপ 'তাহারই এই শির' ইত্যাদি বাক্য ধ্যান সম্যক্ সম্ভব হইয়া থাকে। যেরূপ 'তাহারই এই শির' ইত্যাদি বাক্য

ময়ানাং তথারূপকেন তৎ ক্রিয়তে তক্ত প্রাণ এব শির ইত্যাদিভিঃ তথৈবৈতেভ্যাহর্থান্তরভূতক্তানন্দময়ক্ত চ পুরুষ্কত্ত তেন তৎ তক্ত প্রিয়মেব শির ইত্যাদিনা। তথাচ পঞ্চাবয়ববিশুদ্ধবন্ধোপলক্ষণার্থস্বাতেষাং নর্ক্রেরাপসংহারো নেতি স্বর্ত্বপাদিতম্। ন চৈকমেব ব্রহ্ম পঞ্চাবয়বমিত্যমূলম্। একোহপি সন্ বহুধা যোহবভাতীতি একং সন্তং বহুধা দৃশ্চমানমিতি স শিরঃ স দক্ষিণঃ পক্ষঃ স উত্তরঃ পক্ষঃ স আত্মা স পুচ্ছমিতি চ শ্রুত্তস্তরাৎ। শিরো নারায়ণঃ পক্ষো দক্ষিণঃ সব্য এব চ। প্রত্যক্তরাৎ। শিরো নারায়ণঃ পক্ষো দক্ষিণঃ সব্য এব চ। প্রত্যক্তরাৎ। শিরো নারায়ণঃ পক্ষো দক্ষিণঃ নারায়ণোহর্থ সন্দেহো বাস্তদেবঃ শিরোহপি বা। পুচছং সন্ধর্ণঃ প্রোক্ত এক এব তু পঞ্চধা। অঙ্গাঙ্গিত্বেন ভগ্বান্ ক্রীড়তে পুরুষ্যোত্মঃ। ঐশ্বর্যায় বিরোধশ্চ চিন্ত্যন্তশ্বিন্

ঞ্চিত। তস্তানক্ষয়স্থ ব্হনণ:। তথেতি। শিবঃপক্ষ্যাদিরপকেণ বৃদ্ধাবারোহণং ক্রিয়ত ইত্যর্থ:। তেন তদিতি প্রাগ্বৎ। তেবাং প্রিয়শিবজ্বাদীনাম্। ন চৈক-মিতি। অম্লমপ্রমাণম্। স শিব ইতি চতুর্বেদশিথায়াম্। স পর্মাইছার তত্ত্রেপ ইত্যর্থ:। শিবো নাবায়ণ ইতি বৃহৎসংহিতায়াম্॥ ১৫॥

প্রাণময়, মনোময় ও বিজ্ঞানময় প্রভৃতি প্রথও তজপই। 'তাঁহার প্রাণই শির' প্রভৃতি বাক্য দকল হারা আনন্দময় প্রথবেরই অর্থান্তর বলিতে হইবে। উক্ত পঞ্চ অবয়বই ব্রহ্মের উপলক্ষণ। স্থতরাং ঐ দকল অক্ষের পৃথক্ উপসংহার হইবে না। এক ব্রহ্মই যে পঞ্চ অবয়ব, তাহা অমূলক নহে। "একোছপি সন্" প্রভৃতি বেদ্বাকাই উহার প্রমাণ। শ্রুতান্তরে 'তিনিই শির, দক্ষিণ পক্ষ, উত্তরুপক্ষ, আয়া ও পুক্রমেপ উক্ত হইয়াছেন'। "শির নারায়ণ, প্রহাম ও অনিক্ষাহই পক্ষ, দেহ বাল্লেদের, দহর্ষণ পুক্ত। এক ব্রহ্মই পঞ্চধা বিভক্ত হইয়াছেন। পুক্রোভ্রম ভগবান ঐয়প অফাঞ্চিভাবেই ক্রীড়া করিয়া থাকেন। তিনি পুর্বেশ্ব্য, তাঁহাতে তাদৃশ অফাঞ্চিভাবে কোন বিরোধই সম্ভব হয় না। তিনি

জনার্দ্দনে। অতর্ক্যে হি কৃতস্তর্কস্বপ্রমেয়ে কৃতঃ প্রমেতি স্মরণাচ্চ॥ ১৫॥

আত্মশক্ষা ১৬॥

আত্মানন্দময় ইতি তস্থাত্মশব্দেন নির্দেশাদাত্মনঃ পক্ষিবৎ পুচ্ছাদিকমসম্ভবীত্যতঃ সোবোধ্যায় রূপকমাত্রং তদিত্যব-গম্যতে ॥ ১৬॥

আত্মগৃহীতিরিতরবহুত্তরাং ॥ ১৭ ॥

নশ্বভোহত্তর আত্মা বা প্রাণময় ইত্যাদিয়ু জড়াণুচেতনে-ধপ্যাত্মশব্দশ্য প্রয়োগাদন্যোহন্তর আত্মানন্দময় ইত্যত্র তস্ত্র বিভুচেতনপরত্বং কথং নিশ্চিতমিতি চেদিহোচ্যতে। তত্রাত্ম-

আ'আ্ডি। তস্তেতি ব্ৰহ্ণ । ১৬॥

আত্মগৃহীতিরিতি। ইত্যাদিখিতি ত্রিষু বাক্যেখিত্যর্থ:। জড়াণ্চেতনেখিতি প্রাণমরাদিয়ু ত্রিখিতার্থ:। আর্রসময়স্যাত্মেতি বিশেষণাভানাৎ তং বিহার প্রাণমরাদীনাং গ্রহণস্। প্রাণমরাদ্যৌ জড়ৌ বিজ্ঞানময়স্থণ্চেতন:। নমু মনোন্যঃ কথং জড়ন্ত মজুরাদ্যজ্বাৎ বজুরাদের্র্জ্ঞাত্মকাস্থিদিতি চেছ্চ্যতে। তক্র হি বজুরাদিধারিকান্তদাবির্ভাবভূমরো মনোবৃত্তর এব তত্তচ্ছবৈর্গ্রাহাঃ। তাভি: সহ বজুরাদ্যভেদ উপচরিতঃ। তত্ত্ব প্রাণমনঃশন্ধাভ্যাং ঘাচশ্ছন্দসীতি বিকারে ময়ট্ আদ্বর্যবে বেতি ন কিঞ্চিন্বদ্যন্। তন্তেত্যাত্মশন্ত্ম। তত্ত্বেশ্বর্ত্তির ময়ট্ আদ্বর্যবে বেতি ন কিঞ্চিন্বদ্যন্। তন্তেত্যাত্মশন্ত্ম। তত্ত্বেশ্বর্ত্তির স্থাক্র, তাঁহাতে তর্ক চলে না। তিনি অপ্রমেয়, অত্তব্র প্রমাদের আগোচর। এই সকল শ্বতিবাক্যও দুই হইরা থাকে ॥ ১৫॥

আত্মা আনন্দময়। আনন্দময় ব্রহ্ম আত্মশব্দেই নির্দিষ্ট হইয়া থাকেন। উাহার পক্ষীর স্থায় পূচ্ছাদি থাকিতে পারে না। অতএব স্থুলবুদ্ধি ব্যক্তি সকলের স্থুধবোধার্থই উক্ত রূপক বর্ণন বুদ্ধিতে হইবে॥ ১৬॥

'অন্ত অন্তরাত্মা আনন্দমর' এই বাক্যে, জড় ও অণু মন, এবং চেতন জীব, এই সকলেই আত্মশব্দের প্রয়োগ দেখা বার। ঐ আত্মশক্ষ কিরুপে বিভূ-চেতন পরবেশ্বকে বোধ করার, এইরূপ আশ্মার দিরাসার্থ বলিভেছেন। শব্দঃ পরমাত্মানমেব বিভুচেতনং গৃহ্নতি ইতরবং। আত্মা বা ইদমেক এবাগ্র আদীদিত্যাদিবাক্যে যথা। এতচ্চ কুতঃ উত্তরাং। সোহকাময়ত বহু স্থামিত্যাদিকাদানন্দময়াত্মবিষয়া-ছত্তরস্মাদ্বাক্যাদিত্যর্থঃ। ন চানন্দময়াত্মনঃ পরমাত্মদ্বাধ্ব তদিদমভিধ্যানং সঙ্গুচেছত। তম্ম তদ্সাধারণত্বাং॥ ১৭॥

অন্বয়াদিতি চেৎ স্থাদবধারণাৎ ॥ ১৮ ॥

নন্ত্রবাক্যান্তত্রাত্মশব্দেন বিভুচেতনো নিশ্চেতুং ন শক্যতে। পূর্ববত্র প্রাণময়াদিষু জড়াণুচেতনেম্বাত্মশব্দায়া-দিতি চেৎ স্থাৎ তত্রাত্মশব্দেন বিভূচেতনস্য প্রমাত্মনো নিশ্চয়ঃ স্যাদেব। কুতঃ অবেতি। পূর্ববং তত্মাদা এতত্মা-দাত্মনইতি তদ্যৈব বুদ্ধ্যাবধারিত হাৎ। ইতর্থানন্দময়বিষয়ক-

ত্যানন্দময়বাক্যে। তদিদং জগজ্ঞপতয়াবিভাবসন্ধরনম্। তত্তেতি । তদভিধ্যানস্ত পরমাত্মশাত্রনিষ্ঠত্বাদিত্যর্থ: ॥ ১৭ ॥

"আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ," ইত্যাদি বাক্যের ন্থায় ঐ স্থলে আত্মশব্দে বিভূচেতন পরমাত্মাকেই বোধ করাইতেছে। কারণ, উত্তরবাক্যে,
'তিনি বহু হইব, এইরূপ কামনা করিলেন,' ইত্যাদি অর্থ হইতে কার্য্যতিতে
আত্মশব্দে পরমাত্মাই বোধিত হইতেছেন, তদ্প্তে আত্মশব্দে পরমাত্মা না
হইলে, অর্থের সঙ্গতি হয় না। অসাধারণ শক্তি ঈশ্বর ভিন্ন আর কাহারও সম্ভব
হয় না॥ ১৭॥

পূর্ববাক্যে প্রাণময়াদি জড় ও জাণু মন এবং চেতন জীবে আত্মাশের
সাষয় দর্শনে উত্তরবাক্যন্থ আত্মশন্দ বারা বিভূচেতন নিশ্চয় করা বায় না,
এরপও বলিতে পার না। কারণ, উক্ত বাক্যে আত্মশন্দ বারা বিভূচেতন
পরমাত্মাই নিশ্চিত হইতেছেন। উহার পূর্ববর্তী বাক্যে যখন এই আত্মা হইতে
আকাশাদির উৎপত্তি' বলিয়াছেন, তখন আত্মশন্দে পরমাত্মাই বোধিত
ইইয়াছেন। অস্তথা আনন্দময় প্রস্বের অভিধ্যানস্চক বাক্য ব্যর্থ হইবে।

মভিধ্যানবচনং পীড্যেত। প্রাণময়াদিয়াত্মস্ববতীর্ণাপি পূর্ববাব-ধারিতা পরমাত্মবুদ্ধিরানন্দময় এব বিশ্রাম্যতি। তদঅ-দ্যাত্মনোহনিরূপণাৎ। তত্মাদরুদ্ধতীদর্শনভায়মাগ্রিত্য পূর্বব-পূর্ববপরিত্যাগেনোভরত্তিব তত্মিংস্তদ্বুদ্ধেঃ পর্য্যবদিতিরত উত্তরস্মাদাক্যাত্ত্স্য তৎপরত্বং নিশ্চেয়মিতি সর্বাং নির-বদ্যম্॥ ১৮॥

অথ পিতৃষাদীন্ধর্মানুপসংহর্ত্বারভতে। মাতা পিতা ভাতা নিবাসঃ শরণং স্থহদ্গতিনারায়ণ ইতি শ্রুয়তে। জিতত্তে স্থোত্তে২প্যেবং স্মরন্তি। পিতা মাতা স্থহদ্বর্ত্ত্রাতা পুত্রস্থুমেব মে। বিদ্যাধনঞ্কামশ্চ নামূৎ কিঞ্ছিৎ ম্বয়া

অব্যাদিতি। নহিতি। উত্তরবাক্যাৎ সোহকাময়তেত্যাদেঃ। তত্তানন্দময়-বাক্যো। তদ্যস্থানন্দময়ভিন্নস্থ ॥ ১৮ ॥

পূর্ব্ব হরে প্রিয়শিরস্থাদীনামস্পদংহার্য্যন্থ তক্ত পক্ষির্গণ থাতাবাদিত্যুক্তম্। তবৎ তত্র পিতৃষাদীনামপি তদস্ত। পিত্রাদিশদানাং লোকবদিহ
ম্থ্যার্থস্থাভাবাদিতি দৃষ্টাস্তসঙ্গত্যারভ্যতে। অথ পিতৃষাদীনিতি। মাতেত্যাদিকং
ব্যাখ্যাতং প্রাক্। পিতেত্যাদের্বিধিবর্ত্তিনাময়মর্থঃ। পিতা তবহৎপাদকো হিতপ্রবর্ত্তকশ্চ। মাতা তহলাদার্থং বহুব্যাপারস্ত্রৎ হিতপ্রবর্ত্তনশীলশ্চ। স্ক্রন্তহল্লালহিতেচ্ছুঃ। বন্ধ্বিপদি সম্পদি চ সহায়ী। ভ্রাতা তবৎ পক্ষপাতী। পুত্রন্তহল্লাল-

পূর্ব্ববিধারিতা পরমাত্মবৃদ্ধি প্রাণময়াদি আত্মাতে অবতারিত হইলেও আলোচনা দ্বারা আনন্দময়েই তাহার শেষ বিশ্রাম দেখা যাইতেছে। অতএব অফদ্ধতীদর্শনন্তায় আশ্রয় করিয়া পূর্ব্বপূর্ব্বের পরিত্যাগে ক্রমে উত্তরবর্ত্তী আনন্দময়েই পর্যাবসান হইতেছে, স্মৃতরাং উত্তরবর্ধক্য হইতে উক্ত শব্দের পরমাত্মপরত্ব অবধারণ করাই যুক্ত। এইরূপে সমন্তই নির্দ্বোষ হইল ॥ ১৮ ॥

একণে পিতৃত্বাদি ধর্মের উপসংহার আরম্ভ করিতেছেন। শ্রুতিতে শ্রীনারায়ণকে মাতা, পিতা, ভ্রাতা, নিবাদ, শরণ, স্থহৎ ও গতি বলিয়া নির্দেশ করেন। 'জিতস্ত' স্থোত্রের প্রথম অধ্যায়েও তাঁহাকে পিতা, মাতা, স্থহৎ, বিনেত্যাদ্যেহধ্যায়ে। জন্মপ্রভৃতি দাদোহন্মি শিষ্যোহন্মি তনয়েহিন্মি তে। স্বঞ্চ স্বামী গুরুর্মাতা পিতা চ মম মাধবেতি মধ্যেহন্তে চ। তত্ত্রৈবং সংশয়ঃ। পিতৃত্বপুত্রত্বস্থিত্বস্থামিত্ব-রূপং ধর্মজাতং ভগবতি চিন্ত্যং ন বেতি। আত্মেত্যেবোপা-দীতেতি শ্রুতের্ন চিন্ত্যমিতি প্রাপ্তে—

कार्याथगानामपूर्वम् ॥ > ॥॥

পূর্বাং পূর্ণানন্দত্বাদি। তৎসদৃশম পূর্বাং পিতৃত্বাদি। ত-চিন্ত্যমেব তত্তত্বপাদকৈঃ। কুতঃ কার্য্যাখ্যানাৎ। কার্য্যস্য তত্ত-দ্যাববশ্যতালক্ষণস্য ফলস্য ভাবগ্রাহ্যমনীড়াখ্যমিত্যনেনাভি-ধানাদিত্যর্থঃ। আহ চৈবং শ্রীভগবান্। যেযামহং প্রিয় আত্মা

নীয়ো নিরয়নিবারকঃ সময়ে রক্ষকশচ। বিদ্যাধনক্ষেতি। তদ্বদভ্যসনীয়ো গোপনীয়শচ। কামো বিষয়ো রপরসাদিস্তদ্বং স্পৃহনীয়ঃ। স্বামী নিজেষ্টদৈবতম্। গুরুরক্ষানিনাশী। গুশক্ষদ্ধকারঃ স্থাদ্রশক্ষদ্ধিরাধকঃ। অন্ধকারনিরোধিত্বাদ্গুরুরিত্যভিধীয়ত ইত্যুক্তেঃ। নারায়ণব্যুহস্তবে চৈতে ভাবা উক্তাঃ। পতিপুত্রস্কল্রাভূপিতৃব্নিত্রবদ্ধরিম্। যে ধ্যায়স্তি সদোদ্যুক্তান্তেভ্যোহপীহ নমো নম
ইতি। স্ক্রিরপেক্ষহিতক্কং। মিত্রং সহবিহারী। আত্মেত্যেবেতি। অবৈবকার
আত্মহাত্রং ধর্মাং চিস্ত্যুং দর্শরংস্তদিত্রদ্গুণবুক্ষং নিবর্জ্যতি। এবং প্রাপ্তেশ-

বন্ধ্, লাতা, পুত্র, বিদ্যা, ধন ও কাম বলিয়াই নির্দেশ করিয়াছেন। উহারই
মধ্য ও অন্ত অধ্যায়ে তাঁহাকে গুরু ও স্বামী প্রভৃতিও বলিয়াছেন। এন্থলে সংশয়
এই য়ে, পিতৃত্ব, পুত্রত্ব, সথিত্ব ও স্বামিত্ব প্রভৃতি ধর্মসমূহ ভগবানে চিস্তা
করিতে হইবে কি না ? 'আত্মারই উপাসনা করিবে,' ইত্যাদি শ্রুতি অনুসারে
তাদৃশ ভাবে চিস্তা করিবার প্রয়োজন নাই, এইরপই স্থির হয়। তত্ত্বের
বলিতেছেন;—

পূর্ব্বোক্ত পূর্ণানন্দন্ব প্রভৃতি এবং তৎসদৃশ শেষোক্ত পিতৃত্বাদি সকল ধর্মই তত্তত্বপাসক কর্তৃক চিস্তনীয় হইতেছে। কারণ, 'পরমেশ্বর ভাবগ্রাহ্য,' ইত্যাদি বাক্যে তত্তদ্ভাবব্যাতালক্ষণ ফলের অভিধান প্রবণ করা যায়। শ্রীভগবানও স্থতশ্চ সথা গুৰুঃ স্থলে। দৈবমিইমিতি। তস্মাৎ পূৰ্ণানন্দ-ছাদিবৎ পিতৃছাদিকমিপি তস্মিন্ বিচিন্ত্যং ভাবুকৈঃ। আজ্ৰে-ত্যেবেত্যেততু প্ৰাণেব সমাহিতম্॥ ১৯॥

অথ বিগ্রহন্বং ব্রহ্মণ্যপদংহর্তুমারভতে। আত্মেত্যে-বোপাসীত আত্মানমেব লোকমুপাসীতেতি কচিৎ পঠ্যতে। কচিত্রু তত্ম হোবাচ হৈরণ্যো গোপবেশমল্রাভং তরুণং কল্প-ক্রেমাশ্রিতং তদিহ শ্লোকা ভবন্তি সংপুগুরীকেত্যাদি চিন্তয়ং-শ্বেতসা কৃষ্ণং মুক্তো ভবতি সংস্তেরিত্যন্তম্। ইহ সংশয়ঃ। আত্মমাত্রত্বনাত্মবিগ্রহত্বন বোপাদনয়া মুক্তিরিতি। কিং

কার্য্যেতি। যেধামিতি জ্রীভাগবতে কপিলদেববাক্যম্। আত্মাহং যেধাং প্রিয়াদিরপঃ। প্রিয়ং কান্তঃ। সথা রহস্যযোগ্যঃ। উক্তার্থমন্যৎ। প্রাণেবেতি। অন্যথাত্বং শব্দাদিত্যস্য ব্যাধ্যানে॥ ১৯॥

পিতৃথাদিকং ব্রহ্মণি প্রাপ্তক্ষং তদস্ত তদ্যোক্তরপতয়া তত্মিন্ সম্ভবাৎ বিগ্রহ্বন্ধ মাস্ত বিগ্রহ্বন্ধনানমূভবাছকেশেচতি প্রত্যুদাহরণসঙ্গতাই অংথতি। সংপৃগুরীকেত্যাদি। সংপৃগুরীকনয়নং মেঘাভং বৈত্যুতাম্বরম্। দিভুদ্ধং মৌনমুদ্রাচ্যং বনমালিনমীশ্বরম্। গোপগোপীগবাবীতং স্বরক্রমণতাশ্রিতম্। দিব্যালঙ্করণোপেতং রক্তপঙ্করমধ্যগম্। কালিন্দীজলকলোলসঙ্গিমাক্বনেবিতমিত্যাদিবলিরাছেন;—'আমি যাহাদিগের প্রিয়, আয়া, স্বত, স্থা, গুরু, স্কৃৎ, দৈব ও ইষ্ট,' ইত্যাদি। অতএব পূর্ণানন্দাদিগুণের ন্যায় পিতৃথাদি গুণ সকলও ভাবুকেরা শ্রীভগবানে চিস্তা করিবেন। 'আয়ারই উপাসনা করিবে,' ইত্যাদি বাক্যের সমাধান পূর্বেই প্রদর্শিত হইয়াছে॥ ১৯॥

অনন্তর ব্রন্ধের বিগ্রহত্বরূপ ধর্মের উপসংহার করা হইতেছে। কোধাও 'আত্মারই উপাদনা করিবে,' 'আত্মলোকেরই উপাদনা করিবে'; ইত্যাদি উক্ত আছে। কোথাও বা 'গোপালবেশ, অভ্রান্ত, তরুণ, কল্পক্রমান্তিত, সংপ্রুত্তীক-নয়ন শ্রীক্ষকের চিন্তা বারা জীব সকল মুক্তিলাভ করে,' ইত্যাদি বাক্যও দৃষ্ট হয়। এত্বলে সংশয় এই যে, ঐ উপাশ্ত বন্ত আত্মমাত্র অথবা আত্মবিগ্রহমাত ?

প্রাপ্তম্। আত্মমাত্রত্বেনোপাসনয়েতি। তদ্যৈ বৈকরস্যাৎ। এক-রসাজ্যোপাসনয়া খলু মুক্তিরুক্তা। বিগ্রহস্য তু মিথো বিল-ক্ষণচক্ষুরাদিবৈশিক্ট্যেনানৈকরস্যান্নাসে তত্বপাসনয়েত্যেবং প্রাপ্তে—

সমান এবঞ্চাভেদাৎ॥ ২০॥

অপ্যর্থে চশব্দঃ। এবমপি চক্ষুরাদীনাং বৈলক্ষণ্যেন ভানেহপি সমান একরসঃ স এব হিরণ্যপ্রতিমাদিবদ্ধগবান্ বোধ্যঃ। কৃতঃ অভেদাৎ। চক্ষুরাদীনামাত্মানভিরেকা-দিত্যর্থঃ। তত্মাদিগ্রহভূতাত্মোপাসনয়ের মোক্ষঃ। এবঞ্চ চিন্তয়ংশ্চেত্সেত্যাদিবাক্যব্যাকোপঃ। সত্যজ্ঞানানন্তানন্দ-গদাং প্র্যান্।পক্ষরে কলন্ত ভাব্যন্। তিস্যবাদ্মাঃ। মুক্তিকক্তেতি। একবৈবাল্

গদাৎ পূৰ্যন্। সক্ষরে কলস্ক ভাৰ্যন্। তেপ্যেৰাখনঃ । মূ। জক্তেজাতা এক ধোৰাজু-ডাষ্টব্যং নেহ নানান্তি কিঞ্চনেত্যাদিশ্রুতিভিঃ। অসৌ মুক্তিঃ। এবং প্রাপ্তে— সমান ইতি। হিরণ্যেতি। আদিশব্দাদ্ভ্রণ্রপ্রস্থাক্রণ্রপ্রক্রেণ্ডাক্র

সমান ইতি। হিরণ্যেতি। আদিশব্দাদ্ভববৈত্রপুষ্পেকববৈত্রিকাশেয়-স্ত্রনির্শ্বিতচিত্রাম্বরচন্দ্রকা গ্রাহ্যাঃ। এবং তেনৈকধৈবেত্যাদিবাক্যং ব্যাখ্যাতম্। এবঞ্চেতি। বিগ্রহভূতাম্মোপাসনয়া মোক্ষানঙ্গীকারে সতীত্যর্থঃ। সত্যেতি

পরমেশ্বর একরস, এবং একরসম্বর্জপ আত্মার উপাসনাতেই মৃক্তি শ্রবণ করা যায়; অতএব আত্মমাত্র বস্তুরই উপাসনা করিতে হইবে, এইরপ বোধ হয়।
বিগ্রহ সকল পরস্পর বিলক্ষণ। চক্ষু:প্রভৃতি ইক্সিয়বিশিষ্ট বিগ্রহ একরস না
হইরা অনেকরসই হইতেছে। অতএব তাদৃশ বিপ্রহের উপাসনাতে মৃক্তি
হইতে পারে না। এই প্রকার পূর্বপক্ষের খণ্ডনার্থ বিশিতেছেন;—

হিরগায় প্রতিমার বেরপ সকল অঙ্গই হিরগায়, তজ্ঞপ ভগবদিগ্রহের অন্তর্গত চক্ষু:প্রভৃতি ইন্দ্রিয় সকল পরস্পর বিলক্ষণরূপে প্রতীত হইলেও, উহাদিগকে সমান এবং অভিন্ন বলিয়াই স্বীকার করিতে হইবে। চক্ষু:প্রভৃতি ইন্দ্রিয় সকল আত্মা হইতে অনতিরিক্ত; স্থতরাং বিগ্রহভূত আত্মার উপাসনাতেই মোক্ষ স্বীকার করিতে হইবে। এইরপ স্বীকার না করিলে 'চিন্ত দারা ক্ষাকে চিক্তা করিয়া,'ইত্যাদি বাকেয়র বিরোধ ঘটিবে। "গত্যজ্ঞানানস্তা- মাত্রৈকরসমূর্ত্র ইতি স্মৃতিস্ত বৈচিত্র্যা বিভাতস্য তদ্বিগ্রহ-স্যৈকরস্যমাহ। অরূপবদিত্যনেন চিন্তিতমপ্যেতদ্বিধান্তরেণ চিন্তিতম্। কৃপালুরাচার্য্যো ছুপ্রবেশমর্থমসকৃদ্বিমূশতি স্থ-প্রবেশস্বায়॥২০॥

তদেবং দাক্ষাজ্রপেয়ু ভগবদাবির্ভাবেয়ু তত্তদ্গুণোপ-সংক্ষতিরুক্তা। অথ জীবভূতেষাবেশাবতারেয়ু দা বিমৃশ্যতে। অধীহি ভগব ইতি হোপদদাদ দনৎকুমারং নারদস্তং হোবাচ ইতি। তং মাং ভগবান্ শোকস্থ পারং তারয়ন্বিতি চৈব-মাদি ছান্দোগ্যাদো পঠিতম্। অত্র ভগবতো জ্ঞানশক্ত্যাদি-

প্রীভাগবতে। নমু ব্রহ্মণো বিগ্রহ্বস্থনিরূপণং পুনকৃক্তং প্রাপ্তক্তেরিতি চেৎ তথ সমাদধদাহ অরূপ্রদিতি ॥ ২০॥

সাক্ষাদবভারোপাসনেম্বস্কুল গুণা নেয়া ইত্যুক্তম্। তত্র প্রসঙ্গাৎ তদাবিটের্
মহন্তমেরু জীবেষু তেষাং নয়নবিচারং প্রবর্ত্তাবমিত্যাদিনা। বিধিপক্ষে
তদাবিষ্টানাং জীবত্বেন তেভ্যো ভেদাৎ তত্রপাসনেষু তে নেয়া নেতি প্রত্যুদাহরণসঙ্গতি:। নিষেধপক্ষে তু সাক্ষাজ্রপেষিব তদাবিষ্টেষপি তে নেয়াঃ তপ্তায়ঃপিগুন্যায়েন তদ্ভাবস্য ভেষাগতত্বাদিতি দৃষ্টান্তসঙ্গতিরিতি বোধ্যম্। আবেশাবতারেষিতি। জ্ঞানবীর্য্যাদিভগবদ্গুণাবেশেন তদ্বতার্ত্যা নিগদিতেষিত্যুর্ধঃ।

নন্দমাত্রৈকরসমূর্ত্তরঃ" ইত্যাদি শ্বতিবাক্য সকলও বিচিত্রভাবে বিভাত ভগবন্ বিপ্রহের ঐকরম্ব বলিতেছেন। "অরূপবং" এই স্থা দারা এই বিষয়টি প্রে চিস্তিত হইলেও, পুনর্কার প্রকারাস্তবে চিস্তিত হইল। রূপালু আচার্য্য শ্বপ্রবেশার্থ হস্তাবেশ অর্থ বারংবার চিস্তা করেন॥ ২০॥

এইরপে সাক্ষাজ্রপ ভগবদাবির্ভাবে তত্তদ্পুণের উপসংহার উক্ত হইল।
অনস্তর জীবভূত আবেশাবতারে উহাই বিচারিত হইতেছে। 'হে ভগবন!
আমাকে ব্রহ্ম অধ্যয়ন করান' এই বলিয়া, দেবর্ষি নারদ সনৎকুমারের নিকট গমন করিলেন, এবং তাঁহাকে বলিলেন, 'ভগবন! আমি উপসন্ধ, আপনি আমাকে শোক হইতে মুক্ত কর্ষন।' ইত্যাদি বাক্য ছান্দোগ্যে দৃষ্ট হইয়া থাকে। এই নিজধর্ম্মেরাবিফাঃ কুমারাদয়ে। জীবান্তস্থাবেশা ভবন্তীতি ভগবচ্ছকাৎ প্রতীয়তে। তেয়ু তন্তকৈর্নিখিলভগবদ্ধর্মা উপসংহার্য্যান বেতি সংশয়ে বিকল্পং স্থাপয়তি। তত্তাদৌ বিধিপক্ষমাহ।

সম্বন্ধাদেবমন্তত্তাপি ॥ ২১॥

অন্যত্র ভগবদাবিষ্টেষু কুমারাদিষেবং নিখিলতদ্ধাপ-সংহারো ভবতি। কুতঃ সম্বন্ধাৎ। অয়ঃপিণ্ডেষু বহেরিব তেষু তস্থাবেশাৎ॥ ২১॥

অথ নিষেধপক্ষমাহ।

ন বাবিশেষাৎ॥ ২২॥

ন তেয়ু নিথিলভগবদ্ধর্মোপসংহারো ভবতি। কুতঃ অবিশেষাৎ। সত্যপি তদাবেশে জীবত্বলক্ষণে ধর্ম্মে বিশেষা-ভাবাৎ। বাশব্দাত্তংপ্রেষ্ঠত্বাদিনা তত্রাদরবিশেষাৎ॥ ২২॥

জণীহীতি। জধ্যাপর মামিত্যর্থঃ। এবং বদন্ নারদঃ সনৎকুমারম্পসসাদ। তমিতি। তম্পসরং মাং নারদম্। তস্য ভগবতঃ সর্কোশস্য। তেছিকি। কুমারাদিলাবেশেহিত্যর্থঃ।

সম্বন্ধাদিতি। ক্টার্থম্॥ ২১॥

বাক্যমধ্যে নিবিষ্ট ভগবংশক হইতে ইহাই প্রতীত হয় যে, ভগবানের নিজধর্ম জানশক্তি প্রভৃতি দ্বারা আবিষ্ট সনংকুমারাদি জীব সকল তাঁহারই আবেশ। এ সকল আবেশাবতারের ভক্ত সকল নিজ উপাক্ত তভদবতারে ভগবানের নিথিল ধর্মের উপসংহার করিবেন কি না ? এইরূপ বংশরে, বিকল্প স্থাপনের জন্ত প্রথমত বিধিপক্ষ বলিতেছেন;—

ঐ সকল আবেশাবভারে লোহপিতে বহির স্থায় ভগবানের আবেশ অর্থাৎ শব্দ থাকা প্রযুক্ত ভগবদাবিষ্ট কুমারাদিতে নিধিল তদ্ধর্মের উপসংকার. দশ্য়তি চাা ২৩ ॥

তং মাং ভগবানিত্যাদ্যা শ্রুতিস্তদাবিফফাপি শ্রীনারদক্ত জিজ্ঞাস্থতাং দর্শয়তি। অতো ন তত্র সর্বধর্মোপসংহারঃ॥২**০॥** সংভৃতিত্র ব্যাপ্ত্যপি চাতঃ ॥ ২৪॥

সংস্থৃতিশ্চ ছ্যুব্যাপ্তিশ্চ তয়োঃ সমাহারস্তথা। এতচ্চ তেষু নোপসংহার্য্য্। ইহ পূর্ব্বোক্তং হেতুমতিদিশতি অত ইতি। জীবহাদেবেত্যর্থঃ। অয়মর্থঃ। এণায়নীয়ানাং থিলেষু পঠ্যতে। ব্রহ্মজ্যেষ্ঠা বীর্যা সংস্থানি ব্রহ্মাথ্যে জ্যেষ্ঠং দিব-

নবেতি। তত্রেত্যাবেশেষু॥ ২২ ॥

দর্শয়তীতি। তং মামিত্যাদি। নারদ্যা তদাবিষ্টবং শ্রীভাগবতাদিষু খ্যাত-মত্রোক্তং বোধ্যম্॥ ২৩॥

সংভৃতীতি। ব্রন্ধেত্যস্থার্থঃ। বীর্যোতি। বীর্যাণি ভগবংপরাক্রমবিশেষ-রূপাণি খাদীনীত্যর্থঃ। স্থপাং স্থলুগিত্যাদিনা জস্বিভক্তেরাৎ। তানি কীদৃশানীত্যাই ব্রন্ধজ্যেষ্ঠতি। ব্রন্ধেব জ্যেষ্ঠমনন্যাপেন্ধি কারণং যেষাং তানি। অতএব ব্রন্ধাণ কারণেন তানি সংভৃতানি ধৃতানি পৃষ্ঠানি চেত্যর্থঃ। তত্ত্তং ত্রাম-

অনস্তর নিষেধপক্ষ বলিতেছেন ;—

ঐ সকল শক্ত্যাবেশাবতারে নিথিল ভগবচ্ছক্তি ও ধর্ম্মের উপসংহার কর্ত্তব্য নহে। কারণ, তাঁহারা ভগবদাবেশ হইলেও জীবজলকণ ধর্মে অন্ত জীবের সহিত তাঁহাদিগের কোন বিশেষ নাই। তবে তাঁহারা ভগবৎপ্রেষ্ঠ বলিয়া বিশেষ আদেরের পাঁত ॥ ২২ ॥

"তং নাং ভগবান্," ইত্যাদি শ্রতিতে ভগবদাবিষ্ট নারদের জিজ্ঞাস্থতা প্রদর্শিত হয়। অত্তর্ব আবেশাবতারে সকল ধর্মের উপসংহার কর্ত্তর নহে॥২০॥

জীবত্ব প্রযুক্ত সংভৃতি অর্থাৎ পূর্ণতা এবং ছাব্যাপ্তি বা সর্বব্যাপকত্ব, এই ছুইটি গুণ ঐ আবেশাবতারে উপসংস্কৃত হইতে পারে না। তাৎপর্য্য এই — এণায়নীয়দিগের থিল নামক গ্রন্থে, 'ব্রন্ধ শ্রেষ্ঠ, বীর্যাবৎ, ও পূর্ণ; তিনিই প্রথমে

মাততান। ত্রন্ধ ভূতানাং প্রথমং তুজজে। তেনাইতি ত্রন্ধণা স্পর্দ্ধিতুং ক ইতি। অত্র বীর্য্যসংভৃতিত্যুব্যাপ্তিপ্রমুখো ত্রন্ধ-মহিমা প্রকীর্তিতঃ। ন স তেয়ু জীবেষ্পসংহার্যস্তম্ভ পরেশ-সাধারণত্বাদিতি॥ ২৪॥

অনুপদংহারে হেত্বস্তরমাহ।

পুরুষবিদ্যায়ামিব চেতরেষামনাল্লানাৎ ॥ ২৫ ॥

কুমারাত্যপথ্যানেষিতরেযাং দর্বভূতোপাদানত্বসর্ব-নিয়ামকত্বাদীনাং ধর্মাণামনান্ধানাচ্চ ন তেযু দর্বতদ্বর্মোপ-সংহারঃ। ব্যতিরেকী দৃষ্টান্তঃ পুরুষেতি। পুরুষস্ক্তেযু চ-শব্দাদ্গোপালতাপন্যাদিয়ু যথা তে নিরূপ্যন্তে ন তথা

ত্তোত্রে—দ্যোশ্চল্রার্কনক্ষত্রা থং দিশো ভূর্যহোদধিঃ। বাস্থদেবস্থ বীর্ষ্যেণ বিধৃতানি মহাত্মন ইতি। তচ্চ ব্রহ্ম অত্রে চতুর্থাদিজন্মনঃ প্রাক্ দিবং থাদিকমাততান ব্যাপ। কথমেতং তত্রাহ। ভূতানাং চতুর্থাদিজীবানাং প্রথমং পূর্ববর্ত্তি
সং জ্ঞে প্রাহূর্ভ্তং বভূব। তেন হেতুনা সর্কাকারণেন প্রাক্সিদ্ধেন ব্রহ্মণা সহ
ক্ষেদ্ধিতুং কোহহতি অবরজন্মা তরিয়ম্যশ্চ কো জীবো যোগ্যো ভবতি ন
কোহপীত্যর্থঃ। সর্কোপজীব্যং সর্কপৃজ্যক্ষ ব্রন্ধেত্যর্থঃ। নেতি। স মহিমা।
তক্ষ্ম মহিমঃ॥ ২৪॥

লোকবিস্তার রচনা করেন; ঐ আদিপুরুষ ত্রন্ধের সহিত স্পর্দ্ধা করিতে কে সমর্থ হয়!' ঐ স্থলে বীর্য্য, পূর্ণতা ও ছ্যাব্যাপ্তি প্রভৃতি রুদ্ধের মহিমা কীর্ত্তিত ইইয়াছে। ঐ সকল মহিমা জীবরূপ আবেশে উপসংস্কৃত হইতে পারে না। কারণ, ঐ সকল মহিমা পরেশ্যাধারণ॥ ২৪॥

উহাদিগের অমুপদংহারের প্রতি হেত্বস্তর বিস্তাদ করিতেছেন ;—

পুরুষবিদ্যায় ঈশ্বরসম্বন্ধে বেরূপ সর্বভৃতোপাদানত ও সর্বনিয়ামকতাদি গুণ কথিত হইরাছে, জন্যের সম্বন্ধে সেরূপ কথিত হয় নাই। জতএব কুমারাদিতে ঐ সকল অসাধারণ ধর্মের উপসংহার হইতে পারে না। গোপালতাপনী প্রভৃতিতেও ঈশ্বরসম্বন্ধে ঐ সকল গুণ কথিত হইরাছে, কিন্তু কুমারাদির তত্বপাধ্যানেষিত্যর্থঃ। ইদমত্র নিষ্কৃষ্টম্। ঈশাবিষ্টেষু তপ্তায়ঃপিওবদংশদ্যমন্তি। যে বহ্যংশমিবেশাংশং পশ্যন্তি তে
নিথিলতদ্ধর্মাংস্তেষু ভাবয়ন্তি। যে থল্পয়োহংশমিব জীবাংশং
তে তুন। কিন্তু তৎপ্রেষ্ঠন্থাদীন্ ধর্মাংস্তেষু চিন্তর্মন্তি। ঈশস্ত সপ্রেষ্ঠানুর্ভিপরিতুষ্টন্তান্ স্বীকরোতি। শ্রীভাগবতাদিভিরপি শাস্ত্রেস্তেষু ভগবদাদিশব্দাঃ প্রযুদ্ধান্ত। জীবধর্মাশ্চ দৈন্যাভিধানেন প্রকাশন্তে। তত্রাপ্যেবমেব সঙ্গতিরিতি॥২৫॥
স্বশাধোক্তঞ্গবিশিষ্টং ত্রক্ষোপাস্থামত্যুক্তম্। অথ তত্ত্বা অপি কেচিদ্ঞাণ মুমুক্ষুণা নোপান্থা ইত্যুচ্যতে। অগ্নে ত্বং

পুরুষেতি। তেরু কুমারাদিয়ু। তে সর্বভৃতোপাদানস্বাদয়ঃ সর্বেশধন্মঃ। তহুপাথ্যানেয়ু কুমারাদ্যাথ্যানেয়ু। যে কুমারাদীনাং ভক্তাঃ॥ २৫॥

স্বশাথোক্তেত্যাদি। আথর্মণিকানাং শাথাস্বভিচারমন্ত্রাঃ সন্তি। তত্তন ব্রহ্মগুণান্তদ্পনিষ্দ্রণিতাস্পাসনাস্থ নোপসংহার্যাঃ শান্ত্যাদিপ্রতিক্ল-ত্বাং তত্ত্পসংহারন্তেতি বক্তৃং আয়ঃ প্রারভ্যত ইত্যর্থঃ। পূর্ব্বমনীখরোপাসনায়া-মুপসংহর্ত্মযোগ্যা অপি সার্ব্বিখর্যাদয়ো ভগবদ্গুণা ভগবজ্জানবীর্যাদিরাগ-

উপাধ্যানে সেরপ কথিত হয় নাই। নিম্বর্ধ এই—ঈশ্বরাবিষ্ট কুমারাদি জীবে তপ্ত লোহপিণ্ডের ভায় তুইটি অংশ আছে। যাঁহারা বহুংশের ভায় ঈশ্বরাংশ দর্শন করেন, তাঁহারা নিথিল ঈশ্বরধর্ম আবেশ সকলেই চিন্তা করেন। আর যাঁহারা লোহাংশের ভায় জীবাংশমাত্র দর্শন করেন, তাঁহারা তাহা চিন্তা করেন না; কিন্তু ভগবৎপ্রিয়তমত্ব প্রভৃতি ধর্ম সকল ঐ সকল আবেশাবতারে চিন্তা করিয়া থাকেন। ঈশ্বর নিজ্ব প্রিয়জনের অনুবৃত্তি ছারা পরিতৃষ্ট হইয়া তাঁহাদিগকে শ্বীকার করিয়া থাকেন। শ্রীভাগবভাদিশাব্রেও কুমারাদিতে ভগবৎশব্ব প্রেয়া করিয়াছেন। আবার দৈন্যোক্তি ছারা তাঁহাদিগের জীবধর্মও প্রকাশিত হইয়াছে। এইরপই সক্ষতি করিতে হইবে॥ ২৫॥

স্থলাথোক গুণবিশিষ্ট ব্ৰহ্মের উপাক্তত্ব উক্ত হইয়াছে। সেই সেই শাণায় উক্ত কতকগুলি গুণ উপাক্ত নহে, তাহা একণে কথিত হইতেছে। 'স্বয়ে' বাতুধানস্থ ভিন্দি তং প্রত্যঞ্চমর্চিষা বিধ্য মর্শ্বেতি শ্রুত-মথর্ববি। ইহ বেধাদিগুণজাতমুপাস্থং ন বেতি সংশয়ে হুষ্টনিগ্রহস্যাপেক্ষত্বাতুপাস্যমিতি প্রাপ্তে—

বেধাদ্যর্থভেদাৎ॥ २७॥

নেত্যন্থবর্ত্ততে। বেধাদিকং তেনোপাদ্যং ন। কৃতঃ অর্থ-ভেদাৎ। অর্থঃ ফলম্। হিংদাত্মকে তিম্মিনির্ভ্রাধিকারা-দিত্যর্থঃ। যছক্তং শ্রীভগবতা। অমানিত্বমদন্তিত্বমহিংদা ক্ষান্তি-রার্জবমিতি। নির্ভং কর্ম্ম সেবেত প্রবৃত্তং মৎপরস্ত্যজে-দিতি চ॥ ২৬॥

হৈতুকতন্তোষায়োপসংহার্য্য। ইত্যুক্তম্। তদৎ সৌশীল্যকারুণ্যার্জবাদিপ্রধানগুণারাং ভগবদ্গুপাসনায়াম্পসংহর্তুমবোগ্যা অপি অথর্ব্বোক্তা বৈরিবধাদয়ো
ভগবদ্গুণা বৈরিনিপ্রহহেতুকোপাসনানৈর্বিদ্যায়োপসংহার্য্যাঃ স্থারিতি দৃষ্টাস্থোহত্র সঙ্গতিঃ। অয়ে স্বমিতি। হে অয়ে সর্ব্বাগ্রণীর্ভগবন্ স্বং যাতুধানশু ততুল্যশু
মদ্রিপোর্মার্ক ভিন্দি বিদারয়। প্রত্যক্ষং প্রতিকূলবর্তিনং তং মদ্রিপুমর্কিষা
তেজসা বিধ্য তাড়য়েত্যর্থঃ। বাক্যাস্তরকান্তি সর্ব্বং প্রবিধ্য হ্লরং প্রবিধ্য ধমনী
প্রমৃদ্ধ্য শিরোহভিপ্রমৃদ্ধ্য ত্রিধা বিভক্ত ইত্যাদি মদ্রিপুরিতি বোধ্যম্। ইহেতি
স্পাইম্।

বেধাদ্যর্থেতি। তেন মুমুকুণা। তত্মিন্ বেধাদিকে গুণগণে। অমানিত্তমিতি শ্রীগীতাস্থ। নির্ভমিতি শ্রীভাগবতে। নির্ভং নিত্যনৈমিত্তিকং সন্ধ্যোপাদ-

ষাতৃধানদিগকে ভেদ কর, তোমার তেজ দারা তাহাদিগের মর্ম ভেদ কর।' এন্থলে জীবের কষ্টদায়ক ভেদাদি গুণ সকল উপাস্ত কি না, এইরূপ সংশ্রে, ছষ্টনিগ্রহরূপ প্রয়োজন বশত তাহারা উপাস্ত হইতেছে, এইরূপ পূর্ব্বপক্ষ উত্থাপন পূর্ব্বক তাহার উত্তর করিতেছেন;—

জীবের কইদায়ক ভেদাদি গুণ সকল উপাশু নহে। কারণ, তাহাতে মুমুকুদিগের পক্ষে অর্থভেদ অর্থাং ফলভেদ আছে। মুমুকু ব্যক্তিসকল নিবৃত্তির অধিকারী, হিংসাত্মক কর্মে তাঁহাদিগের অধিকার নাই। গ্রীভগ্বানই শ্বেতাশ্বতরাঃ পঠন্তি। জ্ঞান্ধা দেবং দর্ববিশাশাপহানিঃ
ক্ষীণৈঃ ক্লেশৈর্জনামৃত্যুপ্রহাণিঃ। তদ্যাভিধ্যানাত্তীয়ং দেহ-ভেদে বিশ্বৈশ্বর্যাং কেবলমাপ্তকাম ইতি। অত্র দেবজ্ঞানা-দেহগেহাদিমমতাপাশহানির্ভবতি। জন্মমৃত্যুক্তক্লেশাভাবা-তৎপ্রহাণিশ্চেতি শাস্ত্রজদেবজ্ঞানমহিমোক্তেঃ। ততো জ্ঞাত-যাথান্ম্যাস্য তদ্য দেবস্যাভিধ্যানান্ত্রিরুবিচিন্তনাদেহভেদে লিক্সক্ষয়ে সতি চাক্রব্রাক্ষোভ্যাপেক্ষয়া তৃতীয়ং ভাগবতং পদং দেবজ্ঞা বিন্দতি। কীদৃশং তৎ। বিশ্বৈশ্বর্যাং পূর্ণ-

নাদি। প্রবৃত্তং হি সাঙ্গং কাম্যজ্যোতিটোমাদি। মোক্ষাণী ন প্রথর্ত্তেত তত্ত্ব কাম্যনিষিদ্ধয়োঃ। নিত্যনৈমিত্তিকে কুর্ন্যাৎ প্রতাবায়জিহাসরেতি স্মরণাৎ॥২৬॥
পূর্ব্বত শক্রবিনাশিষ্ম ভগবদ্গুণস্থারুপযোগাহ্পাসনে নিয়তমন্থপসংহার্য্যস্ক্রং তদ্বৎ শাস্ত্রগম্য তদ্গুণস্থা চিত্তকার্কপ্রহেত্ত্বেনারুপযোগাৎ তম্পাং তদস্থিতি প্রাগ্রদ্বত সঙ্গতিঃ। জ্ঞাব্বত্যাদি। ক্ষীণেরিতীপস্ত্তলক্ষণে তৃতীয়া।
তৈর্বিশিষ্টস্থেত্যর্থঃ। তদ্ভাববত ইতি যাবৎ। এতরিদ্ধর্যং ব্যাচষ্টে জন্মত্যুক্তেতি। জন্মাদিসন্থেইপি বিদ্যামহিন্না তৎক্তক্রেশাস্পর্শ ইত্যাশয়ঃ। নিজক্ষমে সতীতি। ভাগবতপদলাভ্য তৎক্ষানস্তর্ভাবিরাৎ। বিধিষ্যাগং কেবলমিতি।

খেতাখতরে উক্ত হইয়াছে যে, পরমেশ্বকে জানিলেই দকল পাশ নট হয়। ক্লেশ ক্ষীণ হইলে জন্ম-মৃত্যুরওহানি হয়। তাঁহার অভিধ্যান দ্বারা দেহক্ষর হলৈ, কেবল বিশৈশ্ব্যারূপ তৃতীয় ভাগবত পদ প্রাপ্তি হয় এবং তদাপ্তিতে সকল কামনাই পূর্ণ হইয়া যায়। এন্থলে দেবের অর্থাৎ ঈশ্বরের জ্ঞান হইতে দেহগেহাদি মমতাপাশের হানি হয়; জন্মভ্যুক্ত ক্লেশের অভাব হইলেই উক্ত পাশের উচ্ছেদহয়; এইরূপে শাস্ত্রজ ঈশ্বরজ্ঞানের মহিমা উক্ত হইল। তদনস্তর জ্ঞাত্যাথান্য সেই ঈশ্বরের নিরন্তর বিচিন্তন দ্বারা লিঙ্গদেহের ক্ষর হলৈ, চাক্র ও বাদ্ধ এই তৃইটির অপেক্ষায় তৃতীয় ভাগবত পদ লাভ হয়। উক্ত পদ

বলিয়াছেন, 'মৎপরায়ণ ব্যক্তি অনানিম্ব, অদস্ভিম্ব, অহিংসা, ক্ষান্তি ও আর্জব এবং নিবৃত্ত কর্মাই আশ্রয় করিবে এবং প্রবৃত্ত কর্ম্ম ত্যাগ করিবে'॥ ২৬॥

বিস্থৃতিকম্। কেবলমমারিকম্। তত আগুকাম: পূর্ণমনোরথো ভবতীতি। অত্ত শাস্ত্রীয়জ্ঞানগম্যত্বং দেবদ্যোক্তম্।
তচ্চিন্তনং নিয়তমৈচ্ছিকং বেতি বীক্ষায়াং পরিনিষ্ঠাবির্দ্ধ্যা
মনোনিবেশহেতুহানিয়তং তদিতি প্রাপ্তে—

হানো ভূপায়নশব্দশেষত্বাৎ কুশাচ্ছন্দস্তভ্যুপগান্ব-ভতুক্তম্॥২৭॥

পূর্ব্বপক্ষনিরাসার্থস্তশব্দঃ। দেবজ্ঞানেন পাশহানো সত্যাৎ দেবানুরক্তস্য বিছ্যঃ তৎ শাস্ত্রগম্যন্তরূপদেবধর্মচিন্তনং কুশা-চ্ছন্দস্তত্যুপগানবছক্তম্। যথা নিয়তস্বাধ্যায়ানন্তরং কুশ-

লোকং বৈকুণ্ঠনামানং দিব্যধাত্গুণাসংযুত্ম। অবৈক্ষবানামপ্রাপ্যং গুণ্তর-বিবর্জিতম। ন ষত্র মারা কিমুতাপরে হরেরত্বতা ষত্র স্থরাস্থরার্চিতা ইত্যাদি-স্মতে:। পরিনিঠেতি। নিরস্তরতন্ববিমর্শস্থ তরিষ্ঠাব্দ্ধকত্বাদ্ভবতি তত্র মনো-নিবেশঃ। এবং প্রাপ্তে---

হানাবিতি। হানৌ ত্যাগে বিনাশে সতীত্যর্থ:। কুশাচ্ছদেতি। বৈধং বেদপাঠং কৃষা পুনঃ সময়ে লব্বে সংহিতামাবর্ত্তমানীতি চেদিচ্ছতি বিপ্রস্তদা কৃতব্রহ্মাঞ্জলিস্তামাবর্ত্তমতি। উদগ্রান্ কুশান্ মধ্যে নিধায় যোজিতং পাণিয়্মাং ব্রহ্মাক্ললিক্চ্যতে। তদা তৎ স্তত্যুপগানং যথা ঐচ্ছিকং ন তু নিয়তং তহৎ দেহাদিমোহপাশবিনাশে সতি শাস্তম্কিভ্যাং তত্বিস্তমনৈচ্ছিকং ন তু নিয়তমিত্যর্থ:।

বিধৈখণ্য অর্থাৎ পূণ্বিভৃতিবিশিষ্ট এবং কেবল অর্থাৎ অমায়িক। উহার প্রাপ্তিতে জীব আপ্তকাম অর্থাৎ পূর্ণমনোরণ হয়েন। এইস্থলে প্রমেখরের শাস্ত্রীয়জ্ঞানগম্যত্ব উক্ত হইয়াছে। ঐ ভগবানের চিন্তন নিয়ত অর্থাৎ বৈধ বা ঐচ্ছিক অর্থাৎ রাগাহুগ, এই প্রকার সংশরে, উহা পরিনিষ্ঠার বির্দ্ধি ছারা মনোনিবেশের কারণ হয় বলিয়া, উহাকে বৈধই বলা হউক, এইরূপ পূর্ব্বপক্ষীর দিয়াত্ত হইতেছে। তহুত্বরে বলিতেছেন;—

যে অচ্যত স্বক্তভকে হংশপন্ধ হইতে উদ্ধার করিয়া স্বীয় নিত্য চিৎস্থ-স্বরূপ ধামে নীত করেন এবং যিনি নিজ ভক্তকে প্রগাঢ় সম্প্রাগ বশক্ত তিলার্দ্ধের জন্তও বিচ্যুত করেন না, সেই ভগবান শ্রীকৃষ্ণই বিধান লোকের উপাক্ত। বিদ্যারপং ভ্ষশং মে প্রদায় খ্যাতিং নিন্যে তেন যো মামুদার:। শ্রীগোবিন্দঃ স্বপ্ননির্দিষ্টভাষ্যো রাধাবন্ধ্র্বন্ধাঙ্গঃ স জীয়াৎ॥

ইতি শ্রীমন্গোবিন্দভাষ্যে ব্রহ্মস্ত্রব্যাখ্যানে চতুর্থাধ্যায়স্য চতুর্থ: পাদ:।

সম্পূৰ্ণমিদং বেদান্তদর্শনম্॥

অথৈত দ্বাধাবিকারিণা দর্শগতি ঐতি। অন্সেড্যো গোবিন্দদেবতান্তরাণি চ সাম্যধিয়োপাদীনেভা ইতার্থ:। ন চান্তনিবারণং গ্রন্থাবদ্যভয়াদিতিবাচ্যং গ্রন্থস্য স্থব্যংপরৈন্নিরবদ্যতয়া গৃহীতত্বাং। কিন্তু বেদনির্ণীতেহপি গোবিন্দপারতম্যে অসমবৃদ্ধিভিত্তৈরবজ্ঞাতে তেষাং তুর্গতি: স্যাদতন্তরমঙ্গলাহৈর তদিতি। গোবিন্দ-নিরূপকত্বাদেগাবিন্দেন প্রযোজকেন সিদ্ধত্বাদ্বা গোবিন্দভাষ্যমিত্যুক্তং। তদাবি-ভাবকস্ত স্থবেতি পীঠকাদবগম্যং॥

> শ্রীরাধাদিভিরাঝ্রশক্তিনিকরৈরুদীক্ষ্যমাণক্ষণঃ শ্রীরূপাদিমধুবতাশ্রিতপদদক্ষারবিন্দাদবঃ। গোবিন্দঃ শরদিন্দু হন্দরমুথঃ দদ্রক্ষণৈকব্রতী পূর্ণবিক্ষতয়োদিতঃ শ্রুতিগণৈ: শ্রীমান্ দ দ্বীয়াৎপ্রাঞ্ছঃ॥

শ্রীমদ্গোবিন্দ-পদারবিন্দ-মকরন্দ-লুরুচিন্ত ব্যক্তিগণই এই গোবিন্দভাষ্য পাঠ করুন। অন্তের পাঠ নিষেধার্থ শপথ অর্পিত হইল।

যে উদার পুরুষ আমাকে বিদ্যারূপ ভূষণ প্রদান করিয়া জন্ধারা জগতে খ্যাত করিয়াছেন, এবং যিনি স্বপ্নে এই ভাষ্য নির্দেশ ক্রিয়াছেন, সেই রাধা-রমণ ত্রিভঙ্গভঙ্গী প্রীগোবিন্দ ক্রয়ুক্ত হউন।

शाविक्कावाक्रवादम ठकुर्व व्यथादा ठकुर्व शान ।

শ্রুতাদিবাচ্যমণিদীধিতিদীপ্যমানাং
সমুক্তিকাঞ্চনকচিচ্ছটয়া মনোজ্ঞাং।
বাগীখরোক্তিমন্তিস্তা বুধাঃ স্থধাভাং
গোবিন্দভাষ্যমসকৎ পরিপাঠয়ধবং॥
গোড়োদয়মুপজাততমঃসমন্তং নিহন্তি যো বুগপৎ।
জ্যোতিশ্চয়োহতিশীতঃ পীতন্তমুপান্মহে কৃতাঞ্জলয়ঃ॥
ইতি শ্রীগোবিন্দভাষ্যবাধ্যানে হক্তাভিধানে চতুর্ধাধায়ন্ত

ইতি শ্রীগোবিন্দভাষ্যব্যাখ্যানে হক্ষাভিধানে চতুর্থাধ্যায়প্ত চতুর্থপানো ব্যাখ্যাতঃ।

সমাপ্তেয়ং শ্রীগোবিন্দভাষ্যব্যাখ্যা॥

চতুর্থ বা শেষ অধ্যায়ের স্থুল বিবরণ।

এই চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে তেরটি অধিকরণে উনিশটি হতা, দিতীয় পাদে দশটি অধিকরণে একুশটি হতা, তৃতীয় পাদে নয়টি অধিকরণে বোলটি হতা এবং চতুর্থ পাদে এগারটি অধিকরণে বাইশটি হতা, এইরণে ইহাতে সর্ব্ব-সমেত ৭৮টি হতা এবং ৪০টি অধিকরণ আছে। ঐ সকল হতা জীবের সাধন ফল বিচারিত হইয়াছে বলিয়া এই অধ্যায়ের নাম ফলাধ্যায়।

গোবিন্দভাষ্য-বিব্লতি।

প্রশাস স্টিস্থিতিনাশহেতুং বেদাদিশাস্ত্রোক্তমচিস্ত্যশক্তিং। মহাপ্রভুং ভত্তগণস্বরূপং গোবিন্দভাষ্যং বিবৃণোমি সম্যক্ ॥

উপক্রমণিক।।

বস্তুর উদ্দেশ, লক্ষণ ও পরীক্ষা, এই ত্রিবিধ বিষয়ই মানবের আলোচ্য। তদম্পারে মানব যথনই হিরচিতে অর্বর্জগৎ ও বহির্জগতের প্রতি দৃষ্টি করেন, তথনই তাঁহার মনে প্রথমত 'আমি কে ?' এই প্রশ্ন স্বতই উখিত হয়। এই প্রশ্নের মীমাংসা করিতে গিয়া মানব বিষম সমভায় পতিত হয়েন। যথম তিনি তাঁহার নিজের আকৃতি, প্রকৃতি, শক্তি ও অবস্থিতির বিষয় আলোচনা করিতে করিতে বাহুজগৎ পর্য্যবেক্ষণ করেন, তথনই এই প্রকাণ্ড ব্রহাণ্ড তাঁহার চিন্তাপ্রথ পতিত হইরা একটি অতি কুল্ত ও ক্রিটি রহৎ, এই হুইটি পর্বক্ষার বিরোধী ভাবের আবির্ভাব ক্রিটের ন্যায় উতিনি তথন বোধ করেন, আমি বে পৃথিবীতে অবস্থান করিতে তাহা এই অসীম বিশ্বসন্থ একটি ক্রের ন্যায় উতিনি তথন বোধ করেন, আমি বে পৃথিবীতে অবস্থান করিতে তাহা এই অসীম বিশ্বসন্থ একটি ক্রের বানুকাকণা হইতেও ক্রেতর এবং ক্রামি স্বয়ং ধকীয় বৃদ্ধিবলে সসাগরা ধরার ও সমন্ত জীবের উপর আধিপত্য স্থান্দিন সমর্থ হইরাও ব্রহাণ্ড বন্ধান্ত ক্রের ক্রের উপর আধিপত্য স্থান্তনে সমর্থ হইরাও ব্রহাণ্ড বন্ধান্ত ক্রের ক্রের উপর আধিপত্য স্থান্তনে শক্তির বা গুণের পরিণাম অস্থারে ক্রমবিকাশে জীবন্ধ প্রাপ্ত হইতেছে, আমিও তক্রপ; এতৎসম্বন্ধে অস্থারে ক্রমবিকাশে জীবন্ধ প্রাপ্ত হইতেছে, আমিও তক্রপ; এতৎসম্বন্ধে

কিঞ্জিয়াত ইতরবিশেষ নাই। সেও কালে উৎপতি-ছারে প্রকাশ পাইরা কালেই বিলীন হইতেছে, আমিও কালধর্মে জন্মলাভ করিয়াছি এবং কাল-গর্ভেই মিশিয়া যাইব। এই কি আমি? এই কি আমার পরিণাম? এই পর্যান্তই কি আমার আমিছের শেব? কে আমাকে এই জগতে আনয়ন করিল? কি নিমিত্তই বা আমি আসিলাম? এবং কি করিয়াই বা মাইব?

বৈজ্ঞানিক পণ্ডিতেরা বলিয়া থাকেন,—"সন্ধ, রজ ও তম, এই শক্তিত্রর বা গুণত্রের সাম্যাবস্থাই প্রকৃতি। কোন অক্তের কারণ বশত জ্ঞানরূপিণ্র স্ত্রশক্তি ক্রিয়াশক্তিরপা ভ্যাংশক্তির সংযোগে বলরপা রজঃশক্তিতে পরিণত হইলেই বিশ্বের উৎপত্তি এবং তাহার বৈপরীতো অর্থাৎ তমঃশক্তি সন্তশক্তির আকর্ষণে রজঃশক্তির সহিত সত্তশক্তিতে বিলীন হইলেই বিখের ধ্বংস হয়। ঐ রূপে উৎপন্ন বিশ্ব হইতেই আমাদিগের এই সৌর জগতের উৎপত্তি। সৌর-ব্বগৎ প্রথমাবস্থাতে তড়িজ্রপেই অবস্থান করে। পরে কালক্রমে তড়িকায় স্ব্যমণ্ডলের উপরিভাগস্থ কারণরপী প্রমাণু সকল ক্রমে ঘনীভূত হইয়া রাম্পাকারে পরিণত হয়। তদনস্তর ক্রমায়য়ে তরলত্ব ও ঘনত্ব প্রাপ্ত হইয়া কার্য্যরূপ পরমাণুর আকার ধারণ করে। প্রত্যেক পরমাণুই চঞ্চল এবং অমু-বুত্তি ও ব্যাবৃত্তি নামক শক্তিষয় বিশিষ্ট। তন্মধ্যে অন্তবৃত্তি শক্তি এক পর-মাণুকে অপর প্রমাণুর সহিত সংযুক্ত এবং ব্যাবৃত্তি শক্তি তাহাকে তদন্ত পর-মাণু ছইতে বিশ্লিষ্ট করে। ক্রমিক পরিবর্তনে যে পরমাণুর জাকর্ষণী শক্তি অপেকাক্তত অধিক হয়, দে অপর পরমাণু সমূহ আকর্ষণ পূর্বক নিজ দেহ ও ্বল বৃদ্ধি করে এবং এ শুনু কাটি সূত্র, পূর্ব আবের উৎপত্তি। এবং ঐ আকর্ষণ-বিশ্লেষণ শক্তিবলেই প্রমাণুসমন্তিরপ ব্যামগুল হইতে গ্রহ ও উপগ্রহগণের উৎপত্তি। প্রমাণু সমূহ যতই ঘন ভূত হয়, ততই সমূচিত হয়, এবং উত্তাপ শন্তর্নিহিত করে। এই নিয়মামুসারে সঞ্চিত উত্তাপও আবার সময়ে সমরে প্রসারিত ও ব্যমিত হয়। পূর্ব্বে এই কর্ষ্যমণ্ডলের ব্যাস ১৮০ অংশ ছিল। ক্রমে ক্রমে ২ অংশে পরিণত হইরাছে। ক্র্য্যের এই সঙ্কোচে পৃথীমগুল क्रांस नी छन ও कठिन इरेशा चलूमान ১৯৫৫৮৮৪৯৯১ वर्त्रव इरेन, जीरवर

আবাদ-ভূমি হইরাছে, এবং ১৯৭২৯৪৮৯৯১ বৎদর হইল, জগতের উৎপত্তি হইরাছে।(১)

আদে তি তি নানী পৃথী স্থান ওল হইতে বিচ্ছিন্ন হইনা প্রথমত তরলত্ব, তৎপরে কিঞ্চিলনোত্ত বাস্পত্বে পরিণত হইনা গুল-ভারা হয়। পরে ঐ বাস্পকণা দকল গুলভার প্রযুক্ত পরস্পার মিলিত হইনা অদীন শ্রে অলাকারে পরিণত হইতে থাকে। ঐ জলরাশি মাধ্যাকর্ষণ ও মহাকর্ষণ শক্তিবলে একত্র অবস্থানে ক্রমে দৃঢ় হইতে থাকে। পূর্ব্বোক্ত বাস্প ও শেষোক্ত জলরাশির মিশ্রণই ঐ দৃঢ়ত্ব ও শীতলত্বের হেতু। জলরাশির উপরিভাগ জমিয়া দৃঢ় হইলে, তাহা হইতে ফটিকাদি প্রস্তর ও তাহার তলভাগে ক্রমে ধাতু, প্রস্তর ও মৃতিকাদির উৎপত্তি হয়। এই প্রকারে বর্ত্তমান পৃথিবীর উৎপত্তি হইলে, অভ্যন্তর ক্রপ্ত বাস্প তাহার উপরিভাগত্ব দৃঢ় আবরণ ভেল করিয়া উল্পাননর চেষ্টা করিতে থাকে। তথন জলবাস্পের সক্তর্ধে অর্থাৎ উল্পানশীল বাস্প ও উপরিত্ব জলরাশির সংযোগে পৃথিবীর মধ্যদেশে নৃতন বাস্পের উৎপত্তি হয়়। ঐ বাস্পের ভেলেই ভূমিকম্প ও তদ্বারাই পর্বতে ও আগ্রের গিরি প্রভৃতির স্টি হইয়া থাকে। এইক্রপে ক্রমে যথন পৃথিবীর উত্তাপ ৮০ অংশ হইল, তথন উত্তিদের উৎপত্তি এইই ।

াএই ভূমণ্ডলে ২৪ টি মূল পদার্থ দৃষ্টিগোচর হয়। ঐ সমন্ত মূল পদার্থ ই এববারে বৈছাতিক শক্তি হইতে পরমাণ্র আকর্ষণ-বিশ্লেষণ-শক্তিবলে পঞ্চূতের আনার কা কার্য কার্য কার্য নিয়মে গতিশীল ও পার্বিভনীল ভিন্ন ভিন্ন পদার্থের রূপ ধারণ পূর্ত্তিক ভিন্ন আধাার অভি-হিবাছে। পূর্ব্বোক্ত নিয়মেই অভেন নাায় উভিন ও প্রাণিগণেরও উৎপত্তি হরা, ছ। প্রথমত আদিকারণভূতা তাড়িতশক্তি; তাহা হইতে বিশ্লিষ্ট পর্মাত্তিহা হইতে বিশ্লিষ্ট পর্মাত্তি বিশ্লিষ্ট পর্মাত্তি বিশ্লিষ্ট পর্মাত্তি বিশ্লিষ্ট পর্মাত্তি বিশ্লিষ্ট পর্মাত্তি বিশ্লিষ্ট পর্মাত্তি কার্য প্রস্থাতিক্তমে উভিন, এবং উভিন হইতে নিকৃষ্ট জীব-

⁾ সুর্যাসিদ্ধান্তের সধ্যাধিকার অন্তুসারে গণনা করিয়া বেধিলে বর্ত্তবান বর্বে (১২) সালে) এইরূপ গণনাতে উপস্থিত হওয়া বায়।

বিশেষের উৎপত্তি। ঐ সকল অকিঞ্চিৎকর বিভিন্ন-জনন-নিম্নমাধীন ও বিভি-त्वित्वत्र-मक्ति-नमविज कीर्गान्-मर्श्च-मष्क-जिर्गानीन व्हेर्ड क्रांस छैरक्रहे कीर মানবের উৎপত্তি। কোন জীবেরই ইন্সিয় চিরস্থায়ী নছে। স্থতরাং প্রকৃতি ইহা-দের নবভাবে পুনক্তপত্তির জন্য মৃত্যুক্তপ আশ্রুষ্য নিয়ম সংস্থাপন করিয়া নিজের সাম্য ও অপরিবর্ত্তনীয়তা রক্ষা করিয়াছেন। জীবসকল প্রকৃতি হইতে সম্পূর্ণ নবভাবে সমুৎপন্ন হইয়া কালক্রমে প্রাচীন অবস্থায় প্রকৃতিতেই বিলীন হইতেছে; এবং আবার উৎপন্ন ও আবার বিনষ্ট হইতেছে। ভৌতিক পদার্থ মাত্রেরই উৎপাদন-শক্তি আছে এবং ঐ শক্তির তারতম্য অনুসারেই লিঙ্গভেদ হইতেছে। পরস্ত ঐ উৎপাদন-শক্তি ভিন্ন ভিন্ন জীবের ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত হইলেও প্রাকৃতিক নিয়মের কিছুমাত্র বৈলক্ষণ্য লক্ষিত হয় না। যাবদীয় উৎ-পাদন কার্য্যের মূলই একরূপ। কি অঙ্গ বিশেষ হইতে, কি সমগ্র দেহ হইতে, কি একজাতীয় পদার্থন্বয় বা বহুপদার্থের সংযোগ বা বিভিন্ন জাতির সংযোগ হুইতেই উৎপাদন হউক, একমাত্র দেহের অংশ বিভাগেই যে তজ্ঞপ দেহাস্তরের উৎপত্তি হইতেছে, তাহার ব্যতিক্রম দাই। স্নতরাং ভূত হইতেই জীব এবং জীবের পরিণাম নিঃশেষে ভূতত্ব। ভূতের দ্বিবিধ কার্য্যকারিছই তাহার চৈত-তৈর পরিচায়ক; স্বতন্ত্র চৈতন্যের অন্তিত্বে প্রমাণাভাব।"

এই পর্যান্তই বিজ্ঞানের শেষ সিদ্ধান্ত—চূড়ান্ত মীমাংসা। তবে এই চ্নান্তিল দেশদর্শী বিজ্ঞানোক্ত পরিণামই কি আমার প্রকৃত পরিণাম ? অথবা ইহার কি সত্য যে, ভূত সকল বৃক্ষ-লতা-বায়-মৃত্তিকাদির ন্যান্ত রাসায়নিক নিয়ম আক্র সংমিলিত হইরা এই শরীরপ্রপঞ্চ বা দেহমন্ত্রের হাই করিয়াক্তে কং কালক্রমে দেহ বিপ্লিট্ট হইরা হক্ষতম অণুরূপে প্রকৃতির অন্তে বিলীন হইবেন কি বিলি রামান্ত কি ক্রমির বিশোপ হইবে না ? বিলীন হইবেন কি বিলি রামান্ত বিলামর প্রকৃতি কি ক্রমন্ত্রী ? এই ব বিলি রামান্ত বিলামর বিলি বিলামকর বিশ্ববিদ্ধান্ত বিশায়কর বিশ্ববিদ্ধান্ত কি ক্রমির প্রকৃতি এখন থাকুক ! বেশুল বিলি বিতামের কি বিলি কার্যাকারী সচল্যান্ত্রকা ক্রমের প্রকৃতি এখন থাকুক ! বেশুল বিলি কার্যাকারী সচল্যান্ত্রকা ক্রমের আক্রমের প্রকৃতি এখন থাকুক ! বেশুল বিলি বিলি কার্যাকারী সচল্যান্ত্রকা ক্রমের আক্রমের প্রকৃতি ক্রমের ও চর্মান আক্রমের বিশ্ববিদ্ধান্ত বিশ্ববিদ্ধা

সমার্ত— সংরক্ষিত অসংখ্য হক্ষ হক্ষ নিরার সমষ্টি। ঐ সকল নিরা মন্তিক হইতে উৎপন্ন ও বহির্গত হইরা সমস্ত শরীর বিশেষত নাভিদেশ পরিবেষ্টন পূর্মাক পুনর্মার মন্তিকেই গিয়া মিলিত হইরাছে। এই মূলভূত মন্তিকও অসম্পূর্ণ নিরাবেষ্টন-সংবেষ্টিত অংশবর বিশিষ্ট। ঐ অংশব্যের মধ্যবর্তী কৈলিককেন্দ্র, 'মন' এই সংজ্ঞার সমাধ্যাত হইরা থাকে। ঐ মনই সমস্ত জ্ঞানের আকর্ষ-স্বরূপ।

মস্তিছ ভিন্ন দেহের আরও কতকগুলি অংশ আছে ;—পরিপাকবন্ত্র, রস্যন্ত্র, শাসবন্ত ও চকু প্রভৃতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়। তন্মধ্যে দেহপোষক পরিপাকাদি যন্ত্রেয় আত্মেছাশক্তির অজ্ঞাতদারে জীবনী শক্তির অধীনে পরিচালিত হর বলিয়া উহাদিগকে স্বাধীন, এবং চকু প্রভৃতি ইক্রিয় সমূহ আত্মেচ্ছাশক্তির স্বধীনে পরি-চালিত হর বলিয়া উহাদিগকে পরাধীন দেহ (দেহাবয়ব) কহে। জ্ঞানে ক্রিয় সকলের ক্রিয়াও কর্মেক্রিয় সমূহের ক্রিয়ার ন্যায় পূর্ব্বোক্ত শিরাসকল হারাই নির্বাহ হয়। উক্ত শিরা সমূহ হুই ভাগে বিভক্ত;—জ্ঞানজনক শিরা ও ক্রিরাজনক শিরা। যে সকল শিরা ইল্রিয়-সন্নির্মন্ত বস্তুর প্রতিক্রতি মন্তিকে আনয়ন পূর্বক তত্তবন্তর জ্ঞান উৎপাদন করে, তাহারাই জ্ঞানজনক শিরা; এবং याशात्रां भत्रीदत्रत्र मकानन-क्रिका माधन कदत्र, তाशात्मत्र नाम क्रिताकनक শিরা। ইন্তির সকলও মন্তিকের তুল্য অসম্পূর্ণ অংশবয় বিশিষ্ট। এইরূপে অবয়বছয়ের সমবারশ্বরূপ মানব শরীরে অবয়ব গুইটি হুইলেও জ্ঞান কিন্তু একটিই হইরা থাকে। এই জ্ঞানৈকত্বই অন্তত নৈপুণ্যের পরিচায়ক। এ জ্ঞানৈকত্ব এবং পরিচালন কার্যাই কি শরীরের অভান্তরে এবং বহির্ভাগে সমস্ত ক্রিরার অনন্যবাধনরপা জ্ঞানশক্তির অভিছের পরিচয় প্রদান করিতেছে না ? তবে আমরা, 'এই শরীরের কানবান কর্তা নাই'—'এই স্বতঃসিদ্ধ আত্মবোধের কারণ নাই'-এবতাকার নিকারক বাকা প্রয়োগ বারা অবোগা দম্ভ ও অসমত প্রকাপ প্রকাশ করি কেন ? আমরা কি শরীর্যত্র বিশ্লিষ্ট করিয়া সমত ক্রিয়ার কারণ পরীকা করিরা এরপ অভান্ত দিকাতে উপনীত হইরাছি ? যদি হির দিকাত না হইয়া পাকে, তবে কেন আত্মবন্তর অন্তিম অপ্রামাণ্য বলি ? বে সকল দার্শনিক আত্মান্তিত অপ্রমাণ করিতেছেন—আথবন্তর অন্তিত্তে অবিশাদ

করিতেছেন, তাঁহারাও কি প্রকারাস্তরে পরোক্ষশক্তির কর্তৃত্ব, আধিপত্য ভ অস্তিত্ব অমুভব করিতেছেন না ? প্রত্যেক ব্যক্তিই এই দেহপ্রপঞ্চাতিরিক্ত কোন অপ্রত্যক্ষ পদার্থকে লক্ষ্য করিয়া তাহারই উপর সার্বজনীন আমিছের—অহ-কারের স্থাপনা—আরোপ করিতেছেন। প্রত্যেক ব্যক্তি চিন্তাকালে স্ব স্থ দেহবিষয়ক স্বস্থান্ধে যে দেহাতিরিক্ত আত্মসম্বন্ধ সংস্থাপন করিতেছেন, তাহা কি শিলাপুত্রের শরীরের তুল্য অর্থশুন্য কল্পিত সম্বন্ধমাত্র ? তাহা কি বন্ধ্যাপুত্র, আকাশকুরুম, কুর্মলোম বা শশবিষাণাদির ন্যায় করনা মাত্র থদি তাহাই হয়. **তবে ই क्षित्रदेवटक ब्लानित देवध इत्र ना दकन ? कार्य्यास्कृत कार्यास्कृत** হয় নাকেন ? ইচ্ছারূপ কারণ ব্যতিরেকে কার্য্য হয় নাকেন ? যে সকল কার্য্যের প্রতি ইচ্ছা শক্তির 'অস্তথাদিদ্ধিশুন্য-নিয়তপূর্ব্ববর্ত্তিতা' (২) পরিলক্ষিত হইতেছে না, তাহাদের ঘারাও কি ব্যক্তিরেকমুখে বিশ্বাতিরিক্ত অপর এক অচিস্তাশক্তির পরিচয় হইতেছে না ? বিবেক শক্তি কি এই প্রশ্নের উত্তরে সমস্ত ভৌতিক শক্তি অপেকা বলীয়সী যাবদীয় শক্তির আধারভূতা এক অপ্রমেয়া শক্তির অবরমূথে মহীরদীরূপে আংশিক অন্তিম প্রকাশ করিয়া দিতেছে না ? প্রতিপদে যাহার সীমা লক্ষিত হয় না, তাহা কি অজ্ঞাতসীম বা সীমাশূন্য বলিয়া অদীমরূপে প্রতিভাত হইতে পারে না ? এইরূপ আমন্তা ও অচিস্কাত শীকারে যদি তর্কের দোষ হয়, তবে কোন তর্কেরই প্রতিষ্ঠা হইতে পারে না। ভ্রমপ্রমাদাদি-দোব-হুষ্ট অসম্পূর্ণ মানবের সমস্ত তর্কই কি 'অভ্যুপপত্তির' উপর প্রতিষ্ঠিত নহে ?

যাহা হউক, এবখিধ ছ্রহ প্রশ্ন সকলের—ভয়য়য়ী আপত্তি সকলের—
মীমাংসা করিতে গিয়া—প্রকৃতির বিশ্লেষণে জ্ঞানকে আয়ত্ত করিতে গিয়া—সকলেই বিজ্ঞানশাল্লের উপরই সমস্ত ভার নাস্ত করিয়া থাকেন। তথন তাঁহারা
সমস্ত বোহ-গুণ বিজ্ঞানের ছয়ে অর্পণ করিয়া ছয়ং অবসর গ্রহণ করেন। মানব
বে বিজ্ঞানকে প্রবল আশ্রহ বিবেচনা করেন, ক্রন; আময়া ঐয়প আচরণের

⁽ ২)—এইরূপ পারিভাষিক শব্দ সকলের অর্থার্ছি এই প্রবন্ধের ব্যান্থলৈ বিবৃত হইবে। পারিভাষিক শব্দ সকল ' 'এইরূপ চিছের মধ্যে থাকিবে।

বিরোধী নহি। কারণ, বিজ্ঞানশাল্প সভ্যের উপর সংস্থাপিত। পরীক্ষা নারা বাহা অপ্রাক্তরণে নির্ণীত হয়, ত্যুহাই সত্য। পরীক্ষার নাধনই প্রমাণ, অর্ধাৎ বিষয় সকলের পরস্পর সৌসাদৃশ্র-বৈসাদৃশ্রাদি অবধারণ কার্য্যে প্রমাণ কারাই পরীক্ষা কার্য্য নিম্পন্ন হয়। অতএব বৈজ্ঞানিকের প্রমাণিত সভ্যের উপর নির্ভর করিয়াই তত্ত্বনির্ণয় ও সত্যাসত্য বিচার আবশ্রক। তবে এপ্রলে এই মাত্র বক্তব্য যে, স্বকীয় চেষ্টায় যথন কোন বিষয়ের পরীক্ষাকার্য্যে অক্ষম হওয়া যায়, তথন যেন পক্ষপাতী ইইয়া কেবল স্থমতপোষক একদেশদর্শী মতের সহিত সহায়্মভৃতি প্রদর্শন বা উহায়ই উপর বিশ্বাসন্থাপন না করিয়া, ইতিহাসাবলন্তন 'উপক্রমাদির' স্বিশেষ আলোচনা হায়া মহাজনগণের গভীর গবেষণার ফলস্বরূপ স্থপক্ষ ও বিপক্ষ উভয় মতেরই মৃ্ফ্রিসকল যেন বিশেষরূপে পর্য্যালোচনা করা হয়।

আত্মজিজাসু ব্যক্তির অপেক্ষাকৃত সরল প্রথম আলোচ্য বিষয়ই জীবশরীর। কারণ, যে শরীরে আমরা প্রতিনিয়তই আত্মার 'অধ্যান' অমূভব করিতেছি, সেই শরীরই আত্মা বা তাহা হইতে অতিরিক্ত কোন পদার্থই আত্মা,
এইরূপ পরীক্ষাপ্রণালী যথন আত্মার অন্তিত্ব (ছিতি) বা নান্তিত্ব (অন্তিতি)
সপ্রমাণ করিবে, তথন দেহই পরীক্ষিতব্য ও আলোচ্য বস্তু। স্কুতরাং দেহই
এক্ষণে আমাদিগের একমাত্র অবলম্বন। যদি আত্মা থাকেন, তাহাও যে
পরীক্ষাপ্রণালী হারা নির্ণীত হইবে, আর যদি না থাকেন, তাহাও দেই
উপায়েই অবধারিত হইবে।

মানবশরীরে ছইটি বিভিন্ন ধর্মের সমাবেশ দৃষ্ট হইরা থাকে। তর্মধ্যে একটি জড়, অপরটি অজড়। পরমাণ্সমূহ ও তাহাদের পরস্পর সংযোগ-বিরোগে উৎপদ্দ ইক্রিয়গোচর পদার্থ ই জড়, এবং ঐ সকল পরমাণ্র কারণস্বরূপ স্বপ্রকাশধর্ম ক্রিয়গোচর পদার্থ ই জড়, এবং ঐ সকল পরমাণ্র কারণস্বরূপ স্বপ্রকাশধর্ম ক্রেটিক্রির পদার্থবিশেবের নামই অজড়। অজ্ঞাত-সম্পূর্ণবরূপ স্বপ্রকাশধর্মী অজড় পদার্থ হইতে জড়ের আবির্ভাব যে কিরূপে হইল, তাহা অসম্পূর্ণ মানবের বৃদ্ধির অগোচর। তবে বাহার যে ধর্মের কোথাও কথন ব্যভিচার দৃষ্ট ইম্ম নাই, তাহার সেই ধর্মই সত্যধর্ম, এইরূপ পরীক্ষাপ্রণালীতে আর্ম্য ক্রিয়া প্রমাণ বারা আবিন্ধত সত্যই সত্য, উহা কথনই অবিধান্ত নহে, পরস্ক অবশ্র বীকার্য।

পূর্বেই বলা হইয়াছে যে, জড়পদার্থমাত্রই পরমাণ্সমন্তি। পরমাণ্ড্রের সংযোগে অণ্র বা ভাণুকের উৎপত্তি। ইহুই স্ক্লজড়। ভাণুকনিচয়ের সংযোগে অসরেণ্ প্রভৃতি স্থল জড় বা ভৃতের উৎপত্তি। কিন্তু এইরূপ সংযোগ প্রকৃত একীভাব নহে। অণ্বীক্ষণ বল্লের সাহায্যে অবগত হওরা যার, সমন্ত পরিদৃশুমান পদার্থই সচ্ছিত্র। কোন পদার্থই পদার্থান্তরের সহিত একীভাবাত্মক অবিচ্ছির সংযোগ প্রাপ্ত হর না; অর্থাৎ যাহাতে ছই পদার্থ এক হইরা যার, এপ্রকার সংযোগ ঘটে না। পরমাণ্র স্বাভাবিক-কম্পন-তারতম্যান্ত উৎপাদন করে। ইন্দ্রিয়গোচর ঘনছাদি জ্ঞান মানবের আপেক্ষিক জ্ঞান। পরস্পরের আকর্ষণে উৎপন্ন অবিচ্ছিন্নবং প্রতীয়মান ঘনসন্নিবেশই আপেক্ষিক ঘনছাদিজ্ঞানের সাধন। অণুসমূহের আকর্ষণ হইতে উৎপত্তি ও স্থিতি, এবং বিশ্লেষণ হইতে বিনাশ সম্পাদিত হয়। এইরূপে দেখা যায় যে, জড় ও জড়কারণ, সামান্তত অপ্থক্ ভাবাপর প্রতীয়মান হইলেও ইন্দ্রিয়ণাচর জড়, জড়শক্তির অধীন; এবং অজড়, জড়শক্তির অধিনায়ক। ফলত এইরূপ অনুশুগৃথক্ত অস্বীকৃত হইলেও জড় ও অজড় প্রকৃতপক্ষে পৃথক্ ভাবাপর।

পদার্থমাত্রই পরিবর্ত্তনশীল। উক্ত পরিবর্ত্তনই গতির বোধক; অর্থাৎ যে পদার্থের পরিবর্ত্তন দৃষ্ট হয়, দেই পদার্থের দেই পরিবর্ত্তনের প্রতি অসম্বন্ধিনী একটি গতির পূর্ববর্ত্তিতা লক্ষিত হইয়া থাকে। ঐ গতি আবার তৎপদার্থ-নিহিত বা তৎসংযুক্ত-পদার্থান্তর-নিহিত বেগ বারা সম্পাদিত হইয়া থাকে। এইয়প অস্থমানই কার্যকারণান্থমান। কার্যকারণান্থমানের অব্যভিচারিত্বেরই প্রামাণ্য স্থীকৃত হয়;—অর্থাৎ যে অন্তর্নিহিত বেগ যে ধর্মবিশিষ্ট হওয়াতে গতির সাক্ষাৎসম্বন্ধ ও পরিবর্ত্তনের পরম্পরাক্ষন্ধে কারণরূপে অস্থমিত হইতেছে, ঐ ধর্মের বন্ধি কুত্রাপি ব্যভিচার না থাকে, তবে ঐ অস্থমান সত্য বলিয়া প্রতীত হয়। এইয়পে উক্ত অন্থমানই প্রমাণ করিতেছে বে, সমস্ত ক্রিয়ার মূলকারণই জ্ঞানশক্তি ও অভ্নানই প্রমাণ করিতেছে বে, সমস্ত ক্রিয়ার মূলকারণই জ্ঞানশক্তি ও অভ্নাত্তি হয়। শক্তি সকল একমাত্র আধারে সামঞ্জভাবে অব্যান করিলেও গুণবিভেদ অন্থমারে শক্তির বিভিন্ন আব্যা হইয়াছে।

শক্তি প্রধানত ত্রিবিধ। অন্তরঙ্গ, বহিরঙ্গ ও তটস্থ। অন্তরঙ্গ বা শক্ষণ শক্তি বৈদান্তিক ভাষ্যে পরাঞ্চ বিদ্যা, চিং ও জ্ঞান প্রভৃতি নামে, এবং পাশ্চাত্য দর্শনশাস্ত্রে আত্মশক্তি নামে প্রসিদ্ধ। বহিরঙ্গ (অপরা, অবিদ্যা, অচিং, ক্রিয়া বা মায়া) শক্তি অধুনাতন বৈজ্ঞানিক গ্রন্থে রাসায়নিক শক্তি সংজ্ঞাতে অভিহিত হয়। তটস্থ (লৈব বা বল) শক্তিরই নামান্তর শারীর শক্তি। যে শক্তি দ্বারা আকর্ষণ-বিশ্লেষণ-ক্রিয়া নিশ্পন্ন হয়, তাহারই নাম রাসায়নিক শক্তি। ঐ রাসায়নিক শক্তি আবার ভিন্ন ভিন্ন কার্য্যন্বর অনুসারে হই ভিন্ন নামে অভিহিত হয়। যথা:—বে শক্তি যাবদীয় পদার্থের গতিরোধ করে, তাহার নাম মহাকর্ষণ শক্তি; এবং যে শক্তি দ্বান্ত্র বিভক্ত হয়। যথা:—বে শক্তি দ্বান্ত্র বিভক্ত হয়। যথা:—বে শক্তি দক্তি। শারীর শক্তিও রাসা-রনিক শক্তির সহিত মিলিত হইয়া কার্য্যবিভেদে ভাগদ্বরে বিভক্ত হয়। যথা:—বে শক্তি ইন্দ্রিয়গণকে সন্ধীব রাথে, তাহার নাম জীবনী শক্তি; এবং যে শক্তি ঐ সকল ইন্দ্রিয়ের গতি বিধান করে, তাহার নাম কৈশিকী শক্তি।

পুর্ব্বোক্ত সমস্ত শক্তিই প্রাক্কতিক নিয়মান্ত্রসারে সামঞ্জভভাবে এই বিশ্বমধ্যে কার্য্য করিতেছে। ঐ কার্য্য সকলের স্থশুগুলার জন্য যেথানে যে শক্তির
যে পরিমাণে প্রয়োজন, সেধানে সেই শক্তি সেই পরিমাণেই নিহিত রহিয়াছে।
ঐ সকল শক্তির মধ্যে কোন কোন শক্তি সামান্য-বেদ্য; কিন্তু সামান্য-বেদ্য
হৈলেও এককালে অবেদ্য নহে। স্থতরাং সমস্ত শক্তিরই কার্য্যকারিত অবশ্য
বীকার্য্য; এবং বিশ্বান্তর্গত মানবে ঐ শক্তির অবস্থানও অপরিহার্য্য।

কলত যে নিয়মে ত্রীজাতীয় ক্ষয়বর্দ্ধনশীল অণ্র সহিত প্ংজাতীয় অণ্র সংযোগে হাপুক শরীরের উৎপত্তি,—যে নিয়মে প্ংজাতীয় বীজাণ্ ও ত্রীজাতীয় বীজাণ্র সংযোগে ভকলতাদি উদ্ভিজ্জগণের উৎপত্তি,—যে-নিয়মে উভয় জাতীয় দেহাপুর সংযোগে স্বেদজ দেহের, উৎপত্তি,—যে নিয়মে উভয় জাতীয় রেতাপুর সংযোগে অগুজ্জগণের উৎপত্তি,—সেই একমাত্র প্রাকৃতিক নিয়মাধীনে ত্রীপুংজাতীয় শোণিত-শুক্ত-সহযোগেই নিক্ট জরায়ুজক্রমে উৎকৃষ্ট জীব মানবেরও উৎপত্তি হইরাছে। যে নিয়মে উভয়জাতি-সংযোগোৎপত্তি-বশত প্রভিদ্বেইইউভয় জাতীয় চিত্র লক্ষিত হয়,—যে নিয়মে তক্ত লতা কীট পতক প্রভৃতি

সকলের শরীরেরই অঙ্গবন্ধ লক্ষিত হন্ন,—যে নিন্নমে পশুশরীরে বসম্পূর্ণ সম শরীরাংশবন্ধ লক্ষিত হন্ন,—সেই একই প্রাকৃতিক ক্ষিন্ধমক্রমে মানবশরীরেরও সর্বাংশেই বসম্পূর্ণ ছইটি ছইটি করিয়া অঙ্গপ্রত্যঙ্গ সকল পরিদৃষ্ট হন্ন। অধিক কি, পূর্বেই বলা হইরাছে যে, মানবের মনোযরের আধারভূত মন্তিকও ছইটি সমান স্বসম্পূর্ণ অংশে বিভক্ত। স্থ-কারণ-সভূত এই হৈতভাব, প্রতিক্রিয়াতেই শক্তির স্বাধীন পূর্বভাব এবং ইছাশক্তির অজ্ঞাতসারেও কোন কোন স্থানে কার্য্যের উৎপত্তি প্রভৃতির সমাক্ পর্য্যালোচনার্থ ই দর্শনশাস্ত্রের আবির্ভাব। প্রমাতা আত্মার ইছাধীন আত্মজিজ্ঞাসার আবির্ভাবে আত্মান্তিত স্বতই ব্যক্ত হইলেও আত্মান্ত অধ্যন্ত অনাত্মজ্ঞানের নিরাকরণার্থ দর্শনশাস্ত্রের প্রবৃত্তি; অর্থাৎ প্রমাণ কারা আত্মস্বরূপ ব্যাখ্যানেই দর্শনশাস্ত্র নিজ সাফল্য প্রদর্শন করিয়া খাকেন। আত্মার প্র স্বতঃসিদ্ধ নিত্যধর্শ বা স্বপ্রকাশ ভাব, কি প্রভাক কি জন্মান, উভয়ত্রই, কার্য্য কারণ, জড় শক্তি, এবং কাল ও আধার সন্তাতে স্বতঃসিদ্ধ ভাবে উপস্থিতি ঘারা প্রকাশ হন্ন।

দর্শনশারীয় প্রমাণের রীতি ছিবিধ; সংযোজনী ও বিয়োজনী। বিয়োজনী রীতিতে আমরা তটছ ভাবে অস্বরূপ নিরসনে স্বরূপসত্তা অমুভব করি, এবং সংযোজনী রীতিতে স্বরূপত বস্তর স্বরূপের জ্ঞান লাভ করি। বিশেষ-ইন্দ্রিয়-বেদ্য বিশেষ গুণ সকল বিয়োজনী রীতির সহায়; অর্থাৎ বিশেষগুণগুলি সাক্ষাৎসম্বন্ধ উপলব্ধ হইয়া স্বতঃসিদ্ধ ভাবে বস্তুসত্তা ব্যক্ত করে, এবং সামান্যগুণসকল পরম্পরাসম্বন্ধে জমুভূত হইয়া স্বতঃসিদ্ধভাবেই বস্তুস্বরূপ জ্ঞাপন করে। এই প্রকারেই আম্বন্ধপ্রত্তান হইয়া থাকে। কিন্তু ব্যাপক বস্তুর প্রকৃত জ্ঞানলাভে একটি ব্যাপক প্রমাণ-বিশেষের প্রয়োজন হয়। প্রত্তুক্ত ও অম্মান রূপ মানবীয় প্রাকৃত প্রমাণ প্র স্বলে পরাভব প্রাপ্ত হইয়া একটি অপৌক্ষরের অপ্রাকৃত প্রমাণের প্রয়োজন হয়। প্রত্তুক্ত ও অম্মান রূপ মানবীয় প্রাকৃত প্রমাণ প্র স্বলে পরাভব প্রাপ্ত প্রদর্শন করে।

মনোবিজ্ঞান।

দর্শনশান্ত ছই ভাগে বিভক্ত; মনোবিজ্ঞান অর্থাৎ বাহ্যবস্তুর সহিত মনের সহন্ধ-নিরূপক বিজ্ঞানশান্ত, এবং তত্ত্বিজ্ঞান অর্থাৎ মনের অতীত সত্যবস্তুর সহিত মনের সহন্ধ-নিরূপক বিজ্ঞানশান্ত।

অন্তিম্ব-নাতিমাত্মক তত্ত্জান, সং অর্থাৎ যে সকল বস্তু আছে তাহাদের সত্ব বা অন্তিত্ব, এবং অসৎ অর্থাৎ বে সকল বস্তু নাই তাহাদের অসত্ব বা অনস্তিত্ব ভেদে দিবিধ। সৎ সৎ অর্থাৎ আছে আছে, এইরূপে গৃহমাণ বিষ-য়ের অবিপরীত তত্ত্জানই সম্বজ্ঞান বা অস্তিত্বজ্ঞান, এবং অসৎ অসৎ অর্থাৎ নাই নাই, এইরূপে গৃহমাণ বিষয়ের অবিপরীত তত্ত্তানই অসভ্জান বা नांखिष ब्लान। मीन बाता मृष्ट रखत डेनलिंक इरेटन, द्यक्रन ब्लान इत्र, उक्कन क्षात्नत्र नामरे अखिष क्षान, এवः थे मृगा वखत नाम त त त वखत छेननिक इक्ष না, তাহাদের অমুপলি রূপ যে জ্ঞান, তাহারই নাম নান্তিত জ্ঞান: অর্থাত যাহা আছে, তাহার উপলব্ধি হইতেছে, এইরূপে নিশ্চয়াত্মক যে বস্তুজ্ঞান, जारारे अखिष ब्लान, এবং यमि थाकिछ, তবে তাহার উপলব্ধি হইত, बाहात छै भनिक इरेर उर्ह ना, जाहा नाहे, बहेक्रभ ज्ञावकानहे नास्त्रिक कान। छेक्न প্রকারে সতের প্রকাশক 'প্রমাত্মক' জ্ঞানসাধনই অসতেরও প্রকাশক হইরা থাকে। এইরপ প্রমায়ক জানসাধন বা প্রমাণ হারা অর্থ-প্রতিপত্তি (বিষয়জান) -হয়। তদনস্তর তৰিবরে প্রবৃত্তি, ও প্রবৃত্তি হইতে ফলের উৎপত্তি হয়; এই নিমিত্তই প্রমাণ ফলজনক বলিয়া নির্দিষ্ট হইরা থাকে। প্রমাণ ব্যতিরেকে বিষ-द्वित क्यांस इत ना । विवयकास वाजित्तरक अविकिनामधीक वर्षे ना । काला বিষয়জ্ঞান লাভ পূৰ্বক ভিষ্যিয়ের লিপা (লাভেচ্ছা) বা জিহাসা (ভ্যাগেচ্ছা) করিয়া থাকেন। লাভেচ্ছা-প্রযুক্ত বা ত্যাগেচ্ছা-প্রযুক্ত জাতার চেষ্টাবিশেকের নামই প্রবৃত্তি। চেষ্টমান ব্যক্তি বিষয়-বিশেষের লাভে বা ত্যালে ইচ্ছুক হইরা বিষয়-সাঞ্চল্য লাভ বা ত্যাগ করিয়া থাকেন। হথ ও হথের কারণ এবং হথ ও

ছঃথের কারণকেই বিষয় বলে। উক্ত বিষয় আবার প্রাণিভেদে অসংখ্য। প্রমাতা, অর্থবিশিষ্ট প্রমাণ হারা প্রমেয়ের প্রমিতি লাভ করিয়া থাকেন; অর্থাৎ প্রমাত্ত্রীব বা বিষয়ী সত্যবন্তবিষয়ক প্রমাণ বা জ্ঞানসাধন হারা, ঐ সত্যবন্তর সহদ্ধে সত্যজ্ঞান লাভ করেন। প্রমাতা, প্রমাণ, প্রমেয় ও প্রমিতি, এই চারিটির মধ্যে একের অভাব হইলেই জ্ঞানেরও অভাব হইয়া থাকে। য়াহার লাভেচ্ছা বা ত্যাগেচ্ছা হইতে প্রবৃত্তির উদ্রেক হয়, তাঁহারই নাম প্রমাতা, প্রমাতা যে সাধন হারা প্রমেয়ের প্রমাত্মক জ্ঞান লাভ করেন, তাহার নাম প্রমাত। প্রমাতা যে বিবয়ের সহিত প্রমাত্মক জ্ঞান লাভ করেন, তাহার নাম প্রমাণ। প্রমাতা যে বিবয়ের সহিত প্রমাণের সহদ্ধ বিশেষে প্রমাজান লাভ করেন, তাহারই নাম প্রমেয়। এবং ঐরপ সম্বন্ধ সভ্যটনে যে জ্ঞানবিশেষ উৎপন্ধ হয়, তাহারই নাম প্রমিতি। উক্ত প্রমাত্রাদি-বিষয়-চতুইয়ই অর্থতদ্বের (সমস্ত বিষয়জ্ঞানের) নিদান স্বরূপ।

জ্ঞান প্রধানত তুইভাগে বিভক্ত; প্রমাজ্ঞান ও অপ্রমাজ্ঞান। সভ্যজ্ঞানের নাম প্রমাজ্ঞান এবং ভ্রমজ্ঞানের নাম অপ্রমাজ্ঞান। যে বস্তু যে যে ধর্ম-विभिष्टे. रमरे वद्धरक रमरे रमरे धर्मविभिष्टे विनन्ना त्वारधन नाम श्रमाख्यान, ववर रंग वस्तु रंग रंग धर्माविभिष्ठे नरह, त्रहे वस्तु क्या त्रहे त्रहे धर्माविभिष्ठे विषय বোধের নাম ভ্রমজ্ঞান। এই উভয়বিধ জ্ঞানেরই সাধন ইন্দ্রিয়। ইন্দ্রিয়বোধে ভ্রাম্ভি থাক আর নাই থাক; ইন্দ্রিয়বোধ ভিন্ন আমাদিগের জ্ঞানের উপান্নান্তর **८**मथी योत्र ना । दञ्च ठ टेक्किय़ रे आभामित्रात्र मर्सिविध खारनत मृत । त्यथारन ইন্দ্রিরবোধ নাই, দেখানে কোন জ্ঞানই নাই। যোগ্যই হউক আর অযোগ্যই . হউক, পূর্ণ ই হউক আর অপূর্ণ ই হউক, সত্যাই হউক আর অসত্যাই হউক, ইক্সিয় ঘারাই আমাদিগের সকল জ্ঞান অর্জিত ও সংস্কৃত হইতেছে। বন্ধর পরিদুশুমান রূপ বা গুণ ব্যতীত আমরা আর কিছুই দেখি না বা ইব্রিগোচর করি না। বন্ধর স্বরূপ বা নির্প্তণ সভায় আমাদিগের সাক্ষাৎ সহতে কোন व्यक्षिकात्रहे नाहे। हेलियात विषयुत्कहे वस वाल; वाहा हेलियात विषय नाह, তাহা অবস্ত। অতীন্দ্রির আকাশকুস্থমাদি বন্ধ হইতে পারে না। ইক্রিয় বাডীত कान धार्मा, ভारना वा कल्लना अन्यादिक इहेरक शास्त्र ना। मानव-मरनव धात्रणा, जावना वा कज्ञना मकनटक विश्लिष्ठ कतिरन, देखियजना खानदे ज्ञवनिष्ठ

থাকে। ফলত সকল জ্ঞানেরই মূল ইন্সিয়সন্নিরুষ্ট বিষয়প্রতিক্বতি বা ইন্সিয়-জন্য জ্ঞান। যাহা কেহ কথন প্রত্যক্ষ করে নাই, আমরা তাহা বিশ্বাসও করি না। যাহা জনসাধারণ প্রত্যক্ষ করিয়াছেন, তাহাই বিশ্বাস্য।

কেহ কেহ বলেন, "প্রথমত দেখা যাইতেছে যে, বস্তুর উপলব্ধি, বন্ধর সহিত ইক্রিয়ের ক্ষণিক সন্নিকর্ষের ফল। রূপ বস্তুতেও দৃষ্ট হয় না, চক্ষুতেও দেখা যার না; কিন্তু চকুর সহিত রূপবৎ বস্তুর ক্ষণিক সম্বন্ধ ঘটিলেই রূপের জ্ঞান উৎপন্ন হয়। দ্বিতীয়ত, একই বন্ধ ইন্দ্রিয়ের অবস্থাভেদে ভিন্ন ভিন্ন ভাবে প্রকাশিত হইয়া থাকে। পিত্তরোগে সকল বস্তুই পীতবর্ণ দেখা যার: রূপান্ধতারূপ রোগবিশেষে রক্তবর্ণ বস্তু নীলবর্ণ দেখা যায়: রুগ্ন অবস্থায় মিষ্ট বল্পও বসনাতে তিক্ত বোধ হয়। ব্যক্তির অবস্থার পরিবর্ত্তনে এইরূপ বল্পরগু অবস্থার পরিবর্ত্তন হইতেছে। তৃতীয়ত, একই বন্ধ বিভিন্ন ইঞ্চিন্নের সাহায়্যে বিভিন্ন জ্ঞান উৎপাদন করিতেছে। একই ফল, চক্ষুতে বর্ণজ্ঞান, রসনাতে বসজ্ঞান, নাসিকাতে গন্ধজ্ঞান প্রভৃতি বিভিন্ন ইন্দ্রিয়ে বিভিন্ন ভাব ধারণ করি-তেছে। ভিন্ন ইক্রিন্নের বিষয়সকল যদি ভিন্ন হয়. তবে ফলকেও একটি বস্ত না বলিয়া অনেকগুলি বস্তু বলিতে হয়। যদি ফলের স্বগতভেদ না স্বীকার করা হয়, তবে অবশুই ইন্দ্রিয়ের বিষয় সুকলকে প্রক্লত বস্তু না বলিয়া অপ্রক্লত वञ्च विनाही निर्द्धम कतिए हह । हर्ज्य, वकरे वञ्च वकरे नीर्द्राश-रेक्टिस দুরত্বাদি বিভিন্ন অবস্থাতে বিভিন্ন জ্ঞান উৎপাদন করিতেছে। পঞ্চমত, স্বপ্লাদিতে প্রকৃত বন্ধর অভাবেও বন্ধবিষয়ক জ্ঞানের অভাব হইতেছে না। এই প্রকারে অবন্তর বোধ উৎপাদন করিয়া ইন্সিয় কি বলিয়া প্রমাণ হইবে ? তুল্য-ধর্মীরই পরম্পর গ্রাহগ্রাহকতা দেখা যায়। অবস্তর গ্রাহক ইচ্ছির অবশ্যই অবস্থাও অপ্রমাণ হইবে।"

বদিও এইরূপ বিরোধী যুক্তিসকল দেখা বাইতেছে বটে, কিন্ত ইহা অবশ্রই বীকার করিতে হইবে যে, ইন্দ্রির কথনই আমাদিগকে প্রতারণা করে না। ইন্দ্রিয়জন্য উপলব্ধির অনন্তর যে সকল অমূলবি হয়, তাহারাই আমাদিগকে প্রতারণা করে; অমূলবিই ভ্রমের কারণ। বাঁহারা মনে করেন, ইন্দ্রিয় আমাদিগকে প্রতারণা করে, তাঁহারা নিশ্চরই সুলদ্শী। ইন্দ্রিয়ের প্রামাণ্য আছে

কি না, বিচার করিতে হইলে, প্রথমত জ্ঞায়মান বন্ধ ও প্রকৃত বন্ধ এতচুভয়ের (छन भवशंक इटेरक इस। मत्न कक्षन, भामत्री मृत इटेरक क्लान व्यक्तिक পরিচিত ব্যক্তি বলিয়া বোধ করিলাম; কিন্তু বখন তাঁহার নিকটবর্ত্তী হইলাম. তথন জানিলাম, তিনি পরিচিত ব্যক্তি নহেন, অপরিচিত ব্যক্তি। চকু ব্যক্তি-কেই দর্শন করিয়াছে, কিন্তু পরবর্তী মানসিক ব্যাপার সকল ব্যক্তিবিষয়ক ভ্রম উৎপাদন করিল। প্রথম দর্শনে চকু দারা দূরবর্ত্তী বস্তবিশেষের উপস্থিতি জ্ঞানও প্রকৃত পক্ষে উৎপন্ন হয় না; কিন্তু দর্শনেন্দ্রিয়ের সহিত কোন না কোন একটি বস্তুর সল্লিকর্ষ হইয়াছে, এই মাত্র বোধ হইয়া থাকে। তদনস্তর পূর্ব্বোপ-লব্ধ বস্তুর ধারণা ও তদগত সাদৃশু-বৈসাদৃশ্য ভাবনা দ্বারা কতকগুলি বিশেষ গুণ বা ধর্ম্মের সমবায়ে ঐরূপ বিশিষ্ট বস্তুটি আমার ইন্দ্রিয়রুত্তি হইতে ভিন্ন ভাবে বাহ্য জগতে কিঞ্চিৎ দেশ আশ্রয় করিয়া অবস্থিত, এই পর্যাস্ত বোধ হয় : কিন্তু তখনও ঐ বস্তুটি মহুষ্য বলিয়া প্রতীতি হয় না। পরে ঐ বস্তুটি মহুষ্য রূপে প্রতীত হইলেও, এবারেও উহার পরিচিতত্ব বা অপরিচিতত্ব অমুভূত হয় না। তাদৃশ অহুভবে আর একটি চিন্তার অর্থাৎ পরিচিত ব্যক্তির ম্মরণের অনস্তর উপমিতির প্রয়োজন। যদিও একটি জ্ঞানে পর পর এতগুলি ক্রিয়া হইল, কিন্ক ঐ সকল ক্রিয়ার অতীব সম্বরতাপ্রযুক্ত তাহার কিছুই অমুভূত হইল না। এই রূপে পরিদুশ্রমান বস্তু ও প্রকৃত বস্তুর ভেদ বিলক্ষণ অমুভব করা বায়। সকল জ্ঞানেই প্রকৃত বন্ধ ও তাহার পরিদুশুমান ভাব, এই উভয়ই মিলিত ভাবে কার্য্য করে। জ্ঞানে প্রকৃত বস্তরও যেরপ প্রয়োজন, তাহার পরিদুশামান ভাব বা - বস্তপ্রতিকৃতিরও তত্রপ প্রয়োজন। এতদ্বারা আরও জানা বাইতেছে যে, আমাদিসের অন্নভবের সহিত ইন্দ্রিয়সন্নিকর্যও দৃঢ় সম্বন্ধ। আমরা যতক্ষণ অন্ন-ভব করি, ততক্ষণই বাহ্যবন্ধর সহিত ইক্রিয়সন্নিকর্বও থাকে। অন্তবের বিরাশে ইক্সিরসন্নিকর্ষেরও বিরতি বোধ হয়। যদিও অমুভবের অপগমে ইক্সিরসন্নিকর্ষ অভূতৰ হয় না বটে, কিন্তু ইন্দ্রিয়সন্নিকর্বের অভূতৰ না থাকিলেও তৎকালে বাহু বন্ধর অভাব হইয়াছে বলিতে পারা বার না। কারণ, অহুভবের অভাব আমাদিগকে বাহ্যবন্ধর অভাবের সিদ্ধান্তে বইয়া বাইতে পারে না; অনমুভব-কালেও বন্ধর অন্তিত্তের ধারণা অপরিহরণীয়।

বস্তুত মায়াবাদী ব্যতীত আর কেহই বাহুবস্তুর অন্তিত্বের অপলাপ করি-বেন না। তিনি ব্যতীত আর কেহই ইলিয়ন্তনা জ্ঞানকে অবিশাস কবিবেন না। ইব্রিয় কথনই আমাদিগকে প্রতারণা করে না। ইব্রিয় যথন যাহা যেরূপে গ্রহণ করে. তথন তাহা সেইরূপেই প্রকাশ করে। গ্রহণকালে যে বস্ত নিষ্কের रा ভাব वांक करत, हेक्तिय रन वस्तर रनहे ভावहे शहन करत ७ श्रकान करत। ভ্ৰমজ্ঞানেও ইন্দ্ৰির মিথ্যাবাদী বা প্রতারক নহে। ইন্দ্রিরই বধন ভ্রমকে ভ্রম विनन्न पिट्टिक, ज्थन देखिन्नदक भिशावां मी वना गोरेट शादा ना। देखिन যাহা দেখিবে, তাহাই বলিয়া দিবে। তবে প্রমাতৃগত দোষ অর্থাৎ ইক্সিয়শক্তির উপযুক्ত फुतरनंत्र অভাবই এমের কারণ। ফলত गाशांक चामता ইस्तियसम বলিয়া থাকি, তাহা উপলব্ধির অস্পষ্টতা ও তজ্জনিত অমুলব্ধির দোষ ভিন্ন আর কিছুই নহে। অন্ধকারে রজ্জু দেখিলে যে সর্পভ্রম হয়, তাহাতে উক্ত উভন্ন **(मार्वे चाह्य) केन्द्रत्म উ**शमिक चम्मे विदः चन्निक वासः। मतीिका দুর হইতে জলাশয় রূপে প্রতীত হইল; অর্থাৎ জলসদৃশ-বর্ণবিশিষ্ট বিস্তৃতিবিশেষ নন্ননগোচর হইল। এই স্থলেও উক্ত উভয় দোষই বিদ্যমান রহিয়াছে। তৃষ্ণা-**जुत शिवक क्राम लाख क्**रांचिमूरथ **ज**शामत हरेरा नामिन। त्रक्कुमर्भन्द्रान যেরপ অন্ধকারবশত অস্পষ্ট দৃষ্টিতে রজ্জু সর্পবং অমুভূত হইয়াছিল, এ স্থলেও সেইরূপ দুরত্বপ্রযুক্ত তেজ:-প্রতিবিশ্বনে আলোকে জলের বর্ণ বোধ হইরাছে, এবং সেই জনসদুশ বর্ণবিশিষ্ট বিস্তৃত দেশে জলের ধারণামালা পর পর অফু-লব্ধিতে উপস্থিত হইয়াছে। উক্ত অমূলব্ধি দকলও ভ্ৰমাত্মক। পথিক দূরদৃষ্ট ভ্ৰাস্ত क्लान्एयत्र निक्टेवर्की श्हेरलन,-एमिश्लन, जाहा शृक्तवर मृत्त्रहे त्रविवाद्ध ; जिनि यन्तरे अक्षानत रहेरक शास्त्रन, जनानत्र कन्हे अस्टिंक रहेरक शास्त्र। পরে তাঁহার ভ্রম দূর হইলে, তিনি জানিতে পারেন যে, উহা জল নহে, উহা তাঁহার দৃষ্টিভ্রম। ফলত দৃষ্টিরও ভ্রম হর নাই। চকুতে জলেরই বর্ণ প্রতীরমান व्हेबाहिन । मूत्रप्रश्रम् सम्मार्थ छेननिक व्य नारे, जनगर्म वर्ग हे जनवर्ग विनया অনুলব্ধ হইয়াছিল। যাহা হউক, কোন ইন্দ্ৰিয় কচিৎ ভ্ৰান্ত বা অপক্ত হইলেও অপর ইন্তির ছারা সে ভ্রমের সংশোধন হইরা থাকে। যদি কোন ছলে এরপেও ত্রমের সংশোধন না হয়, তবে তথন সমগ্র মমুব্যজাতির ইক্রিয়সমষ্টির

উপর নির্ভর করিতে হইবে; বেহেতু উহা অপ্রাস্ত। উহাতে ত্রম থাকিলেও আপাতত উহাকে অপ্রাস্তই বলিতে হইবে। কারণ, অলৌকিক জ্ঞানের সাহায্য ভিন্ন ঐ প্রমের নিরাকরণ সম্ভাবিত নহে; এবং উহাকে ত্রম বলিয়া স্থির করাও তাদৃশ জ্ঞানের সাহায্য ভিন্ন আমাদিগের হারা সম্ভব হয় না।

ব্দরকারে রব্জুদর্শনে যে সর্পত্রম হয়, তাহাও প্রকৃত দৃষ্টিভ্রম নহে। উহার মূলে অম্পষ্ট দৃষ্টি অর্থাৎ দর্শনশক্তির উপযুক্ত কুরণের ন্যুনতা রহিয়াছে। প্রথ-মত, রজ্জ্কে অন্ধকারে অস্পষ্ট দেখা গেল ; পরে তাহার আকার প্রকারে সর্পের **षम्मनिक रहेन ;** किन्छ नर्भनर्भन हहेन ना । त्रांकि,—षक्षकात,—উहात नहिछ নানাপ্রকার ধারণামালা মনে জাগরুক রহিয়াছে; সর্পও তন্মধ্যে একটি; অর্থাৎ রাত্রিকালে দর্প বহির্গত হয়, মনে এইরূপ ধারণা রহিয়াছে। অন্ধকারে রুজ্জুর দীর্ঘ ও গোল আক্ততি অস্পষ্ট উপলব্ধ হওরায় সর্পভীত পথিকের মনে শ্বতই সর্প (অফ্টন্ট রজ্জুর আকার প্রকার হইতে কাল্পনিক জীব—সরীস্প—বিষাক্ত প্রভৃতির ধারণামালা) মনে উপস্থিত হইল। সেই অমুলব্ধির ভ্রাস্তিবশতই এতা-দৃশ ভ্রম **দলে।** যে ব্যক্তির অন্ধকারের সহিত—রাত্রির সহিত—ভূতপ্রেতাদির ধারণামালা মনে আছে; অর্থাৎ বাহার সংস্কার বশত বিশ্বাস আছে যে, অন্ধ-কারে ভূতপ্রেতাদি বিচরণ করে, তাহার নিজ ছায়াদিতেও ভূতাদিত্রম জন্মিয়া थां दि ; हेशं अ त्महे अञ्चलित ज्ञ अ मुष्टिज्य नरह। क्ल कि अर्थ कि मखर्जा, कि क्ष्ण्जा, कि क्रधारसा, कि रिकात, मकन व्यवसात सम्बद्ध देखिय-শক্তির বহির্ভাগে গমন করিবার সাধ্য নাই। কোন অবস্থাতেই অভাবনীয় ঁ অভীব্রিন্ন কোন বিষয়েরই অহুভব হয় না।

কোন একজন প্রসিদ্ধ দার্শনিক বলিয়াছেন,—একজন জ্বলীতিবর্ষবয়ন্থ,
নীরোগসদৃশ-প্রতীয়মান, বিছান ও বৃদ্ধিমান বৃদ্ধের বার বৎসর পর্যান্ত প্রায় প্রত্যহই দৃষ্টিভ্রম হইত। তিনি সন্মুখে সততই মহুম্যমূর্ত্তি দেখিতে পাইতেন।
শরীরের উপরার্দ্ধ স্পষ্টই দৃষ্টিগোচর হইত; কিন্তু নিয়ার্দ্ধ মেঘাছাদিতের ন্যায় বোধ হইত। মূর্ত্তিগুলি প্রত্যহ একরূপ লক্ষিত হইত না বটে; কিন্তু প্রত্যেকটিই তিনি শত শত বার দর্শন করিয়াছিলেন। ঐ সকল মূর্ত্তি তিনি পূর্ব্বে কথন কোধাও দেখিয়াছিলেন কি না, তছিষয়ে তাঁহার কিছুই শ্বরণ ছিল না। তবে তিনি উহাদের মধ্যে কখন কখন আপনার মুখও দেখিতে পাইতেন; উহা ক্রমে যৌবনাবস্থা হইতে প্রোচে ও পরে বার্দ্ধক্যেও পরিণত হইত। তিনি নয়ন উন্মীলন করিলেও ঐ সকল মূর্ত্তি বেরূপ দেখিতেন, আর নেত্র নিমীলন করিলেও দেইরপই দেখিতেন। অনেক সময় ঐ সকল মূর্ত্তি দেখিতে ইচ্ছাও हरें ७ এবং দে**খিলে आनम्म७ हरें छ।** रेक्का शृक्षक तक्कृत्छ रखमार्क्कन कतिला বা উপর্য্যুপরি শীঘ্র শীঘ্র চকু মুদ্রিত বা উন্মীলিত করিলে মৃর্তিগুলি অদৃষ্ঠ হইরা বাইড। কি দিবা, কি রাত্রি, কি আলোক, কি অন্ধকার, সকল সময়েই তিনি ঐ সকল মূর্ত্তি দেখিতে পাইতেন। এক দিন তিনি তাঁহার মৃতপত্মীর মূর্ত্তি সন্দর্শন করিয়া এবং ঐ মূর্ত্তি তাঁহাকে অনুসরণের জন্ম ইঙ্গিত করিতেছে ভাবিয়া তাহার পশ্চাৎ পশ্চাৎ গমন পূর্বক উদ্যানমধ্যে, জীবিতাবস্থায় তাঁহার পদ্মী যে স্থানে বিচরণ করিতেন, সেই স্থানে উপস্থিত হইয়াছিলেন। পরে যখন ঐ মূর্ত্তি না দেখিয়া নিজ ভৃত্যকে জ্বীর বৃত্তান্ত জিজ্ঞানা করিলেন, তথন তাহার মূথে স্ত্রীর বছ দিবস মৃত্যু হইয়াছে শুনিয়া যেন অকস্মাৎ তাঁহার স্বপ্ন **७**क हरेन, এবং ধীরে ধীরে পুনর্কার গৃহে প্রত্যাগমন করিলেন। বার্দ্ধক্য প্রযুক্ত তাঁহার মন্তিকের ক্ষয়ই উক্ত ভ্রান্তির কারণ বলিতে হইবে। ঐ অবস্থায় যোগের অবস্থার ন্যায় রুদ্ধের প্রমাতৃগত ভাব সকল ইন্দ্রিয়শক্তি অপেক্ষা প্রবল হইরা উঠিয়াছিল। স্থতরাং দর্শনের অপেকা চিন্তাই দিবারাত্র অধিক পরিমাণেই চলিত। অন্ত একটি ভদ্রলোকেরও প্রায় ঐরপ অবস্থা ঘটয়াছিল। তিনি স্পর্শ না করিলে বা কণ্ঠস্বর না শুনিলে, কেবল চক্ষু বারা লোককে চিনিতে পারিতেন না। পিন্তপীতিমাদি রোগবিশেবেও ঐরপ হইয়া থাকে। এইরূপে এক ইন্দ্রিয়ের ভ্রম প্রান্ন সর্ব্বদাই অপর ইক্সির ছারা সংশোধিত হইতে দেখা গিয়া থাকে।

লোব নানাবিধ। কেবল রোগাদিজন্য ইন্দ্রিয়ণজির হানিই এনের কারণ নহে। দ্রছাদিও ইন্দ্রিয়ণজির উপযুক্ত ফুরণের অভাব ঘটাইরা এম উৎ-পাদন করিয়া থাকে। আমরা গগনমগুলে যে অনীল বর্ণ নয়নগোচর করি, উহা আকাশের বর্ণ নহে; আকাশ রূপবিহীন বস্তু। ঐ বর্ণ বায়ুরগু বর্ণ নহে; কিন্তু ঐ রূপের প্রকাশ বায়ুর কার্যা। স্পর্শগুণবিশিষ্ট বায়ুকে কেবল ছগিন্দ্রিরের বিবর বলিয়াই বোধ আছে, উহার যে বর্ণপ্রকাশিনী শক্তি আছে, ভাহা অনেকেই স্বীকার করিবেন না; কারণ, তেজেতেই রূপ থাকে, বায়ুতে রূপ থাকে, কেহ কথন দেখেন নাই; কিন্তু উহার স্পর্শ সকলেই অমুভব করিয়া থাকেন। পরস্ত বিজ্ঞানশান্ত বলিয়া থাকেন যে, বায়ুর ক্লপপ্রকাশকভাও আছে; ঐ রূপ নিকটে দেখা যায় না, দূর হইতে আলোকের প্রতিবিশ্বনে ঐ নীলিমা অমুরাশির নীলিমার ভাষ অমূলত্ত্ব হইয়া থাকে। অবস্থাবিশেবে বস্তুর রূপান্তরের অমুভব সকলেই প্রত্যক্ষ করিয়াছেন। একটি জ্বলম্ভ মশার ক্রতবেগে ঘুরাইলে চক্রাকারে অগ্নির অন্তব হইয়া থাকে। বাস্তবিক **অগ্নি**-চক্র না থাকিলেও ভামণের জ্বততা প্রযুক্ত ঐ মশালের এক বিন্দু হইতে অপর বিন্দৃতে আসিতে যে সময় লাগিতেছে, তাহা স্থাপট্ডরূপে অমুভূত হয় নাই বলিয়াই প্ররূপ অনুভব হইতেছে। চন্দ্র-সূর্য্য উদয়কালে বা অন্তগমনকালে রিক্তচক্ষতে যত বৃহৎ দৃষ্ট হয়, মধ্যগগনে অবস্থান কালে তত বৃহৎ দেখায় না। কিছ cकान अकृष्ठि वश्चत ছिट्छत मधा निया प्रिंथल, मकन ममरब्रे ममान प्रश्ना ষায়। উহাদের কোন সময় কুক্র ও কোন সময় বৃহৎ দেখাইবার কারণই **আলোকের প্রতিবিম্বন।** সামান্ত একটি পরীক্ষা **দারাই উক্ত ভ্রমের অপনয়ন** হইতে পারে। আমরা যদি একটি পাত্রে একটি রৌপামুদ্রা রাথিয়া উহা অদুদ্র হওয়া পর্য্যন্ত পশ্চাদ্দিকে গমন করি, এবং ঐ সময়ে কোন ব্যক্তি ঐ পাত্তে জল ঢালিয়া দেন, তাহা হইলে, ঐ অদুখ্য মুদ্রা আবার দৃষ্টিগোচর হইবে। আলোকের প্রতিবিম্বনই উহার কারণ। প্রভাত ও সায়ংকালে চল্লের বা স্বা্ত্র কিরণকে অপেকাকৃত অধিক ও ঘনীভূত কামু ও বাল্প ভেদ করিতে ছন্ন বলিয়াই মধ্যগগনে অবস্থান কালের হইতে ঐ সমন্নে উহাদিগকে অপেকা-ক্লত বৃহৎ দেখা যায়। একপ আলোক, সংশ্লিষ্ট অবস্থায় খেডবর্ণ দৃষ্ট হর, কিন্তু বিলিপ্ত অবস্থায় ঐ আলোকেই আবার বিবিধ বর্ণের প্রত্যক্ষ হইরা থাকে। উভয়ত্রই ইন্রিয় সত্যবাদী। চূর্ণ ও হরিদ্রার পৃথক্ পৃথক্ বর্ণ এক প্রকার, भावात উहारनत मिलारार शत वर्ग अस श्राकात । উভय वर्ष हे हेक्टिस्त विषय । উভয়ত্তই ইক্সিয় সভ্যবাদী। তবে যে এ সকল ভিন্ন ভিন্ন বোধ বা অম হই-তেছে, সে কেবল দূরত্বাদি দোষ বশত ইক্রিরশক্তির উপযুক্ত ক্রণের অভা-হবই বলিতে হইবে। সাজ্যদর্শনে বলিয়াছেন,—

ি অভিদ্রাৎ সামীপ্যাদিঞ্জিয়দাতান্মনোহনবস্থানাং। সৌক্ষ্যান্ম্যবর্ধানাদভিভবাৎ সমানাভিহারাচ্চ॥"

কোণাও বা দ্বৰ প্ৰযুক্ত, কোণাও বা সামীপ্য বশত, কোণাও বা ইন্দ্ৰিয়-বিঘাত বশত, কোণাও বা অনবধানতা বশত, কোণাও বা হল্পতা বশত, কোণাও বা ব্যবধান প্ৰযুক্ত, কোণাও বা অভিভৱ অৰ্থাৎ আব্বৰণ প্ৰযুক্ত এবং কোণাও বা সম্ভাতীয় মিশ্ৰণ হেতু, শ্ৰম সকল উৎপায় হইয়া থাকে।

পূর্বেই বলা হইয়াছে, দর্ববিধ এমেই উপলব্ধির অস্পষ্টতা ও অমুলবির অস্থানপতনই কারণ। ফাহাকে আমরা সত্য বলি, তাহা কতকগুলি অমুলবিমালা উপলব্ধি-স্ত্রে প্রথিত মাত্র। অমুলবিশুলি ঐ উপলব্ধিই ফল। পূর্ব্বোপলব্ধ চিত্র দকল দল বা ধারণার গুণে মনে এমত স্থলরক্ষপে পর পর উপস্থিত হয় যে, যেন বস্তুতই তাহারা পুনর্বার উপলব্ধ হইতেছে। সত্য মাত্রই প্রমাণ-সাপেক্ষ। যাহাকেই সত্য বলা হয়, তাহাই কোন না কোন উপলব্ধির সহিত কতকগুলি অমুলবির সময়র মাত্র হইতে প্রকাশিত। ফলত ইন্দ্রিয়বোধই ঐ সকল সত্যের সত্যুত্বের প্রমাপক। উপলব্ধির সহিত মিলিত যে অমুলবির, ইন্দ্রিয়-বোধের সহিত বিসদৃশ হয়, তাহাকেই আমরা ল্রান্ত বলি। পৃথিবীর আকার পূর্ণবিশ্ববে না দেখিয়াও আংশিক উপলব্ধির পরই অন্তর্গোলাক্ষতি বস্তুর লক্ষণ-সাদৃশ্রে অমুলবির দারা আমরা পৃথিবীকে গোলাকার বলিয়া থাকি। ঐরপ, পৃথিবীকে দ্রমণ করিতে না দেখিয়াও, স্ত্র্যের উদয়ান্ত হারা আংশিক প্রতির উপলব্ধির পরই, সচল বস্তুতে আর্ক্র ব্যক্তির সহন্ধে অচল বস্তুর গতির আনরণ প্রবেদ্ধ বারা থাকি।

এইরপে দেখা বাইতেছে যে, ইন্দ্রিগান্তির বিকাশ ও অবিকাশই যথাক্রমে প্রমান্তান ও ভ্রমজ্ঞান উৎপত্তি, কোথাও বা সেই ইন্দ্রির দারা এবং কোথাও বা অপর ইন্দ্রির দারা এ ভ্রম অপনীত হইরা থাকে। বিবেক অর্থাৎ প্রীক্ষা-কল্প-বোধই উক্ত ভ্রমের সংশোধক। সাদ্প্রবিসাদৃশ্য দর্শনেই পরীক্ষাকার্য্য সমাহিত হয়। যে বিষয়ে সাদৃশ্যাদির নিভাত অভাব হয়, তথাক্র

সাধারণ বিবেক এবং তাহারও অসদ্ভাব হ**ইলে, অলৌকিক শক্তির আশ্র**র গ্রহণ করিলেই ভ্রমের সংশোধন হইরা থাকে।

জ্ঞানের ছইটি অংশ;—উপলব্ধি ও অমুলব্ধি। প্রমাত্রগত বিভাবনা-শক্তি হইতে সমুখিত জ্ঞানাবয়বের নাম উপলব্ধি এবং তল্পত উদ্ভাবনা-শক্তি হইতে সমুখিত জ্ঞানাবয়বের নাম অমুলব্ধি। প্রমাতার বে শক্তির প্রকাশে ভাবনা বা চিন্তার সহকারিতা দৃষ্ট হয় না, তাহার নাম বিভাবনা-শক্তি এবং উহার যে শক্তির প্রকাশে চিন্তার সহকারিতা দৃষ্ট হয়, তাহার নাম উদ্ভাবনা-শক্তি। বিভাবনাশক্তির প্রকাশে যে জ্ঞানাংশের প্রকাশ হয়, তাহা অক্টুই ও বিকল্প-রহিত অর্থাৎ বিশেষ-ক্র্তি-রহিত বলিয়া নির্ব্বিকল্পক নামে, এবং উদ্ভাবনা-শক্তির প্রকাশে যে জ্ঞানাংশের প্রকাশ হয়, তাহা পরিক্রুট ও বিকল্পবিশিষ্ট অর্থাৎ বিশেষ-ক্র্তি-সম্পন্ন বলিয়া স্বিকল্পক নামে, অভিহিত হইয়া থাকে।

দ্রব্য, গুণ ও ক্রিয়ারূপ বিষয়ত্ররের অস্টু সাক্ষাৎ জ্ঞানই নির্বিকরক ক্রান; অর্থাৎ উক্ত বিষয়ত্রের আধারবিশিষ্টতা বা কালবিশিষ্টতা অথবা আধার ও কাল এতহুভয়বিশিষ্টতা বিষয়ক সাক্ষাৎ জ্ঞানের নাম নির্বিকরক জ্ঞান।

সাক্ষাৎসম্বন্ধে বিষয়নিষ্ঠ বিশেষজ্ঞান বা ব্যক্তিজ্ঞান ও সামান্তজ্ঞান বাঁ জাতিজ্ঞান, এবং পরম্পরাসম্বন্ধে উক্ত বিশেষ জ্ঞান ও সামান্ত জ্ঞানের পুন-ক্লপস্থিতিজ্ঞান, এই উভয়বিধ জ্ঞানের নাম সবিকরক জ্ঞান।

আমি বর্ত্তমান কালে আমার সমুধ্য ভূমিতে একটি বৃক্ষ দর্শন করিলার। ঐ বৃক্ষ বস্তুটি কি, তাহা আমি জ্ঞাত নহি; অতএব লক্ষণ নির্দেশে অর্থাৎ কি লক্ষণে বা কোন্ কোন্ গুণ থাকিলে, বস্তুকে বৃক্ষ বলে, আমি তাহা বলিতে অক্ষ। দর্শনে এই মাত্র বোধ হইল যে, আমার দর্শনেক্তিয়ের সহিত একটি বাহ্ বস্তুর সন্নিকর্ষ বা সংযোগ হইরাছে। এই জ্ঞান আমার প্রথম জ্ঞান; ইহারই নাম নির্কিকর্নক জ্ঞান। পরে সমুখ্য ভূমি ও গৃহানি সমস্ত দৃশ্য বস্তুর গুণাদি হইতে বৃক্ষকে বা বৃক্ষের গুণাদিকে পৃথক্ বোধ করিয়া থাকি ও ঐ সকল গুণাদির সমবারে বৃক্ষরূপ একটি বিশেষ বস্তুত্ব করিয়া থাকি । ঐ সময়েই ঐ সমবেত গুণাদি হারা বৃক্ষের উপশ্ব বৃক্ষরূপ একটি ধর্মের—একটি সামান্ত ধর্মের জ্ঞান হয় বলিরাই, এক্রপ ধর্মান্ত্রকরণ একটি ধর্মের—একটি সামান্ত ধর্মের জ্ঞান হয় বলিরাই, এক্রপ ধর্মান

বিশিষ্ট বন্ধমাত্রই বৃক্ষ এই প্রকার জ্ঞান হইয়া থাকে। এই শেবোক্ত জ্ঞানের নাম সামাগ্রজ্ঞান এবং প্রথমোক্ত জ্ঞানের নাম বিশেষজ্ঞান। ভবিষ্যতে ভানান্তরহ কোন বন্ধর দর্শনে, বর্তমানে উপলব্ধ বন্ধনিক ভালবে প্রকাক উভর বন্ধর সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার দারা অপর বন্ধর অঞ্ভব হইয়া থাকে। এই ভবিষ্যৎ ও বর্তমান, এতহুভর্বিধ জ্ঞানের নাম স্বিক্রক জ্ঞান।

শারীর জ্ঞানের ভার মানস জ্ঞানেরও ভেদ প্ররূপ। আমি বর্ত্তমানে ক্রোধ
অমুভব করিতেছি। বধন ক্রোধ উপলব্ধ হর, তধন মনের যে কেবল একটি
ভাবান্তর হর, তাহারই নাম নির্ব্ধিকরক জ্ঞান। পরক্ষণেই ঐ ভাবান্তরকে
মনের অপর ভাবান্তর হইতে ভিন্ন মানসিক ভাববিশেষ বলিয়া অমুভব হয়;
ক্রোধভাব-বোধই, উক্ত-ক্রোধ-বিষয়ক হইলে বিশেষ জ্ঞান এবং ক্রোধ-মাত্রবিষয়ক হইলে, সামান্য জ্ঞান বলিয়া অভিহিত হয়। কালান্তরে আমি আমার
অতীত অবস্থার চিন্তা হারা পূর্ব্বোপলব্ধ ক্রোধভাব স্মরণ পূর্ব্বক তৎকালাম্ভূত
লোভাদি ভাবের সহিত ভাহার সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার করিয়া বন্ধনির্গ্
ক্রিতে পারি। উক্ত রীতিষয় হইতে সমৃত্ত জ্ঞানকেই সবিকরক জ্ঞান
বলে। প্রথম রীতি,—তৎপ্রদেশে এবং তৎকালে একমাত্র বা অনেক বিষয়বিষয়ক অমুভবের রীতি; এবং দ্বিতীয় রীতি,—কালান্তরে স্থানান্তরোপলব্ধ
বন্ধর সহিত পূর্ব্বোপলব্ধ বন্ধর ধর্ম্বের সাদৃশ্য-বৈসাদৃশ্য বিচার দারা
বন্ধনিধ্ব-রীতি।

নির্কিরক জ্ঞানের মৃশ-উপাদান ছইটি;—প্রমাতা বা বিবরী এবং প্রমের বা বিবর। সবিকরক জ্ঞানের মৃশ-উপাদান তিনটি;—প্রমাতা, প্রমের ও প্রমিতি। কোন কোন দার্শনিক, জ্ঞানের সমন নামৃক অপর একটি উপাদান বাহার করেন, কিন্তু ঐ সমন পৃথক উপাদান নহে; উহা উলিবিত উপাদান সকলের শক্তি প্রকাশের অবস্থাবিশের মাত্র। ফলত সমন বিনা জ্ঞান উৎপন্ন হর মা। ঐ সমন বিবিধ;—অবন্ধ-সমন ও ব্যতিরেক-সমন । ঐ সমন কৃইটিই বেদান্তদর্শনে স্বর্গলকণ ও তটস্থলকণ নামে অভিহিত হইরাছে।

সমন্ত পদার্থই জ্ঞানের বিষয়। লক্ষিত কাল ও আধারের সহিত সহজ্জ বিশিষ্ট প্রমেয় মাত্রই পদার্থ। আমার সন্মুখস্থিত দৃষ্টিগোচর বৃক্ষ যেমন একটি বিষয়; পত্র, পুলা, ফল, শাখা, কাও, বন ও বায়ু প্রভৃতিও তজ্রপ বিষয়। প্রত্যেকেই কিছু না কিছু স্থানকে ব্যাপিয়া অবস্থান করিতেছে। এই প্রকার জ্ঞানকেই বাহ্ন উপলব্ধি কহে। এইরূপ আমরা যে জ্ঞোধাদি মানসিক ভাব লক্ষ্য করিতেছি, তাহাও কিছু না কিছু কালকে ব্যাপিয়া অবস্থান করিতেছে। এই প্রকার জ্ঞানকেই মানস উপলব্ধি কহে। উপলব্ধি বা নির্ক্ষিকরক জ্ঞান অম্প্রান্ধি বা সবিকরক জ্ঞান হইতে সম্পূর্ণ বিভিন্ন। কারণ, পরিণামী নির্ক্ষিকরক জ্ঞান কাল ও আধারের সহিত সাক্ষাৎ-সম্বন্ধ-বিশিষ্ট; কিন্ত অপরিণামী সবিকরক জ্ঞানের সহিত কাল ও আধারের সাক্ষাৎ-সম্বন্ধই দেখা যায় না। নির্ক্ষিকরক জ্ঞান সাক্ষাৎ-সম্বন্ধে বস্তার জ্ঞান। নির্ক্ষিকরক জ্ঞানের প্রতি কারণ, বস্তার সাক্ষাৎ উপস্থিতি, কিন্তু সবিকরক জ্ঞানে বস্তার উপস্থিতির প্রয়োজন নাই, পূর্ব্বোপলন্ধ বস্তার প্রতিরূপই ঐ কার্য্য সাধন করিয়া থাকে। ঐ প্রতিরূপই বিশেষ জ্ঞান ও সামান্ত জ্ঞানের জনহিতী।

এই প্রকারে দেখা যাইতেছে যে, সবিকল্পক জ্ঞানের অস্কর্ভ পূর্ব্বোক্ত উভন্নবিধ বিশেষ জ্ঞান ও সামাস্ত জ্ঞান বাহেক্তিয়-গোচর বিষয়-জ্ঞান নহে; উহা বাহেক্তিয়-সন্নিকর্য-দ্রনিত ইক্তিয়-শক্তির প্রসারণ হইতে লব্ধ প্রতিরূপের জ্ঞান। ঐ প্রতিরূপ বাহা ইক্তিয়ের যোগ্য নহে; উহা কেবল মনের গোচর।

জ্ঞান পূর্ব্বোক্ত প্রকারে নির্ব্বিকরক ও সবিকরক ভেদে দ্বিধা বিভক্ত হুইলেও ঐ বিভাগ সাধারণ বৃদ্ধির বেদ্য নহে। ঐ ভেদ বিশেষ বিচার ব্যক্তি-রেকে সাধারণ বৃদ্ধি, দ্বারা অন্থভ্তই হুইতে পারে না। বিশেষত জ্ঞানন্তর পরস্পর এরপ সম্মিলিত যে, নির্ব্বিকরক ও সবিকরক এতছভ্রের মধ্যে একের অভাব হুইলেই প্রকৃত জ্ঞানের অমুপপত্তি হুইয়া থাকে।

একটি বন্তর সম্পূর্ণ জ্ঞান লাভে পূর্ব্বোক্ত ছুইটি সম্বন্ধেরও বিশেষ প্রয়োজন। প্রথম সম্বন্ধ অর্থাৎ অব্যয় সম্বন্ধ জ্ঞানেন্দ্রির ও বাহ্য বন্তর সমবেত শক্তির স্কুরণে বিভাবিত বন্তর সন্নিকর্ষ বোধ করাইবে এবং দ্বিতীয় সমন্ধ অর্থাৎ ব্যতিব্রেক সম্বন্ধ ঐ পদার্থের বিশেষ বিশেষ ধর্মগুলিকে অপর পদার্থের বিশেষ বিশেষ ধর্ম ছইতে চিস্তা শক্তির সাহায্যে পৃথক্রপে উদ্ভাবিত বস্তুর নির্ণয় করাইবে।

বৃক্ষ চতুদ্দিক্স্থ সমন্ত দৃশ্য বস্তুর সহিত দর্শনেব্রিয়ে উপস্থিত হয়। কিন্তু বৃক্ষ জ্ঞানে উহার কাওকে ভূম্যাদি দৃশ্য পদার্থ হইতে পৃথক্ এবং শাখা পত্রাদিকে উহার অংশরূপে বোধ করিতে হইবে। দৃষ্টিগোচর সমস্ত দৃশ্যের সন্নিকর্ম জ্ঞান বিভাবনাশক্তি হইতে উৎপন্ন হয়; কিন্তু অবন্ধবাদি বিশিষ্ট বৃক্ষরূপ বিশেষ পদার্থের জ্ঞান উত্তাবনা-শক্তি-সাপেক্ষ। ফলত জ্ঞানের উপলব্ধি ও অফুলব্ধি রূপ অংশবন্ধ স্বতন্ত্র ভাবে জ্ঞানের সম্পূর্ণতা সাধনে সমর্থ হন্ধ না। উভন্ন অংশের মিলনই জ্ঞান।

মনে করুন,—একজন মহ্নষ্য কেবল বিভাবনা-শক্তি বিশিষ্ট; অর্থাৎ কেবল লোকিক-সন্ধিকর্য-জনক ইন্দ্রিয়শক্তি-বিশিষ্ট। কিন্তু তাহার অলোকিক-সন্ধিকর্য-জনক ইন্দ্রিয়শক্তি-বিশিষ্ট। কিন্তু তাহার অলোকিক-সন্ধিকর্য-জনক ইন্দ্রিয়নাই; অর্থাৎ সে ব্যক্তির ইন্দ্রিয়ের সহিত বাহ্ন বস্তুর সংযোগ ও তজ্জনিত ক্ষণিক আসক্তি বা বিরক্তি মাত্র জন্মে, কিন্তু সে ব্যক্তি ইন্দ্রিয়ের উদ্ভাবনাশক্তি-বহ্নিত অর্থাৎ চিন্তাশক্তি শৃত্য ও উপস্থিত উপলব্ধির অনন্তর ধারণাশক্তি-বর্জ্জিত। যদিও নানা পদার্থ ক্রমান্বয়ে বিভাবনা-শক্তি-বলে তাহার ইন্দ্রিয়-সন্নিরুত্ত হয়, তথাপি উদ্ভাবনা-শক্তির অভাবে ঐ সকল পদার্থের পরস্পার ভেদ অম্বভূত হয় না। কারণ, ভেদজ্ঞান ধারণাশক্তি ও ভাবনাশক্তি জনিত বস্তুর সামানাধিকরণ্য ইইতে উৎপন্ন হয়। জন্ত, বৃক্ত্ব, ও প্রত্রাদি সমন্ত বিষয়ই ক্রমান্বয়ে একটির পর একটি করিয়া ইন্দ্রিয়-সন্নিরুত্ত হইলেও উহাদের চিন্তা ও ধারণা জন্ত যে পরস্পরের সাদৃশ্র-বৈসাদৃশ্র বিচার, তাহা হইতে পারে না, স্কৃতরাং উপনিতি জন্য বস্তুর বিশেষ জ্ঞানেরও অভাব হয়।

এইরপে মহবোর অক্টভাবে বে সকল ভাবের উদয়ের সন্তাবনা, ভাবনা ও ধারণার অভাবে তাহাদের একের অগগনে অপবের আবির্ভাবেও বিশেবরপে অহত্ত হর না; হতরাং উপমিতির অসন্তাবনা প্রযুক্ত ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞানও অসন্তব হইরা উঠে। ঐ মহ্ব্য যে বে বিষয় মনে করিবেন, তিনি ভাহাদিগের বিশেষ জানে অক্ষম। যাহা দর্শনাদি করেন, তাহাও কি বন্ধ, তাহার কিছুই নির্ণর করিতে পারেন না। কেবল ইক্রিরের সন্নিকর্ষ ও তদ্ভির

প্রসারণে ক্ষণিক হথ বা ক্ষণিক অহথ উপলব্ধি করেন মাত্র। ইহা ছারা সন্ধি-কর্ষের রীতি বা প্রমাতা ও প্রমেয়ের ভেদ পর্যায়ও অহভূত হয় না। এই প্রকার জ্ঞানকে প্রকৃত জ্ঞান বলা যায় না, উহা জ্ঞানের অন্ধুর মাত্র।

যদি এরপ হয় যে, একব্যক্তি সন্ধিকর্ষের ও ধারণাশক্তি বিশিষ্ট, কিছ
তাঁহার ভাবনাশক্তি নাই; তজ্ঞপস্থানে ক্রমান্বয়ে সমাগত বিষয়গুলি তাঁহার
মনে কিয়ৎকালের জন্ম অবস্থিতি করে, অথচ প্রমাতা স্থকীয় ইচ্ছাপ্রণাদিত
চেষ্টা হারা ঐ গুলিকে চিন্তার বিবয়ীভূত করিতে বা উহাদিগকে পুনর্কার মনে
আনয়ন করিতে অসমর্থ; অর্থাৎ সে ব্যক্তি কেবল কতকগুলি হায়ী সহজ্ঞ
ক্রান বিশিষ্ট বা বিভাবনাশক্তি বিশিষ্ট। এরপ হুলেও উদ্ভাবনা শক্তির অসদ্রাব
বশত জ্ঞান অসম্পূর্ণই থাকিবে। কারণ, স্থৃতির ও চিন্তার অভাবে প্রতিরূপের
অমুপস্থিতি প্রযুক্ত উপমিতি ও তজ্জনিত বিশেষ জ্ঞানাদিরও অভাব হয়।

সম্প্রতি আমরা আরও কিঞ্চিৎ অগ্রসর হইব। মনে করুন, একব্যক্তি সন্নিকর্বেক্সিয়, ধারণাশক্তি ও ভাবনাশক্তি বিশিষ্ট। ইক্সিয়-সন্নিক্স্ট বিষয় সকল ধারণাশক্তির অন্তিত্ব বশত তাঁহার মনে কিয়ৎকালের জন্য-জপর বিষয়ের উপস্থিতির প্রাক্তাল পর্যান্ত-অবস্থিতি করিল, তিনি উপস্থিত বিষয়ের সাদৃশ্র-বৈসাদৃশ্রাদি চিস্তা দারা তাহার গুণ সকলের একাধারে সমন্বর স্থির করিলেন. এবং অক্ত বিষয়ের গুণ হইতে উহার গুণাবলীকে বিশেষিত করিয়া ঐ পদার্থ-हित्क करत्रकृष्टि विरम्य खनविनिष्टे अकृष्टि विरम्य भागर्यक्रत्भ निकास कत्रितन । এইরপে, একটি বিষয় ইঞ্জিয়-সন্নিকৃষ্ট হইলে, তিনি অমুপস্থিত কোন বিষয়কে স্থীয় চেষ্টায় পুনরানয়ন করেন, এবং তাহার সহিত উহার সাদৃশ্র-বৈসাদৃশ্র চিন্তা ছারা বিশেষ ধর্মবস্তার সিদ্ধান্ত করণে সমর্থ হয়েন। এই স্থলে, বিভাবনা-শক্তি ও উद्धारमा-मक्ति উভরের সমন্বরে জ্ঞানের সম্পূর্ণতা দিন্ধি হইল। ইহাই নির্ন্ধিকরক ও সবিকরক উভয় জানাংশের মিলনে উৎপন্ন সম্পূর্ণ জান। এই कारन धार्माजा, धारम ७ धार्मिज, धरे जिरनबरे एक अबूकुठ रहेबा शास्त्र । া জানের এইরূপ বিভাগ দর্শন-শান্তের অমুমোদিত। কিন্তু মনুষ্যের সংকার মৃদৃশ দৃট্ হইয়াছে যে, ঐ সকল কার্য্যের অতীব স্বত্বতা প্রযুক্ত কার্য্যকালে উক্ত ভেদ শত-পত্ৰ-বেধের স্থায় অহুভূত হয় না।

জ্ঞান ইক্সির-সংক্ষ-সাপেক; অর্থাৎ ইক্সিরের সহিত বস্তর সাক্ষাৎ সম্বন্ধ ব্যতিরেকে কোন বিষয়েরই উপলব্ধি হয় না; স্থতরাং কোন বস্তরই জ্ঞান জন্মে না। জ্বা, ক্রিয়া বা গুণ সকল, নির্দিষ্ট কাল বা আধার, অথবা কাল ও আধার উভয়কেই আশ্র্য করিয়া থাকে। উদ্ভাবনা-শক্তির সাহায্য ভিন্ন কেবল বিভাবনা-শক্তি দারা বস্তর জ্ঞান হইতে পারে না। পদার্থের পর্লপারা সম্বন্ধে উপস্থিতি, অর্থাৎ উক্ত পদার্থের প্রতিরূপের সন্নিকর্ষই ঐ উদ্ভাবনার উদ্বোধক। ফ্লাক, এইক্সের দেখা বাইতেছে যে, উদ্ভাবনা বিভাবনার কার্য্য।

এইরপে বিভাবনা ও উদ্ভাবনার ভেদ অবগত হওয়া গেল; এবং আমরা, প্রমাতা কর্তৃক উপলব্ধ ইন্দ্রিয়গোচর পদার্থের জ্ঞানরপ জ্ঞানাংশের কারণ বিশেষকে বিভাবনা-শক্তি এবং ঐ সকল জ্ঞানের পুনর্মার উপস্থিতি প্রভৃতি জ্ঞানরপ জ্ঞানাংশের কারণ-বিশেষকে উদ্ভাবনা-শক্তি বলিবার কারণও অবগত হইলাম। বস্তুত, বিভাবনাশক্তি ও উদ্ভাবনাশক্তি, এতহভয়ের সমবেত কার্যাই জ্ঞান। প্রথম অবস্থাতে বিষয়ের বা বিষয়জ্ঞানের আবির্ভাব ভাবনাশ্রু, অতএব স্বভাবিদিদ্ধ; শেষ অবস্থাতে তাহাদের আবির্ভাব ভাবনাজনা অতএব কৃত্রিম।

বধন আমি একজন উপস্থিত ব্যক্তিকে সন্দর্শন করি; তাঁহার উপস্থিতি আমার মানসিক চেষ্টাকে অপেক্ষা করে না। তিনি স্বরংই আমার দৃষ্টির সন্মুখে আসিয়া উপস্থিত হইরাছেন। তাঁহার দিকে দৃষ্টি পতিত হইলেই দর্শনক্রিয়া নিম্পন্ন হয়। কিন্তু বখন আমি একজন অন্পৃথিত ব্যক্তিকে মনে করি, তখন তাঁহাকে মনে করিতে চেষ্টার প্রয়োজন হয়। এইরুপ, দৃষ্ট ব্যক্তির অনুভবে কিন্তু। তাঁহাকে পূর্বপরিচিত বলিয়া অবধারণ করিতেও উপমিতি-জনক চিন্তার প্রয়োজন হয়।

পূর্বেই বলা হইয়াছে যে, নির্মিকয়ক জ্ঞানের উপাদান হইটি;—প্রমাতা ও প্রমেয় । এবং সবিকয়ক জ্ঞানের উপাদান তিনটি;—প্রমাতা, প্রমেয় ও প্রমিতি। নির্মিকয়ক জ্ঞান কালে কেবল প্রমাতা ও প্রমেয়েয় ক্ষণিক সম্লিকর্ম মাত্র বোধ হয় । এই জ্ঞানে কিন্তু তত্ত্তয়ের স্বরূপের বোধ হয় না। প্রক্ষাতা কেবল তৎকালে একটি বিষমের সন্নিকর্ম লাভ করিতেছেন, এবং প্রমেয় ভাঁহার বহিত সন্নিকৃত্ত হুইভেছে, এই প্রস্পর সম্বন্ধ্যাত্র বোধ হইয়া থাকে। তৎকালে

ক্ষান ও জের বন্ধর বরপ ফিছুই অনুভূত হর না। ক্লের বন্ধর আমাদিগের জ্ঞানশক্তির সহিত যেরপ সম্বন্ধ হয়, তন্মাত্রই অবগত হই, তন্মতিরিক্ত আর কিছুই জানিতে পারি না। এমন কি, তৎকালে প্রমাতার যে অবস্থা থাকে, ভাহার পরিবর্তনে অথবা প্রমেয়েরও তাদুশ অবহার পরিবর্তনে বছজ্ঞানেরও কোন পরির্ত্তন হইবে কি না. ভাহাও জানিতে পারি না। কিন্তু স্বিকরক জ্ঞান কালে দেরপ হয় না। তৎকালে আমরা উহাদের পরস্পর ভেদ অমুভব করিয়া থাকি। তৎকালে আমরা জানিতে পারি বে, বিনি জানলাভ করিতেছেন, তিনি, যে বস্তুর জ্ঞানলাভ করিতেছেন, সেই বস্তু হইতে অত্যন্ত ভিন্ন। জ্ঞান যত প্রকারই হউক, জ্ঞাতারও পরিবর্ত্তন হয় না এবং জেয় বস্তুর অভিস্কুও অপরিহার্যা। প্রত্যেক জ্ঞানেই আমরা অমুভব করিতেছি যে, জ্ঞাতা ও জ্ঞের বস্তুকে পরিত্যাগ করিয়া জ্ঞান হইতেই পারে না। যাবদীয় জ্ঞান কার্য্যের মূলে এক অপরিবর্তনীয় জ্ঞাতা ও জের বস্তুর অন্তিত্ব অপরিহার্য্য ভাবে অবস্থান করিতে দেখা যাইতেছে। জ্ঞাতা অপরিবর্ত্তনীয় হইলেও যে, জ্ঞানের প্রকারভেদ দৃষ্ট হইভেছে, তাহা জ্ঞেয় বস্তুর শক্তিপ্রকাশভেদ হইভেই হইভেছে, জানিভে इट्रेंद । कन्छ, क्यांतन अकात्र एक इट्रेंडिंग श्रीनामी विवत ७ अभित्रनामी বিষয়ী লক্ষিত হইতেছে। বিষয়ী জ্ঞানের ভিন্ন ভিন্ন আকারের অকুভবকর্তা ध्वरः विवय श्रे भाकारतत छेडावक। अधिकत श्रे खानस्म हरेरछरे भागता জ্ঞাতার জ্ঞানের সহিত ও জ্ঞেয় বস্তুর সহিত যে সম্বন্ধ, তাহাও অভুভব করি-তেছি। প্রত্যেক জ্ঞানেই "আমার জ্ঞান" প্রত্যেক ক্রিয়াতেই "আমার ক্রিয়া" এইরূপে বিষয়ী ও বিষয়ের পরস্পর সম্ব**র্জবিশেষ অমুভূত হইতেছে। সবিশেষ** পরীকা বারা ইহাও জানা যাইতেছে বৈ, ঐ বিশ্বজনীন বিষয়ী ও বিষয়ের সম্-দ্ধের মূলে হুইটি ভিন্ন অধিক ভাৰ বিদ্যমান থাকে না। কি বাছজান, কি মানস-জান, উভয়ত্রই ঐ হই ভাব ভিন্ন ভিন্ন জাকারে কার্য্য করিতেছে। বাহ-छाटनत भूटन जाधात ध्वरः मानम छाटनत भूटन काटनत व्यवहान।

নাহ-বিষয়ামূভবে মানসিক অবস্থার আকার বিশেষ হইতে আধারের অস্থ-ভব এবং আন্তর-বিষয়ামূভবে মানসিক অবস্থার আকারবিশেষ হইতে কালের অস্থাব হইয়া থাকে। বাহ্যবিষয়ের আকার, জ্ঞানে বতই কেন ভিয়ভাবে

প্রকাশিত হউক না, তাহা বে, কিছু না কিছু দেশকে আশ্রন্ন করিয়া অবস্থিত; ভাহার সন্দেহ থাকে না। তাহাদিগের ঐ দেশব্যাপ্তিও হর স্বতঃপ্রসারিতত্বরূপে.. না হয় প্রসারিত ইক্রিয়ে অবস্থিতছরণে অমুভূত হইয়া থাকে। বাহুবস্তর এইরূপ সম্বন্ধ স্বীকার না করিলে বাহ্যবস্তবিষয়ক জ্ঞানও অস্বীকার করিতে হয়। বাহ্য-বস্তবিষয়ক বোধের আক্লার পরিবর্তন চিন্তা করা যায়, কিন্তু আধার ব্যতিরেকে উক্ত বোধ করিতই হইতে পারে না; স্নতরাং সর্কবিধ জ্ঞানের মূলে দেশের वा आधारतत कान जभतिहांचा ; हेश मार्खकनीन विचाम, हेश जवश चीकांचा। তেজ ও রূপের জ্ঞানে তাহাদিগের স্পষ্ট দেশব্যাপ্তি অমুভূত হয়; স্পর্শজ্ঞানে অস্পষ্ট দেশব্যাপ্তি অহত্ত হয়; অপরাপর জ্ঞানেও ঐরপ। কিন্তু এই সকল কারণে রূপাদির জ্ঞানকেই দেশজ্ঞানের জনক বলিতে পারা যায় না। কারণ, ভত্তদিক্রিয়-রহিত ব্যক্তিরও দেশজ্ঞান অপরিহার্যা। এইরূপ, চেষ্টা হইতে আমাদিগের শারীরিক প্রদারণ অমূভূত হইলেও ঐ চেষ্টাকেও তাহার কারণ बिगाल भाता बाब ना : (याह्क, लामुन हिहात भूत्सरे अनस अभितिवर्तनीक আধারে শারীরিক প্রসারণ-জ্ঞান অপরিহার্য্য। কাল-জ্ঞানের সহদ্ধেও এই প্রকার যুক্তির প্ররোগ করা যাইতে পারে। কাল-জ্ঞানও সার্বজনীন ও অবশ্র-স্বীকার্য্য। ক্রিয়া-জ্ঞান হইতেই কাল-জ্ঞান অমুভূত হইলেও ক্রিয়াকে কালের কারণ বলা বাইতে পারে না। কারণ, তাদৃশ ক্রিয়ার পূর্বেই অনস্ত অপরি-বর্ত্তনীয় কালের অবিদ্ব অপরিচার্য্য। কাল, দেশেরই ন্যার কর্ত্তগত সম্বন্ধ ব্য ভাবান্তর প্রকাশ করিরা থাকে। ঐ সম্বন্ধ বা ভাব, জ্ঞানেরই নিয়মবিশেষ। कानकारमध्य समा ७ कारमद वक्कार । व्याकार ७ व्यवसात भतिवर्तन राम ७ ' কালতেই আশ্রর করিরা ঘটরা থাকে। ুরেশ ও কাল ব্যতিরেকে উক্ত পরি-বর্তন কল্পনাই করা যাইতে পারে বা ।

যাহা হউক, যতদিন না মন স্থির হয় এবং বাছেন্দ্রিয় শাস্তভাব অবলম্বন করে, ততদিন স্থপ্নের সত্যত্ব অমুভবের সামর্থ্য জান্মিতে পারে না। যোগিগণ নিদ্রিতাবস্থার স্থায় জাগ্রাদবস্থাতেও তত্বজ্ঞান লাভ করেন ক্রিছার সিকল অভ্যাদ সাপেক্ষ। শিক্ষা ও অভ্যাদগুণে মনের স্থৈয় হইলে বহিছিন্দ্রিয় সকল আপনা হইতেই নিরুদ্ধ হয়। বাছেন্দ্রিয় নিরুদ্ধ হয়। এইরূপে বাছজগৎ ও অন্তর্জগৎ অবগত হইলে, ক্রমে প্রমাদ্মার দর্শন হইয়া থাকে।

শ্বরের অবস্থাও তিন প্রকার।—বে অবস্থায় স্বপ্নে সত্যজ্ঞান হর, তাহার নাম শ্বাপ্ন-জাগ্রং। যদিও স্থাবস্থায় প্রায়ই মিণ্যাজ্ঞান হইতে দেখা যায় বটে, কিন্তু তন্মধ্যে অনেক সময়ে সত্যজ্ঞানও উদিত হইতে দেখা গিরাছে। অনেকে অনেক সময়ে সত্যজ্ঞানও উদিত হইতে দেখা গিরাছে। অনেকে অনেক প্রকার স্থার্থজ্ঞানও লাভ করিয়াছেন। স্থতরাং স্থান্তঃপাতী তাদৃশ সত্যজ্ঞানের অবস্থা অস্থীকার্যা নহে। যে অবস্থার্য স্বপ্নে স্থপ্ন দৃষ্ট হয়, তাহার নাম স্থাপ্ন-স্থপ্ন। বি অবস্থার্য প্রকার স্থারিশেবের নাম স্থাপ্ন-স্থপ্নি।

বে অবস্থার সমস্ত বিভিন্ন জ্ঞান বিষয়চ্যুত হইয়া আত্মাতিমুখে এক অধত আকার ধারণ করে, তাহার নাম সুযুগ্তি। সুযুগ্তিও পূর্ববৎ ত্রিবিধ:— যে অবস্থায় বৃত্তি সুথাকার হওয়াতে অস্পষ্ঠ ঘন সুথজ্ঞান হইতে থাকে, সেই অবস্থার নাম সুষ্প্তি-জাতাং। যে অবস্থার রজোবৃত্তি অর্থাং হঃখভাব পুকায়িত—আবদ্ধ থাকে, সেই অবস্থার নাম সুষ্প্তি-স্থা। যে অবস্থার সর্ধান্ত কান তিরোহিত হয় অর্থাং যে অবস্থার চিত্ত তম অর্থাং অক্সানমাত্র অবল্পন করিয়া নির্ব্যাপার হয়, তাহার নাম সুষ্প্তি-সুষ্প্তি।

উল্লিখিত অবহা সমূহের মধ্যে স্বাশ্ম-লাগ্রানভিষের অবস্থাটি বিশেব অব্তুত্ত ও অনুসন্ধান-বোগ্য। কি প্রকারের উক্ত প্রকার সত্যপ্রজ্ঞা উদিত হর, তাহা জানিতে পারিলে অবস্থাই তদ্বারা তদ্রপ জ্ঞানলাভে কোন না কোন শ্বুত্রিম উপায় আবিষ্কৃত হইতে পারে। পূর্বকালের অবিগণ বোধ হয়, উক্ত অবস্থার তাৎপর্য্য বিশেষরূপ অবগত হইরাই যোগজ বলের—বিভূতি লাভের—উপার আবিষ্কার করিয়া গিয়াছেন। এখন অনেকেই তাহাতে বিশ্বাস করেম না; কিন্তু উহার বিশ্বাস্থতার বিষয় আমরা প্রস্তাবাস্তরে আলোচনা করিব। ভংশসহন্ধে আপাতক এই পর্যন্ত বলা ঘাইতে পারে যে, ফ্রান্সদেশের ক্লেয়ার ভয়ান্স, জর্মণির হেল্সেম্ ও স্থপ্রসিদ্ধ জর্মণদেশীয় রসায়নশাস্তবেতা এম্ বিসেন্ব্রাস্ সাহেবের অভ্যোস্ বা ওভিল্ ফোর্সের প্রতি বিশ্বাস স্থাপন করিবার যদি কোন ভিত্তি থাকে, তবে অশ্বদেশীয় যোগজ বলের অম্লকতাও অস্ত্রবা

যে সকল অবহা জীব প্রতিনিয়তই অনুভব করিতেছেন, তাহাদের নাম
সহজ অবহা, আর যে সকল অবহা আত্মার সহিত প্রাকৃতির বা পরমান্ধার
সংযোগবলত উৎপন্ন হয়, তাহাদিগের নাম ধোগজ অবহা। যোগজ অবহা
কারণভেদে বিবিধ;—অড়শক্তির সহিত সংঘোগে যে অবহা প্রকাশ পায় ও
তাহার নাম কর্মধোগ; এবং পর্যাত্মার সহিত সংযোগে যে অবহা প্রকাশ
পায় তাহার নাম অধ্যাত্মযোগ। অধ্যাত্মবোগ আবার জ্বান্ধার ও ভক্তিযোগ
ভেদে বিবিধ। এ বিবর পরে আলোচিত হইবে।

জীবাদ্ধা, প্রীনাদ্ধা ও মন। পূর্ব্বোক্ত অবস্থা সকল হইডেই শীবাদ্ধা, প্রমাদ্ধা ও মনের স্বতন্ত্র অভিত অনুমিত হইরা থাকে। আদ্ধা পূরুষ ও মন প্রকৃতি, উভরের সংযোগেই সমস্ত জ্ঞানকার্য্য নির্বাহ হইরা থাকে। স্বর্যা ও চল্লের প্রতিভার মধ্যে বেরপ স্কা ভেলের ও রসের বীক নিহিত থাকে এবং

কোন কারণবশত উহা প্রকাশিত হইলেই অগ্নিও জল উৎপাদন করে, তক্রপ প্রমান্মতে নিহিত চিৎ বীজ প্রকৃতির সহিত সংযোগে জীবাত্মার উৎপাদন করে এবং উক্ত কারণের শক্তি অনুসারে জীবাত্মারও শক্তির অন্নতা বা আধিক্য হইরা থাকে। প্রকৃতি বিষমা; তদংশভূত মনও বিষম; স্থতরাং মনের বৈষম্যপ্রযুক্ত বায়ুরাশিসংযুক্ত এবং মণিসংযুক্ত চক্ত এবং সূর্য্য কিরণের श्रीय जरमायुक व्याचादा देवमा हम। এই कातराई जीवमर्सा डेक्ट नीह ভেদ-এই নিমিন্তই জীবগণমধ্যে গুণ ও অবস্থার তারতম্য অনুসারে বর্ণাশ্রম-ভেদ হইয়া থাকে। স্বকীয় প্রকৃতির গুণে যে আত্মাতে যে পরিমাণে পর্মাত্মার শক্তি আরুষ্ট হয়, সেই আত্মা সেই পরিমাণে উজ্জ্বলতা বা অনুজ্জ্বলতা, চিত্ত বা জড়ত্ব, জ্ঞান বা অজ্ঞান এবং সুথ বা হুঃথ লাভ করে। যে আত্মা যে পরিমাণে ঐশব্যক তেজ ধারণ করে. সেই আত্মা সেই পরিমাণে স্ক্রেতা লাভ করিয়া ঈশ্বরের সহিত সংযুক্ত হইবার জন্ম উন্নত হইতে থাকে; এবং যে আত্মা যে পরি-মাণে প্রাকৃতিক মোহ ধারণ করে, সেই আত্মা সেই পরিমাণে স্থলতা লাভ করিয়া প্রকৃতির সহিত সংযুক্ত হইবার জন্ম অবনত হইতে থাকে। উন্নতির সোপান সকলই স্বৰ্গ এবং অবনতির সোপান সকলই নরক। আত্মশক্তি উর্দ্ধস্রোতস্বতী এবং জড়শক্তি অধঃস্রোতস্বতী। আত্মশক্তি হইতেই নিরোধ সঞ্জাত হইয়া বিবেক উদ্ভাবিত করে, এবং জড়শক্তি হইতেই ব্যুখান সঞ্জাত হইয়া মৃচতা উদ্ভাবিত করে। সত্বগুণোৎপাদক ক্রিয়া দারা যে শক্তির প্রকাশ হয়, তাহার নাম নিরোধশক্তি এবং রজ ও তমোগুণোৎপাদক ক্রিয়া দারা যে শক্তি উৎপন্ন • হয়, তাহার নাম ব্রথানশক্তি। নিরোধশক্তির অভ্যাদয়ে আত্মার চিৎশক্তি শংমুক্ত হইলে উহা তেজম্বী জ্যোতির্মায় ও উর্দ্ধগামী হয়, এবং ব্যথানশক্তির উদয়ে আত্মা তেজ ওজ্যোতি বিরহিত এবং অধোগামী হয়। জীবাত্মা ও দেহ সকল গোলক স্বরূপ এবং পরমাত্মা ও মন যথাক্রমে উহাদের কেন্দ্র। জীবাত্মা ও শরীর সৌরজগৎ স্বরূপ এবং পরমাত্মা ও মন যথাক্রমে তাহাদের স্থ 🏟 যেমন আধ্যা-স্মিক স্বগতে গুণতারতম্যে তেন্সেরও তারতম্য হয়, স্বড়স্বগতেও তদ্ধ্রপ শ্বণ-ভারতম্যে তেন্দের ভারতম্য হইয়া থাকে। স্কুতরাং যেরূপ প্রকৃতির সহিত শরীরের সম্বন্ধ হইবে, শরীর সেইরূপ তেজ মনে প্রেরণ করিবে এবং মনও সেইরূপ তেজ

আত্মাতে এবং আত্মা সেইরূপ তেজ পরমাত্মাতে প্রেরণ করিবে। মন আত্মা ও শরীরের মধ্যবর্ত্তী। শরীর আহার-বিহারাদি দারা প্রকৃতি হইতে যে তেজু সংগ্রহ করে, তাহা মনেই সঞ্চিত করে। মন ঐ সঞ্চিত তেজের বলে আত্মার সহিত সংযুক্ত বা তাহা হইতে বিযুক্ত হয় অর্থাৎ যদি মনের জড়ীয় তেজ অপেক্ষাক্বত অধিক হয়, তবে মন আত্মার বগুতা পরিত্যাগ করে এবং যদি উহার অড়ীয় তেজ সমতা বা অয়তা প্রাপ্ত হয়, তবে মন আত্মার অধীনস্থ হয়় আত্মশক্তির পরিবর্দ্ধনের উপায় তুইটি:—প্রথম, প্রকৃতির সত্ম রজ ও তম, এই গুণত্রয়কে সাম্যাবস্থায় আনয়ন করিয়া মনকে আত্মার অধীন করা; দ্বিতীয়, সত্মগুণের আধিক্য দারা রজ ও তম, এই ছুইটি গুণকে অভিভূত করিয়া আত্মার তেজ বর্দ্ধন পূর্বক মনকে তাহার আয়ত্ত করা। প্রথমোক্ত উপায় কর্মযোগ-সাধ্য এবং দ্বিতীয় উপায় জ্ঞানযোগ ও ভক্তিযোগ সাধ্য।

মন প্রাকৃতিক শক্তিবিশেষ। জল, লবণ, তাত্র ও দন্তা প্রভৃতির সহযোগে উৎপন্ন শক্তিবিশেষ যেরপ সর্ব্বের ব্যাপ্ত তাড়িতকে আকর্ষণ করিয়া স্বসংস্থিত করে; কিন্তু তাহাকে কেহ দেখিতে পায় না, কেবল তাহার কার্য্য ধারা তাহার অন্তিম্ব অনুমিত হয়; তজ্রপ প্রাকৃতিক পদার্থনিচন্নের সহযোগে উৎপন্ন মনরূপ শক্তি দেহাদি সর্ব্বের ব্যাপ্ত প্রকৃতির শক্তিকে আকর্ষণ পূর্বক স্বসংস্থিত করে, কিন্তু মনকে কেহ দেখিতে পান না; কেবল মানসিক কার্য্য ধারাই মনের অহমান হয়। মন আত্মশক্তির সাহায়ে ইক্রিয়সমূহকে কার্য্যে প্রবর্তিত করিয়া তদ্বারা নিক্ষের প্রয়োজনীয় শক্তির সঞ্চয় করে এবং ঐ শক্তি আবার আত্মার উন্নতি, সাধনার্থ তাহাকেই সমর্পণ করে। মনের সহিত আত্মার ও বাহ্ম জগতের ঘনিষ্ঠ সম্বন্ধ। কোন কারণ বশত কোন একটি শরীরের জীবনীশক্তির উধাধন হইলে, সেই সন্ধ্রুন ঘটক অব্যান্ধ নামই জন্ম এবং কোন কারণ বশত কোন একটি শরীরের জীবনীশক্তির অপগম হইলে, সেই শরীরের সহিত আত্মার ও মনের যে সম্বন্ধ জিব, তাহার নাশক অবস্থার নামই মৃত্য়। এই জন্ম ও মৃত্যু উভয়ই আত্মার উন্নতির জন্ম। আত্মাতে জ্ঞানোৎপাদনের জন্মই শরীর। ঐ শরীর মধন

জ্ঞানোৎপাদনে অসমর্থ হয়, তথন আত্মার জ্ঞানোবোধনার্থ নৃতন দরীর হইরা থাকে। ইহাই জন্ম ও মৃত্যুর রহস্ত।

আত্মা পূর্ব্বোক্ত জাগ্রাদাদি অবস্থা ও এই শেষোক্ত জন্মাদি অবস্থার সাজিবর্মণ। ফলত এই সকল অবস্থাই আত্মার প্রমাপক। জীব তমোগুণাদি
জন্ত মৃঢ্তাবশত আত্মবিস্থত হয়েন; কিন্তু এই সকল অবস্থাই আবার তাঁহার
সহদ্ধে আত্মন্তি আনমন করে। আমরা কথাপ্রসঙ্গে প্রভাবিত বিষয় পরিভ্যাগ পূর্ব্বক বহুদ্র আসিয়াছি, স্বভরাং একণে তাহারই আলোচনাতেই
প্রস্তু হইব।

अञ्चल अहे माज वक्तना, जामता शृदर्स एव हेम्हा ७ विरवरकत विवन्न বলিয়াছি, তন্মধ্যে বিভাবনাশক্তির প্রকাশই ইচ্ছা এবং উদ্ভাবনাশক্তির প্রকাশই বিবেক। ইচ্ছাশক্তির প্রকৃত অবস্থায় অবস্থান কালে মর্থাৎ ইচ্ছাশক্তি দুৰিত না হইলে, উহার সহিত বিবেকের কিছুমাত্র বিরোধ দৃষ্ট হয় না; কিন্তু তবৈপরীতোই বিরোধ ঘটে। ইচ্ছার অনিয়মিত প্রাবল্য হইলে বিবেকের ধর্মতা হওয়াতে ইচ্ছা বিবেককে বশীভূত করিয়া তত্নপরি আপনার আধিপত্য বিস্তার করে। কিন্তু ইচ্ছার ঐ স্থানচাতি না হইলে উভয়ের মধ্যে কোন বিরোধ বা অসামঞ্জ উপস্থিত হয় না। তথন উভয়ে পরস্পরের অবিরোধি-ভাবে কার্য্য করিতে থাকে। বিভাবনাশক্তি আত্মা হইতে উৎপন্ন হইয়াও পান্ধা হইতে পুনরুৎপন্ন উদ্ভাবনাশক্তির জননী। বেমন দর্শন-ক্রিয়া কোন ব্যক্তি কর্ত্ত নিপান্ন হইলেও চকুর দোষে দর্শনের দোষ সম্ভব হয়, তজাপ -विভाবনার দোবে উদ্ভাবনারও দোব ঘটরা থাকে। উদ্ভাবনার প্রকাশ বিবেক, আত্মারই কার্য্য হইয়াও মনোদোবে এবং বিভাবনার প্রকাশ ইচ্ছার দোবে দূষিত হইরা পড়ে। আত্মাতে বিচারশালিনী নৈতিকী বৃত্তির প্রকাশই বিবেক। এবং সম্বত্রব্যতাত্মিকা বৃদ্ধির নামই নীতি। প্রমাতার কামনারপা ইচ্ছা वित्वक्मानिनी बहेबा त्व अवृत्ति छेरलामन करत, जाबाह किनी अवृत्ति। किंख वित्वकावश्चात कृष्ठिं मा इटेटिंड के टेक्टा यनि वागमात्राल পतिनका हत, खारा रहेरनरे मानरवत जाहात नीजिविक्क रहेता शर्छ। कन्छ व्यव्छित कन स्परे रुषेक जात रू:धरे रुषेक, कर्जशीना रेक्षा नकन नमस्तरे जारात जरीनजा

পরিত্যাগ পূর্বক কার্য্যের বশবর্তিনী হয় না। অনেক সময়ে বিবেক বাহা विनिन्ना मित्व, श्रीवृत्ति त्मेरे मित्करे शांविक स्टेरव। वित्वक वांश अकर्खना বলিবে, মন তাহা হইতে নিবৃত্ত হইবে। অতএব বিবেককেই নীভিব্ন জনক বলিতে হইবে। ভূয়োদর্শন বা শিক্ষাই বিবেকের উদ্বোধক। বিবেকের গুইটি উপাদান ;—একটি স্বন্ধ বা স্বসম্বন্ধিত্ব জ্ঞান, এবং অপরটি স্বসম্বনীয়ের প্রতি আচরণীয় মূলক কর্ত্তব্য জ্ঞান। শেষোক্তটিকে আবার ছই ভাগে বিভক্ত করা যাইতে পারে। যথা,—জীবের বা স্বসমধর্মীর প্রতি ও ঈশ্বরের বা প্রধানের প্রস্তি আচরণ মূলক কর্ত্তব্য জ্ঞান। এই শেষ জ্ঞানটি বর্ত্তমান প্রস্তাবের বিচার্য্য নহে। যাহা হউক, পূর্ব্বোক্ত স্বত্ত-কর্ত্তব্যতাত্মক জ্ঞান মানবমাত্রেরই জ্বান্তে সমভাবে বিরাজমান। তবে শিক্ষা অনুসারে ঐ বিবেকের বৈকল্য ঘটিয়া থাকে। কোন क्राप वित्वक पृष्ठिक इंडेलिंडे मध्येत्रचित्र अर्ख्यात अमध्येत्रचि मकलात मत উদয় হইতে থাকে। দূষিত বিবেক হইতেই পরবর্ত্তী ইচ্ছারও বিকার উপ-স্থিত হয়। এইরূপে ইচ্ছাশক্তি বিকৃতা হইলেই মানব স্বন্ধ ও কর্তব্য বিশ্বত হয়েন, এবং ক্রমে বিনয়ের অপগমে অহঙ্কত ও অধার্মিক হইয়া পড়েন। ষত দিন গুণের সামঞ্জন্য থাকে, অর্থাৎ মুথস্বরূপ, লঘু ও প্রকাশ-সভাব সম্বন্ধণ অকীয়া শাস্তা বৃত্তি অবলম্বন করিয়া বিষয়ের প্রকাশরূপ অকার্য্য সম্পাদন করিতে থাকে, এবং চু:খরূপ, ঘোরবৃত্তি, উপষ্টম্ভক অর্থাৎ প্রবর্ত্তক, চঞ্চলমভাব রজোগুণ ও মোহস্বরূপ, গুরু, আবরক ও মুচুস্বভাব তমোগুণ তাহাকে নিয়-ব্রিত বা আবরণ না করে, তভদিন বিবেকও বিকৃত হয় না। স্থতরাং মানবের পতনের সন্তাবনাও ঘটে না। কিন্তু অসংস্কাদি হারা গুণের অসামঞ্জ্য यहिलाई भत्रिगामी, क्रकन तरका खन अवः विकाती, मृत् उत्मा खन्त श्रीवना-প্রযুক্ত শুদ্ধ সংস্থের সমাক্ কুরণের অভাব হইয়া পড়ে। পরিশেবে অধর্মপ্রহৃত্তির প্রাবল্য বলভ দেবতুল্য মানব মোহগর্ডে নিপ্তিত ও প্রতুল্য ইইয়া উঠেন। তথন ভাঁহার জৈতির সন্তাবনাও স্থপুরপরাহতা হয়।

পূর্বোক্ত মতে আগত্তি উত্থাপন পূর্বক কোন কোন ব্যক্তি বনিরা থাকেন বে, যথন অপরাপর বস্তুর ন্যায় সাক্ষাৎসক্ষরে প্রমাতার অভিছের কোন প্রমাণ প্রাপ্ত হওয়া যায় না, তথন তাহার স্বীকারেরও প্রয়োধন নাই। এইরপ পূর্ব- পক্ষ নিতান্ত অসঙ্গত। কারণ, আমরা যথন প্রত্যেক কার্য্যেরই উৎপত্তিসম্বন্ধে ইন্দ্রিরের অগোচর শক্তি স্বীকার করিতেছি,—বে সকল শক্তি স্বীকার করিতেছি, তাহাদের মধ্যে কোন কোন শক্তি আমাদিগের বেদ্য না হইলেও তাহাদিগের অন্তিম্ব অপ্রমাণ বলিয়া প্রতিপাদন করিতে পারিতেছি না,—বিশেষত সমস্ত কার্য্যজনিকা শক্তির অন্তিথের স্থির সিদ্ধান্ত করিতেছি;—অগ্নি করিতেছে বলিয়া তাহার দাহিকা শক্তি স্বীকার করিতেছি, এইরূপ মহাকর্ষণ, তাড়িত, জীবনী ও কৈশিকাদি নানা শক্তি স্বীকার করিতেছি;— যদি ঐ সকল শক্তি অবনত শীর্ষে স্বীকার করিতে পারিলাম, একমাত্র আস্থা-শক্তির—যাবদীয় কার্য্যের সাক্ষিম্বরূপিণী যাবদীয় শক্তির আকর্ম্বন্ধপা আস্থা-শক্তির—অস্বীকার করি কেন ? যদি সকলই স্বীকার করিলাম, তবে যে শক্তি ভিন্ন কোন কার্য্য হয় না, সেই নিথিল-কার্য্যকারিণী ইচ্ছাশক্তির ও সর্ব্বাকর-স্বর্দ্ধপিণী আত্মশক্তির এবং বিচিত্ররচন বিশ্বের একমাত্র কারণস্বরূপ, নিথিল-শক্তির আশ্রয়ভূত, শক্তিসমূহের আভিমুধ্যসম্পাদক পরমান্থারই অন্তিম্ব অস্বীকার করিবার কারণ কি ? স্থতরাং ঐ অস্বীকার সম্পূর্ণ অহেতুক ও সর্ব্বতোভাবে অপ্রমাণ !!!

এই পর্যান্তই আমাদিগের বিভাবনাশক্তির আলোচনার শ্রেষ। অতঃপর উদ্ভাবনাশক্তি সমালোচিত হইতেছে।

অমুলনি। উপলনির ভার কেবল অমুলনি ধারাও জ্ঞানের সম্পূর্ণতা সিদ্ধি হয় না। বিভাবনাশক্তি ধারা যাহা কিছু উপলন্ধ হয়, প্রমাতা তাহার চিস্তা ধারা বেরূপে বস্তু অমুভব করেন, তাহারই নাম অমুলনি। যে সকল নিয়মে উক্ত ব্যাপার সম্পাদিত হয়, তাহাদিগকেই ভাবনার নিয়ম কছে। এবং ঐ নিয়ম সকল যেরূপে পরিচালিত হয়, তাহাকে ভাবনার আকার কছে। নিয়ম বা রীতি ভাবনার কায়্য এবং আকার বা সংস্থান উহার কলস্করপ।

সামান্তাবধারণ, বিমর্শন ও পরামর্শন, ইহারাই ভাবনার ব্রিয়ম বা কার্য্য। এবং সামান্তজ্ঞান, বিমর্শ ও পরামর্শ, ইহারা ঐ কার্য্যের আকার বা ফলস্বরূপ।
চিন্তাই বিভাবনা-শক্তি-সমুখ অপরিক্ষুট জ্ঞানকে সীমাবদ্ধ করে এবং
উহাকে জ্ঞানান্তর হইতে পৃথক করিয়া পরিক্ষুট রূপে প্রকাশ করে। এই

ব্যাপারছরের সাধনই অন্বর ও ব্যতিরেক। উহাদের মধ্যে প্রথমটি ভিন্ন জ্ঞানের এরপ কোন নির্দিষ্ট সীমাই প্রাপ্ত হওয়া যায় না, যন্ধারা বন্ধজ্ঞান নিশার হইতে পারে। এবং বিতীয়টি ভিন্ন সবিকরক জ্ঞানের অমুৎপত্তিতে বস্তর সামান্তজ্ঞান বা বিশেষজ্ঞানও জন্মে না; কিন্ত তাহার অপরিক্ট বা অসম্পূর্ণ ভাবের বোধ অর্থাৎ নির্কিকল্পক জ্ঞান মাত্র হইয়া থাকে।

মেলক সম্বন্ধের নাম অন্বয় সুম্বন্ধ এবং ভেদক সম্বন্ধের নাম ব্যভিরেক সম্বন্ধ ।
এই ছইটির মধ্যে কোনটির অভাবেই বস্তজান হইতে পারে না। একটি বৃক্ষকে
আত্রব্বন্ধ বা অপর কোন বিশেষ বৃক্ষ বলিয়া জানিতে হইলে, ঐ বৃক্ষের কতকগুলি বিশেষ গুণ বা ধর্ম্মের জ্ঞান হওয়ার প্রয়োজন। এবং ঐ গুণ বা ধর্মা অন্ধভব করিতে হইলেই চতু:পার্ম্মন্থ অপরাপর বস্তব্ধ গুণ বা ধর্মা হইতে উহার গুণ
বা ধর্মা গুলিকে পৃথক্ বোধ করিতে হইবে।

ক ক-ই এবং ক ক-ভিন্ন নহে; অর্থাৎ কাদি বস্তমাত্রই নিজ বিশেষ গুণ বা বিশেষ ধর্ম বিশিষ্ট এবং ঐ ধর্মবিশিষ্ট পদার্থটি তদক্তধর্মবিশিষ্ট পদার্থটি হইতে সম্পূর্ণ বিভিন্ন। অনেকেই বলেন, এই বিশেষজ্ঞান ও সামাক্তজ্ঞানে একটি অতিরিক্ত তৃতীয় সম্বন্ধের প্রয়োজন। বস্ত—যাহাকে পৃথক্ করিতেছি, অন্ত বস্ত—যাহা হইতে পৃথক্ করিতেছি, এবং তহুভরের মধ্যবর্ত্তী জ্ঞানগোচর যাবদীয় পদার্থ, এই তিনটির মধ্যে শেষটির বোধ, উক্ত তৃতীয় সম্বন্ধ বারাই হইয়া থাকে। কারণ, ঐ ভেদ, অন্বয়ী ও ব্যক্তিরেকী পদার্থব্যের পরস্পর ভেদ নহে; উহা যে হইটি বিষয়ের চিন্তা করা যাইতেছে তাহাদের ও তদতিরিক্ত যাবদীয় সম্বন্ধ জ্ঞানগম্য পদার্থমাত্রেরও ভেদ। ক-ভিন্ন বলিতে ক-ব্যক্তি রিক্ত চিন্তানীয় সমন্ত বিশ্ব। প্রত্যেক সম্বন্ধবর্গর বন্ধই হয় ক, না হয় ক-ভিন্ন। অত্তএব তাঁহারা ক-ভিন্ন ব্রিতে অন্থয়-ব্যক্তিরেক রূপ উভ্যয়-সন্মিলিত অতিরিক্ত একটি তৃতীয় সম্বন্ধ স্থীকার করেন। বন্ধত ঐ সম্বন্ধটি একটি অতিরিক্ত সম্বন্ধ নহে; উহা উক্ত অন্থয় ও ব্যক্তিরেক নামক সম্বন্ধদ্বের সন্মিলন মাত্র, স্ক্তরাং অতিরিক্ত সম্বন্ধ স্থীকারের কোনই প্রয়োজন দেখা যায় না।

উক্ত অৰয় ও ব্যতিরেক নামক সম্বন্ধরই চিস্তার মৃল ও ন্যায়শালের ভিত্তিস্বরূপ। জ্ঞানমাত্রই পূর্বোক্ত সম্বন্ধর্যের সহায়তায় নির্বিক্লক ও সবিকল্পকের সহবোগে সমৃৎপন্ন। জ্ঞানের বিভাবনাশক্তিসম্খ, নির্মিকল্পকল্প,
আকুট উপাদান উত্তাবনাশক্তির পরিচালনে পূর্ব্বোক্ত নিয়মন্বরের অধীনে
পরবর্ত্তী নিয়মে সবিকল্পক আকারে পরিণত হইয়া উহার সম্পূর্ণতা বিধান
করে। যথা, একটি বস্তু, অন্য বস্তু হইতে ভিন্ন ও অবশিষ্ট বস্তুর সহিত সন্মিলিত হইরা সবিকল্পক বস্তুজ্ঞানের উৎপাদন পূর্ব্বক জ্ঞানগোচর বিশের সম্পূলিত হইরা সবিকল্পক বস্তুজ্ঞানের উৎপাদন পূর্ব্বক জ্ঞানগোচর বিশের সম্পূ-

সামান্যজ্ঞান, বিমর্শ ও পরামর্শ নামক উদ্ভাবনাশক্তির অবস্থাত্তর ভাবনার শক্তিভেদ নহে; কিন্তু ফলভেদ বা অবস্থাতেদ মাত্র। ঐ ভেদ ন্যারশান্ত্রের অনুগাত—সমগ্র দর্শনশাত্ত্রের অনুমাদিত নহে। প্রকৃত পক্ষে ঐ তিনের বৃদ্ধি বা শভাব একই। কেবল স্ক্র বিচারের নিমিন্ত কল্লিত সংজ্ঞা বা অবস্থার ভেদ মাত্র। ফলত, কল্লিত হইলেও অসঙ্গত বলা যার না। ভিন্ন ভিন্ন শাস্ত্রকারগণ—কি বৈজ্ঞানিক, কি দার্শনিক, কি জ্যোতির্বিদ, কি কবি, সকলেই নিজ নিজ শাস্ত্রে শ্ব অভিপ্রার সাধনার্থ ঐ রূপ ভেদ ও পরিভাষা কল্পনা করিয়া থাকেন। ফলত এক শাস্ত্রের কল্পনা অপর শাস্ত্রান্থসারে অসঙ্গত বোধ হইলেও তত্তৎ-শাস্ত্রের উদ্দেশ্যদিদ্ধির নিমিত্ত সঙ্গত বলিয়া অবশ্র শ্বীকার্য্য।

সামান্যজ্ঞান। পূর্ব্বেই বলা ইইয়াছে যে, জ্ঞানের বিষয় কাল ও জাধারের জ্ঞাধিকারী। কোন একটি বিষয়কে বা কার্য্যকে জামরা জ্ঞপর বিষয় বা কার্য্য ইইতে পৃথক বোধ করিতে পারি। কাল ও আধারই উক্ত ভেদজ্ঞানের সহায়। বিভাবনাশক্তি হারা আমরা প্রকৃত ভেদ হির করিতে পারি না; উত্তাবনা শক্তির লাহায্যেই ঐ ভেদ নির্ণীত হর। বিভাবনাশক্তি হারা আমরা যাহা উপলব্ধি করি, তাহা কেবল কতকগুলি লাধারণ ধর্ম্ম; ঐ সকল ধর্ম ইইতে বে জ্ঞান হর, তাহা নির্ন্ধিকরক জ্ঞান মাত্র; অসাধারণ ধর্ম জ্ঞাণ বন্ধর বিশেষজ্ঞান হর না। ঐ জ্ঞান উত্তাবনাশক্তির অপেকা করে। সামান্যজ্ঞান সামান্যক্রণানামক জ্ঞানিকিকসন্ধিকর্মের ফল।

বিষয়ের সম্পূর্ণ জ্ঞান প্রাধির নিমিত চিতা হারা বিশেষ ভগের সমবার জনবারণ করিয়া ঐ সমবেত তাণ বা ধর্ম বিশিষ্ট একটি বিষয়ের বা তৎশ্রেণীর বিষয়মাজের উপর বে জ্ঞান জয়ে, তাহাই ব্যক্তিজ্ঞান ও স্বাডিজান। ধর্ম আধারে নিরবচ্ছিরভাবে অর্থাৎ অনবিতভাবে অবস্থান করে না। স্থানাং একব্রে এই একটি গুরুতর প্রশ্ন ইইতে পারে যে, এক যাত্র আধারে নিরবচুছে দছারী গুণ সকল কি প্রকারেই বা অনথিত ভাবে গৃহীত হয় ও ভদ্ধারা পৃথক্ ভাবে বস্তুজ্ঞান নিশার হয় ? ঐরপ অভ্ভবের সাধরে প্রতিক্ষৃতির প্রবােজন। আধার বেরূপ লৌকিক সন্নিক্ষর কারণ, উক্ত প্রতিক্ষৃতির তর্মানান। আধার করেপ লৌকিক সন্নিক্ষর কারণ। এইরূপে দেখা যায়, ঐ প্রতিক্ষতিই ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞানের সাধন; অর্থাৎ কতকগুলি গুণের অষয়-ব্যতিরেকেই ব্যক্তিজ্ঞান ও জাতিজ্ঞান নিশার হয়।

শামান্যজ্ঞান দিবিধ:—বাস্তবিক ও প্রাতিক্তিক। নিশ্চিত বন্ধণ্ড শামান্যজ্ঞানই বাস্তবিক সামান্যজ্ঞান এবং সন্তবপর বস্তগত্ত সামান্যজ্ঞানই প্রাতিক্তিক শামান্যজ্ঞান। কতকগুলি গুণের অবন্ধাতিরেকে যে বস্তজ্ঞান হয়, তাহারই নাম বাস্তবিক সামান্যজ্ঞান বা ব্যক্তিজ্ঞান এবং উক্ত ব্যক্তির ধর্ম-সাদৃশ্যে যে নিখিল তবৰস্তনিষ্ঠ জাতিজ্ঞান হয়, তাহাকেই প্রাতিকৃতিক শামান্যজ্ঞান বলে। ব্যক্তিজ্ঞান বা বিশেষজ্ঞান প্রাতিকৃতিক শামান্য জ্ঞানের পরবর্ত্ত্বী। উক্ত ব্যক্তিজ্ঞান নিয়লিখিত অবস্থা চতুইয় হইতে উৎপন্ন হয়। প্রবর্ত্ত্বা, সামান্যভাবে বস্তর উপলব্ধি অর্থাৎ নির্ক্তিক্ষক জ্ঞান, তদনস্তর প্রকাপলব্ধ বস্তর শ্বরণ, পরে তবস্ত ও তবস্ত-ভিন্ন এতহ্ভরের পরম্পর শাদ্যা বৈসাদ্যা চিন্তন, অবশেষে বস্তর ধর্মা ও ধর্মবিশিষ্ট বস্তর সবিক্ষক জ্ঞান। ক-এর জ্ঞানে সামান্তত ক-এর উপলব্ধি, তদনস্তর ক-এর উপলব্ধ আকার শ্বরণ, পরে ক ও ক-ভিন্নের পরম্পর সাদৃশ্য বৈসাদৃশ্য চিন্তন, অবশেষে কন্থবিশিষ্ট ক-এর-জ্ঞান হইয়া থাকে।

উলিখিত অবস্থা-চতুষ্টরের অন্তর্গত সমস্ত কার্যাই অধন-বাজিরেক নিয়ম ধারা নিজ্ঞানিত হইল। ক-এর উপলব্ধি অর্থাৎ ইন্দ্রিয়সনিকর্ব, ক-এর স্থারশ অর্থাৎ মন:সন্নিকর্ব, ক ও ক-ভিন্নের সাল্শ্য-বৈসাল্শ্য বা উপনিতি ও কর্ম-বিশিষ্ট ক-এর জ্ঞান, সকলই অধন-ব্যক্তিরেকের ফল। ক ক-ই, এইটি অব্যক্ষ্ণ অর্থাৎ ক-এর ক্ষ্বিশিষ্টত্বের কোন দেশে বা কোন কালেই ব্যক্তিরের নাই। ক ক-ভিন্ন নহে, এইটি ব্যতিরেক স্থল অর্থাৎ ক-ভিন্ন হইতে ক-এর ভেন্ন স্কর্ম-

দেশে বা সর্বকালেই বিদ্যমান। বস্তমাত্রই হয় ক, না হয় ক নহে, এইটি অন্তয়-ব্যতিরেক স্থল অর্থাৎ যে কোন বস্তু ক বা ক-ভিন্ন হইবে।

বিমর্শ-জ্ঞান। তুইটি সামান্য জ্ঞানের পরস্পর সম্বন্ধনির্ণয়ার্থ উপমিতিজনিত জ্ঞানই বিমর্শ-জ্ঞান। সীমানির্ণয় ছারা একটি সামান্য জ্ঞানকে অপর সামান্য জ্ঞান হইতে পুথক্ করা যাইতে পারে। কিন্তু উপমিতি ব্যতিরেকে উভরের সম্বন্ধ বা ঐ দীমা নির্ণীত হয় না। তুইটি সর্লরেখা একটি স্থানকে পরিবেষ্টন করিতে পারে না: এই বাক্য উচ্চারিত হইলে, আমরা যে কেবল উক্ত বাক্যের শব্দার্থমাত্র অবগত হই, তাহা নহে; কিন্তু উদ্ভাবনা শক্তির সাহায্যে মনে ছুইটি দরল রেখার কল্পনা করি. এবং তাহাদের বংকিঞ্চিৎ স্থানাধিকারও কল্পনা করি। অতএব সরল রেখালয়ের সম্বন্ধে বিমর্শ-জ্ঞান পরিবাক্ত করিবার অর্থাৎ উহাদের লক্ষণ ও সম্বন্ধ নির্দেশ করিবার পূর্ব্বেই উহাদের স্থানপরি-বেষ্টনাসামর্থ্য অহুভূত হইয়া থাকে। এইরূপ স্বর্ণের গুরুত্ববিশিষ্টতা বা চল-নাদির সৌরভাদিবিশিষ্টতা জ্ঞানও বিমর্শ-জ্ঞান। অর্থাৎ বিশিষ্ট-বৈশিষ্ট্যাবগাহী জ্ঞানই বিমর্শ-জ্ঞান। বোধ করুন, আমার স্বর্ণ জ্ঞান অর্থাৎ স্বর্ণের কাঠিন্য, বর্ণ ও ঔচ্ছল্যের জ্ঞান আছে: কিন্তু ঐ সকল গুণের চিন্তার পর স্বর্ণকে হস্তে গ্রহণ করিলে, কি জ্ঞান হয়, জানি না। সামান্যলক্ষণা-সন্নিকর্ষ দ্বারা স্বর্ণের বিশেষ ধর্মমাত্রেরই বোধ হইয়াছে। স্বর্ণ হইতে পূথক রূপে ততত্ধর্মের জ্ঞান काननक्रभामन्निकर्व जिन्न ब्हेटलाहे भारत ना। चुलतोः चर्ग ब्रांख नहेनाम व्यवः সংস্কার বশত উহার ভার বা অলোকিক গুরুত্বও অমুভব করিলাম। কিন্তু ঐ ·ভারজ্ঞান স্বর্ণ হইতে উৎপন্ন কি না অর্থাৎ গুরুত্ব স্বর্ণেরই গুণ কি না. তাহা জানিতে পারিলাম না। উহা উদ্ভাবনা শক্তির কার্য। এরপ জ্ঞানের নামই অষ্ট্র-বিমর্শ-জ্ঞান এবং ত্রিপরীতই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান। বিভাবনা-শক্তি बादा वजर खन नकरनद नामानाधिकदना छेननक स्टेरन, वे खन नकन वे বস্তুতে কোনু সম্বন্ধে আছে, তাহার স্থিরীকরণের নামই বিমর্শন। ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান যথা ;---আমি একটি কাঠাসনের উপর কতকগুলি কলুক দেখিয়া বলিলাম, উহারা কুক্তবর্ণ, এবং অপর কতক্তুলি দেখিয়া বলিলাম, উহারা খেতবর্ণ। সকলগুলি এক বর্ণের নহে : কতকগুলি খেত ও কতকগুলি হুক্ট। এইরূপ ভেদজ্ঞানই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান। সামান্যজ্ঞানের সাহায্যেও বন্ধর ভেদ অবগত হওয়া যায় সত্য, কিন্তু তন্ধারা সামস্ত্য বা অংশত্ব জ্ঞান হয় না। বাহার সাহায্যে ঐ জ্ঞান অর্থাৎ শ্বেত ও রুষ্ণ কল্পুক সকল সমস্ত কল্পুকর অংশ, এইরূপ জ্ঞান হয়, তাহাকেই ব্যতিরেকি-বিমর্শ-জ্ঞান বলা হয়। অন্বন্ধী ও ব্যতিরেকী উভন্ন বিমর্শ-জ্ঞানই জ্ঞানলক্ষণা নামক অলোকিক সন্ধিকর্শের ফল।

পরামর্শ-জ্ঞান। উদ্ভাবনের তৃতীয় ক্রিয়াই পরামর্শ। ইহাও সামান্যবন্ধেরই উপমিতি হইলেও বিমর্শ-জ্ঞানের সহিত ইহার প্রভেদ এই যে, বিমর্শে উক্ত উপমিতি সাক্ষাং সম্বন্ধে হয়, কিন্তু পরামর্শে কোন তৃতীয়কে লক্ষ্য করিয়া তাহার সহিত উক্ত সামান্যবন্ধের সম্বন্ধ বিষয়ক উপমিতি সাক্ষাং সম্বন্ধেই হইয়া থাকে। সামান্যজ্ঞান যেরূপ বিমর্শ-জ্ঞানের কারণ, বিমর্শ-জ্ঞানও তক্ষ্যেপ পরামর্শের কারণ। পরামর্শের অবয়ব কতকগুলি প্রতিজ্ঞা। বাক্য সকল যেরূপে মিলিত হইলে, উপসংহার হয়, সেই নিয়মই পরামর্শের রীতি। এবং উক্ত উপসংহার হইতে যে জ্ঞান হয়, তাহারই নাম অমুমিতি।

পূর্বেই বলা হইরাছে, জ্ঞান প্রমাও অপ্রমা তেদে ছিবিধ। জ্ঞানমাত্রই হয় সত্য জ্ঞান, না হয় মিণাাজান। য়িদও কোন কোন জ্ঞানের মিণাাছ আছে, কিন্তু সেই কারণে জ্ঞানমাত্রকেই অবিখাদ করিতে পারা যায় না। জ্ঞানকে বিখাদ না করিলে, মানবের পৃথিবীতে ক্ষণকালের জন্য অবস্থানও অসম্ভব হইরা উঠে। ফলত এই নিমিত্ত মানবমাত্রই মুখে স্বীকার করুন বা না করুন, অস্তরে জ্ঞানকে নিশ্চয়ই বিখাদ করেন। এক্ষণে দেখিতে হইবে, তাঁহাদিগের ঐ প্রোমাণ্য-নিশ্চয় অর্থাৎ যে জ্ঞানটিকে সত্য বলিয়া বিখাদ করিবেন, দেই জ্ঞানের সন্ত্যত্ত বিষরক নিশ্চয়ট স্বতঃ সিদ্ধ কি না?—এই জ্ঞানটি সত্য কি না ? এইরূপ সংশয় হয় বলিয়া উহাকে স্বতঃসিদ্ধ বলা যাইতে পারে না। নিশ্চয় হইকে সংশয় থাকে না। সন্দেহনিরসনকারক তর্কাদি ছারা সংশয়ের নিয়াশে নিশ্চয় হইকে, ঐ প্রামাণ্য-নিশ্চয়কে অবশ্যই অম্বের বলিতে হয়। বস্তুত প্রামাণ্য জ্ঞানকে অস্থমানগম্য ভিন্ন আর কিছুই বলিতে পারা যায় না।

বাহার প্রামাণ্য আছে, তাহাই প্রমাণ অর্থাৎ প্রমাজ্ঞানের জনক। চার্কাক-মতাবলম্বী নান্তিকগণের মতে প্রত্যক্ষই একমাত্র প্রমাণ। বৈশেষিক মতে

প্রত্যক্ষ ও অনুমান এই চুইটিই প্রমাণ। সাংখ্য মতে ও পাতঞ্জল মতে প্রত্যক্ষ, অমুমান ও শব্দ এই ত্রিবিধ প্রমাণ। মীমাংসক মতে অর্থাপত্তি ও অমুপলন্ধি, এবং পৌরাণিকমতে ঐতিহা ও সম্ভব, ইহারাও অতিরিক্ত প্রমাণ। এইরূপে দেখা যার, আমাদিগের দেশে প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ, অর্থাপত্তি, অমুণলির, ঐতিহ্ন ও সম্ভব, এই আটটি প্রমাণ স্বীকৃত হইয়া আদিতেছে। ভিন্মধ্যে 'আমি চকু ছারা ঘট দর্শন ক্রিতেছি,' ইত্যাদি স্থলে বস্তসন্নিকৃষ্ট অর্থাৎ বস্তুর সহিত সাক্ষাৎসম্বন্ধ বিশিষ্ট ইন্দ্রিয়ই দর্শনাদি জ্ঞানের সাধন বলিয়া ইন্দ্রিয়-কেই প্রত্যক্ষ প্রমাণ বলা হয়; 'ধুমাদিদর্শনে পর্ব্বতাদিতে বহুমাদির জ্ঞান' इंदेर्ड विद्या वङ्गानिकानज्ञ चछ्मिजित माधन पृमापि-वालिकानरक्रे অনুমান প্রমাণ বলা হয়; 'নদীতীরে পাঁচটি বৃক্ষ রহিরাছে,' 'স্বর্গকাম ব্যক্তি অমিষ্টোমাদি যজ্ঞ করিবে,' ইত্যাদি আগুবাক্যই তত্তজ্ঞানের দাধন বলিরা चाश्वनाकारकरे भक्त थामान तमा रहा; 'शवह नांभक ज्ञाह (शांत मन्म,' रेजामि ছলে সাদৃত্য জ্ঞানকেই উপমান প্রমাণ বলা হয়; 'সুলকায় দেবদত্ত দিবাতে ভোজন করেন না; যে ব্যক্তি দিবাতে ভোজন না করিয়াও স্থলকায় থাকেন তিনি অবশ্রই রাত্রিতে ভোজন করেন.' ইত্যাদি স্থলে অমুপপদ্যমান স্থলকায়-স্থাদি অর্থ দর্শনে তত্নপুপাদক রাত্রিভোজনাদি অর্থান্তর কল্পনকেই অর্থাপত্তি শ্রমাণ বলা হয়; বটাদির অনুপল্কি দারা ঘটাদির অভাব নিশ্চর হয় বলিয়া উপলব্ধির অভাবকেই অমুপলব্ধি প্রমাণ বলা হয়; 'শত সংখ্যার মধ্যে দশকের মন্তাবনা আছে,' ইত্যাদি বুদ্ধিতে সন্তাবনকেই সন্তব প্ৰমাণ বলা হয়; 'এই পুক্ষে ভূত বাদ করে,' এইরূপ অজ্ঞাতবক্তৃকত্বাগত পারম্পর্য্য-প্রদিদ্ধিকেই ঐতিহ্য প্রমাণ বলা হয়। এই সকল প্রমাণের মধ্যে কোন বিশেষ অর্থে শব-বিশেষের পরিচেদ রূপ উপমান, অন্যধামুপপত্তি-প্রস্তুত অর্থাপত্তি ও অবিনা-ভূত-দত্ত-জ্ঞাপক সম্ভব প্রমান অনুমানেরই অন্তর্গত ; উহারা পুথক প্রমাণ নহে ৷ ইজিবসাধ্য অত্প্ৰবৃদ্ধি প্ৰমাণ প্ৰত্যকেরই অন্তৰ্গত ৷ অনিদিষ্ট বক্তৃক্ত্ৰরূপে সংশব্বিত ঐতিহ্ প্রমাণই নহে। এবং শব্দ প্রমাণ আপ্তবক্তৃকত্বরূপে নিশ্চিত থাকাতে উহা বৈদান্তিকোক্ত আগম প্রমাণেরই অন্তর্গত। স্বতরাং প্রমাণ তিনটি মাত্র;—প্রত্যক, অনুমান ও আগম।

"প্রত্যক্ষনস্থানঞ্চ শাস্ত্রঞ্চ বিবিধাগমন্। অরং স্থবিদিতং কার্য্যং ধর্মগুক্ষিমভীপাতা ॥"

বিনি শুদ্ধভাবে ধর্মধাজন করিতে অভিলাষী, তাঁহার পক্ষে প্রত্যক্ষ, অন্থ-মান ও আগম অর্থাৎ বেদ, এই তিনটি প্রমাণই বিশেষরূপে বিদিত ছওরা কর্ত্তব্য।

প্রমাতা জীব, যে বস্তু যাহা নয় তাহাতে তদ্বৃদ্ধি রূপ ত্রম, অনবধানতা রূপ প্রমাদ, বঞ্চলেচ্ছা রূপ বিপ্রলিন্সা ও ইক্রিয়ের অপটুত্ব রূপ কর্ণাপাটব, এই চারিটি দোবে দ্বিত; স্বতরাং তদীয় প্রত্যক্ষ, অনুমান ও শক্তরণ প্রমাণ তিনটিও দূষিত হইবার বিশেষ সম্ভাবনা। জীব স্থাণুতে পুরুষবৃদ্ধি, শুক্তিকাদিতে রজতাদি বৃদ্ধি করিয়া থাকেন, অনবধানতাবশত অন্তিকে গীয়মান গানের भक् अरु करतन ना, मात्रामुक रुरेया अस्वावित्कत मात्रामुख्टाक् ननामित्क अ সত্য বলিয়া বিশ্বাদ করেন, ইন্দ্রিয়ের দোষ বশত অনেক সময়েই কি নিকটন্থ কি দূরস্থ বস্তুও দেখিতে পান না, কথন বা দেখিয়াও একরূপ বস্তুকে অন্যরূপ বোধ করেন। এইরূপ প্রত্যক্ষের স্থায় অমুমানেরও ব্যভিচার দৃষ্ট হইয়া থাকে। জীব বৃষ্টিতে বহ্নির নির্বাণ হইলেও যে ধুম দেখেন, তদ্ধানেও পর্বতে বহ্নির অন্তু-মান করিয়া থাকেন। কিন্তু আপ্তবাক্য রূপ শব্দপ্রমাণের—বেদের—কোন স্থানেই वाजिठात मृष्टे रत्र ना। अधिकञ्च आश्ववाका द्वाता शृद्धांक निर्वित सारवत्रहे নিবৃত্তি হইয়া থাকে। ঋষিগণের পরস্পর বিবাদ দর্শনে আপ্ত মানবের বাক্যের যদিও কোথাও কোথাও ব্যতিচার সম্ভাবনা অমুভূত হয়, কিন্তু পরমাপ্ত বাক্য বেদের কুত্রাপি ব্যভিচার দর্শনের সম্ভাবনা নাই। 'বাচাবিরপনিতায়া ; 'बनामिनियना निजाः' हेजामि नाज वाका हे छेरात थागा। वञ्च नर्साजीण, স্ক্রাশ্রয়, স্ক্রাচিস্তা, আশ্চর্যায়ভার বস্তুর জ্ঞানে অভিলাধী ব্যক্তির সম্বন্ধে অনালিষিদ্ধ দর্বপুরুষপরম্পরায় দর্বনোকিকালোকিক জ্ঞানের আদি কারণ শ্বপ্রকৃত-বচন ব্রস্থ বেদই একমাত প্রমাণ। তবে যে নাত্তিকর্মণ বেলোক কোন কোন ক্রিয়ার ফল না দেখিরা, কোন কোন হলে আপাডত পরস্পর विक्रम सम्बद्धक वहन दार्थिया, वित्मववहनार्थक शूनक्कि दार्थिया विम्माक्रदक অনুত-ব্যাঘাত-পুনরুক্তি-দোষে দূবিত বলেন, সে কেবল তাঁহাদিগেরই কিয়ার

বুদ্ধির ও তাৎপর্যাবগতির দোষ মাত্র, নির্দোষ অপ্রান্ত পুরুষ কর্তৃক উক্ত বেদ-শাল্তের দোষ নহে।

একণে সজ্জেপত প্রমাণের বিষয়ই আলোচিত হইতেছে।

কার্যামাত্রই করণজন্ত। ব্যাপারবিশিষ্ঠ কারণের নাম করণ। স্বকারণজন্ত কার্য্যান্তরের জনকই ব্যাপার। প্রত্যক্ষরূপ জ্ঞানকার্য্যের করণ অর্থাৎ প্রধান সাধন ইন্দ্রিয় এবং সন্নিকর্ষ উহার ব্যাপার,। বুক্ষপ্রত্যক্ষের করণ নয়নাদি ইন্দ্রিয় এবং চক্ষু:-সংযোগাদি উহার ব্যাপার। উক্ত সন্নিকর্বও প্রধানত লৌকিক সন্নিকর্ষ ও অলৌকিক সন্নিকর্ষ ভেদে দ্বিবিধ। তন্মধ্যে লৌকিক সন্ধিকর্ষ আবার ষড়বিধ। যথা,—দ্রব্যপ্রত্যক্ষের ব্যাপার দ্রব্যের সহিত ইন্দ্রিয়-সংযোগ প্রথম সন্নিকর্ষ। দ্রব্যসমবেত গুণ, ক্রিয়া ও জাতির প্রত্যক্ষের ব্যাপার ইন্দ্রিয়-সংযুক্ত-সমবায় দ্বিতীয় সন্নিকর্ষ। দ্রব্য-সমবেত-গুণাদি-সমবেত জাতির প্রত্যক্ষের ব্যাপার ইন্দ্রিয়-সংযুক্ত-সমধেত সমবায় তৃতীয় সন্নিকর্ষ। শব্দ-প্রত্যক্ষের ব্যাপার, শ্রোত্রাবচ্ছিন্ন সমবায় চতুর্থ সন্ধিকর্ষ। শক্ষসমবেত জাতির প্রত্যক্ষের ব্যাপার শ্রোত্রাবচ্ছিন্ন-ন্মবেত সমবায় পঞ্চম সন্নিকর্ষ। এবং অভাব প্রত্যক্ষ ও সমবার প্রত্যক্ষের ব্যাপার যথাক্রমে ইন্দ্রিয়-সংযুক্ত বিশেষণতা ও বিশেষণতা ষষ্ঠ সন্নিকর্ষ। অলোকিক সন্নিকর্মও সামাত্রলক্ষণা, জ্ঞানলক্ষণা ও যোগজ ভেদে ত্রিবিধ। তর্মধ্যে সামান্যলক্ষণা সন্নিকর্ষ দ্বারা সামান্যজ্ঞান िनिष्पन्न रुग्न, ख्वानलक्ष्मणा मन्निकर्य चात्रा विभिष्ठेटेवभिष्ठेगावशारी ख्वान निष्णन्न रुग्न। সামান্য অর্থাং জাতি যে ইন্দ্রিয় সন্নিকর্ষের বিষয় তাহার নাম সামান্যলক্ষণা ·সत्निकर्य। সামান্যবিষয়क জ্ঞানের নাম সামান্য জ্ঞান। **বে সামান্য জ্ঞানে** যে জাতিটি বিষয় ছইবে, সেই জ্ঞানে সামান্যলক্ষণা সন্নিকর্ষ দ্বারা নিখিল তজ্জাত্যা-শ্রমের বোধ করাইবে। ইন্সিয়ের সহিত যে কোন বস্তুর সমন্ধ হউক না কেন, रा वखत मः राग वाध कवाहरव, मामानानकनामन्निकर्य बाता निश्रिन छक्ष्मी-প্রয়েরই জ্ঞান উৎপাদিত হইবে। জ্ঞানলক্ষণা দারা যে জ্ঞানটি যদিষয়ক, কেবল তাহারই বোধ করাইবে। সামান্যক্রথা সন্নিক্র্য দারা একটি ধুম দৃষ্ট হইত্তেও निशिन प्राप्त तोध इहेशा शास्त्र । ध्वः क्वानवक्यानविकर्व बाता स्य धूरमन দর্শন হর, সেই ধুমমাত্রেরই বোধ হয়। স্থতরাং সামান্যলক্ষণার অধীকারে দৃষ্টব্যতিরিক্ত দেশাস্তরীয় ও কালাস্তরীয় ধ্মের সহিত সম্বন্ধ-বিশিষ্ট দেশাস্তরীয় বা কালাস্তরীয় বহির তাহাতে ব্যাপ্তি জ্ঞান অসম্ভব হয়। এবং স্বৃত্তি চন্দন ইত্যাকার জ্ঞানে সামান্যলক্ষণা দ্বারা স্থরভিত্ব বিশিষ্ট বা সৌরভের ভাগ হইলেও জ্ঞানলক্ষণা ব্যতিরেকে সৌরভত্বের ভাগ ও ধূলীগটলের যে স্থলে ভ্রমবশত ধূমত্ববিশিষ্ট রূপে বোধ হইরাছে, তথার ধূলীগটলের অম্ব্যবসায়ের ভাগ অসম্ভব হয়। স্থতরাং কি সামান্যলক্ষ্ণা কি জ্ঞানলক্ষণা উভরই স্বীকার্য্য। যুক্ত বিশ্বাবা বেংলে যোগীর হৈবিধ্য বশত যোগজ সন্নিকর্ষও দিবিধ। যুক্ত যোগীর চিন্তা ব্যতিরেকেই প্রত্যক্ষ হয়। এবং যুঞ্জান যোগীর প্রত্যক্ষে চিন্তার প্রয়োজন হয়। বিশেষণ বিশিষ্ট বিশেষ্যের সন্নিকর্ষই প্রত্যক্ষের গুণ এবং পিত্তুর্মাদি উহার দোষ। অমুমিতিতে ব্যাপ্তিজ্ঞান করণ এবং পরামর্শ ব্যাপার। সাধ্যবিশিষ্ট পক্ষে লিক্ষপরামর্শ গুণ এবং হেছাভাস উহার দোষ। শব্দে পদজ্ঞান করণ, পদার্থজ্ঞান ব্যাপার এবং শক্তিজ্ঞান সহকারী কারণ, আর আসাহি, যোগ্যতা, আকাজ্ঞাও তাৎপর্য্যজ্ঞান কারণ।

বস্তুর যাথার্থ্য-নির্ণায়ক প্রমাণ ত্রিবিধ:—প্রত্যক্ষ, অনুমান ও আগম বা শক্ষ । এই তিনটি প্রমাণ দারা যথাক্রমে প্রত্যক্ষ, অনুমিতি ও শাক্ষরোধ এই তিনটি প্রমিতি জন্মে। উপমান পৃথক্ প্রমাণ নহে, উহা জ্ঞানের সম্পূর্ণতা সাধক অনুল্ধিরই অবয়ব বিশেষ।

নয়নাদি ইন্দ্রির দারা যথার্থরূপে বস্তুসকলের যে জ্ঞান হয়, তাহাকে প্রত্যক্ষ প্রমিতি কহে। প্রত্যক্ষ প্রমিতি ছয় প্রকার; ঘাণজ, রাসন, চাকুষ, দাচ, শ্রাবণ ও মানস। ঘাণাদি ছয়ট ইন্দ্রিয়ই উক্ত ছয় প্রকার প্রত্যক্ষর কারণ। গদ্ধ ও তদগত মধুরভাদি জাতির ঘাণজ প্রত্যক্ষ হয়। মধুরাদি রস ও তদগত মধুরভাদি জাতির রাসন প্রত্যক্ষ হয়। নীলপীতাদি রূপ ও তদগত নীলম্ব পীতভাদি জাতি, ঐ ঐ রূপ বিশিষ্ট ক্রবা, তত্তদ্ দ্রব্যের ক্রিয়া ও যোগার্জি-সমবায়াদির চাকুষ প্রত্যক্ষ হয়। উদ্ভূত-শীতোক্ষাদি-ম্পর্শ ও তাদৃশ স্পর্শ-বিশিষ্ট ক্রব্যের ছাচ্ প্রত্যক্ষ হয়। কাঠিনা-কোমল্যাদিরও স্পার্শন-প্রত্যক্ষ হয়। কিন্তু অনেকানেক দার্শনিক বলেন যে, কেবল স্পর্শ দারা আমরা কঠিন বা কোমল্য বস্তুর জ্ঞান লাভ করিতে পারি না। সেই স্পর্শের সহিত যদি আমরা শামাদিগের শারীরিক বল প্রকাশ করি, তাহা হইলেই কাঠিন্যাদির বোধ হইতে পারে। এইরূপ কোন দ্রব্যের দৈর্ঘ্যাদি সম্বন্ধীয় জ্ঞান স্পর্ম ও বেগ হইতে হইরা থাকে এবং উহাদিগের চাকুষ প্রভাক্ষও হইতে পারে। শব্দ ও তদগত বর্ণস্ব ও ধ্বনির্দাদি জাতির প্রাবণ-প্রত্যক্ষ এবং স্থপত্ঃখাদি আত্মবৃদ্ধি গুণের, আত্মার ও স্থাথাদি জাতির মানস প্রভাক্ষ হয়।

ব্যাপ্য পদার্থ দর্শন করিয়া ব্যাপক পদার্থের তে জ্ঞান হয়, তাহাকে অফুমিতি কহে। যে পদার্থ থাকিলে যে পদার্থের জ্ঞান না থাকে, তাহাকে তাহার ব্যাপ্য, এবং যে পদার্থ না থাকিলে যে পদার্থ না থাকে, তাহাকে তাহার ব্যাপক করে; যথা, কোন স্থানেই ধৃম থাকিলে বিহ্নির অভান থাকে না এবং বিহ্নি ব্যতিরেকে ধ্ম থাকে না বিলিয়া ধ্ম বহ্নির ব্যাপ্য, এবং বহ্নি ধ্মের ব্যাপক। এইজন্ম পোকে না বিলয়া ধ্ম বহ্নির ব্যাপ্য, এবং বহ্নি ধ্মের ব্যাপক। এইজন্ম পোকে না বিলয়া ধ্ম বহ্নির ব্যাপ্য, এবং বহ্নি ধ্মের ব্যাপক। এইজন্ম লোকে পর্বতাদিতে ধ্ম সন্দর্শন করিয়া বহ্নির জন্মান করিয়া থাকেন। উক্ত জন্মান গোতমের মতে ত্রিবিধ; কারণলিঙ্গক, কার্য্যলিঙ্গক ও সামান্য লিঙ্গক। কারণ দর্শনে বৃষ্টির জন্মান; অয় দর্শনে ধ্মের অন্থমান কহে। যেমন মেবার কি দর্শনে বৃষ্টির জন্মান; ধ্ম দর্শনে বহ্নির জন্মান প্রভৃতি। ক্ষনেক দার্শনে কারণের জন্মানকে কার্যলিঙ্গক অন্থমান কহে। যেমন নদীর অত্যন্ত বৃদ্ধি দর্শনে রৃষ্টির জন্মান; ধ্ম দর্শনে বহ্নির জন্মান প্রভৃতি। ক্ষনেক দার্শনে বহু অন্থমানর প্রামান্য কারণবাছল্য প্রযুক্ত লান্তিমূলক হইয়া থাকে। কারণ ও কার্য্য ভিন্ন সামান্য ব্যাপ্যবন্ধ দর্শনে ব্যাপক বন্ধর অন্থমানকে সামান্যলিঙ্গক জন্মান কহে। যেমন গ্রাপারস্ক দর্শনে ব্যাপক বন্ধর অন্থমানকে সামান্যলিঙ্গক জন্মান কহে। যেমন গ্রানমণ্ডলে সম্পূর্ণমণ্ডল শশধর সন্দর্শনে শুক্লপক্ষের অন্থমান।

শক্ষ বারা যে বোধ জয়ে, তাহাকে শাক্ষবোধ কহে। যেমন গুরুর উপদেশ বাক্য প্রবণ করিয়া ছাত্রগণের উপদিষ্ট অর্থের শাক্ষবোধ জয়ে। ঐ শক্ষ প্রমাণ আবার বিবিধ;—দৃষ্টার্থক বা সিন্ধার্থক এবং অদৃষ্টার্থক বা বিধ্যর্থক। যে শক্ষের অর্থ প্রত্যক্ষসিদ্ধ তাহাকে সিদ্ধার্থক এবং যাহার অর্থ অদৃষ্ট তাহার নাম বিধ্যর্থক শক্ষ। তুমি গৌর, ইনি ভাম, আমার বক্ষ উত্তম, তুমি যাও; ইত্যাদি বাক্যই সিদ্ধার্থক বাক্য। এরং যজ্ঞ করিলে ক্ষর্ম হন্ধ, বিষ্ণুপুজাতে বিষ্ণুর প্রীতি জয়ে; ইত্যাদি বাক্যের নাম বিধ্যর্থক বাক্য।

অমনান। পরামর্শরপ ব্যাপার জন্ত ও ব্যাপ্তিজ্ঞানরূপ করণ জন্ত জ্ঞান-কার্য্যের নামই অমুমিতি এবং তাহার করণই অমুমান, অর্থাৎ ব্যাপ্তি-বিশিষ্ট-পক্ষ-ধর্মতা-আন জন্ম জ্ঞানই অমুমিতি ও তাহার করণই অমুমান। হেছবিকরণ-বুলি অভাবের অপ্রতিযোগি-সাধ্যের সহিত হেতুর সামানাধিকরণা জ্ঞানই ব্যাধি-জ্ঞান। সাধনেচ্ছা-বিরহিত সিদ্ধির অভাব রূপ পক্ষধর্মতাবিশিষ্টই পক্ষ। পরি-ভাষা পরিত্যাগ পূর্বক সামান্তত যথাশ্রত লক্ষণ করিতে হইলে, ব্যাপ্য ও वाांभरकत मामानाधिकत्रभारक हे वााखि वना यात्र; अर्था९ अध्यम्रस्थ हिष्क वा ব্যতিরেকমুণেই হউক, বাহা ব্যাপকের সহিত ব্যাপ্তি অর্থাৎ সামানাধিকরণ্য বিশিষ্ট, তাহা অবশ্যই তদ্যাপ্যেরও সহিত ব্যান্তিবিশিষ্ট। পরিভাষা পরিত্যাগ পূর্বক সরলভাষার এইরূপ বলিতে পারা যায়,—যাহা এক শ্রেণীর সমস্ত বস্তুর সহিত সাধর্ম্মাবিশিষ্ট, তাহা তৎশ্রেণীর অংশবিশেষের সহিতও সাধর্ম্মাবিশিষ্ট। যে বক্রককার অমণ সমস্ত গ্রহের কার্য্য, তাহা অবখ্যই মঙ্গল, বুধ, বুহস্পতি বা অপর গ্রহেরও কার্য্য। এইরূপ ব্যতিরেকাংশেও আমরা গ্রহণণের স্বত:জ্যোতি-র্মায়ত্ব অস্বীকার করিয়া অবশ্রই গ্রহান্তর্গত প্রত্যেক গ্রহেরও স্বতঃজ্যোতির্ময়ত্ব অস্বীকার করিব। উক্ত লক্ষণের প্রধান দোব এই যে, উহা শ্রেণী ও তদংশী-যের ব্যাপ্তিস্থলেই গমন করিতে পারে, কিন্তু সর্বাঙ্গীণ সাধর্মাস্থলে গমন করিতে পারে না; স্থতরাং অন্তবিধ লক্ষণের প্রয়োজন হইয়া উঠে। ফলত উপাধি-রহিত অর্থাৎ অবিনাভাব সম্বন্ধ দারা নিরূপিত স্বাভাবিক সামানাধিকরণাকেই ব্যাপ্তি বলা যায়। যে অবিনাভাব সমন্ধ স্বাভাবিক নহে, তরিরূপিত সামানাধি-कत्रगां वाकाविकी वा श्रक्तक वाशि नरह। य नामानाधिकत्रगा नेनार्थाक्षदत्रव সংস্থাধীন হয়, তাহার নাম অস্বাভাবিক সামানাধিকরণ্য এবং যে সামানাধি-করণা পদার্থাস্তরের সংসর্গ ব্যতিরেকেই হয়, তাহার নাম স্বাভাবিক সামা-नाविकत्रशा । श्रीकृतिक नामानाधिकत्रगृहे नामानाधिकत्रगा अवर श्रश्राकृतिक मामामाधिकवृता नामानाधिकवृताहे नटहा छ्छताः रहि ७ वृत्पत नामानाधि-করণা ছলে বাপিক বহ্নির ব্যাপাধুমব্যাপকতা রূপা ব্যাপ্তিই প্রকৃত ব্যাপ্তি ; কিন্তু ব্যাপ্য খ্নের ব্যাপকবছিব্যাপকতারপা ব্যাপ্তি স্বাভাবিকী নহে ; উহা ব্যাপ্ত্যাভাস মাত্র। কারণ, ধুনের বহিন্তে ব্যাপ্তি জলীয় পরমাণ্যহল আর্দ্রের

ব্যতিরেকে নিশার হয় না। বদি হইড, তাহা হইলে, ধাতবপদার্থস্থিত বহ্লিতেও ধ্যের ব্যাপ্তি দৃষ্ট হইত। কিন্তু বহ্লির ধ্যব্যাপ্তিতে পদার্থাস্তরের সংবোগের স্বাবশ্রকতা নাই। বদি থাকিড, তাহা হইলে, কোন না কোন স্থলে তাহার ব্যতিচার দৃষ্ট হইড। এইরূপে দ্বির হইতেছে যে, ব্যাপক পদার্থে তাহাপ্য পদার্থের ব্যাপ্তিই স্বাভাবিকী; কিন্তু ব্যাপ্য পদার্থের তন্যাপক পদার্থে ব্যাপ্তি কোন কারণ বশত হইয় থাকে। অভএব ধ্য দর্শনে বহ্লিদর্শনের আশা হইতে পারে, কিন্তু বহ্লি দর্শনের আশা হইতে পারে না; হইলেও তাহা অসক্ষতা।

বে উপায়ে ঐ ব্যাপ্তির অস্বাভাবিকত্ব প্রতিপন্ন করা বায়, তাহার নাম উপাধি। ইহা পরকীয় ব্যাপ্তির প্রতিবন্ধকতাচরণের সহায়স্বরূপ। ধুমের বছিব্যাপ্তিস্থলে আর্দ্রেন্ধনই উপাধি। সাধ্যের ব্যাপকত্ব থাকিয়া সাধনের ষ্মব্যাপকত্ববিশিষ্ট হইলেই তাহাকে উপাধি বলা যায়। ঐ উপাধি ত্রিবিধ:---गांधानत व्यताभिक इरेबा एकपार्थात ताभिक, माधानत व्यताभिक इरेबा পক্ষধর্মাবচ্ছিন্ন সাধ্যের ব্যাপক, সাধনের অব্যাপক হইয়া সাধনাবচ্ছিন্ন সাধ্যের ব্যাপক। ক্রমান্বয়ে উদাহরণ যথা, লৌহগোলক ধুমবিশিষ্ট, যেহেতু উহা বহ্নিবিশিষ্ট, এইস্থলে আর্টেন্ধন উপাধি। বায়ু প্রত্যক্ষ, বেহেতু উহা প্রত্যক্ষ স্পর্শের আশ্রয়, এই স্থলে বায়ুর দ্রব্যন্থাবচ্ছিন্ন প্রত্যক্ষ সাধ্যের উভুতরূপবত্ব উপাধি। ধ্বংদ বিনাশী, বেহেতু উহা জন্য, এই হলে জন্ত-ভাবচ্ছিন্নবিনাশিত্ব ব্যাপক ভাবত্বই উপাধি। উপাধির উপস্থিতি হুই প্রকারে ঁহইরা থাকে। প্রথম সমারোগিত ভাবে এবং দ্বিতীয় শঙ্কিত রূপে। উপাধি প্রদর্শিত হইলে সমারোপিত এবং তাহার আশহামাত্র হইলে শক্তিত বলা বার। বত আশহার ভূরোদর্শনাদি বারা নিইন্ডি না হইলে, তর্কই উক্ত স্মানস্কার পরিহারকর্তা হর। সদ্ধেতৃ হলে অর্থাৎ বছ্লির ধূমকাগ্রিরূপ স্থাভাবিকী ব্যাব্য হলে বহাভাবাধিকরণে ধুমের অনন্তিত্ব প্রদর্শন করিতে পারিলেই উক্ত উভরবিধ উপাধির নিরাস হইবে। ব্যভিচারী ছলে অর্থাৎ শুমের বহিব্যান্তিরূপ অখাভাবিক ব্যান্তি স্থলে ধুমাভাবাধিকরণে বহিন্ন অন্তিম প্রদর্শন করিতে পারিকেই ব্যাপ্তির অস্বাভাবিকত প্রতিপর হইবে।

ঐরপে ব্যাপ্তিজ্ঞানের অনস্তর ব্যাপ্তিবিশিষ্টের পকর্ত্তিত্ব জ্ঞান ও ভদ্দনন্তর অনুমিতি হয়। ঐ অনুমিতি হার্থ ও পরার্থ ভেদে বিবিধা। হার্থান্থ-মিতি অসাধ্যা, অর্থাৎ দর্শনাদিমাত্র বাক্যব্যহের বিশ্লাস ব্যতিরেকে যে অনুমান হয়, তাহাই আর্থান্থমিতি। এই অনুমিতিতে ব্যাপ্তির উদ্ভাবনের আর্থান্থকতা নাই। পরার্থান্থমিতি ব্যাপ্তির উদ্ভাবন ব্যতিরেকে নিশার হয় না। স্থতরাং এই অনুমিতি ভারসাধ্যা।

ভার। ভারণাত্ত বিজ্ঞানের বিজ্ঞান। এই শাস্ত্র সকল শাত্তেরই সহায়।
এই শাস্ত্র ব্যতিরেকে আমরা কোন শাস্ত্রেই জ্ঞানলাভ করিতে পারি না।
এই শাস্ত্রের সাহায্য ব্যতিরেকে কোন শাস্ত্রেই বৃৎপত্তি জ্বন্মে না। প্রমাণ
দারা অর্থপরীক্ষণের নাম ভার। স্বতরাং ভারশাস্ত্রকে বিচারবিজ্ঞানও বলা
যাইতে পারে। অর্থাৎ যে বিচারশাস্ত্র দারা চিন্তার বিশুদ্ধ অপরিহার্য্য নিরম
বিজ্ঞাত হওয়া যায়, তাহারই নাম ভায়শাস্ত্র। এই শাস্ত্রের সাহায্যে আমরা
জ্ঞান ও নৈপুণ্য উভয়ই শিক্ষা করিয়া থাকি।

প্রকৃতির কোন নিম্নেরই নিম্নান্তরের সহিত নিমত সাধর্ম্ম দৃষ্ট হয় না।
অন্তর্ বলিও কিঞ্চিৎ সাধর্ম্ম দৃষ্ট হয়, কিন্ত সাধীন বৃত্তি নানবে আহার
সম্পূর্ণ বৈপরীত্য দৃষ্ট হয়। এক মানবের অবস্থাবিশেষের কার্য্যাদির সহিত
তদবস্থাপয় অন্ত মানবের তাদৃশ কার্য্যেও বৈলক্ষণ্য লক্ষিত হয়। স্কুতরাং
মানবীর কার্য্য দর্শনে কোন বিষয়েরই ছির নিমনের সিদ্ধান্ত করা যাইতে পারে
না । কিন্তু মানবের মানসিক চিন্তন ব্যাপার তক্রপ নহে; উহার সর্ব্বত্তই
সাম্য । বিভিন্ন মানবের প্রত্যেক চিন্তার নিমনই একরপ। স্কুতরাং মানবীর গ
চিন্তার অন্ত্রসরণে অলান্ত সিদ্ধান্তে উপনীত হইবার অধিকতর সন্তাবনা। স্তারশাল্তের কার্য্যই ঐ সকল ব্যাপারের প্রক্রপর সাধর্ম্য বার্য্য ফল নির্ণয়।

মানবগণ যে রীতি অন্থসারে চিন্তা বা বিচার করিয়া অচল সিদ্ধান্তে উপক্তি হইতেছেন বা হইবেন, সেই রীতির অন্তর্গত সাধর্মাই চিন্তার নিরম।
ঐ সকল নিরমণ্ড প্রকৃতির বহির্ভূত নহে; অর্থাৎ উহারাও প্রাকৃতিক নিরম।
স্কুতরাং উহারা মানবন্ধত নিরম ধারা পরাহত বা পরিবর্ত্তিত হইতে পারে না।
প্রত্যেক বিজ্ঞান শাত্রই, বিবর সকল যে যে নৈস্থিক নির্মে প্রশার সাধর্মো

পরিচালিত হইতেছে, সেই সেই নিয়মের আবিষ্ণার করে, এবং নৈপুণা ঐ
সকল আবিষ্কৃত বিষয়কে কার্য্যে পরিণত করে। জ্যোতির্বিজ্ঞানের আকর্ষণ,
রসায়ন-বিজ্ঞানের মিশ্রণ, তাড়িত-বিজ্ঞানের কম্পন, পদার্থ-বিজ্ঞানের উৎপাদন
প্রভৃতি ও তাহাদের যথাযোগ্য প্রয়োগে উৎপন্ন কার্য্য সকলই ঐ বিষয়ের
উৎকৃষ্ট দৃষ্টাস্তত্ত্ব । তদ্রপ চিস্তন প্রভৃতির নিয়ম সকল ও তাহাদের কার্য্যে ৮
পরিণতি ভারণাস্তের নিরপণীয় বিষয়।

এই জগতে মানবই শ্রেষ্ঠ জীব: এবং মানবের মনই একমাত্র শ্রেষ্ঠ বস্তু। প্রকৃতির অধীন ও অমুকারী মানবের ঐ মনে ও বহির্জগতে প্রকৃতি বে ভাবে कार्या करतन, मानव चीत्र मरन छखडारवत माधर्या देवधर्या मन्तर्गतन कार्या নৈপুণা ও জ্ঞানে বিচক্ষণতা লাভ করেন। তিনি তদতিরিক্ত কিছুই ব্ঝিতে ৰা ক্রিতে পারেন না। স্থতরাং প্রকৃতির বশবর্তী মানব প্রকৃতির সাহায্য ব্যজিরেকে যাহা কিছু করিতে বা বুঝিতে চেষ্টা করেন, তাহাই অসম্পূর্ণ, ভ্রম-সম্ভুল ও অকিঞ্চিৎকর হইয়া পড়ে। মানবের শক্তি বা মানবীয় জ্ঞান প্রাক্ত তিক কারণের অনুকারী; মানবের স্বকর্ত্ত কিছুতেই নাই বলিলেও দোষ হর না। প্রকৃতি অপরাপর পদার্থের ভার মানবেরও অন্তরে থাকিরা মানবকে যে ভাবে পরিচালিত করেন, মানব সেই ভাবেই পরিচালিত হয়েন। প্রকৃতির নিয়মের সম্পূর্ণরূপ অফুসরণ ব্যতিরেকে প্রকৃতিকে স্ববশে স্থাপন বা তহুপরি আধিপত্য করা মানবের সাধ্যায়ত্ত নহে। আমরা প্রাক্তিক নিয়ম অমুসারে চিন্তার প্রভাবে যাহাকে কারণরূপে সিদ্ধান্ত করি, কার্ব্য তদত্রসারেই ঘটিয়া পাকে। স্থায়শান্তের কার্য্যই ঐ সকল প্রমাণ করা। মানবের অস্তরে বিবেক নামী শক্তি নিহিতা আছে। ঐ শক্তি ইচ্ছাশক্তির সহিত সম্মিলিত ভাবে যে সকল কার্য্য সম্পাদন করে, তাহারা তিন ভাগে বিভক্ত :-- সামান্ত কান, বিদেব জ্ঞান ও পরামর্শ। উক্ত কার্য্য সকলের রীভি ছিবিব :--বিদেশ হল দর্শনে উক্ত বিশেষ বিষয়কে সামান্ত লক্ষণে লক্ষিত করণ এবং লক্ষিত সামান্ত বিষয় হইতে বিশেষ বিষয়ের লক্ষণ নির্ণয়। এই রীভিষর আবার নিয়লিখিত घरेषि निवासत अवीरन नामन वरेता शास्त्र। अधन अवन निवास विजीव **ব্যক্তিরেক নিয়ম ।**তা বিভাগ ভারশান্ত, ভাষা চিস্তা ও বিষয়, এই তিনটিকে আশ্রম করিয়া প্রবর্তিত হয়। অর্থাং উক্ত বিষয়ত্রয়ই ভাগের বিচার্যা। ভায় যথন বিষয়ে প্রবর্তিত হয়, তথন বিষয়কে প্রত্যক্ষ, স্থতি ও উপমিতি এই ভাগত্রয়ে বিভক্ত করে। যথন চিস্তাতে প্রবর্তিত হয়, তথন চিস্তাকে সামান্যজ্ঞান, বিশেষজ্ঞান ও বৌগিক বা ব্যাধিজ্ঞান নামক ভাগত্রয়ে বিভক্ত করে। আর যথন ভাষাতে প্রবর্তিত হয়, তথন ভাষাকে বাক্য, প্রতিজ্ঞা ও ব্যাধিনামক ভাগত্রয়ে বিভক্ত করে।

পরস্পর অবিত নামসংগ্রাহক শব্দ, পদ ও বাক্য সকল মিলিত হইয়া ভাষা নামে কথিত হয়। একপ অন্বিত শ্লাদি কোন না কোন অৰ্থ বিশিষ্ট। বে সকল শব্দ বারা জিজাসিত ব্যক্তি বা জাতি ব্যক্ত হয়, তাহারাই সার্থক শব্দ বা পদ। প্রথমত প্রবণ-সমবায়রপ-সন্নিকর্য-জনিত-প্রথম-বর্ণ-জ্ঞানানম্ভর তজ্জ্ঞ সংস্কারত্বসহন্ধে পূর্ব্ব পূর্ব্ব বর্ণবিশিষ্ট চরম বর্ণ জ্ঞান হয়। তদনস্তর প্রকরণাদি-জ্ঞান-মূলক তত্তদর্থবাধেচ্ছায় উচ্চরিতত্ব-রূপ তাৎপর্য্য-জ্ঞান-সহকৃত শক্তি-লক্ষণাস্ত্র-তর-সম্বন্ধ-রূপ-বৃত্তি-জ্ঞান জন্য তত্তৎ পদার্থের উপস্থিতি হয়। নাম ও ধাতুরূপা প্রকৃতি, কুং তদ্ধিত স্থাদি তিবাদি প্রত্যয় ও নিপাত রূপ শব্দ সকল স্বতন্ত্র ভাবে বা পরস্পর মিলিত ভাবে স্বার্থবোধকারী পদ ও বাকা সকল উৎপাদন করে। পদজ্ঞান শব্দজ্ঞানের কারণ, পদার্থোপস্থিতি ব্যাপার, এবং আকাজ্ঞা, যোগ্যতা, আসন্তি ও তাৎপর্য্যক্রান সহকারি কারণ, ও শান্ধবোধ ফল। বাদুশ শব্দ সকলের পরস্পার আকাজ্ঞা যাদৃশ অর্থবোধের প্রতি অমুকৃল হয়, তাদৃশ শব্দসমূহ তথাবিধ অধী অৱয়বোধক বাক্য হয়। অর্থাৎ যোগ্যতা, আকাক্ষা, जानिक ও ভাৎপর্যা যুক্ত পদসমূহই বিশেষ বিশেষ অর্থবোধক বাক্য। अवद-প্রতিবোদী অর্থাৎ বাহার সহিত বাহার অব্য অপেকা করে, সেই পদার্থব্যের অব্যবধানে উপস্থিতির নামই আসন্তি। ইহার অবনু-বোধ-কারণত বীকার না ক্রিলে, 'গিরি ভুজা,' 'দেবদন্ত হেতুক বহিমান,' ইত্যাদিও বাক্য হইত। এক প্রার্থে অগর প্রার্থের যে সম্বন্ধ, তাহারই নাম বোগ্যতা; স্বর্থাৎ প্রদা-ধের প্রশার সম্বন্ধে বাধার অভাবই যোগ্যতা। ইহার অবর-বোধ-ছেতুদ অবীকার করিলে, 'বহ্লি হারা দিখন করিতেছে,' ইত্যাদি হলেও রাক্য **बहेज। बन्न**भरवांगाजा शांकिया अजनिजांबयरवांशक वहे वांका**ञ्चा, 'बहे**, कर्चब,' আনয়ন কৃতি,' এই স্থলে স্বরূপযোগ্যতার অভাবে অবয়বোধ হইল না। 'এই রাজার প্রত আসিতেছেন, পুরুষ অপস্তত হও,' এই স্থলে পুত্রের সহিত রাজার অবয় হওয়াতে পুরুষের সহিত অর্যের অভাব হইল। এই আকাক্ষা শ্রোতার জিজ্ঞাসা স্বরূপ; অর্থাৎ বে পদ ব্যতিরেকে যে পদের অন্বরের অন্তব্ ভাবকতা ঘটে, সেই পদের সহিত তৎপদের আকাজ্জা স্বীকৃত হয়। ইহার কারণতা অধীকার করিলে, অব্যক্ত শব্দ সকলেরও অবরবোধ হইত। যে অর্থ প্রতীতির জন্য যে পদের উচ্চারণ হয়, তৎপদের তাহাই তাৎপর্যা। এই বক্ত-তাৎপর্য্য নির্ণয়ের উপায়—উপক্রম, উপসংহার, অভ্যাদ, অপূর্ব্বতা, ফল, অর্থবাদ ও উপপত্তি। জ্ঞান পূর্ব্বক আরম্ভের নাম উপক্রম; এবং জ্ঞান পূর্ব্বক সমাপ্তির নাম উপসংহার। পুনংপুন শ্রুতি বা আবৃত্তির নাম অভ্যাস। শাঙ্কে অভূতপূর্ব্ব বিষয়ের উপস্থিতির নাম অপূর্ব্বতা। লব্বব্য বিষয়ের নাম ফল। স্তুতি বা নিন্দা প্রতিপাদক বাক্যের নাম অর্থবাদ। এবং সঙ্গতি বা সিদ্ধান্তই উপপত্তি: অর্থাৎ প্রকরণপ্রতিপাদ্য অর্থের সাধনে সেই সেই স্থলে শ্রন্তমাণ যুক্তির নামই উপপত্তি। ফলত শাস্ত্রবাক্য সকল প্রধানত তিন শ্রেণীতে विভक्त इरेबा शांक। विधि-वांका, निरंध-वांका ७ वर्धवान-वांका। व्यभूक्त फेशरमं वारकात नाम विधिवाका ; फेशरमत धानः ना विभा धिरिशामक वांदकात नाम व्यर्थान-वांका ; धवः উहात्मत्र निरंध-चहक बांदकात नाम निरंध-वाका। शृक्तीक वर्षताम वावात जिविध। श्वनवाम, व्यक्षवाम ও कृष्टार्थवाम।

. "विदत्ताद्य खनवानः ज्ञानस्वादनाश्वधातिर्द्धे।

ভূতাৰ্থবাদন্তদানাদৰ্থবাদন্তিধা মতঃ ॥"—মীমাংদকাচাৰ্য্যা: ॥

বিরোধে অর্থাৎ বিশেষ্য বিশেষণের সামানাধিকরণ্য ছারা অহন বিরোধ হইলে, একের অপরের অলরণে কথনই গুণবাদ। অতএব প্রত্যক্ষবিক্ষ গ্রহুক্তিবিক্ষ হইলে গুণবাদ অর্থাৎ কেবল বিহিত বিষয়ে প্রশংসা করা হইতিছে, এই মাত্র ব্রিতে হইবে। প্রমাণান্তরের ছারা অবধারিত বিষয়ের মর্পনা দৃষ্ট হইলে তাহাকে অনুবাদ আনিতে হইবে। আর বাহার কোন অবধারক প্রমাণ উপন্থিত নাই, অবচ প্রত্যক্ষবিক্ষ বা ব্রিক্তিবিক্ষ নহে, এইরূপ ছলে ভূতার্থবাদ আনিতে হইবে। এই ভূতার্থবাদ ঘটিত আধ্যারিকা

সকলই সত্য, তত্তির অসত্য। উদাহরণ ধধা,—'বজমানই প্রস্তর' জর্থাৎ বজমান কুশম্টিধারী, ইহা গুণবাদ। 'অগ্নি হিমের ভেবজ,' ইহা সঞ্বাদ । 'বাহারা নিত্য সন্ধ্যোপাসনা করেন, তাঁহারা বিধ্তপাপ হইরা ব্রন্ধলোকে গমনকরেন; পর্ব্বে ত্রী-তৈল-মাংস-সন্ভোগী ব্যক্তি নরকগামী হয়;' এই ছুইটি সামাক্তত প্রশংসা ও নিলাস্চক ভূতার্থবাদ।

শব্দের শক্তি বা বৃত্তি ভিবিধা। মুখ্যাও লক্ষ্যা। লক্ষ্যা বৃত্তি আবার ভিবিধা; গৌণীও লক্ষ্যা। শব্দের অর্থও তদমুসারে বাচ্যার্থ বা আভি-ধেরার্থ বা মুখ্যার্থ, লক্ষ্যার্থ ও ব্যক্ষার্থ বা গৌণার্থ নামক ভাগত্রেরে বিভক্ত হইরা থাকে। প্রাকৃতিক নিরমামূসারে যে শক্তি শব্দের মুখ্য অর্থ প্রকাশ করে, তাহাকে অভিধা শক্তি এবং ঐ শক্তি প্রতিপাদ্য অর্থকে শব্দের মুখ্যার্থ বলে। ব্যাকরণ, উপমান, অভিধান, আগুবাক্য ও বিবৃত্তি হইতে ঐ মুখ্যার্থের বোধ হইরা থাকে। অভিধেরাবিনাভূত প্রবৃত্তি অর্থাৎ শব্দের বে শক্তি মুখ্যার্থ পরিত্যাগ না করিরাই মুখ্যার্থ সম্বন্ধি বস্তু বোধ করার, তাহার নাম লক্ষ্যা শক্তি এবং ঐ শক্তিপ্রতিপাদ্য অর্থের নাম লক্ষ্যার্থ। লক্ষ্যান্থ-শুল-খোগিনী বৃত্তি, অর্থাৎ যে শক্তি মুখ্যার্থ পরিত্যাগ পূর্বাক মুখ্যার্থ স্থত্ত গুলসম্বন্ধ বোধ করার, তাহার নাম গৌণী শক্তি এবং ঐ শক্তিপ্রতিপাদ্য অর্থের নাম গৌণার্থ। পূর্ব্বেক্তি মুখ্যার্থ আবার রূচ, যৌগিক, যোগ-রূচ্ ও রুচ্বৌগিক ভেদে চতুর্ব্বিধ। ইহার বিভার অন্তন্ত ক্রইবা।

তৃতীয়-লিঙ্গ-পরামর্গ-প্রযোজক শাক্ষজানজনক বাক্যরূপ ভায় ভাষাগত হইলে তাহাকে পঞ্চাব্যবাত্মক বাক্যবৃহ বলে। পঞ্চ অবয়ব যথা,—প্রতিজ্ঞা, হৈতৃ, উদাহরণ, উপনয় ও নিগমন। উদ্দেশ্তান্নানভিরিক্ত বিষয়ক শক্ষলনক বাক্যই প্রতিজ্ঞা; অর্থাং বে বিষয়কে সিদ্ধু করিতে হইবে, তাহার উল্লেখই প্রতিজ্ঞা। যথা—সমুখহ পর্বত বহিমান্; অর্থাং ঐ পর্বতে বহি আহে বা বহি অহুমিত হইতেছে। প্রতিজ্ঞার হুইটি অংশ:—পক্ষ বিষয়ী উদ্দেশ্য বা প্রতিপাদ্য এবং নাধ্য বিষয় বিধেয় বা উপপাদ্য। ধাহার বিব্রেক্তি সুষ্ঠান করা হর, তাহার নাম পক্ষ এবং ধাহাকে নাধন করা হর, তাহার নাম সাধ্য। বাহা হারা ক্রিয়া নিপার হইবে, তাহাই সাধন বা হেতৃ; অর্থাং

অবিনাভাব বিশিষ্ট ব্যাপ্য পদার্থটি দেখান। যথা,—দৃশুমান পর্কতে ধ্য দৃষ্ট ছইডেছে। এই হুলে সাধ্য বহ্নির ব্যাপ্য ধ্যরপ সাধন প্রদর্শিত হইল। প্রকৃত সাধ্য ও সাধনের অবিনাভাব প্রতিপাদক ভায়াবয়বের নাম উদাহরণ। বথা,— বেরপ মহানদে ধ্যের সহিত বহ্নি দৃষ্ট হইরাছিল। অবিনাভাব বিশিষ্ট হেত্র পক্ষবৈশিষ্ট্য প্রতিপাদক ভায়াবয়বই উপনয়; অর্থাৎ অস্থুমের পদার্থটির সহিত দৃশুমান ব্যাপ্য পদার্থের বে স্বাভাবিকী ব্যাপ্তি আছে, তাহা নি:সংশন্তি রূপে অবগত করাণ। যথা, মনে কর, তুমি যেখানে বেখানে ধ্ম দেথিয়াছ, সেই-খানে সেইখানেই বহ্নি দেখিয়াছ। বিশেষ প্রয়োজন নাই বলিয়া কেহ কেহ এই অবয়বটিকে স্বীকার করেন না। পক্ষে সাধ্য-বৈশিষ্ট্য-প্রতিপাদক ভায়াবয়বের নামই নিগমন বা উপসংহার; অর্থাৎ বিপক্ষবাধক তর্ক দ্বারা সংশন্ধ নিরসন করত প্রতিজ্ঞাত পদার্থের অন্তিম্ব সিদ্ধি প্রদর্শন। যথা, বহ্নিব্যাপ্য ধ্ম মধন অবিচ্ছিরভাবে উঠিতে দেখা যাইতেছে, তথন উহার মূলে বহ্নি না থাকার কারণ নাই।

এন্থলে বলা উচিত বে, অবয়ব সম্বন্ধে যাহা কথিত হইল, তাহা নৈয়া-গ্লিকেরা অন্থনোদন করেন, কিন্তু উহা অধিকাংশ দার্শনিকেরই অন্থনাদিত নহে। যাহাই হউক, বস্তুগত কোন প্রভেদই দৃষ্ট হয় না।

रेनबाबिकशर्गत व्यवबाद अमर्गरन अथा এই :--

এই পর্বত বহ্নিমান। (প্রতিজ্ঞা)

কারণ, ইহা হইতে ধুম উথিত হইতেছে। (হেতু)

যাহা হইতে ধুম উঠে, তাহাই বক্লিমান—বেমন বন্ধনশালা। (উদাহন্তৰ)

্এই পৰ্বত হইতে বুম উঠিতেছে। (উপনয়)

স্থতরাং ইহা বহ্নিগান। (নিগমন)

ুক মৃত্যুর অধীন ে (প্রেতিজ্ঞা)

কারণ, ক একজন মহুষ্য। (হেতৃ)

মনুষ্য মাত্রই মৃত্যুর অধীন। কারণ ক, খ, গ, খ প্রভৃতি সকলেই মনুষ্য ছিলেন, সকলেই মরিয়াছেন। (উদাহরণ)

এইটিই জাবার—

ধে বৈ মহবা, সে সে মৃত্যুর অধীন। (অধীর হল)

হয বে মৃত্যুর অধীন নহে, সে সে মহবা নহে। (ব্যতিরেকি হল)

ক এক জন মহবা। (উপনয়)

হতবাং ক মৃত্যুর অধীন। (নিগমন)

প্রতিজ্ঞা ও নিগমনের মধ্যে কোন বিশেব দেখা যার না; অধিকত ইহারা, অন্নানের অবরবও নহে। হেতু ও উপনর আবার একই। স্থতরাং হেতু ও উপাহরণ এই ছইটিই অবয়ব।

বিশেষাক্ষমিতি। পরার্থাক্ষমিতি সাধারণত ছই ভাগে বিভক্ত। কার্য্য-কারণ-জ্ঞানবলে বিশেষ ধর্ম হইতে সামান্য ধর্মের অবধারণরপা সামান্যাহ্মমিতি, এবং ভ্রোদর্শন, পারস্পর্যা ও সামান্তধিকরণ্যাদি বলে সামান্য ধর্ম হইতে বিশেষ ধর্মের অবধারণরপা বিশেষাক্ষমিতি। এই উভয়বিধা অরুমিতিই ব্যাক্তিজ্ঞান-সাধ্যা। সার্থান্থমিতিও সামান্য-বিশেষ-ভেদে ছিবিধা ও ব্যাপ্তি-জ্ঞান-সাধ্যা। কিন্ত বিশেষ এই যে, সার্থান্থমিতিতে পরার্থান্থমিতির ন্যায় ব্যাপ্তির উত্তাবনের প্রয়োজন হয় না। সামান্যান্থমান বিশেষাক্ষমানের ভিত্তিম্বরূপ। প্রত্যেক বিশেষ জন্মানেই কি স্পষ্ট কি জম্পষ্ট বে কোন ভাবেই হউক, সামান্যান্থমান নিহিত থাকেই থাকে। দৃষ্টান্ত যথা, বদি কথন দেখি যে, জলে সোডা ও এসিড মিশ্রিত হইবে, তথনই আমরা অন্থমান করিব যে, উহা পূর্বাবৎ কৃটিবে। এইরূপ, লোহ উত্তাপে লোহিতবর্ণ হর, ইত্যাদি নানা প্রকার জন্মান করিবে। এইরূপ, লোহ উত্তাপে লোহিতবর্ণ হর, ইত্যাদি নানা

পূর্বোক্ত অহমানের অন্তরে ছইটি ধারণা নিহিত দেখা বার। প্রথম, প্রত্যেক কার্ব্যেরই কারণ আছে ; বাহা হইতে আমরা অহমান করি, অনের ঐরপ ক্টনের কোন না কোন কারণ আছে ; বিতীর, প্রকৃতির নাম্যে বিখান, বাহা হইতে আমরা অহমান করি, ববনই গল্প কটনা উপস্থিত হইবে, তবনই গল্প কল বর্ণন করিব। লোভা এনিভের সহিত মিপ্রণে কৃটিয়া উঠে, (আদি প্রতিভা)। কৃটনের কারণ মিপ্রণ, (কার্য্যমাত্রই কারণনালী)। এইরূপ মিপ্রণ এইরূপ কৃটন হয়, (প্রকৃতির নির্মের সাম্যে বিখাস)। এই পর্যান্তই সামান্য

অনুমান। ইহার পরেই আমরা কালান্তরে বা ছানান্তরে ঐ প্রকার কৃটন
দেখিলেই, (সদৃশ ঘটনার সদৃশ বিশেষ ফল,) এই বিশেষ নিরম থারা বিশেষ
ছলে বিশেষ অনুমান করিয়া থাকি; অর্থাৎ স্থলবিশেবে কার্য্যবিশেষকে
পূর্ব্ব সামান্যান্ত্যান হইতে ব্যাপ্তি লব্ধ থারা বিশেষক্রমানে বিশেষক্রপে নিজান্ত
করিয়া থাকি। যথা, পূর্ব্বে দেখিয়াছি, এইরপ ফুটন, সোডা ও এসিডের মিল্রণ
হইতেই উৎপন্ন হইয়াছিল। মতএব এছলের এই ফুটনও সোডা ও এসিডের
মিল্রণ হইতেই উৎপন্ন। (ইহাই বিশেষ অনুমান)। এইরপ, সকল লৌহই
উত্তাপে লোহিত বর্ণ ধারণ করে, (সামান্যান্ত্যান)। ইহা একবঙ লৌহ, যদি
উত্তপ্ত হয়, তবে লোহিতবর্ণ হইবে, (বিশেষ অনুমান)।

প্রতিজ্ঞা। অন্তর্বশিষ্ট পদকদবের নামই প্রতিজ্ঞা। পদ বা বাকাই প্রতিজ্ঞার প্রাণস্বরূপ: স্বতরাং সিদ্ধান্তের নিমিত্ত ঐ পদ বা বাক্য স্পষ্টার্থ ছওয়া উচিত। কেবল অন্থিত পদ ৰাবা কোন সভাই প্ৰকাশিত হইতে পারে না। অন্ত্রিত পদ দারা কেবল বন্ধ, ব্যক্তি, জাতি, গুণ ও ক্রিয়া মাত্র ব্যক্ত হয়: স্মৃতরাং অধরবোধের নিমিত্ত অর্থাৎ উক্ত বন্ধ প্রভৃতি বিষয়ক সভ্যাদির নির্মণণার্থ ঐ পদ সকলের পরস্পর অববের প্রব্যোজন। এই প্রতিজ্ঞাই বৈয়াকরণের মতে বাক্য। প্রতিজ্ঞা শব্দের প্রকৃত অর্থ কোন একটি চিন্তনীর বিষয়ের সাধর্মাবৈধর্মাবধারণ। প্রতিজ্ঞা প্রধানত বিবিধ: অবয়ী ও বাতিরেকী। উহারা আবার প্রত্যেকেই হুই ছুই ভাগে বিভক্ত হইয়া চভূবিধ হইয়াছে ; যণা, क्रितनावत्री, क्रितनवाजित्वकी ध्वर वित्नवावत्री ७ वित्नववाजित्वकी। छैश-'দের পারিভাষিকী সংজ্ঞা যথাক্রমে ক. খ, গ ও য। কেবলাম্বরীর চিক্স সামান্য-वाहक वित्नवनानि, वित्नवाबन्नीत हिंदू वित्नव-वाहक वित्नवनानि, खदः दक्षवन-वाणित्तकीत । वित्यवाणितकीत हिट्ट यथाकरम जानादांतक जानादांत्र সহিত সামান্যবাচক ও বিশেষবাচক বিশেষণাদি। প্রতিজ্ঞা পুনর্মার সিদ্ধ ও সংশবিত তেনে বিবিধ। ভদ্ধধ্যে সিদ্ধ প্রতিক্রার বিবরই আগতেত আলো-চিত হইতেছে। সংশবিত প্রতিজ্ঞা পরে প্রকৃষিত হইবে। ঐ সংশবিত প্রতিজ্ঞাকেও ছই ভাগে বিভক্ত করা বাইতে পারে । ঐ ভাগ বখা ; প্রথম, क्यनीत ; विजीत व्यमः नवा । जर्क वाता मः भगनिवमनकारगाई এই প্রতি

ছরের বিশেষ প্রবোজন দেখা যার। অবরী প্রতিজ্ঞা সকলই করনীর এবং ব্যতিরেকী প্রতিজ্ঞা সকলই অসংলগ্ন প্রতিজ্ঞা নামে উক্ত হইরা,থাকে।

বার্ধান্থমিতি। এই অন্থমিতিতে ব্যাপ্তি অন্তর্ভূতা থাকিলেও তাহার উত্তাবনের প্রবাধন থাকে না; স্তরাং এই অন্থমিতিতে হেতৃবিন্যান করিতে হর না। এই অন্থমানে প্রতিজ্ঞান্তর্গত পক্ষে সাংগ্যর রভিত্ববিষয়ক সাধর্মানিবধর্ম্মা জ্ঞান সাক্ষাৎ সন্থমেই নির্মণিত হইয়া যায়। যথা, (ক) ধাতুমাত্রই মূল পরার্থ। (ব) ধাতুমাত্রই মিশ্র পদার্থ নহে। (গ) কতকগুলি ধাতু উক্ষ্ণ বন্ত। (ব) কতকগুলি অনুক্ষন বন্ত।

জন্তব্য। কেবলাৰ্মী প্ৰতিজ্ঞাতে পক ব্যাপক হয়; কিন্তু বিশেষাৰ্মী প্ৰতিজ্ঞাতে তাহা হয় না। কেবলব্যতিরেকী প্রতিজ্ঞাতে সাধ্য ব্যাপক হয়; কিন্তু কেবলাৰ্মীতে হয় না। কারণ, পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাতে পক হইতে সাধ্যসম্ভব্ধ এককালে রহিত করা হয়, কিন্তু শেবোক্ততে তাহার সংযোগ হয় না।

বিভাগ বা শ্রেণীবন্ধন। সাধর্মাটবধর্ম্য দারা কৃতপ্রসঙ্গ বিষয় সামান্য ও বিশেষ ভেদে দিবিধ, ইছা পূর্বেই বলা হইরাছে। ঐ সামান্যেরই নামান্তর লাভি এবং বিশেষের নামান্তরই ব্যক্তি। সামান্য আবার অপেকাক্ত ব্যাপক্ষ ও ব্যাপ্যক্ত অনুসারে পর ও অপর এই ভাগদ্ধরে বিভুক্ত হইয়া থাকে। ঐ বিভাগ বা বিশেষধর্মের বোধনার্থ আমাদিপের ন্যায়শালে অবচ্ছেদক শব্দের ব্যাবহার হুইয়া থাকে।

নক্ষণ। বর্ষাক্ষর হইরাও অসম্পিত্র অর্থাৎ অন্ন কথার ব্যক্ত হইরাও স্পর্টার্থ, নারবৃত্ত, বিশবৃত্ত অর্থাৎ উদ্দেশ্রবিষয়বাগিক, গৌরবশ্বা অর্থাৎ রুথাবাহল্য-বিবর্জিত, বোবরহিত নির্দেশক বাক্যই নক্ষণ। এ গুক্তবের চিন্তু হরটি:—
সংজ্ঞা অর্থাৎ ব্যবহারার্থ শাল্লে ক্ষত নক্ষেত-বিশেব, পরিভাষা, বিধি অর্থাৎ
অপ্রাপ্ত বিষয়ের প্রাণক, নিরম অর্থাৎ সামান্যত প্রাণ্ডের বিশেববিধারক রূপ
পাক্ষিক্ষ বিধি, অভিবেশ অর্থাৎ অন্যবর্শের অন্যক্ষ আব্রোণ এবং অধিকার বা
বিষয়ব্যাপক্তা। লক্ষণের ভূইটি দোব:—লক্ষ্যে লক্ষণের অগমন রূপ লক্ষণ-দোবের নাম
বোবের নাম অ্যাপ্তি, এবং অন্যক্ষ্যে লক্ষণের গমন রূপ লক্ষণ-দোবের নাম

অতিব্যাপ্তি। কেহ কেহ পরিসংখ্যাকেও বিধি বলেন। উহা কামত প্রাপ্ত বিষয়ে নিবৃত্তির উদ্দেশে নিমুমিত করণার্থই ব্যবহৃত হইয়া থাকে।

পদার্থের প্রকৃতি বা স্বরূপ সম্বন্ধে আমাদিগের কোন জ্ঞানই নাই। পদার্থ त्यज्ञत्य आमानित्यत हेल्लियत विषयी छु हम, आमानित्यत छिन्नत्य त्म है রূপই জ্ঞান। তাহার অতিরিক্ত অন্তিত্বে আমাদিগের কিছুমাত্র অধিকার নাই, এবং তাদৃশ জ্ঞানও আর এক দিতীয় বস্তুর সম্বন্ধে। সংসারে দ্বিতীয় বস্তু না খাকিলে আমাদিগের কোন জ্ঞানই হইত না। বস্তুর ম্বরূপ বা নির্দ্তণ সন্তা স্মানিদিগের বৃদ্ধির স্থান্য। স্থানার রদালের জ্ঞান স্থাছে; স্থাৎ রদাল আমার ইক্রিয়গোচর বস্ত। ইহার আকার প্রকার, বর্ণ, স্বাদ, গন্ধ ও স্পর্শ আমার যেরপ অতুভব হইয়াছে, তাহা অন্য ফল হইতে পুথক বা অন্তের সহিত তাহার অনেকাংশে সাদৃশ্য আছে; আমাদিগের জ্ঞানই এই প্রকার। এতভিন্ন রসালের স্বতন্ত্র অন্তিত্ব আমরা বলিতে পারি না। নির্প্তণ অন্তিত্ব আমাদিগের উপলব্ধি হয় না এবং কোন বস্তুর প্রকৃত কারণও আমরা জানিতে পারি না। বস্তুসমূহের পরম্পর সাদৃত্য, সামানাধিকরণ্য ও পারম্পর্য্য সম্বন্ধ ব্যতীত আর আমাদিগের কিছুই জানিবার সামর্থ্য নাই। কিন্তু সম্বন্ধ নিত্য; অর্থাৎ অবস্থার প্রভিন্নতা না হইলে দে সম্বন্ধেরও প্রভেদ ঘটে না—চিরকালই मम ভাবে থাকে। অগ্নিতে কাৰ্চ দগ্ধ হয়, অর্থাৎ অগ্নি ও কার্চ সমানাধি-করণ, এবং দহন পরবর্ত্তী ঘটনা। অগ্নি ও কাষ্টের সামানাধিকরণ্য বিশেষে দহন রূপ পরবর্ত্তী বিষয় উপস্থিত হয়। এ সম্বন্ধ নিত্য; তবে অবস্থাস্তরে সম্বন্ধেরও যে ভেদ হয়—তাহাও নিত্য। অর্থাৎ আর্দ্র কাঠে অগ্নিসংযোগে দ্বনের পরিবর্ত্তে অপর একটি পরবর্ত্তী ঘটনা সংসাধিত হইবে। যে নিত্য সাদৃখ্য সম্বন্ধ হতে বস্তু সকল পরস্পর গ্রথিত, এবং যে নিত্য প্রণালীতে তাহাদিগকে পূর্ববর্ত্তিতা এবং পারম্পর্য্য সম্বন্ধে দেখা বায়, তাহাকেই নিয়ম বলে। আমরা একথানি কার্চ অগ্নিতে নিক্ষেপ কলিবাম, কার্চ জনিতে লাগিল, বারংবার পরীক্ষায় লক্ষিত হইল বে, সকল সময়েই সেই এক ভাব। ক্রমে প্রত্যক্ষ জ্ঞান এত প্রবল হইয়া উঠিল যে, এইরূপ সজ্ফটন দর্শনে স্বামা-দিগের প্রতীতি হইল যে, এইরূপ যে কোন কার্চ এইরূপ আমতে নিক্ষিপ্ত इरेलिरे এरेक्न परन निर्सार कतित्व। এरेक्न आमता खांछ व्यवसा हरेत्छ অক্সাত অবস্থায় গমন করিলাম। ফলত অগ্নিসংযোগে কাঠ দহন কার্য্য

সম্পাদন করে, ইহারই নাম নিয়ম। পদার্থস্থদ্ধে আমরা ঐ নিয়মমাত্র জানি। ভাহাদের হল্ম প্রকৃতি বা নিগৃঢ় কার্ণ প্রভৃতি জানিবার আমাদিগের কোন শক্তি নাই। জ্ঞাত অবস্থা হইতে নিয়ম সংগ্রহ করাই প্রাক্বতিক বিজ্ঞানের উদ্দেশ্য। উহার বহির্ভাগে <u>গমন করা</u> বি**জ্ঞানের অন্ধিকারচর্চাযা<u>ত</u>। বিজ্ঞা**-নের ভিন্ন ভিন্ন বিবর আছে। ঐ বিভাগ ও বিষয় অনুসারেই বিজ্ঞানের অধিকার নির্দিষ্ট হয়। গণিতবিজ্ঞান সংখ্যা, জ্যামিতি দৈর্ঘ্য প্রস্থ ও বেধ, জ্যোতিষ জ্যোতিকগণের আক্রতি গতি ও পরিমাণাদি, রুমায়ন জড়বস্তুর পরিবর্ত্তনাদি, শারীরবিজ্ঞান শারীরিক প্রাক্রিয়াদি লইয়া আলোচনা করে। দর্শনশান্ত্রের কোন নির্দ্ধিষ্ট বিষয় নাই। কিন্তু উহা পূর্ব্বোক্ত সকল গুলিকে লইয়াই আলোচনা করে। তত্ত্বিজ্ঞান সমস্ত চিস্তাজগতের অধিকারী। সহস্ব যে কোন অবস্থার থাকুন না কেন, ইহাই তাহার প্রাণের প্রাণ। তত্ত্বিজ্ঞানই জীবের জীবনের একমাত্র স্থুপাতা। বিজ্ঞান ইহারই সেবার জন্ম স্থূরপরা-হত তত্ত্বনির্ণয়ে তক্ময় হইয়া থাকে। দর্শন ইহার অনুগত ভৃত্য। বিজ্ঞানের প্রণালী প্রনেরগত; দর্শনের প্রণালী প্রমাতৃগত; তত্ত্বিজ্ঞানের প্রণালী উভয়গত। তৰ্বিজ্ঞানের অভ্যুদয়েই বিজ্ঞান ও দর্শনের বিরোধ ভঞ্জন হইয়াছে।

বহির্জগতের সহিত অন্তর্জগতের মিলন করাই সুকল অনুসন্ধানের মুখ্য কর। প্রমাতৃগত প্রণালীটি সম্পূর্ণ প্রত্যক্ষ বস্তর উপর প্রতিষ্ঠিত, স্কৃতরাং নানকরিত; প্রমেরগত প্রণালীটিও সম্পূর্ণ প্রত্যক্ষ বস্তর উপর প্রতিষ্ঠিত, স্কৃতরাং সীমাবদ্ধ; কিন্তু তৃতীয়টি বিজ্ঞান ও অনুমানের উপর সংস্থাপিত, তহ্ভরের মধ্যবর্তী, কালনিক হইয়াও বাস্তবিক। প্রমাতৃগত প্রণালীটি মানিক কল্পনার বশবর্তী হইয়া চিস্তাম্মোতে প্রধাবিত হয়। মানসিক ধারণার পারম্পর্যোর প্রতিরূপের সহিত বাস্তবিক ঘটনার ঐক্য থাকুক বা না থাকুক, সে তাহার অনুশাসন অপ্রাহ্য করিয়াই চিস্তামার্গে বিচরণ করিয়া থাকে। প্রমেয়গত প্রণালীটি ঠিক উহার বিপরীত। সে ইন্দ্রিরের অগোচর বিষর চিস্তা করিতেই অসম্বত। কল্পনার রাজ্যে গমন করিতেও পরাল্ব্র্থ। কিন্তু তৃতীয় প্রণালীটি সেক্স নহে। প্র প্রণালীতে চিস্তাতরক্ষ ঘটনাতরক্ষের সঙ্গে

সঙ্গে সমান ভাবে তালে তালে চলিতে থাকে। মানবের যে পূর্ব্ব ধারণা থাকে, তাহাকে প্রতিপদে বাস্তবিক ঘটনার সহিত বিধিনত তুলুনা করিয়া মিলন করিয়া দেথায়। ইহাতেও দর্শনের ন্যায় অনুমান আছে বটে, কিন্তু তত্ত্বিজ্ঞানের অনুমান মিথ্যা নহে, একটা যা তা ধরিলা লওলা নহে। ইহারও বন্ধন আছে—সঙ্কেত আছে। তৃণদুশ্নে গুগ্গের অনুমান নিতান্ত অসমত। দকল অনুমানের মূলেই উপমিতি আছে, নতুবা অন্ধের হস্তিদশন হইরা পড়ে। প্রত্যেক দৃষ্ট জ্ঞানের সঙ্গেই কৃতক্টা অরুল্ধি গাকে। নকল গুণ্ই সকল সময় একেবারে উপলব্ধ হয় না, স্কুতরাং সর্বত্তই আংশিক অভুলব্বি থাকে। বস্তুর দৃষ্ট <mark>লক্ষণ ছারা অ</mark>দৃষ্ট লক্ষণ অনুমান করিতে হয়। উপল**দ্ধি** হইতে অনুলব্ধি ও অনুলব্ধি হইতে জ্ঞান-প্রাণ। উপলব্ধির প্রামাণ্য নাই; অতুণশ্ধির প্রানাণ্য অপরিহার্যা। দার্শনিক ও বৈজ্ঞানিক উভরেই অনুমানের সাহায্য লইরা থাকেন বটে; কিন্তু দার্শনিকের অনুমানে ও বৈজ্ঞা-नित्कत अयुगात विष्ठत अञ्चल। देख्डानिक निष्ठ अयुगानतक घरेनात স্হিত প্রীক্ষা করিয়া প্রমাণ করেন, কিন্তু দার্শনিক সেরূপ প্রীক্ষার প্রাদ বা অবদর পান না। কালনিক অনুমানের প্রামাণ্য নাই, বাস্তবিক অনুমানেরই প্রামাণ্য স্বীকৃত হয়। দার্শনিকের অনুমান স্বপ্পবং; তাহার স্থিত বাস্তবিকের পারম্পর্য্য থাকে না। বৈজ্ঞানিকের অনুমান জাগ্রতের ত্যায় বাস্তবিকের পারম্পর্য্য বিশিষ্ট। স্বপ্নের ত্যায় কাল্লনিক কোন কোন স্থানে সত্য ও অভ্রাস্ত হইলেও হইতে পারে; কিন্ত সেই নিমিত তাহার প্রামাণ্য স্বীকার করা যায় না। কাল্লনিক অনুমানে স্বভাবের নিয়ম আছত্ত হয় না, স্কুতরাং উহা স্বভাবের অধীন ; যেখানে স্বভাবের সহিত ঐক্য হইল, সেই থানেই কাকতালীয় ভায়ে কালনিক অহুমানু সত্য হইল; তদ্তির ছলে উহার ভ্রম অপরিহার্যা। কাল্লনিক অমুমান প্রমাতৃগত, স্থতরাং উহাতে. প্রমাতৃগত ভ্রমাদি দোষ অপরিহার্য। কিন্তু বাস্তবিক অনুমানে সভাবের নিরম আরত হয়, প্রতরাং পভাব উহার অধীন; সর্প্রতই পভাবের সহিত ঐক্যু রহিল, সর্বতেই বাস্তবিক অমুমান সত্য হইল; কোন স্থলেই উহার লমের সম্ভাবনা নাই। বাস্তবিক নিয়ম প্রমাতৃ ও প্রমের এতহভয়-গত;

স্থতরাং উহাতে প্রমাতৃগত ভ্রমাদিদোষের সম্ভাবনা থাকে না। তত্ত্বিজ্ঞানই বিজ্ঞানের, চ্ডান্ত গৌরব, মহ্মাবৃদ্ধির উহাই শেষ সাধনা। উহাই মহ্মাবিনের চরম উদ্দেশ্র। উহাই মানবের জ্ঞান-পিপাদার বিরাম-সরোবর। মহ্মার যে ভাবে যথায় থাকুক না কেন,—সংসারে বা অরণ্যে, সভ্যতার উচ্চতম সমুজ্ঞল শিখরে বা অসভ্যতার প্রগাঢ় অন্ধকারময় কলরের অন্তন্তনে, বিলাদের কমনীয় নিকৃঞ্জ কাননে বা উৎকট বৈরাগ্য-মন্থতে—তত্ত্ব-বিজ্ঞান সর্বত্তিই তাহার পিপাদা নিবারণ করিয়া তাহাকে অগাধ আনন্দসাগরে নিম্ম করিবই করিবে।

মনোবিজ্ঞান নিঃশব্দে অপরিক্ট্টভাবে আত্মার অন্তিত্ব অবধারণ পূর্ব্বক নিরস্ত ২ইলে—তৎক্বত প্রমাণ আত্মবস্তর তত্বনির্ণয়ে অসমর্থ হইলে, চিন্তাশীল মানব আত্মতত্বনির্নপণার্থ অপৌক্ষের তত্ত্ববিজ্ঞানের আশ্রয় গ্রহণ করেন। অতি প্রাচীনকাল হইতেই আমাদিগের দেশে আত্মতত্বনির্ণয়কারিগণের মধ্যে নানাবিধ মত প্রচলিত হইয়া আসিতেছে। তত্ত্ব-বিজ্ঞান-ইতিহাসের প্রথম পথপ্রদর্শক নাস্তিক্গণ।

দেহাত্মবাদী নান্তিকগণ বলেন—"শারীরিক ও মানসিক র্তিনিচয়ের পরক্ষার সাদৃশ্ঠ-বৈসাদৃশ্ঠ সন্দর্শনেই দেহাতিরিক্ত আত্মার স্বতন্ত্র অন্তিম্ব অবধারিত হইতে পারে না। বৃতিদয়বিশিষ্ট দেহের স্থভাবই এই যে, দেহ এক রুত্তি দ্বারা জড়বৎ কার্য্য করে ও অপর রুত্তি দ্বারা চেতনবৎ কার্য্য করে। বস্তুত: একমাত্র স্থনাদি অনস্ত অপরিমের শক্তির—বৈহাতিক শক্তির ক্রম-ক্রিশেই পরমাণু সমূহ পরিণত হইয়া ক্রমান্তরে পৃথিবী হইতে মন্ত্র্যা পর্যান্ত সমস্ত জীবের উৎপত্তি সাধন করিয়াছে। আন্তিকের কোন তর্কয়্তি দ্বারাই দেহাতিরিক্ত আত্মার অন্তিম্ব প্রমাণিত হইতে পারে না। ভৌতিক জগৎ, উদ্ভিদ্জগৎ ও প্রাণিজগৎ সর্কতোভাবে বিসদৃশ হইলেও উহাদের অভ্যন্তরে এক অতি আক্রার্থ অপরিবর্তনীয় ক্রমোন্তির নিয়ম বিদ্যমান রহিয়াছে। উক্ত ক্রমোন্তিই ঐ বৈসাদৃশ্রের কারণ। ভ্তসমূহের রাসায়নিক সংযোগজনত গতি, উদ্ভিদ সমূহের প্রাণ এবং প্রাণিসমূহের মধ্যে নিক্রষ্ট প্রাণিগণের শক্তি ও উৎক্রই প্রাণিগণের চেতনাই ধর্ম। অত্যুৎকৃষ্ট প্রাণী

মানবের বিবেকই ধর্ম। শক্তির সমস্ত ক্রিয়ার মূলকারণ কথনই জড় হইতে পারে না। নানাবিধ কারণ সকল মূলশক্তিরূপে একত্বে পর্যাবদ্যিত হইয়া অথও ও অদৃখভাবে সমন্ত কার্য্যই সাধন করিতেছে। উহাই বিখের অদৃষ্ট; ঐ অদৃষ্ট শক্তির বশেই বিশ্বসংসার বারংবার উৎপত্তি-স্থিতি-লয় ও পুনরুৎ-পত্তি প্রভৃতি ভজনা করিতেছে। ঐ অদুষ্টকারণর পিণী মহীয়দী শক্তি হইতেই দেহের ক্রমবিকাশে ক্রমোল্লভিতে চৈতন্যের ক্রমবিকাশ। উহা হইতেই বিবে-কের উৎপত্তি। ঐ অদৃষ্ট কারণ হইতেই ক্ষিতি, ক্ষিতি হইতে অঙ্কুর, অঞ্চুর হইতে উদ্ভিদ, উদ্ভিদ হইতে পত্র-পুষ্প-ফলের উৎপত্তি। আবার তাহার ক্রমাবনতিতে ক্ষিতিরপে পরিণতি। প্রকৃতিতে স্কল্ই নিত্যন্তন-নিত্য-লয় ৷ উৎপত্তির পর শৈশব, শৈশবের পর যৌবন, যৌবনের পর বার্দ্ধকা; আবার বার্দ্ধক্যের পর বাল্য। এইরূপ নিতাই প্রলয়, নিতাই উৎপত্তি, নিতাই নবভাব। কাহারও এককালে লয় নাই, শৃত্তত্ব নাই; কেবল অবস্থান্তর। কাহারও আকম্মিকী উৎপত্তি নাই, কাহারও শৃত্ত হইতে আবির্ভাব নাই। যাহা ছিল, তাহাই আদিতেছে, আবার যাইতেছে, আবার আদিতেছে। (कहरे मुना हिल ना वा मुना हरेटर ना; टकवल পরিবর্তন, टकवल नव-ভাবের আবিভাব মাত্র। এই নিয়মেই সমুদ্র, এই নিয়মেই পর্বত, এই নিয়মেই ক্ষিতি, এই নিয়মেই আকাশ, এই নিয়মেই অন্ধুর, এই নিয়মেই वुक. এই नियरभटे कींछे, এই नियरभटे मानव, এই नियरभटे खड़, এই নিয়মেই বিজ্ঞ, এই নিয়মেই জাতি, এই নিয়মেই সমাজ। সকলই সেই প্রকৃতির-অজ্ঞেয়া প্রকৃতির নিয়ম। এই প্রকৃতি বিকৃদ্ধস্বভাবা; ক্থন মনোহারিণী কথন ভয়ঙ্করী কথন ঐখর্য্যময়ী কথন মাধুর্য্যময়ী। অধিক কি, এই সত্যস্বরূপা বৈচিত্র্যময়ী প্রকৃতির কারণত্বে আত্মার স্বতম্র অনন্তিত্বে আর অধিক প্রমাণ প্রয়োগের--বাক্যবয়ের আবশুকতা নাই। সর্বোৎক্রন্থ প্রাণী অর্থাৎ উন্নতির প্রায় চরমসীমাপ্রাপ্ত মানব জাতিরই বাল্য, যৌবন, বার্দ্ধক্য, ও সভ্যতা, অসভ্যতা ভেদে ঐ চৈতন্যধর্মেরই যেরূপ বৈশক্ষণ্য প্রতীত হয়, ভাষা হইতেই ক্রমোন্নতির নিয়মামুসারে চৈতন্যের ক্রমবিকাশ বিলক্ষণ প্রতি-श्रम **इ**हेबारह। वना वाहना (व, मानवकाणित मर्था (व करवकी त्थ्री पृष्टे हत्र,

ভাহার মধ্যে একটিকে বিবেকশক্তির আধারস্বরূপ আত্মবিশিষ্ট বলিলে. অপর-টিকে তদভাববিশিষ্ট বলা অযুক্ত হয় না। একজন বিবেকশালী যুবাকে আখ্ৰ-বিশিষ্ট বলিলে, একটি সদ্যোজাত কিম্বা পর্ববতগুহাবাসী অসভ্য মানবকে কি ঐ আত্মবিশিষ্ট বলিতে সাহস হয় ? বিশেষত এই ফুল্ম ক্রমোরতির নির্মের প্রতি দৃষ্টিবিহীন হইয়া স্বতন্ত্র হৈতন্যের অন্তিমে বিখাসাগর ব্যক্তিরা যে, জড়-• শরীর হইতে চৈতন্যের উৎপত্তি অসম্ভব বলিয়া ·অপর একটি কৃট তর্কের অব-ভারণা করেন, দেহাত্মবাদিগণ কি তৎপরিবর্ত্তে চেতন আত্মা হইতে জড়-শরীরের উৎপত্তিও তাদৃশ অসম্ভব বলিয়া প্রতিকূল তর্কের উত্থাপন করিয়া বিপক্ষমতের উপর অপরিহার্য্য দোষের আরোপ করিতে পারেন না ?" অধি-কন্ত দেহাত্মবাদিগণ বলেন যে. "তাঁহাদের মতের যৌক্তিকতার প্রতি প্রত্যক্ষই প্রমাণ; কিন্তু প্রতিপক্ষীরগণকে স্বমত সংস্থাপনে অজ্ঞের অনুমানের আশ্রয গ্রহণ করিতে হয়। ফলত আন্তিকের মতে অসম্ভবে সম্ভবের কল্পনা, ভ্রান্ত-বিশ্বাদের অনুরোধে। আত্মজ্ঞান জীবের সংস্কারজ এবং অদ্ধত-সংযোগের ফল। দেহের স্বভাবই অধ্যাত্ম—দেহই আত্ম। সহজ জ্ঞান কিছুই নাই, সকল জ্ঞানই সংস্থারজ। ক্রমোন্নতিই জ্ঞানের সাধন। চেতন-কর্ত্তার স্বতন্ত্র অন্তিত্বের নিশ্চ-মতা ও সম্ভাবনাও নাই, বিশেষত আমাদিগের জ্ঞান যথন সীমাবদ্ধ, চকু প্রভৃতি ইন্সিয়ের সাহায্য ব্যতিরেকে যথন কোন জ্ঞানই হয় না, তথন ইন্সিয়ের অগোচর বস্তুর অন্তিত্বে কিরূপে বিখাস করা যাইতে পারে ৪ সমস্ত মানবজাতি যে বিষয় প্রত্যক্ষ করেন নাই. সে বিষয়ের প্রামাণ্যই সিদ্ধ হইতে পারে না। ঈশ্ব, পরলোক ও ধর্মাদি অতিপ্রকৃত বিষয় সকল, সামাজিক শুঝলা রক্ষার জন্য, মানবগণ কর্ত্তক কল্লিত হইয়াছে। ঐ কল্লনা কালক্রমে জটিল হইতে : কটিলতর হইয়া ভয়ক্ষর কুদংস্কার-জালে সমাচ্ছাদিত হইয়া পড়িয়াছে।"

• "মানবজাতির ক্রমোর্নতির সঙ্গে সঙ্গে তাঁহাদিগের মনঃক্ষিত ঈশ্বরেরও ক্রমোরতি হইয়াছে। মানবের প্রাচীন ইতিহাস পর্য্যালোচনা করিলে, অবগত হওয়া যায় যে, অতি প্রাচীনকালে মানবজাতি যথন প্রথম বস্তুজীবন হইতে সভ্যজীবনে পদার্পণ করেন, তথন পূর্ব্ব প্রমাজে আধুনিক উপাসনা প্রণালী প্রচলিত ছিল না। তৎকালে তাঁহারা পদার্থসমূহের আদিকারণ

অন্থসন্ধানে রত ও সময়ে সময়ে স্ষ্টিকৌশলে বিমোহিত হইয়া নদী, পর্বাত, তুমি, জল, আকাশ, অগ্নি, উদ্ভিদ, বজ্ঞ, তড়িৎ, চল্ল, ও স্থ্যাদির পূজা ঈশ্বরজ্ঞানেই সম্পাদন করিতেন। সন্ধীণবৃদ্ধি মানবগণ প্রকৃতিকে তাঁহাদের জ্ঞানের অগোচরে কার্য্যসাধন করিতে ও তাঁহাদিগের অভাবনীয় স্থ ছংখ বিধান করিতে দেখিয়া অজ্ঞেয়া প্রাকৃতিক শক্তিকে ঈশ্বরভাবে পূজা করিতেন।"

"স্তুরদর্শী আর্যাঋষিগণ ঐ সকল প্রাকৃতিক শক্তির যথাযোগ্য কল্পিড মূর্ত্তি দকল রচনা করিয়া কথন ভয়ঙ্কর ঐশ্বর্য্যের ভাবে, কথন মনোহর মাধুর্য্যের ভাবে, কাব্যমধ্যে স্মিবেশিত করিয়া সামাজিক নিয়ম স্কলের ও মানসিক वृত्তि नकरलत स्नृष्यमा मः स्नाभागत स्वयाग कतिया पियारहन । वर्षामाकर्यात অবসানে শার্দীরা, মর্ক্রেখ্য্যসম্মিতা, পার্খন্বরে বিদ্যাধিষ্ঠাতী ও ধনাধিষ্ঠাতী সরস্বতী ও লক্ষ্মীদেবী পরিবেষ্টিতা, বীর্ত্ব ও গাঙীর্য্যের আদর্শস্বরূপ কার্ত্তিকের-গজাননপরিদেবিতা, ছষ্টরিপুমহিষাস্ত্রবিমর্দিনী, দশ্দিখ্যাপিনী, দশভুজা, মহা-শক্তি মহামারার মহীরদী মূর্ত্তি। তৎপরেই মাধুর্য্যের পরাকান্ঠা;—ভগবান नक्तनक्त नक्तनकानन अर्थकाउ आनक्षांग त्रकावरन जिब्बग्यानमाकर्यक মুরলীধর রাসরসাক্ষী মনোহর নটবরবেশে মুগ্ধা গোপকভাগণের পরম পরি-তৃপ্তি বিধান করিতেছেন। তৎপরেই খেতশতদল-বিরাজিতা বিদ্যাধিষ্ঠাত্রী দেবী ভ্রবর্ণে ভ্রবসনে সমারতা হইয়া অপূর্ক সঞ্চীত-স্থধাবর্ষণে জগৎ পরি-তৃপ্ত করিতেছেন। তৎপরেই ঋতুরাজ বদন্তের আবির্ভাবে প্রীতি-রতি দারা কন্দর্পরণী এক্তিফের দোলোৎসব। পরেই ঐশ্বর্যানগী বাসন্তী। তাহারই পর ভগ্বৎ-কুপায় ভক্তহৃদয়ে ভগবানের আবির্ভাবস্বরূপ জন্মাষ্ট্রমী। এইরূপে শক্তির পর ঈশ্বর, তৎপরে শক্তি; স্থতরাং অভিনব ভাব, ঐশর্য্যের সহিত মাধুর্য্য, শক্তিরই রূপান্তর।"

"যাহা হউক, ঐ প্রণালীতে আর্য্য ঋষিগণের অপূর্ব্ব কৌশল সত্ত্বেও তাঁহারা যে ঐ শক্তিকে মানবীয় সাজে ও গুণে বিভূষিত করিয়া অছুত দেবদেবীর স্পষ্টি করিয়াছেন, ইহা অবশ্য স্বীকার্যা। কালক্রমে ঐ শক্তি ভিন্ন ভিন্ন আথ্যার ও ভিন্ন ভিন্ন আকারে আশ্চর্য্যভাবে পুদ্ধিত হইতে লাগিল। এইরপেই পুত্রপরিজন-পরিস্থৃত মহাভোগ-বিলাসী যুদ্ধ-বিগ্রহাদি-রত কামাদি-পরিপীড়িও মানবধর্মা দেবগণের উৎপত্তি হইল। কুসংস্কারের সঙ্গে নাগাদি-নিবাস পাতালাদি পুরী ও দেবাদি-নিবাস স্বর্গাদি পুরীরও আবির্ভাব হইল এবং ঐ সকল পুরী নানাবিধ অলন্ধারে সমালন্ধ্ তও হইতে লাগিল। পরে যৌক্তিক ও তার্কিক লোক সকল আবির্ভূত হইলে, দর্শনশাস্ত্রায়ুমোদিত কল্পিত ঈশ্বর ও তাঁহার উপাসনাপদ্ধতি প্রচলিত হইতে লাগিল। ফলত, ঈশ্বর যে মানবের সমাকর্দার উপাসনাপদ্ধতি প্রচলিত হইতে লাগিল। ফলত, ঈশ্বর যে মানবের সমাকর্দার ও ধর্মাদি যে তাঁহাদিগের সমাজশাসনার্থ উদ্ভাবিত উপায়, তাহা কিঞ্চিৎ অনুধাবন করিলেই প্রতীত হয়। মানবের প্রকৃতি ও তল্পত বৈষম্য এবং বিশ্বপ্রকৃতির পর্য্যালোচনাই মানব মনে ঐ সকলের অসারত্ব ও কল্পিত প্রতিপন্ন করিয়া দেয়।"

"জ्ञानिमां वह श्रीकांत करतन रय, ज्ञान हे नियमाहाया वाजिरतरक छे ९ शत्र হয় না। যে কোন জ্ঞান লাভ হয়, তাহাতেই ইন্দ্রিয় অন্নুস্যুত রহিয়াছে। যাহাকে সহজ জ্ঞান বলা হয়, তাহাও ইন্দ্রিয়ব্যতিরেকে প্রকাশ পায় না এবং ধারণা করাও যায় না; স্থতরাং মানবের মনঃকল্পিত ঈশ্বরও মানবীয় গুণে বিভূষিত হইয়াছে। ঐ সকল গুণ আবার ঐ কল্পিত ঈশ্বরে এত অধিক পরি-माल अनल श्रेशाष्ट्र (य, जाशास्त्र मामानाधिकत्ता वा मामक्षमा मख्य श्रे না। ঈশ্বর জীবের প্রতি করুণা করিয়া প্রকৃতিকে জগন্নির্মাণে প্রবৃত্ত করেন, বলা নিতান্ত অসঙ্গত। করুণা শব্দের অর্থ প্রতঃখনিবারণেচ্ছা। স্থতরাং ঈশ্বর জীবের প্রতি করুণা করিয়া প্রকৃতিকে সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত করেন, বলিলে, ঈবর জীবের ছঃথনিবারণেচ্ছায় সৃষ্টি করেন, ইহাই বুঝা গেল। সৃষ্টির পূর্বের হঃখাদি কিছুই ছিল না; হঃখাদিও ঈশ্বরস্থ্য। যদি তাহাই হইল, তবে ঈশ্বর কাহার নিবারণের আশায় সৃষ্টি করিলেন ? কি নিমিত্তই বা সর্ব্বজ্ঞ ারমেশ্বরের ঐরপ অসৎ হৃঃথের নিবারণে ইচ্ছা হইল ? স্বন্থশরীর ব্যক্তিকে কোন বৃদ্ধিমান ঔষধ সেবনের ব্যবস্থা করিবেন ? এই দোষ পরিহারের নিমিত कीर्त्व इः थमकारतत भन्न स्टिष्ठ अनुष्ठि वना यात्र ना । कानन, जारा रहेल, হু:খ সৃষ্টিদাপেক্ষ ও সৃষ্টি হু:খদাপেক্ষ হওয়াতে পরম্পরদাপেক্ষতারূপ অক্যো-ন্তাশ্রম লোম ঘটে। বিশেষত চেতনের অধিষ্ঠান ব্যতিরেকে অড়ের কার্য্য

হয় না ভাবিয়া প্রকৃতির স্ষ্টিকর্ত্ত অস্বীকার করাই অসম্বত। কারণ, চেত-নাধিষ্ঠান ব্যতিরেকেও অনেক জড়বস্তর কার্য্যকরণে প্রবৃত্তি দৃষ্ট হইতেছে। অভিনব জাত সন্তানের বৃদ্ধি ও জীবন ধারণার্থ জড়াত্মক হগ্ধ প্রবৃত্ত হইতেছে এবং জনগণের উপকারার্থ সময়ে সময়ে জড় মেঘ বর্ষণে প্রবৃত্ত হইতেছে। অত্তব জড়াত্মক প্রকৃতিও জগনির্দাণে প্রবৃত্ত ইবৈ, তারিমিত ঈশন স্বীকা-রের প্রয়োজনই নাই। অধিকন্ত ঈশরের সৃষ্টিকর্ত্ত খীকারে পূর্ব্বোক্ত দোষ ভিন্ন আরও আনেক দোষ দেখা যার। ঈশ্বর বিখের সৃষ্টিকর্তা: ইহাওকি সম্ভবপর কথা ? বিশ্ব অনাদি ও অনন্ত। এক অসংখ্য ভাগে বিভক্ত হইলেও তথন বিশ্বকে অবশাই অনাদি ও অনন্ত স্বীকার করিতে হইবে। বিশ্ব অনাদি হুইলে, উহার স্ষ্টিকর্ত্তাও অসম্ভব হুইল। যদি শক্তির উদ্বোধনকেই বৃষ্টি বলাহয়, তাহা হইলে, কথঞিং স্ষ্টিকর্ত্ত সম্পত হইলেও শান্তি নাই। ইচ্ছামরত্বাদি গুণের সামঞ্জম্য কোথার ? ঈশ্বরকে ইচ্ছামর বলিতেছ, কিন্তু যথন দেখা যাইতেছে যে, উদ্দেশ্য বিনা ইচ্ছা থাকে না, তথন ঈশ্বরের কোন না কোন উদ্দেশ্য স্বীকার না করিলে, তাঁহাকে ইচ্ছামর বলা যাইতে পারে না। উদ্দেশ্য স্বীকার করিলে, পূর্ণকামত্ব থাকে না। আমাদের উদ্দে-শাই যদি ঈখবের ইচ্ছার কারণ হয়, তবে ঈখবের সর্বশক্তিমতার হানি হর; যেহেতু, আমাদের উদেখ কথনই সিদ্ধ নহে। আমাদের পরিমিত শক্তি ও স্বাধীন ইচ্ছা স্বীকার করিলে, তাঁহার করুণাময়ত, সর্বাশক্তিমত্ব ও সার্বজ্ঞানি ধর্মের অসামঞ্জন্য হয়। বিশেষত, যিনি স্বরং এই অনক্রনায় বিখের সৃষ্টি করিয়া আমাদিগকে স্বেচ্ছাত্ররণ স্থপ্রাচ্ছন্দ্য ভোগের অনধি-কারী করিয়াছেন, তিনি তাঁহার উক্ত অসম্পূর্ণ কার্য্যের নিমিত্ত ভক্তির পাত্র হুইতে পারেন না। অধিকম্ব তাঁহাকে উপাসনাপ্রিয় বলিলে, তাঁহার নিঞ্জি-কারত্বও সম্ভব হয় না। এইরূপ বিচার করিলে, ঐ ঈখরতে মানবের মন:-कत्ति उहे चिना उहा। के मकन मार्यित शिवहात कामनात्र शताक चीकात করাও অন্যদোষের উৎপাদক। দেহাবদানে তত্ৎপন্ন আত্মার ধ্বংসও অবশ্যস্তাবী: স্থতরাং পরলোক অধীকার্যা। তর্কবিশ্রান্তির জন্য পরলোক

ষীক্ত হইলেও বিনি সর্ব্বজ্ঞ, সর্ব্বশক্তিমান্ ও করণাময়, তিনি কি কারণে অসম্পূর্ণ শক্তিও অসৎ প্রবৃত্তি প্রদান পূর্ব্বক জীবকে এই অসীম যন্ত্রণা-ভোগের পাত্র করিরাছেন, এই প্রশ্নের উত্তর কে দিবে ? যে কট নিবারণের নিমিত্ত অদৃষ্ঠ অপ্রত্ত ও অচিন্তা ঈশর স্বীকার করিতে হইবে, তাঁহার হারা সে উদ্দেশ্যের সিদ্ধি হয়, কি প্রকারে ? লোক যে অথের জন্য করিতে জক্ম ? প্রকৃতিতে কি সে অথের অসদ্ভাব আছে; প্রকৃতির অথ, ছংখনগান্ধই ইইলেও অবর্জ্জনীয় ভাবে প্রাপ্ত ছংখের পরিহার পূর্ব্বক স্থ্থমাত্র ভোগ করিলেই ছইল। ছংখের দিকে দৃষ্টি না করিলেই প্রকৃতি স্থেবে আগার হইয়া উঠিবে।"

"বিশেষত, ঈশ্বের সহদে ভিন্ন ভিন্ন মত ও ধর্মণাস্ত্রাদির বিভিন্ন প্রণালী ছইল কেন, এই ত্রহ বিষয়ের মীমাংসা কে করিবে ? একাল পর্যান্ত ঘণন ঐ সকল বিষয়ের সভোষজনক সিদ্ধান্ত আবিষ্কৃত হইল না, তথন কেনই বা লোকে 'ধর্ম ধর্ম' 'ঈশ্বর ঈশ্বর' বলিয়া চীৎকার করেন ? মানবের অসম্পূর্ণতা ও আকাজ্ঞা ঈশ্বরান্তিত্বের প্রমাণ হইতে পারে না। ক্রমবিকানি জগৎ ঘণন ক্রমণই উন্নতির অভিমূথে অগ্রসর ইইতেছে, তথন এমত সমন্ন আনিতে পারে, যথন মানব স্বতই সম্পূর্ণতা লাভ করিয়া অভিল্যিত স্থেশছেনেতা অন্থ্ব করিবে। তাঁহার আকাজ্ঞা বিচিত্রকৌশলমন্ত্রী প্রকৃতির নিম্মান্সারেই অন্তর্থিক হইবে।"

বস্তত দেহাত্মবাদিগণের মতে, "প্রত্যক্ষের অতিরিক্ত প্রমাণ নাই, অর্মান সন্তালনা মাতা। বিশ্বাতিরিক্ত ঈশর নাই; বিশ্ব স্বত: দিদ্ধ অনাদি অনন্ত। জড়ের পরিণতিই চেতন জীব। দেহাতিরিক্ত আত্মা, স্বর্গ, মুক্তি ও পর-লোকের প্রমাণ নাই। বুদ্ধিপৌরুষবিহীন ব্রাহ্মণের আপনাদিগের জীবিকা নির্বাহার্থ বেদ ও তলিখিত আচার ব্যবহারের স্থাই করিয়াছেন। অতএব মন্ব্যস্ট অন্তব্যাঘাতাদিদোষ্ট্ট বেদাদিশান্ত্রসমূহের প্রোক্ষবাদ প্রামাণ্য লহে। মন্ত্র্য প্রকৃতির নির্মের অন্তর্গেধে স্বীয় বিবেক্শক্তির পরিচালনে যে কার্য্য করিবেন, তাহাই তাহাকে উন্নতির পথে লইয়া ঘাইবে। তাহাই উল্লেখ্য অভিল্যিত স্থের সাধ্য হইবে। এইশ্বেপ করিতে করিতে তিনি স্বয়ংই অগক্ষিত ভাবে এক দিন না এক দিন স্বক্পোলক্ষিত **ঈশ্বরের অনু**-রূপ হইবেন; ইহাই স্ত্য।"
• •

সাজ্যদর্শন-প্রণেতা কপিল বলেন, - প্রকৃতিপুরুষের অবিবেক হেতু অর্থাৎ পুক্ষ, ত্রিগুণাত্মিকা প্রকৃতি হইতে ভিন্ন, পুদরপলাশবরিলেণ ও অকর্তা, এইরপ জ্ঞানের অর্ৎপত্তি পর্যান্ত জীবকে আধ্যাত্মিক, আধিভৌতিক ও আধিদৈবিক এই ত্রিবিধ হঃথ ভোগ করিতে হয়। পরে প্রকৃতিপুরুষের বিবেক অর্থাৎ প্রকৃতিই কর্ত্রা, পুরুষের কর্ত্তর অধ্যাসমাত্র, এইরূপ জ্ঞানের উদ্যে অনাদি অবিদ্যার নির্তি হইলে, পুরুষের প্রতি প্রকৃতির অধিকারের ত্যাগ হয়। তদনতার পুরুষের অর্থাৎ জীবের তিবিধ তঃথের ধ্বংস হয়। ইহাকেই আনন্দ্রাপ্তি কহে। যেরূপ ভারনাহক পুরুষের মন্তক হইতে ভার অপনীত হইলে, ভারজনিত ছঃথের অবসানরপ স্থের উৎপত্তি হয়, তদ্ধপ ত্রিবিধ ত্বংখের আত্যন্তিক নিবৃত্তিই স্থথ। পূর্ব্বোক্ত ত্বংখত্রয়ের মধ্যে আধ্যা- • আুক ছ:খ দ্বিধি:--শারীর ও মানস। বাতপিতাদিজনিত বৈষ্ম্য হেতুক তুঃখই শারীর তুঃথ এবং কামজোধাদিজনা তুঃখই মানস তুঃখ। এই তুঃখছয় আন্তরোপারনাশ্য বলিয়াই ইহাদিগকে আধ্যাত্মিক ত্রুথ বলা যায়। মহুষ্যপশ্বাদি-হেতৃক তুঃধই আধিভৌতিক তুঃথ। এবং যক্ষরাক্ষণভূতাদ্যাবেশহেতৃক তুঃথকে জাধিদৈবিক ছুঃখ কহে। উক্ত ত্রিবিধ ছুঃখই প্রকৃতিমূলক; স্কুতরাং প্রকৃতি-পুক্ষ বিবেকে প্রকৃতির অধিকারের অবনান হইলেই তৃঃখত্রয়ের ধ্বংস হয়। যদিও ঔষধ-বনিতাদি দারা আধ্যাত্মিক হঃথ নাশ, হুর্গাদি সাধন দারা আধি-ভৌতিকাদি ছংখের নাশ হয়, কিন্তু তত্বারা উক্ত ছংখের সমূলে নাশ হয় না, পরস্ত রোগবিশেষের ন্যায় পুনর্কার উৎপন্ন হয়। অতএব প্রত্যক্ষমাত্রবিশ্বাদী নাব্তিকের মতামুসারে সাংগারিক ক্ষণিক স্থথের উৎপত্তিতে যে ছঃখনাশ হয়, ভাহাকে আত্যন্তিক হঃখনাশ বলা যায় না ; প্রকৃতির নির্তি হইল্লেই আত্যস্তিক নাশ হয়। অতএব তাদৃশ আত্যস্তিক নাশকেই আনন্দপ্রাপ্তিরূপা मुक्ति वला हत । अ ध्वः मक्तभा मुक्ति कार्या इहेटल अ छेरा घरो निकार्यात नाम অনিতা নহে। কারণ, ধ্বংসরপ অভাবের নিতাছই শীকার্যা। এইরূপে পুরুবের নিতাত খীকারে খুন্যবাদী বৌদ্ধেরও মত নিরাকৃত হইল।

যোগদর্শন-প্রণেতা পতঞ্জলি বলেন, - প্রকৃতি-পুরুষের বিবেকাভ্যান দারা বিষয়বৈরাগা জন্ম। ঐ বৈরাগ্যের পকতা জানিলে যম, নিয়ম, আসন, প্রাণায়ান, প্রত্যাহার, ধারণা ও ধ্যান দারা সম্প্রজ্ঞাত সমাধি লাভ হর। এবং তুরাভে পর্বমেধিরপ্রদাদ হয়। তাহা হইলে, ছঃথপরিহার ও স্থপ্রাপ্ত হয়। অহিংদা, সত্য, অস্তেয়, ব্রদ্ধা ও অপরিগ্রহ, এই পাঁচটিকে যম কছে। শৌচ, সম্ভোষ, তপঃ, স্বাধ্যায় ও ঈশ্বরপ্রণিধানের নাম নিয়ম। বোগাভ্যাস-কালীন স্বতিকপন্নাদি অঙ্গসংস্থান বিশেষের নাম আসনী এবং রেচন-পুরণ-কুপ্তনরূপ বায়ুদংযমন কার্য্যবিশেষের নাম প্রাণায়ম। বিষয় সকল হইতে ইন্দ্রিরগণের বিয়োজনরূপ কার্য্যবিশেষের নাম প্রত্যাহার। নাভিচক্র ও নাসাগ্রাদিতে নির্বিষয় চিত্তের স্থিরীকরণের নাম ধারণা। যাহাতে বিষয়ান্তরের ক্তিহয়, সেই চিত্ত দ্বারা বে সমাধি লাভ হয়, তাহার নাম সম্প্র-জ্ঞাত সমাধি এবং প্রমাণ, বিপর্যার, সঙ্কর, নিদ্রা ও স্মৃতি, এই পঞ্চিধ চিত্তর্তির নিরোধ হইলে, যে সমাধি লাভ হয়, তাহারই নাম অসম্প্রজাত সমাধি। অসম্প্রজাত সমাধি লাভ হইলেই জীবের ছঃথনির্ত্তি ও আনন্দা-বাপ্তি হয়। এই মতে সাভ্যোর ন্যায় কেবল প্রকৃতি-পুরুবের বিবেকেই मुक्ति चौक्र इस ना, भन्न मुक्तिनाट धे वित्वत्कत भन्न प्रमाधित निमिख যোগাভ্যাদের প্রয়োজন। এই দর্শনে পদার্থনির্ণরাংশে সাঙ্খ্যদর্শনের সহিত একমতা থাকিলেও ইহাতে ঈশরসত। প্রতিপাদিত হইয়াছে বলিয়াই ইহার নাম নিরীখন সাজ্যাদর্শন না হইয়া সেখন সাজ্যাদর্শন হইয়াছে। এবং ইহাতে যোগের বিষয় স্বিস্তারে আলোচিত হইয়াছে বলিয়াই ইহাকে যোগদর্শনও वना यात्र।

চিত্তবৃত্তির নিরোধের নামই যোগ। নিরোধ শব্দের অর্থ সংযম; অর্থাৎ চিত্তের বৃত্তি সকল নিয়ত যে সকল বিষয়ে আগক্ত হইতেছে, তাহাদিগকে সেই সকল বিষয় হইতে আকর্ষণ পূর্বক বিষয়ান্তরে সংযত বা নির্দিষ্ট করার নামই চিত্তবৃত্তির নিরোধ। ঐ নিরোধ দ্বিধ ;—প্রথম, বিভৃতি লাভের নিমিত্ত কোন একটি বিষয়কে অবলম্বন করিয়া তাহারই বারংবার চিত্তা দারা চিত্তের বিষয়ান্তর হইতে বিনিবর্ত্তন; এবং দ্বিতীয়, মৃত্তিক লাভের জন্য খ্যের

বস্তুতে সংস্থাপিত চিত্তকে তন্মাত্রের নিয়ত ধ্যান ধারা বিষয়স্থ হইতে বিনিবর্তন। যোগবলে অণিমাদি যে দকল ঐপর্য্য লাভ হয়, তাুহারই নাম বিভৃতি। জীবাত্মা ও পরমাত্মার একতার নাম মৃতি। ঐ পরমাত্মা, আকাশ যেরূপ নিরতিশয় বৃহত্তের আশ্রয়, পরমাণ্ যেরূপ নিরতিশয় কুদ্রতের আশ্রয়, পরমাণ্ যেরূপ নিরতিশয় কুদ্রতের আশ্রয়, তত্রপ নিরতিশয় জান ও স্থবের আশ্রয়। জীবের বৃদ্ধিকৃতি রজোণ্ডণ ও তমো-ত্যণ ধারা কল্ষিত থাকে কলিয়া তাঁহার দৃক্শক্তি পরিচ্ছিয়। পরিচ্ছিয়-দৃক্শক্তি-সমন্থিত জীবের সর্বাগের জ্ঞানের অসন্তাবনা প্রয়ুক্ত জীব পরমাত্মপ্রদান বাচ্চ হইতে পারে না। পরমেশ্র ক্লেশকর্মাদিরহিত, জগয়র্মাণার্থ স্বেছাফু-সারে শরীর ধারণ পূর্বাক সংসারপ্রাবর্ত্তক, সংসারানল-সন্ত্রপানান ব্যক্তি-গ্রমার ধারণ পূর্বাক সংসারপ্রাক্তিক, সংসারানল-সন্ত্রপানান ব্যক্তিগ্রমান ব্যানির্যান অবং অন্তর্যামিরণে সদা সর্ব্ব্রে দেনীপামান। যথানির্যে যোগান্ম্রছান করিলেই তিনি জীবের অবিদ্যার উন্মূলনে প্রকৃতিপুক্র-সংযোগ-জন্য সংসারের বিনাশ সাধন পূর্বাক তাঁহাকে জভীই ফল প্রদান করেন এবং সাক্ষাৎ প্রত্যক্ষ হয়েন।

ন্যায়দর্শন-কর্ত্তা গোত্রমের মতে, প্রমাণাদি ষোড়শ পদার্থের উদ্দেশ-লক্ষণ-পরীক্ষা দারা আত্মা, শরীর, ইন্দ্রিয়, ইন্দ্রিয়ার্থ, বৃদ্ধি, মন, প্রবৃত্তি, দোষ, প্রেত্যভাব, ফল, ছংধ, ও অপবর্গ, এই দাদশবিধ প্রমেরের জ্ঞান লাভের অনস্তর প্রবণ, মনন ও নিদিধ্যাসন দারা আত্মদ্র-শাক্ষাৎকার হয়। তর্মধ্যে মনন অন্যানাধীন, অনুমান ব্যাপ্তিজ্ঞানাধীন ও ব্যাপ্তিজ্ঞান পদার্থতব্দ্রান্যাপেক্ষ। পর্মাত্মা ও জীবাত্মার সাক্ষাৎকারের অনস্তর বাসনার সহিত্ত মিধ্যাজ্ঞানের নির্ভি হয়। তদনন্তর তৎকার্যভূত সপ্রবৃত্তি ধর্মাধ্যেরপ্র অদৃষ্টের নিবৃত্তি হয়। অবশেষে পূর্লার্জ্জিত দেহারম্ভক কার্য্যের কার্যুহ দারা ভোগে ক্ষয় হইলে, দেহান্তরের অন্তংগত্তি প্রযুক্ত বাধাদায়ক শরীর, ষড়িক্সিয়, ষড়বিষর, ষড়বৃদ্ধি, স্থও ছংখ, এই একবিংশতি প্রকার ছংথের আত্যন্তিক্ষী নিবৃত্তি হয়। এই ছংখনিবৃত্তিই মৃক্তি।

বৈশেষিকদর্শনকার ক্ণাদের মতে, আয়াবিভুও দেহেন্দ্রিরাদি হইতে পৃথক্
এবং বৃদ্ধি, সুথ, তৃঃথ, ইচ্ছা, বেষ, যদ্ধ, ধর্মাধর্মরপ অদৃষ্ট ও ভাবনাথ্য সংস্কার,
এই নববিধ ওংশর আশ্র । তাবা, ওণ, কর্ম, সামানা, বিশেষ, সমবার, এই

লপ্তপদার্থাস্তর্গত ষট্ পদার্থের সাধর্ম্য-বৈধর্ম্য বারা প্রেবিক্ত আত্মার তব্জ্ঞান লাল হয়। পরে উপাসনা বারা তৎসাক্ষাৎকার লাভ হইলে, উক্ত বৈশেষিক প্রোগভাবের সহিত সমস্ত বৃত্তিরও ধ্বংস হয়; অর্থাৎ বৃত্তিসকলের পুনকং-পত্তির সম্ভাবনা পর্যান্ত বিনষ্ট হয়। ঐরূপ বৃত্তিনাশই আত্যন্তিক হঃখনিবৃত্তি বা মৃক্তি।

শুর্বনীনাংদা-দর্শনকার জৈনিনির মতে ঈশ্বরার্চনরূপ বৈদিক কর্ম অর্থাৎ পুর্বনাদৃষ্ট দারা ছরদৃষ্টের ক্ষয় ও স্বর্গাদিপ্রাপ্তি বা মুক্তি লাভ হয়।

দার কথা, এই সংসারে ছঃখণরিহার ও স্থণপ্রাপ্তির জন্যই লোকের প্রবৃত্তি দেখা যায়। ঐ স্থণলাভ ও ছঃখহানিও আবার উপায় বাতিরেকে সিদ্ধ হয় না। এই কারণে সারাসারবিচারক্ত কপিলাদি সহর্ষিণণ প্রথমত অসঙ্গতবোধে পূর্ব্বাক্ষ পরণে ঈশর ও পরলোকে বিশ্বাসশ্ন্য চার্ব্বাকদর্শন, বৌদ্ধদর্শন এবং তদমুগত জৈনদর্শন বা আর্হতদর্শনাদির মত সকল খণ্ডন করত তদ্বিষ্ক্রে স্বস্থান্থিবিপরিণান অন্থসারে ভিন্ন ভিন্ন উপায় সকল কীর্ত্তন করিয়া গিয়াছেন। ঐ সকল উপায় আত্যন্তিক ছঃখপরিহার ও স্থলাভে অঙ্গীকার্য্য নহে। কুকারণ, ঐ সকল ঝ্যির প্রদর্শিত মৃক্তি ও তাহার উপায় প্রকৃত্ত স্থান্তি ও প্রকৃত উপায় নহে। ফলত ইহাই প্রমাণ করিবার জন্য গরিশেষে সর্ব্বদর্শন-শিরোমণিস্বরূপ বেদান্ত বা উত্তর্মীনাংসাদর্শনের আবির্ভাব হইয়াছে। ভগবান বাদরায়ণ এই দর্শনের রচয়িতা। তিনি স্বতঃসিদ্ধ প্রথমান অংগীক্ষরের বেদশান্তের অন্তণ তর্কমৃক্তি স্থারা সেই সেই মতের নিরাক্রণ পূর্ব্বক তহুপান্ত্রাব্যারণে যে স্মত সংস্থান্ত বার্তিনের স্বর্গনের ও গুণের স্বজ্ঞানপূর্ব্বক পরিস্তান হইলেই আত্যন্তিক ছারা সেই সেই মতের নিরাক্রণ পূর্ব্বক পরিস্তান হইলেই আত্যন্তিক ছারালৈর স্বর্গনের ও গুণের স্বস্তানপূর্ব্বক

"শ্রোতবা: শ্রুতিবাক্যেভ্যো মন্তব্যশ্চোপপত্তিভি:। মন্তা চ সততং ধ্যের এতে দর্শনহেতব: ॥ যং ন পশুস্তি যোগীক্রা: সাঙ্খ্যা অপি মহেশ্রম্। অনাদিনিধনং একা ত্তমের শরণং এল ॥"

कृष्यं श्रांगम्।

"এতে ভিন্নদৃশাং দৈত্য বিকল্পা: কথিতা মরা। ক্তৰাভ্যুপগমং তত্ৰ শক্তেপ: শ্ৰহতাং মম ॥ শৃণু দেবি প্রবক্ষ্যামি তামসানি বথাক্রমম। ষেষাং প্ৰবৰ্ণমাত্ৰেৰ পাতিতাং জ্ঞানিনান্তৰি # প্রথমং হি মরৈবোক্তং শৈবং পাশুপতাদিকম। মচ্ছক্তাবেশিভৈবিপ্রৈ: সংপ্রোক্তানি ততঃ প্রম। কণাদেন তু সংপ্রোক্তং শাস্ত্রং বৈশেষিকং মহৎ। গৌতমেন তথা নাায়ং সাঙ্খান্ত কপিলেন বৈ ॥ দিজন্মনা জৈমিনিনা পূর্বাং বেদমথার্থত: ॥ নিরীখনেণ বাদেন কৃতং শাস্ত্রং মহতরম্। ধিষণেন তথা প্রোক্তং চার্কাকমতিগহিতম। देमज्यानाः नामनाशीय विकृता वृद्धक्रिणा। বৌদ্ধশাল্তমসৎ প্রোক্তং নগ্ননীলপটাদিক্ষ্ ॥ माश्रावानममञ्जाखः अञ्चलः त्वोद्धायत ह। ময়ৈৰ কথিতং পেৰি কলো ব্ৰাহ্মণরূপিণা ॥ অপার্থং শ্রুতিবাক্যানাং দর্শ্য লোকগহিতম । কর্মস্বরূপত্যাক্যত্বমত্র চ প্রতিপাদ্যতে ॥ দর্শকর্মপরিভ্রংশারৈষর্ম্মাং তত্র চোচ্যতে। প্রারম্ভীবয়েরিকাং ময়াত্র প্রতিপাদ্যতে ॥ ব্রহ্মণোছন্য পরং রূপং নির্গুণং দর্শিতং ময়া। সর্বস্য জগতেহিপ্যস্য নাশনার্থং কলে। যুগে ॥ **दिनार्थवन्त्रश्नाजः भागावान्मदैवनिकम् ५** মহৈৰ ক্থিতং দেবি জগতাং নাশকারণাৎ ॥"

বিষ্ণুপুরাণম্।

বেলান্তনর্পন মহর্বি বেলব্যাদের কৃত। এই দর্শন সকল দর্শন অপেকা উৎকৃষ্ট ও সর্বাত্ত সমাদৃত। বেলের শেষভাগ অর্থাৎ উপনিষদ্ অবলয়নে রচিত ইইরাছে বলিয়া ইহাকে বেলান্তদর্শন বা উত্তরমীমাংসা বলা হয়। এই দর্শনে ব্ৰহ্মবস্তু নিরূপিত হইয়াছে বলিয়া ইহা ব্ৰহ্মমীমাংসা বা ব্ৰহ্মসূত্ৰ নামেও অভিচিত্ত হইয়া থাকে। অন্যান্য দর্শনের স্থায় এই দর্শনও অতি সক্ষিপ্ত কতকগুলি সূত্র ছারা গ্রথিত। ঐ স্বল্লাক্ষর স্তুত্রসকলের তাৎপর্য্যাববোধের নিমিত্ত অনেকগুলি প্রাচীন পণ্ডিত উহার ব্যাধাস্বরূপ ভাষ্য রচনা করিয়া গিয়াছেন। ঐ স্কল ভাষ্য প্রধানত ছইভাগে বিভক্ত:—অবৈতভাষ্য ও বৈতভাষ্য। বে সকল ভাষ্যে ব্রহ্ম হইতে জীবের ব্যবহারিক ভেদের নিত্যতা স্বীকার করা হয় নাই, গুলাদিপকে অবৈত ভাষ্য এবং যে সকল ভাষ্যে ঐরপ ভেদের নিত্যতা শ্বীকার করা হইয়াছে, তাহাদিগকেই দৈতভাষ্য বলে। অদৈত ভাষ্যের মধ্যে শাঙ্করভাষাই প্রধান। ঐ ভাষ্য থানি ভগবান শঙ্করাচার্য্য কর্ত্তক বিরচিত ছইয়াছে। এবং হৈতভাষ্যের মধ্যে রামাত্ত্র, মধ্বাচার্য্য, বিষ্ণুসামী ও নিম্না-मिछा, এই চারি সম্প্রদায়ের চারি থানি ভাষ্যই প্রসিদ্ধ। ভগবান বেদব্যাস স্বয়ংও নিজক্বত দর্শনশাস্ত্রের তাৎপ্র্যাবগতির নিমিত্ত ঈশ্বরামুমোদিত-ভাবে সমাধিলক শ্রীমন্তাগবত মহাপুরাণকেই উহার ভাষ্যক্রপে প্রচার করেন। ফলত সেই নিমিত্তই ভগবান এক্লিফটেতভাদেব বেদাস্তদর্শনের ভাষ্যাস্তরের প্রয়োজন বোধ না করিয়া 🖣 এবং মধ্বাচার্য্যের ভাষ্যকেই অপেক্ষাক্ত শ্রীমন্তাগবতের অনুগত দেখিয়া উহার স্বতন্ত্র ভাষ্য প্রকাশ করি-লেন না, বা করাইলেনও না। কথিত আছে, তিনি একথানি স্বতন্ত্র দর্শন প্রণয়ন করিয়াছিলেন; কিন্তু তাৎকালিক দার্শনিকপ্রবর রঘুনাথ শিরো-মণির স্বার্থপ্রণোদিত অনুরোধের বশবর্তী হইয়া উহা জনসমাজে প্রচার করেন নাই। সে বাহা হউক, তাঁহার তিরোভাবের কিছুকাল পরে বৈষ্ণবসম্প্র-দায়ের প্রধান আচার্য্য মহামূভাব খ্রীমদ্বলদেববিদ্যাভূষণ মহাশয় বৈষ্ণব-সম্প্রদায়ের বিচারকার্য্যের সৌকর্য্যার্থ এক্রিঞ্চৈতন্যদেবের পার্ষদ্ গোস্বামি-পাদগণের মতামুসারে গোবিনভাষ্য নামে এই ভাষ্যগ্রন্থ প্রচার করেন। এই ভাষাথানি সাধারণে প্রচলিত না থাকায় ইহা ছপ্রাপ্য বলিলেও অত্যুক্তি হর না। আমরা এই প্রভাবে অবৈতভাষ্যের মধ্যে শাহরভাষ্য ও বৈত-ভাবোর মধ্যে শেষোক্ত ভাষা থানিরই আলোচনা করিব। তদ্বারাই বৈত 19 আবৈত, উভরবিধ মতই বিশেষরূপে অবগত হইতে পারা যাইবে। বিশেষত আমাদিগের দেশে যতগুলি অহৈত ভাষ্য প্রচলিত আছে সকল গুলিই শান্ধর ভাষ্যের অমুগত বলিয়া এবং গোবিন্দভাষ্য নামক এই হৈত ভাষাথানি ভগবান কৃষ্ণবৈপায়ন প্রচারিত শ্রীমন্তাগবতরূপ সিদ্ধান্ত ভাষ্যের অমুগত বলিয়া বেদান্তদর্শন আলোচনার নিমিন্ত ভাষ্যান্তরের সাহাষ্য গ্রহণের বিশেষ কোন আবশ্রকতা দৃষ্ট হয় না।

বেদাস্তব্ত সকল চারিটি অধ্যায়ে বিভক্ত। প্রত্যেক অধ্যায়ে আবার চারি চারিটি ক্রিয়া পাদ আছে। অধ্যায় চতুষ্টয়ের নাম যথাক্রমে সমন্বর্ম-ধ্যায়, বিবোধপরিহারাধ্যায়, সাধনাধ্যায় ও ফলাধ্যায়। তন্মধ্যে প্রথম অধ্যা-रमत थायम नीतन बत्कात सगरकेईशानि, विजीर्मे ७ ज्जीम नातन अक्रोर्थ শ্রতি স্কলের ব্রহ্মপরতাদি এবং চতুর্থে সাম্যামত-প্রসিদ্ধ প্রধানের জগৎকর্তৃত্ব-বোধক প্রমাণাভাসের সমন্বয়াদি উক্ত ইইয়াছে। বিতীয় অধায়ের প্রথম পাদে অবৈতমতবিক্ষ শ্ৰুতি ও স্থৃতির সমন্বয়াদি, বিতীয়ে মুক্তি ও শ্ৰুতি ছারা সাজ্যাদি দর্শনের মতের নিরাকরণ, তৃতীয়ে স্প্টক্রমনিরপণ প্রসক্ষে আকাশের নিত্যত্ব থণ্ডন ও জুন্যত্ব সংস্থাপন, এবং চুর্তুর্থ প্রাণের নিত্যত্ববোধক শ্রুতির সমন্বয় পূর্বাক জন্যত্ব সংস্থাপন করা হইয়াছে। তৃতীয় অধ্যায়ের প্রথম পাদে পঞ্চাधिविन्ताञ्चनारत कीरवत मः नात्रगिककमानि, विजीस कैंगरजत व्यवश्वा ভেদাদি, তৃতীয়ে বেদাস্কপ্রতিপাদ্য বন্ধবিচারাদি এবং চতুর্থে বেদাস্কসিদ তত্বজ্ঞান ও পুক্ষাথ সাধন প্রভৃতি নিরূপণ করা হইয়াছে। চতুর্থ অধ্যায়ের প্রথম পাদে সাধন বিষয়ক বিচারাদি, ছিতীয়ে বাগাদির প্রয়ণ নির্মপণাদি, তিতীয়ে অন্ধিরাদিমার্গ নিরূপণাদি এবং চতুর্থে মুক্ত ও মুচ্যমান ব্যক্তির ক্লাপ্তি প্রকরণাদি বির্ত হইয়াছে। এবং স্থানে স্থানে প্রসক্ষমে অপরাপর বিষয়ও প্রদর্শিত হইয়াছে।

শাৰরভাষ্যের মৃতে:—

একমাত্র ব্রন্থ বস্ত, তত্তির গুণাদি প্রকৃতির গুণপরিণাম সকলই মিথ্যা।
মারামোহিত ব্রন্থই স্থীব এবং উক্ত মারার স্মণগমে ব্রন্ধজ্ঞান লাভ হইলেই
জীবের মৃক্তি। উপযুক্ত অধিকারী ভিন্ন উক্ত ব্রন্ধজ্ঞান লাভ করিতে পারেন
না। যিনি স্থিকারী না হইরাই ব্রন্ধজ্ঞান লাভ করিতে চেষ্টা করেন, তিনি

কেবল জ্ঞানকাণ্ডের চর্চার জন্য নরকে পতিত হয়েন। এই ব্রশ্বজ্ঞানে অধিকারী হওয়াও সহজ নহে। যিনি অধ্যয়নবিধি অমুসারে বেদ ও বেদান্ত সকল অধ্যয়ন পূর্বক বেদার্থ এক প্রকার হাদয়ক্ষম করিয়াছেন এবং মিনি তদনস্তর ইহ জন্মেই হউক বা জন্মান্তরেই হউক অর্গাদিজনক যক্ত, দান বা জপাদি কাম্য কর্ম ও নরকাদিজনক ব্রশ্বহত্যাদি নিষিদ্ধ কর্ম পরিবর্জ্জন পূর্বক ব্রশ্বজ্ঞ, পিতৃযক্ত, দেবযক্ত, ভূতযক্ত, নৃযক্ত ও সন্ধ্যাবল্দনাদি নিত্যকর্ম, জাতেষ্টি প্রভৃতি নৈমিন্তিক কর্মা, পার্ম্বণ-প্রাদ্ধাদি নিত্য-নৈমিন্তিক কর্মা, প্রার্শিচন্ত ও সন্ত্য-ব্রশ্বনিষ্যক মানস্ব্যাপাররূপ উপাসনাদ্র অমুষ্ঠান দারা নির্মাণ্ডিছ হইয়া পরিশেষে শমদমাদি সাধ্যচতুষ্ঠয়ের সাহায্যে অল্রান্ত হইবেন, তিনিই বৃদ্ধজ্ঞানের অধিকারী। কারণ, তাঁহারই ইচ্ছা আশু ফলবতী হয়; অন্যের ব্রশ্বজ্ঞান লাতের অভিলাষ কেবল উপহাসাম্পদ হইবার নিমিন্তই বলিতে হইবে।

নিত্যানিত্য-বস্ত-বিবেক, ইহাম্ত্র-ফলভোগ-বিরাগ, শ্মদমাদি-সাধনসম্পৎ ও মুমুক্ত্ব এই চারিটর সাধারণ নামই সাধনচতুইয়। তন্মধ্যে কোন্ বস্ত নিত্য ও কোন্ বস্ত অনিত্য, অর্থাৎ একমাত্র ব্রহ্ম বস্তুই নিত্য, তদন্য সকলই অনিত্য, এইরূপ বিবেচনার নামই নিত্যানিত্য-বস্ত-বিবেক। এইক অক্-চন্দন-বনিতাদি ও পারলোকিক স্বর্গাদি বিষয়ভোগে বিভ্ন্তার নামই ইহামুত্র-ফলভোগ-বিরাগ। শম, দম, উপরতি, তিতিক্ষা, সমাধান ও প্রদ্ধা, এই ছয়টির নাম শমদমাদি সাধনসম্পৎ। তর্মধ্যে ব্রহ্মবন্ত বিষ্কৃত্ব বিষয়ের অবণাদি হইতে মনের নিপ্রহের নাম শম। বাহ্য ইক্রিয়কে তাদৃশ প্রবণাদি বিষয় হইতে নির্ভ্ত করার নাম দম, বিহিত কর্ম্ম সকলের বিধিপুর্ব্বক পরিত্যাগের নাম উপরতি, শীতে ফাদি-ছন্দ-সহিক্তার নাম তিতিক্ষা। এই প্রকারে ইক্রিয়দির নিগ্রহের অনস্তর ব্রহ্ম ও তহ্পযোগী বিষয়ে মনোনিব্দেশের নাম সমাধান। গুরু ও বেদান্ত বাক্যে বিখাসের নাম প্রদ্ধান । থেকে-ছন্তার নামই মুমুক্ত্ব।

উক্ত প্রকীরে ব্রহ্মজ্ঞানে অধিকার জন্মিলে, জ্ঞানকাণ্ডের আলোচনা করিতে করিতেই জীব অচিরেই ব্রহ্মভাব-প্রাপ্তিরূপ মোক্ষ লাভ করিতে পারেন।

বন্ধ সং অর্থাৎ সত্যম্বরূপ, চিৎ অর্থাৎ চৈত্রন্যপদ্বাচ্য জ্ঞানম্বরূপ এবং পরম আনন্দম্বরপ। ত্রন্ধ অথণ্ড অর্থাৎ অপরিচ্ছিন্ন, অদ্বিতীয় একং নির্ধর্মক, অর্থাৎ ত্রন্ধে জ্ঞান বা হুখাদি কোন ধর্মই নাই। জ্ঞান একমাত্র; উহা নানা নহে। ঘটাদি জ্ঞান হইতে পটাদি জ্ঞানের এবং মদীয় জ্ঞান হইতে অক্তদীর জ্ঞানের পার্থক্য দর্শনে জ্ঞানকে নানা বলা যাইতে পারে না: কারণ. বিষয়স্বরূপ উপাধির নানাত্ব হেতু জ্ঞানের নানাত্ব প্রতীতি ভ্রান্তিমাত্র। একই বস্তু জলাদি নানা বস্তুতে প্রতিবিধিত হইয়া নামা প্রতিবিধ উৎপাদদ করিলেও যেমন বস্তুর নানাত্ব হয় না, তজ্ঞপ বুদ্ধিরপ উপাধির নানাত্ব ছারা জ্ঞানের ভ্রান্ত নানাথ জানিতে হইবে; উহা বান্তবিক নহে। একই রাজা বেরূপ ভিন্ন ভিন্ন দেশের রাজিদিংহাসনে অধিরত হইয়া ভিন্ন ভিন্ন দেশের রাজা বলিয়া অভিহিত হইতে পারেন, তদ্ধণ একই জ্ঞান ভিন্ন ভিন্ন ব্যক্তির অন্ত:করণ দ্বারা প্রকাশিত হইয়া বিভিন্ন আখ্যায় আখ্যাত হইতে পারে। বিশেষত যে বস্তুর বাস্তবিক ভেদ থাকে, তাহার উপাধির পরিত্যাগেও ভেদব্যবহার হইয়া থাকে: কিন্তু জ্ঞানের যথন উপাধির পরিত্যাগেও ভেদ-वावशांत्र मृष्टे इस ना, जथन ब्लानरक এकरे विवासे श्रीकांत कतिए इस। যথন ঘটজ্ঞানও জ্ঞান এবং পটজ্ঞানও জ্ঞান, তথন জ্ঞানকে ভিন্ন বলিতে পারা যায় না। ঐ জ্ঞানের আবার নামান্তর চৈতন্য এবং ঐ চৈতন্যই আত্মার স্বরূপ: স্বতরাং জীবাত্মা সকলও পরস্পর ভিন্ন নহে, এবং জীবাত্মার সহিত পরমান্মারও ভেদ নাই, বলিতে হইবে। ঐ জীব-ব্রন্ধের ঐক্য 'তত্ত্বমদি' প্রভৃতি শ্রুতি দারাও প্রতিপাদিত হইয়াছে।

আত্মার জন্ম, স্থিতি, পরিণাম, বৃদ্ধি, অপক্ষম ও বিনাশরপ বড়্বিধ বিকারের কোন বিকারই নাই। আত্মা সদা সর্বাত্ত দেদীপ্যমান; আত্মা নিরতিশর মেহের অঘিতীয় পাত্র। প্রবিত্তাদিতে মেহ আত্মপ্রীতি-নিমিন্তক, কিন্তু অন্যমেহ-নিমিত্তক আত্মপ্রীতি নহে। অজ্ঞানস্বরূপ অবিদ্যার প্রতি-বন্ধকতা বশত আত্মার আনন্দরূপতা প্রতীত হইয়াও অপ্রতীত, অর্থাৎ তাহার বিশেষ প্রতীতি নাই, বাহা আছে, তাহাও সামান্ত প্রতীত্তি মাত্র; স্তরাং অপ্রতীতি নিবন্ধন আত্মার প্রতি মেহের অস্ভাবনাশঙ্কা ও প্রতীতি নিবন্ধন বিষয়ের প্রতি আাদক্তির অসম্ভাবনাশকাও নিরক্ত হুইতেছে ৮

প্রব্রেশ্বের প্রতিবিম্বযুক্ত সন্ত্র, রজ ও তম, এই ত্রিগুণাত্মক এবং সং বা অসৎ क्राप निर्वायत यायां प्रमार्थ विरागत्वत नाग अख्वान । के अख्वानत्क अर्गाटत কারণনিবন্ধন প্রকৃতিও বলা যায়। অজ্ঞানের আবরণ ও বিক্ষেপ নামে শক্তিবয় উক্ত হয়। অজ্ঞান যে শক্তি দারা স্বয়ং পরিচ্ছিন্ন হইয়াও অপরিচ্ছিন্ন আত্মাকে বুদ্ধির্ভির আচ্ছাদন দারা আচ্ছাদিতের ভায় প্রকাশ করেন, তাহারই নাম আবরণ শক্তি। আর অজ্ঞান যে শক্তিরূপ উপাদান কারণ দারা লিকাদি ব্রহ্মাও পর্যান্ত জুর্গৎ সৃষ্টি করেন, তাহারই নাম বিক্ষেপ শক্তি। ঐ অজ্ঞান স্বরূপত এক হইয়াও অবস্থা ভেদে বিবিধ হইয়া থাকে। যথা, মায়া ও অবিদ্যা। বিশুদ্ধ অর্থাৎ রজ বা তম গুণ দারা অনভিভূত স্বগুণপ্রধান অফানের নাম মায়া; এবং ম<u>লিন</u> অর্থাৎ রজ ও তম গুণ দ্বারা অভিভূত সুৰুগুণপ্ৰধান অজ্ঞানের নাম অবিদ্যা। এই মায়াতে প্ৰতিবিধিত ত্ৰক্ষের নাম नेयत । जेयत गायारक यायख ताथिया क्रगराज्य रुष्टि करतन विविधा मर्कछ, मर्क-শক্তিমান, সর্বানিয়ন্তা ও স্বান্তর্য্যামী ঈশ্বর বলিয়া অভিহিত হয়েন। অবিদ্যাতে প্রতিবিশ্বিত ব্রন্ধের নামই জীব। জীব মায়ার অধীন বলিয়া অল্পজ্ঞজাদি ধর্ম-বিশিষ্টক্রপে উক্ত হয়েন। অবিদ্যা নানা, স্নতরাং তৎপ্রতিবিদ্বিত জীবও (ইহা সকল অবৈতবাদীর মতে নহে; কারণ, কেহ কেহ জীবের একছও সংস্থাপন করেন) নানারূপে অভিহিত হয়েন। মায়া ও অবিদ্যাই যুথাক্রমে ক্রিশ্বর ও জীবের আনন্দময় কোষ ও কারণশরীর। কারণ শরীরাভিমানী ঈশব छ जीत यथाकरम मर्बछ ७ लाङ भनताहा इरमन। भन्नरमञ्ज जीरनन छभ-ভোগের নিমিত জীবগণের পূর্ব্বকৃত স্বকৃত ও ছন্ধত অনুসারে অপরিমিত-শক্তি মীয়া হারা নামরপাত্মক নিখিল প্রপঞ্চকে প্রথমত বুদ্ধিতে করনা করিয়া 'এইরূপ করাই কর্ত্তব্য,' এই প্রকার সম্বন্ন করেন। পরে দেই মান্নাবিশিষ্ট প্রামাত্মা হইতে আকাশ, আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে बन, बन रहेरल शृथिती छे९भन्न रत्र। এই आकार्गानि शृथियास शांहि भनार्थरक পঞ্ স্ত্ৰভূত, অপঞ্চীকৃত ভূত বা পঞ্চতন্নাত্ৰও বলে। 'কারণগুণ কার্ব্যে

সংক্রাপ্ত হয়,' এই ন্যায় অনুসারে অজ্ঞানরপ কারণের স্বাদি গুণত্তার আকা-শাদিতেও সংক্রমণ করে; কিন্তু ঐ সকল পদার্থে জাড্যের আতিশ্য প্রযুক্ত তমোগুণেরই প্রাধান্ত লক্ষিত হইয়া থাকে।

উলিথিত ভূতপঞ্চকের <u>এক একটির স্বাংশ</u> হইতে কুমশ পুঞ্<u>জানে ক্রিয়</u> উৎপন্ন হয়; অর্থাৎ আকাশের সন্ত্রাংশ হইতে শ্রোত্র, বায়ুর সন্ত্রাংশ হইতে ত্বক, তেজের স্বাংশ হইতে চকু, জলের স্বাংশ হইতে রসুনা এবং পৃথিবীর স্বাংশ হইতে ঘাণেজিরের উৎপত্তি হয়। আর পঞ্চততের মিলিত স্বাংশ हरेरा अक्षाकतानत छेर्पा हमा। ये अक्षाकतन द्विष्टाचान वहतिथ :- मन, वृक्ति, अश्कात ও চিত্ত। निम्ठशायक वृद्धित छेनस्य अष्टःकतस्यत नाम वृक्ति সঙ্করবিকরাত্মক বৃত্তির উদয়ে উহার নাম মন, অভিমানাত্মক বৃত্তির উদরে উহার নাম অহন্ধার এবং অন্নসন্ধানাত্মক বৃত্তির উদয়ে উহার নাম চিত্ত হন্ত্য উক্ত জ্ঞানেক্রিরপিঞ্চক, বৃদ্ধি, মন, অহঙ্কার ও চিত্তের অধিষ্ঠাত্রী দেবতা যথাক্রমে দিক, চন্দ্র, বায়ু, স্থা, বরুণ, অগ্নি, চতুর্থ, শঙ্কর ও অচ্যুত। জ্ঞানেন্দ্রির সকল তত্তিদেবতা কউক অধিষ্ঠিত ইইয়া ইথাক্রমে শিক, স্পর্শ, রূপ, রূপ ও গন্ধ প্রভৃতি বিষয়ের উপলম্ভক অর্থাৎ প্রকাশ্ক হয়। পূর্বোক্ত ভূত স্কলের রজোগুণাংশ হইতে যথাক্রমে বাক, পাণি, পাদ, পায় ও উপস্থরপ পঞ্চ কর্মে-জ্রিয় উৎপন্ন হয়। উহাদের অধিষ্ঠাত্রী দৈবতা যথার্ক্রমে বৃহ্নি, উপ্পক্ত, মৃত্যু ও প্রজাপতি। কর্মেলিয় সকল তত্তদেবতা কর্তৃক অধিটিত ইইয়া ইথা-ক্রমে বর্চন, আদান, গুমন, বিসর্গ ও আনন্দ সম্পাদন করিয়া থাকে। উক্ত কর্ম্মেলিয়পঞ্চের সমুদিত রজোগুণাংশ হইতে প্রাণের উৎপত্তি। ঐ প্রীণও একই হইলেও বৃত্তিভেদে প্রাণ, অপান, উদান, সমান ও ব্যান এই পাচটি আখ্যায় আখ্যাত হইয়া থাকে। নাসাগ্রস্থানবর্তী প্রস্গুগ্মনবান অর্থাৎ শ্বাস-প্রস্থাসাত্মক বায়্র নাম প্রাণবায় । অবাগ্গমনবান অর্থাৎ অধোগামী বায়ৢর <u>নাম অপানবায়। শ্রীরস্থ ভ্কারাদি-পরিপাক-সাধন বায়র নাম সমানবায়।</u> क्र १८ मन्दर्शी छुई त्रभन्भीन वायुत्र नाम छेमानवायु । नुमछ भनी तन्भानी वायुत्र নাম ব্যানবায়। বৃত্তি-সমন্তিত জ্ঞানেজিয়-পঞ্চের নাম বিজ্ঞানসর কোব। মনের সহিত কর্মেন্দ্রিরপঞ্চকের নাম মনোময় কোব। প্রাণের

কর্দ্দেশ্রিরগঞ্চকের নাম প্রাণমর কোষ। এই কোষত্তরের মধ্যে বিজ্ঞানমর কোষ জানশক্তিবান ও কর্ত্বশক্তিমান; মনোমর কোষ ইচ্ছাশক্তিশীল ও করণস্বরূপ এবং প্রাণমর কোষ ক্রিরাশক্তিশালী ও কার্যাস্বরূপ। পঞ্চ জ্ঞানেশ্রির, পঞ্চ কর্দেশ্রির, পঞ্চ প্রাণ, বৃদ্ধি ও মন এই সপ্তদেশ পদার্থের সন্মিলনে হন্দ্র শরীরের উৎপত্তি। ঐ হন্দ্র শরীরেরই নামান্তর লিঙ্গশরীর; উহাই ইহলোক-পরত্যোব গামী ও মৃক্তি পর্যান্ত স্থায়ী। এক একটি লিঙ্গা শরীরের অভিমানী জীবের নাম হিরণাগ্রন্ত ।

ঈশ্বর, জীবের উপভোগের সাধন স্থল বিষয় সকলের সম্পাদনার্থ পূর্ব্বোক্ত পঞ্চ সৃক্ষ ভূতকে মিশ্রিত করেন। ঐ মিশ্রণের নামই পঞ্চীকরণ। আকাশাদি পঞ্চতের প্রত্যেককে প্রথমত সমান ছই ছই অংশে বিভাগ করিয়া পরে প্রত্যেক ভূতের এক এক অদ্ধীংশকে আবার সম চারি অংশে বিভাগ পূর্বক পূর্ব্বকৃত আকাশের অর্দ্ধাংশের সহিত শেষকৃত বাযুাদির প্রত্যেকের এক-অষ্টাংশ যোগ করিলে স্থল আকাশ এবং বায়ুর অদ্ধাংশের সহিত আকাশাদির অষ্টাংশ-বোগ করিলে স্থল বায় প্রভৃতি উৎপন্ন হইরা থাকে। ফলত এই পঞ্চীকৃত পঞ্চ ভূতই পঞ্চুত বলিয়া গণ্য হইয়া থাকে। এই স্থুল ভূত হইতেই শব্দাদি গুণ সকলের অভিব্যক্তি হয়। সুক্ষ ভূতেরও গুণ আছে বটে, কিন্তু উহা অতি সুক্ষ বলিরা অবীক্ত। পঞ্চ ভূতের পঞ্চীকরণের ন্যায় আকাশ, বায়ু ও তেজ, বা তেজ, बनं ও পৃথিবী, এই তিনটি ভূতের ত্রিবৃৎ করণ হইতে উৎপন্ন স্থূল ভূত সকলই লোক সকলের উপাদান। লোক চতুর্দশসংখ্যক। ভূর্লোক, ভূবর্লোক, স্বর্লোক, মহলৈকি, জনলোক, তপোলোক ও সত্যলোক, এই সাতটি উপৰ্যুপরি বর্তমান উর্দ্ধতন লোক এবং অতল, বিতল, স্থতল, রসাতল, তলাতল, মহাতল : ও পাতাল, এই সাডটি অধঃ-অধ বর্ত্তমান অধন্তন লোক। তল্মধ্যে অনুট্রিচ অৰ্থাৎ নিম্নতন স্থান হইতে নেক্লপৃষ্ঠ পৰ্য্যস্ত ভূলোক অৰ্থাৎ পৃথিবীলোকী পৃথিবী হইতে উর্চ্ছে ধ্রুব পর্যান্ত গ্রহনক্ষত্রাদি-বিভূষিত দৃষ্টিগোচর অবকাশময় স্থানের নাম ভুবর্লোক অর্থাৎ অন্তরীকলোক। তদুর্দ্ধে মহেন্দ্রলোক বা বর্গ-लाक, छन्ट्रई मह्टलीक, मह्टलीटकत छेट्डि बन्टलीक, छन्ट्रई छट्टिलीक ও তদুর্গ্ধে সভ্যলোক অবস্থিত। শেষোক্ত পাঁচটি লোকের সাধারণ নাম

স্বর্লোক বা স্বর্গলোক। তন্মধ্যে জনলোকাদি লোকত্রয় আবার প্রজাপতি-লোক বা বন্ধলোক এই আখ্যাতেও আখ্যাত হইরা থাকে।. প্রেলিন্ড অবীচি অর্থাৎ নরকস্থান:পৃথিবীরই অন্তর্গত। ঐ অবীচি নিয়তম নবকেবই নামান্তর। উহার উপরিভাগে উর্দ্ধোর্জভাবে মৃত্তিকাস্থান, জলস্থান, অশ্বি-স্থান, বায়ুস্থান, আকাশস্থান প্রভৃতি নামে আরও ছয়টি নরক আছে। উহারাই শাস্ত্রে যথাক্রমে অম্বরীষ, রৌরব, মহারৌরব, কালসূত্র, তামিশ্র ও অন্ধতামিশ্র নামে অভিহিত হইয়া থাকে। মহাতলাদি সপ্ত পাতাললোক আবার 👌 সকল নরকেরই নিম্নভাগে ক্রমান্বয়ে উর্জ-উর্জে অবস্থিত। এই সকল লোকও দৃশ্য পৃথিবীমণ্ডলেরই অন্তর্গত। পাতালের পরই পৃথিবীলোক। সমন্ত লোকই জীবগণের আবাসভূমি। জীবগণ স্ব স্ব কর্মামুসারে ভিন্ন ভিন্ন লোক প্রাপ্ত হয়েন। তন্মধ্যে পৃথিবী কর্মভূমি; মুর্গ ও পাতাল ভোগভূমি; নরক দকল, দওভোগের স্থান। মহুষ্য জীবশ্রেণীর মধ্যবর্তী। এই মহুষ্যজন্মে যিনি বেরূপ কর্ম করেন, তিনি সেইরূপ লোকেই গমন করেন। সংক্রিয়াবান মমুষ্য স্বর্গে এবং অসংক্রিয়াবান মনুষ্য নরকে গমন করেন। স্বর্গগত জীব সকলসিদ্ধ হয়েন, অর্থাৎ সকল অফুসারেই কলাস্তকাল পর্যান্ত ফল্ম শরীরে তাঁহাদের ভোগ হইয়া থাকে: তাঁহাদিগের ভোগের জন্স মনুষ্যের ন্সায় চেষ্টার প্রয়োজন হয় না। স্বর্লোকবাসী জীবের আবার মহর্লোকাদি লাভের সন্তা-বনাও আছে। তাঁহারা যদি অর্লোকে থাকিয়া কেবল ভোগরত না হইরা উহারই মধ্যে ঈশ্বরকে শারণ করিতে পারেন, তবেই তাঁহাদিগের উর্দ্ধগতি হইয়া থাকে। উর্দ্ধগতির প্রথম সোপানই মহর্লোক; মহর্লোকবাসী জীব ্সকলও স্বর্লোকবাদিগণের ভার স্ক্রশরীরধারী বটেন, কিন্তু তাঁহাদিগের ঐ শরীর তাঁহাদিগের ইচ্ছার বশবর্তী এবং তাঁহারা. সহপ্রকরস্থায়ী। ইথাঁ-দিগেরও পূর্ববং উর্দ্ধগতি হইতে পারে; ইহাঁরা উর্দ্ধগতিতে জনলোকে সমন कर्द्रम । जनलारकत कीर नकल दिनश्यक ब्रह्मात्री ७ हेक्तित्रवणी । जनलाक-বাসীরা তপোলোকে উর্ন্নতি লাভ করেন। তপলোকবাসিগণ মহাপ্রলয় পর্যান্ত স্থায়ী এবং ব্রহ্মার সদৃশ শক্তিসম্পন্ন। তদূর্কে সত্যলোক বা ব্রহ্মধার্ম। उम्मधाम-मूक्तनरानत्र व्यावागश्चान । भारत्वाकः नाधानः शिवृत्रन जूनर्लारक नामः

করেন; স্বর্গলোকবাসী বস্থ প্রভৃতি দেবতাগণ বা পিতৃগণ তাঁহাদিগের আরাধ্য।, মরীচি প্রভৃতি মহর্লোকবাসী পিতৃলোক সকল আবার স্বর্গলোক-বাসীদিগের সেব্য। তাঁহারা আবার তাহাদিগের জনলোকবাসী পিতৃলোক সনকাদি ঋষি সকলের স্পর্কনা করেন। সনকাদি ঋষিগণ আবার তপোলোক-বাসী বৈরাজ পুরুষগণের আপ্রিত। বৈরাজ পুরুষ সকল সত্যলোবাদিগণের দিরণাগল্প। পিতৃগণ প্রধানত সাতভাগে বিভক্ত:—স্থভাস্বর, বহিষদ, অগ্রিসান্ত, ক্রব্যাদ, উপাহ্ত, আজ্ঞাপ ও স্কুকালিন। প্রথমোক্ত তিন সম্প্রদায় ভ্রেম্ভিবিহীন এবং শেষোক্ত চারি সম্প্রদায় তদ্বিশিষ্ট। প্রথম তিন সম্প্রদায় ভ্রেলোকবাদিগণের ও স্বর্লোকবাদিগণের পিতা এবং শেষ চারি সম্প্রদায় ব্রাহ্মণাদি বর্ণচ্তৃষ্ট্রের পিতা।

পূর্ব্বোক্ত ত্রিবুংক্কত ভূত হইতেই পার্থিব স্থূল শরীরেরও উৎপত্তি। স্থূল শরীর আবার জরায়ুজ অওজ স্বেদজ ও উদ্ভিজ ভেদে চতুর্বিধ। জরায়ু অর্থাৎ গর্ত্তবেষ্টন চর্মস্থালীতে যে শরীরের উৎপত্তি, তাহারই নাম জয়ায়ুজ শরীর: ঐ শরীর মনুষ্য পশাদির। অত্ত অর্থাৎ ডিম্ব হইতে যে শরীরের উৎপত্তি, তাহার নাম অওজ শরীর; ঐ শরীর পক্ষী ও সর্পাদির। স্বেদ অর্থাৎ উল্ল হইতে যে শরীরের উৎপত্তি, তাহার নাম স্বেদক্ষ শরীর; ঐ শরীর মশক ও বৃশ্চিকাদির। এবং উর্দ্ধ ভেদ করিয়া যে শীরীরের উৎপত্তি, তাহার নাম উদ্ভিদ শরীর; ঐ শরীর তক ও লতাদির। তক-লতাদিরও চৈতঞ্চ আছে এবং পুণ্যপাপের ভোগ হয় বলিয়া উহাদিগেরও শরীর স্বীকার করিতে হয় বৃক্ষ-লতাদির চৈত্ত থাকিলেও মহুধ্যাদির ভার ক্ট-চৈতন্য না থাকাতেই তাহার উপলব্ধি হয় না। স্থল শরীরের সমষ্টির অভিমানীর নাম. বৈশ্বানর এবং ব্যষ্টির অভিমানীর নাম বিশ্ব। এই স্থুল শরীরের অপর একটি ॰নাম অল্লময়কোল। জীব ঐ স্থূল শরীরের কাস্তিও পৃষ্টির নিমিত্তই আংল-शांनीयां नि श्रंटन कतियां शांटकन। अत छेनतञ्च हहेटन, छाहात जूनाः म हहेट छ পুরীষ, মধ্যম অংশে মাংস এবং ক্ল্লাংশে মনের পুষ্টিকারক বস্তু উৎপল্ল হয়। পীত পানীয় বস্তুর স্থূলাংশে মৃত্র, মধ্যমাংশে রক্ত ও সন্ধাংশে প্রাণের পৃষ্টি-কারক দ্রবা উৎপন্ন হয়। এরপ ঘৃতাদি সেহমর দ্রব্যের স্থূলাংশ হইতে

অস্থির, মধ্যমাংশ হইতে মজ্জার এবং কুল্লাংশ হইতে বৈক্শক্তির পুষ্টি হইরা থাকে।

যদিও বাস্তবিক ব্রহ্ম ভিন্ন আর সকল বস্তুই মিথ্যা, বিশ্ব রজ্জুতে সর্পাদির ন্যায় আরোপিত-করিত, জীবাত্মাপরমাত্মা হইতে অভিন্ন, যদিও "হৈতাদ্বৈ ভয়ম" বৈত অর্থাৎ জীব ও ব্রহ্মের ভেদজ্ঞান বা বিখের সত্যত্বজ্ঞান ভর বা অধর্মের উৎপাদক, তথাপি অজ্ঞান বালকের ন্যায় অজ্ঞ জীবের জীবননাশক বিষ্তুল্য বিষয়কে বা বিশ্বসংসারকে আপাতত নিত্য ও স্থুওজনক বলিয়াই বোধ হইয়া থাকে, এবং উহার সত্যতার যৌক্তিকতা ও ওচিত্যই অহুভূত হইরা থাকে। ফলত শাস্ত্র ও বহুদর্শী ঋষিগণ এই কারণেই বিশ্বের সত্যত্ত ষ্বীকার করিয়াই উহার সৃষ্টিক্রমাদি প্রদর্শন করিয়া গিয়াছেন। বস্তুত জ্ঞানের অমুৎপত্তি পর্যান্তই বিশের দত্যত্বভ্রম; জ্ঞানোদয়ে ঐ ভ্রম আপনা হইতেই তিরোহিত হইয়া যাইবে। এইরূপে জগতের সন্তাও অসতা উভয়ই সঙ্গত হইতেছে। সৃষ্টির পূর্বে উহা অসৎ ছিল, সৃষ্টি হইতেই সং হইয়াছে। যদিও এই প্রকারে সংসারের সাদিত্ব দৃষ্ট হইতেছে বটে, কিন্তু উৎপত্তি, প্রবায় ও পুনরুংপত্তি বশত উহার অনাদিম্বও অসঙ্গত হইতেছে না। চক্রের যেরূপ चािन नार्टे. প্রবাহের যেরূপ चािन नार्टे, সংসারেরও তদ্ধপ चािन नार्टे, স্থৃতরাং উহাকে অনাদি বলাতেও কোন দোষ হইতেছে না। মায়াবী বেরূপ ঐক্রজালিক বস্তু সকল প্রকাশ পূর্ব্বক দর্শকরর্গের দর্শনৌৎস্ক্র নিবারণের পর পুনর্ব্বার উহার সংহার করেন, পরনেখরও তদ্রুপ নিজ অচিন্ত্যশক্তি মায়া দারা জগৎ সৃষ্টি করিয়া জীবের স্কুক্ত ও হঙ্কতের ফল প্রদানাস্তে পরিশেষে জগতের প্রালয় করেন।

প্রলয় চতুর্বিধ; নিত্য, প্রাক্তত, নৈমিত্তিক ও আতান্তিক। স্বৃথি কালে বাহ্যবস্তুর যে লয় হয়, তাহার নাম নিত্যপ্রলয়। ক্রন্ধার লয়ে প্রারশ্ ক্লয়ে অর্থাৎ বিদেহকৈবল্যে ব্রন্ধাণ্ড পর্যান্তের যে প্রকৃতিতে লয় হয়, তাহার নাম প্রাক্তত প্রলয়। চতুর্গসহস্ত্র-পরিমিত ব্রন্ধার রাত্তিকালে যে লোক-ত্রয়ের বিলয় হয়, তাহার নাম নৈমিত্তিক প্রলয়। এবং ব্রন্ধজ্ঞানে পরমম্ভিতে যে লয় হয়, তাহারই নাম আতান্তিক প্রলয়। পুর্বোক্ত প্রলয়ত্রের পর আবার সংসার উৎপন্ন হর, কিন্তু আত্যন্তিক প্রলয়ের পর আর সংসার উৎপন্ন হয় না। ,যে ক্রমে সংসারের উৎপত্তি হর, তাহারই ব্যুৎক্রমে প্রলয় হইয়া থাকে।

প্রত্যক্ষাদি প্রমাণবারা বৃদ্ধিমান ব্যক্তি ঐতিক ও পারত্রিক স্থপজোগাদির স্বির্থাদি দোষ দর্শন করিয়া প্রমন্থখন্তরপু পরত্রন্ধ প্রাপ্তির নিমিত তৎ-সাধনীভূত তত্তজান লাভে ইচ্ছুক হইয়া তাহার উপারস্বরূপ প্রবৃদ্ধ মনন, শিদিধাদন, ও সুমাধির অমুঠানে প্রবৃত্ত হইবেন।

উপক্রমাদি বড় বিধ লিঙ্গ বারা সকল বেদান্তেরই ব্রহ্মপদার্থে তাৎপর্য্যাৰধারণের নাম প্রবণ। অবিতীয় পরব্রহ্মের বেদান্তাস্থেণ যুক্তি বারা অনবরত্ত চিন্তনের নাম সন্দা। দেহাদি-বিবিধ-বিষয়ক বৃদ্ধিপরস্পরা পরিত্যাগ পূর্বক একমাত্র অবিতীর-ব্রহ্ম-বিষয়ক বৃদ্ধিধারার নাম নিদ্ধ্যাসন। এবং চিত্তের একাগ্রতার নাম সমাধি। ঐ সমাধি আবার স্বিকল্পক ও নির্ব্বিকল্পক ভেদে বি-বিধ। জ্ঞান, ক্রেয় ও জ্ঞাতা, ইত্যাদি বিকল্পের বিলয়ে নিরপেক ও তৎসাপেক্ষ চিত্তের স্থিরতার নামই য্থাক্রমে নির্ব্বিকল্পক ও স্বিকল্পক স্মাধি। নির্ব্বিকল্পক সমাধিতে চিত্ত নির্ব্বোত দেশস্থ দীপের শিথার স্থায় নিশ্চল হয়। যুমাদি আহাক্র বোগ্রই উক্ত সমাধির সাধন।

জীব ব্ৰহ্মবন্ধ হইতে শ্বরূপত ভিন্ন না হইলেও আপাতত প্রতীয়মান ভেদজানের নিরাসার্থ পূর্বেষাক্ত উপায়ই জীবের একমাত্র অবলম্বনীয়।

এই বেদান্ত শান্তে বিষয়, সংশয়, পূর্ব্ধপক্ষ, সিভান্ত ও সৃক্ষতি, এই পক্ষ ভায়াবয়ব স্বীকৃত হইয়াছে। অধিকরণ অর্থাৎ অধ্যায়ের অংশ বিশেবের নামই ভার। বিচারবোগ্য বাক্যের নাম বিষয়। এক ধর্মীতে বিক্রন নামার্থ-বিমর্শের নাম সংশ্রু। প্রতিকৃত্ব অর্থের নাম পূর্ব্ধপক্ষ। প্রামাণিক রূপে অভ্যপগত অর্থের নাম সিদ্ধান্ত। এবং পূর্ব্বোত্তর অর্থবের অবিরোধ অর্থাৎ একট প্রভাবের পর যে কারণে পরবর্ত্তী প্রভাব আরক্ষ হয়, তাহারই প্রদর্শক অর্থের নাম সক্ষতি। এই সৃক্ষতি প্রধানত ছয়ট উক্ত হয়। যথা; প্রসঙ্গ, উপোদ্বাত, হেতুতা বা অপবাদ, অবসর, নির্বাহ্নক বা কার্য্যতা এবং এককার্য্যকারিত্ব বা এককার্য্যক। উপেক্ষার অব্যাগ্য স্বত সঙ্গতির নাম প্রসত্ব।

প্রক্রতাধক অর্থাৎ নির্দিষ্ট বিষয়ের উপপাদক সঙ্গতির নাম উপোদ্ঘাত। কারণতা সঙ্গতির নাম হেতৃতা। অনস্তর-বক্তব্য সঙ্গতির নাম অবসয়। কারণতার নির্বাহক কার্য্যতা সঙ্গতির নাম নির্বাহক। এবং যে হুইট প্রস্থাবের পরস্পর এককার্য্যকারিত্ব দৃষ্ট হয়, সেই প্রস্তাবদ্বরের যে সঙ্গতি তাহারই নাম এককার্যাত্ব।

এই পর্যান্তই শাঙ্কর ভাষ্যের আলোচনা শেষ হইল। অতঃপর গোবিন্দ-ভাষ্যেরই সমালোচনা করা হইবে।

গোবিন্দভাষ্যে নয়টি প্রমেয় নির্ণীত হইয়াছে। নিয়লিখিত লোকটি হই-তেই ঐপ্তলি সজ্জেপে প্রাপ্ত হওয়া যায়। লোকটি এই:—

> "বেদান্তঃ প্রাহ ক্বফং পরতমম্থিলায়ায়বেদ্যঞ্চ বিখং সত্যং ভেদঞ্চ জীবান্ হরিচরণজ্যস্তারতম্যঞ্চ তেষাং। মোক্ষং ক্বফাজ্যু লাভং তদমলভজনং তদ্য হেতুং প্রমাণং প্রত্যক্ষাদিত্রমঞ্চেত্যুপদিশতি হরিঃ ক্বফটেতস্থচন্দ্রঃ॥"

- ১। এীরুফাই একমাত্র পরতম বস্তু।
- ২। তিনি নিধিল-নিগম-বেদ্য।
- ৩। বিশ্ব সত্য।
- 8। তদ্গত ভেদও নত্য।
- ৫। জীবমাত্রই শ্রীহরির দাস।
- ৬। জীবের সাধনগত তারতম্য অবশ্র স্বীকার্য্য।
- ৭। এক্লিফের চরণলাভই মোক।
- ৮। নির্গুণ হরিভজনরপ অপরোক্ষ জ্ঞান বা ভক্তিই মুক্তির হেতু।
- ৯। প্রত্যক্ষ, অমুমান ও শব্দ এই তিনটি প্রমাণ।

শন্ত ভগবান শ্রীক্ষণই একমাত্র পরতম বস্তু। তিনি অন্বিতীর তব ।
তিনি ভিন্ন আর যে কোন তব দৃষ্ট, শ্রুত বা অন্থমিত হয়, সে সকলই তাঁহা
হইতে অনতিরিক্ত; তিনি সর্বতবাত্মক। কি গুরুতক্ব, কি ভক্তত্ম, কি
অবতারতক্ব, কি শক্তিতক্ব, কি প্রকাশতক স্কলই তাঁহারই শক্তিভিন্ন
আর কিছুই নহে। ত্রন্ধ বা পরমাত্মা, তাঁহারই প্রকাশবিশেষ বা অপর-

পর্যায়মাত্র। তাঁহার স্বয়ং ভগবন্তাই তাঁহার পরতমন্ত্রে পরিচায়ক। ঐশ্বর্যা মাধুর্য্য-পূর্ণনই স্বয়ং ভগবন্ধ। ঐ ঐশ্বর্য অণিনাদিভেদে অষ্টবিধ। ঐশ্বর্যাসন্ত্বে নরলীলার অনতিক্রমের নাম মাধুর্যা। প্রকৃতি-জীব-কাল-কর্মাত্মক-তন্বচত্ত্-ইয়বিশিষ্ট পরিদৃশ্যমান বিশ্বসংসারের স্ট্যাদি কার্য্যে তাঁহার ঐশ্ব্যব্যক্তি এবং নুবলীলার মধ্যে তাঁহার মাধুর্য্যের প্রকাশ।

গোপালতাপনী শ্রুতিতে বলিয়াছেন,

"ত্ত্মাৎ কৃষ্ণ এব পরো দেবন্তং ধ্যায়েৎ তং রদেৎ তং ভজেৎ তং
যজেদিতি॥"

স্বয়ং ভগবান প্রীকৃষ্ণই পরম দেবতা, <u>অত এব ভাঁহারই চিন্তন করিবে,</u> তাঁহারই নাম জপ করিবে এবং প্রেম সহকারে তাঁহারই উপাসনা করিবে।

খেতাখতর উপনিষদেও বলিয়াছেন,

"জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানি: ক্ষীণৈঃ ক্লেশৈর্জন্মমূত্যপ্রহাণিঃ। তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদে বিশ্বৈশ্বর্যাং কেবলমাপ্তকামঃ॥"

সদ্গুরুর নিকট ভগবতত্ত্ব অবগত হইলে, জীবের দেহ-দৈহিক-মমতাদি-পাশের বিনাশ ও পাশজন্ত ক্লেশ সকলের সমূলে ক্ষয় হইয়া থাকে। অতঃপর জন্মসূত্রর হানি হয়। তদনস্তর উত্রোত্তর তাঁহারই অভিধ্যান হারা লিঙ্গ-শরীরের নাশ হইলে, শুদ্ধসন্ত্রময় অপ্রাকৃত ভাগবত পদ প্রাপ্তি ও মনোর্থ পূর্ব হয়।

> "এতল্জেয়ং নিত্যমেবাত্মসংস্থং নাতঃ পরং বেদিতব্যং হি কিঞ্চিৎ ॥" ইতি চ ॥

ত্ব অভ এব সেই একমাত্র পরতম বস্তই জ্ঞাতব্য, তদতিরিক্ত বেদিতব্য বিষর
আর কিছুই নাই।

শ্ৰীমদ্ভগবদগীতাতেও উক্ত হইয়াছে,

্ধ "মত্তঃ পরতরং নান্যৎ কিঞ্চিদন্তি ধনঞ্জয়॥" ইতি॥ হে ধনঞ্জয়, আমা হইতে পরতম বস্তু আর কিছুই নাই। শ্রীক্ষণের সর্বতন্ত্রাত্মকত্বের প্রমাণ যথা,—

"পঞ্চত্তাত্মকং কৃষ্ণং ভক্তর্মপ্ররপকম্। ভক্তাবতারং ভক্তাধ্যং নমামি ভক্তশক্তিকম্॥" ইতি ॥ "বন্দে গুরুনীশভক্তানীশমীশাবতারকান্। তংপ্রকাশাংশ্চ ভচ্চকীঃ কৃষ্ণচৈতন্যশংক্তকম ॥" ইতি চ॥

ভগবান শীকৃষ পাৰতেৰ, ভিক্তৰ, সাবতারতৰ, পাকাশতৰ ও শক্তিতৰ এই পাঞ্তৰ্সার্প।

তন্মধ্যে গুরুতর বিবিধ;—মন্ত্রদাতা গুরু ও শিক্ষাগুরু। শিক্ষাগুরু আবার ছই প্রকার; অন্তর্যামী ভগবান স্বরং মনুষ্যের অন্তরে থাকিয়া সদসং বুঝাইয়া দেন; তাঁহার নাম চৈত্যগুরু। এবং ভক্তশ্রেষ্ঠগণ উপদেশ ও আদর্শ বারা মনুষ্যের মঞ্চলের পথ দেখাইয়া দেন।

ভক্ত হুই প্রকার;—পার্ষদগণ, অর্থাৎ প্রত্যক্ষ সাধন ব্যতিরেকে ঈশর-কুপায় স্বতঃসিদ্ধ; যথা, শুকদেবাদি। আর সাধনসিদ্ধ অর্থাৎ বাঁহারা তপ-স্যাদি প্রত্যক্ষ সাধন দ্বারা সিদ্ধি লাভ করিয়াথাকেন; যথা, নারদ প্রহলাদাদি।

অবতার ত্রিবিধ;—অংশাবতার, গুণাবতার ও শক্তাবেশাবতার। তন্মধ্যে অংশাবতার দ্বিধ ;—পুরুষাবতার ও লীলাবতার। পুরুষাবতারগণ যণা, কারণার্ণবিশায়ী, গর্ভোদকশায়ী ও ক্ষীরোদশায়ী নারায়ণ। লীলাবতারগণ যণা, মৎস্যকৃশ্মাদি। গুণাবতার যথা, ব্রহ্মা-বিষ্ণু-শিবাদি। শক্তাবেশাবতার যথা, সনক-সনাতন-পুথু-ব্যাসাদি।

ভগবানের বিলাদ দকলও অবতারমধ্যেই গণ্য হয়। তবে বিলাদ প্রায় ভগবভুলাশক্তিশালী ও অপরাপর অংশাবতার হইতে উৎকৃষ্ট। বিলাদ যথা; ভগবানের বিলাদ নারায়ণ এবং নারায়ণের বিলাদ বাহ্মদেবাদি। তর্মধ্যে প্রথমাক্তটি প্রাভব-বিলাদ এবং শেষোক্তটির নাম অংশ-বিলাদ। প্রকাশ বিলাদের ন্যায় ভেদমধ্যে গণ্য হয় না। একই রূপ এককালে নানাস্থানে প্রকট হইলেই তাহাকে প্রকাশ বলা যায়। প্রকাশ স্বয়ংরূপ হইতে স্বরূপত অভিন্ন, তবে স্বয়ংরূপ অনন্যাপেক্ষী; কিন্তু প্রকাশ স্বয়ংরূপকে অপেক্ষা করিয়াই প্রকাশিত ক্ষা। ভগবানের প্রকাশ যথা; রাদে ও মহিষী বিবাহাদিতে বছরূপ।

ভগবানের শক্তি ত্রিবিধ ;—জীবশক্তি, মায়াশক্তি ও স্বরূপশক্তি। জীবশক্তি সমস্ত ত্রন্ধাণ্ডে অনস্তকোটি জীবমধ্যে প্রকাশিত। মায়াশক্তি বিশ্বের উপাদান ; তন্ধারাই সমস্ত স্প্রাদি কার্য্য সম্পন্ন হইয়াছে। স্বরূপশক্তি বা চিচ্ছক্তিও আবার তিন প্রকারে প্রকাশিত হয়; যথা, লক্ষ্মীগণ, মহিবীগণ ও কাস্তাগণ।

ঞীক্বফের ঐশ্বর্য-মাধুর্য্য-পূর্ণ ভগবত্তার প্রমাণ; যথা,—

"এখর্য্যং বিশ্বকর্মানৌ মাধুর্য্যং নরকর্মণি।

জ্ঞাতং যদ্য স ভগবান্ কৃষ্ণঃ পরতমো মতঃ ॥"

বিশ্বব্যাপারাদিতে বাঁহার ঐশ্বর্য পরিব্যক্ত হইতেছে এবং নরলীলায় বাঁহার মাধুর্য্য পরিব্যক্ত হইতেছে, সেই ভগবান শ্রিক্ষণ্ট পরমদেবতা।

প্রমেয়রত্বাবলীতেও উক্ত হইয়াছে,

"হেতুত্বাধিভূচৈতন্যানলত্বাদিগুণাশ্রয়াৎ। নিত্যলক্ষ্যাদিমত্বাচ্চ ক্রফঃ প্রত্যো মতঃ॥"

কারণম্ব, বিভূচৈতন্যানন্দ্মাদিগুণাশ্রয়ত্ব এবং নিত্যলক্ষ্যাদিবিশিইস্ব প্রযুক্তই শ্রীকৃষ্ণের পরতমত্ব উক্ত হইয়া থাকে। অর্থাৎ যিনি স্বীয় পরাখ্যশক্তি দারা বিষের নিমিত্তকারণ, যিনি প্রধান ও ক্ষেত্রক্ত শক্তি দারা উহার উপাদান-কারণ এবং যিনি নিত্য ঐশ্যর্থ-মাধুর্য্য দারা পরিপূর্ণ, সেই ভগবান শ্রীকৃষ্ণই একমাত্র পরতম তত্ত্ব; তিনি ভিন্ন আর কেহই পরতম হইতে পারেন না।

তন্মধ্যে শ্রীক্লফের দর্বহেতুত্বের প্রমাণ যথা, শ্বেতাশ্বতর উপনিষদে,—

"একঃ স দেবো ভগবান্ বরেণ্যো যোনিস্বভাবানধিতিষ্ঠতোকঃ॥" ইতি॥

"যশ্চ স্বভাবং পচতি বিশ্বযোগিঃ

পাচ্যাংশ্চ এক্রান পরিণাময়েদ্ যঃ॥" ইতি চ॥

দ্যক্ষোত্তম একমাত্র পূজ্য সেই ভগবান্ এক্স প্রধানাদি কারণতত্ত্ব সকল লকে আপন শ্বরূপ পরাথ্যশক্তি দারা শ্বরং সর্কথা অস্পৃষ্ঠ থাকিয়াই শ্ববশে স্থাপন করেন।

মিনি সেই সকল কারণতত্ত্বকে কার্য্যাবির্জাবকতা বিষয়ে আভিমুখ্য প্রাপ্ত করান এবং তদাভিমুখ্যযোগ্য প্রধানাদি তত্ত্বকে পরিণামিত অর্ধ্বং মহদাদি অবস্থা প্রাপ্ত করান, সেই শ্রীক্লফাই স্বীর পরাধ্যশক্তি বারা বিশ্বের নিমিত্তকারণ এবং ক্ষেত্রজ্ঞ ও মারাশক্তি বারা বিশ্বের উপাদানকারণ হয়েন।

কার্য্যমাত্রেরই কারণ আছে, এ কথা স্থির: কিন্তু কার্য্য কাহাকে বলে ? আমরা মেঘকে বৃষ্টির কারণ বলি এবং বৃষ্টিকে মেঘের কার্য্য বলি। আমরা জানি মেঘ বাম্পময়, ঐ বাম্প শীতল হইয়া ক্রমে ঘনীভূত হইয়া আইসে; তৎপক্তে যথন বিহ্যাদ্বলে সেই বাস্পের সহিত বায়বীয় অক্সিজন নামক বাস্পবিশেষের রাসায়নিক মিলন সঙ্ঘটিত হয়, তখন তাহা বৃষ্টির আকার ধারণ করে, এবং সেই রৃষ্টি পার্থিব আকর্ষণে ভূতলে পতিত হয়। এই ঘটনাকে আমরা কার্য্য বলি। স্মারূপে বিচার করিতে গেলে ইহাই প্রতীত হয় যে. যুতক্ষণ এই ব্যাপার ঘটতেছে, ততক্ষণই আমরা এই ব্যাপারকে কার্য্য বলিতেছি। আবার উক্ত কার্য্যের কারণ, হাইড়োজেন এবং অক্সিজেন নামক বাস্পদ্ম, বিত্যুৎ ও আকর্ষণশক্তি। ঘটনাই যথন কার্য্য ছইল, এবং ঐ ঘটনাও যথন বাম্পাদি বস্তুনিচয়ের পরিণাম ভিন্ন আর কিছুই নহে, তথন কারণের পরিণামই कार्या। এই त्राप्त कांत्रनामार्थंत भतिनामहे यनि कार्या इहेन, जात छहारक কারণেরই অবস্থান্তর ভিন্ন আর কিছুই বলিতে পারা যায় না। কারণই অবস্থাস্তরে কার্য্যরূপ প্রাপ্ত হইলেও, উহা অনাগমাপায়ি অতএব নিত্য; অর্থাৎ যে কারণ হইতে যে কার্য্যের উৎপত্তি হইতেছে, সেই কার্য্যের উৎ-পত্তিতেও যথন কারণবস্ত স্বতন্ত্রভাবে কারণরপেই অবস্থান করিতেছে, তথন কার্য্য আগমাপায়ি ও অনিত্য হইলেও কারণ বস্তু অনাগমাপায়ি, অতএব নিত্য; এবং কার্য্যান্তর বা অবস্থান্তর যথন অপরিহার্য্য (অর্থাৎ অবস্থান্তরের নামাস্তরই যথন কার্য্য) তথন ঐ কার্য্যভূত বস্তু আগমাপায়ি অতএব অনিত্য। আবার কার্য্য যথন কারণেরই অবস্থান্তর মাত্র, উহার যথন স্বতন্ত্র অন্তিত্ব নাই: তথন কারণবস্তুর অবস্থাভেদে ধর্মদ্বয় স্বীকার করিতে হুর। কারণাবস্থার ধর্ম নিতাত্ব এবং কার্যাবস্থার ধর্ম অনিতাত্ব। বারির বিশ্লেষণে যথন বাস্পকেই প্রাপ্ত হওয়া যাইতেছে, রাসায়নিক সংযোগ-বিয়োগে যথন বাম্পের বাম্পত্ত অপনীত হইতেছে না, তথন বাস্পত্বরূপ ধর্ম্মের নিতাত্ব অবশ্য স্বীকার্য্যই হইতেছে। এইরূপ কারণের যদি নিত্যম্ব হইল, তাহা হইলে, তাহার আর

কারণান্তর অমুসন্ধান করিতে হইল না; স্থতরাং জড়পদার্থেরও আদিকারণত্ত র্সিদ্ধ হইল'। জড়পদার্থ প্রলয়দশায় যত কেন স্কল্ম অবস্থা প্রাপ্ত হউক না. জড়শক্তির নিত্যত্ব ও আদিকারণত্ব কথনই অস্বীকার্য্য হইতে পারিবে না। এরপ হইলেও একমাত্র জড়শক্তিকেই বিশ্বের অমূল-মূল বলিতে পারা যায় না। কারণ, জড়শক্তির হ্যায় চিৎ-শক্তিরওনিতাম ও আদিকারণম্ব অবশ্র স্বীকার্য্য। পরিদৃত্ত্যান বিশ্বসংসার কেবল জড়ময় নহে; বিশ্বের মধ্যে মোহের ন্যায় . সুথ ও তু:থের পূর্ণ প্রকাশ প্রতিপদেই পরিলক্ষিত হইতেছে। সুথ ও তু:থ জড়ের কার্য্য নহে; উহা জড়ের অন্তুত সংযোগের ফল নহে। কারণ, জড় বস্তুতে স্থুপ ও চুঃখের কোন আভাসই প্রাপ্ত হওয়া যায় না। স্থুপ ও চুঃখ জড়ের কারণাবস্থার পরবর্ত্তী নহে; উহার সমসাময়িক। উপাদান-প্রত্যক্ষ দারা যদিও জড়ের প্রবৃত্তির প্রতি কারণতা দৃষ্ট হয়, কিন্তু জড় তদ্বিয়ে অদ্বিতীয় কারণ নহে; উপাদানপ্রত্যক্ষের ন্যায় ইষ্ট্রসাধনতাজ্ঞানও উহার অপর কারণ। এইরূপ নিরুত্তির প্রতি অনিষ্টসাধনতাজ্ঞানেরও কারণতা দৃষ্ট হইয়া থাকে। অতএব জড়ের কার্য্যদাধনের প্রাক্তালে স্থুখ ও তুঃথের অবস্থান অপরিহরণীর। এই প্রকারে জডশক্তি ও চিৎ-শক্তি উভয়েরই কারণত্ব ও নিতাত্ব সিদ্ধান্তিত হইতেছে। উভয়েই অনাগ্মাপায়িনী ও নিতা। ঐ চিচ্ছক্তি জডশক্তির অধীনও নহে। যদিও কোন কোন কার্য্যে চিচ্ছক্তিকে জড়শক্তির অধীন বলিয়াই প্রতীতি হয়, কিন্তু জাগ্রৎ, স্বপ্ন ও স্ববৃধ্বি এবং যোগজ অবস্থার পর্যালোচনা করিয়া দেখিলে ঐ ভ্রম সহজেই বিদূরিত হইতে পারে। বস্তুত চিচ্ছক্তি ও জড়শক্তি লইয়াই সংসার। উভয়েই অনাগমাপায়িনী ও পরস্পর-পৃথক-ভাবাপন্না। কার্য্যমাত্রেই তত্নভয়ের অন্বয়-ব্যতিরেক দৃষ্ট হয়। জড় ব্যতিরেকেও কার্য্য হয় না এবং চিচ্ছক্তি ব্যতিরেকেও কার্য্য হয় না। উভয়ের অন্তিত্ব ও পূর্ব্ববর্ত্তিতাই কার্য্যের প্রতি কারণ। কার্য্যকারণভাব छ । अ भक्तिक्र भुष्यात्म । चारक । जेशामित एक हरे काशांत्र कात्र नार्ट এবং কেহ কাহারও অধীন মহে। উভয়েই উভয়ের প্রমাপক—উভয়েই পর-স্পরের অস্তিত্ব দারা পরস্পরের স্বতন্ত্র অস্তিত্ব ব্যক্ত করিতেছে। এইরূপে শক্তি-ম্বয়ের পরস্পরানধীনত্ব নিতাত্ব ও কারণত্ব প্রমাণিত হইলেও উহাদেয় কোনটিরই স্বাধীনত্ব সংস্থাপিত হইতে পারে না; কারণ, উহারা উভয়েই আশ্রয়ের অধীন এবং আশ্রয়ের নিত্যতাতেই উহাদের নিত্যতা। নিরাশ্রয় শক্তি আকাশকুরুমতুল্য।

ঐ শক্তির আশ্রয়ই আত্মা। আত্মাই তত্ত্ব; আত্মাই বস্তু। আত্মাতিরিক্ত নিধিল পদার্থই আত্মারই শক্তিপ্রকাশমাত্র। কি ক্ষিত্যাদি ভূতগ্রাম, ক্ চক্ষু:প্রভৃতি ইন্তিয়বর্গ, কি ইন্তাদি দেবতাগণ, কি রূপাদি গুণ সকল, কি ক্রিয়াসমূহ, কি ধর্মনিকর-সকলই ঐ আত্মারই শক্তির পরিণাম ভিন্ন আর কিছুই নহে। আত্মা নিথিল পদার্থের উৎপাদক ও নিথিল শক্তির আশ্রয়। আত্মা উৎপন্ন বা আত্রিত তত্ত্ব নহেন; আত্মা স্বতঃদিদ্ধ ও স্বাশ্রয়। আত্ম-শব্দের ব্যুৎপত্তিলভা অর্থ হইতে অণুচৈতভা প্ররূপ দেহব্যাপক জীবাত্মা ও বিভুটেতন্যস্বরূপ দর্বাশ্রয়, দর্বব্যাপক, মুক্ত ব্যক্তির লব্ধব্য ব। উপাদ্য প্রমান্তার বোধ হয়। ঐ প্রমান্তাই নিথিল সংসারের আদিকারণ। শক্তির আদিকারণত্ব থাকিলেও আত্মার পরিচালনা ভিন্ন উহা কোন ক্রমেই সঙ্গত হয় না। শক্তি সকল কার্য্যের প্রাকালে আত্মা কর্তৃক বিক্ষোভিত হইয়াই কার্য্যে প্রবৃত্ত হয়। অতএব তাদৃশ বিক্ষোভকারক আত্মাই প্রকৃত আদিকারণ এবং শক্তি সকল উহার সহকারিণী মাত্র। পরমান্ত্রা স্বকীয় জড়শক্তি দ্বারা বিশ্বের উপাদানকারণ এবং চিচ্ছক্তি দারা নিমিত্তকারণ হয়েন। জীবান্মা ও প্রমাত্মা উভয়েই শক্তির অধীশ্বর, আশ্রয় ও প্রবর্ত্তক ইইলেও থণ্ডশক্তির আশ্রয়ভূত জীবাত্মা বিশ্বব্যাপিনী শক্তির অধিনায়ক পরমাত্মার সম্পূর্ণ অধীন। কারণ, জীবাত্মা পরমাত্মার অংশমাত্র। জীবের স্বকীয় শক্তির উপর আধিপত্য থাকিলেও বিষশ্ক্তির উপর আধিপত্যের অভাববশত তদ্বারা জগদ্ব্যাপারাদি বিভুকার্য্য নির্দ্ধাহ হইতে পারে না। বিধব্যাপিনী শব্দিরই নামান্তর প্রকৃতি; উহা ত্রিগুণের সাম্যাবস্থা।

বিভূত্ব ও চৈতন্যাদিগুণাশ্রয়ত্ব যথা কঠোপনিষদে—

"মহান্তং বিভূমাত্মানং মতা ধীরো ন শোচতি ॥" ইতি ॥

মহান অর্থাৎ পূজা ও বিভূ আত্মার উপাসনা করিলে আর শোকগ্রস্ত ছইতে হয় না। এই স্থলে আত্মশক দারা তাঁহার বিজ্ঞানমুধরূপত্বই বোধিত হইতেছে। কারণ, আত্মশব্দের অর্থ ব্যাপক হইলেও মুক্তগদ্যত্ব অর্থ দ্বারা বিজ্ঞানস্থানগত্বই দিল্প হইতেছে।

বাজসনেয়িগণ স্পষ্টই বলিয়াছেন,—

"বিজ্ঞানমানদং ব্রহ্ম রাতিদাতুঃ পরায়ণম ॥ " ইতি

্বিজ্ঞানন্ত্রপ ব্রহ্মই যজমান অর্থাৎ উপাসককে তাঁহার উপাসনার অন্থ-রূপ ফল প্রদান করিয়া থাকেন।

গোপালোপনিষদেও বলিয়াছেন,---

"ত্মেকং গোবিন্দং স্চিদ্যনন্দ্বিগ্রহম্॥"

সচিদানন্দস্বরূপ একমাত্র গোবিন্দকেই জানিতে হইবে।

এই সকল শ্রুতি ধারা চিদানন্দ বস্তুর মূর্তিমত্বও অবশ্রু স্বীকার্য্য ইইতেছে।
যেরপ ভৈরবাদি রাগের মূর্ত্তিমত্ব গান্ধর্ববাসিত শ্রবণেল্রিয়েই প্রতীত হয়,
ভক্তিতাবিত্তিত্তেও তত্রপ চিদানন্দ বস্তুর স্বরূপ মূর্ত্তির স্ফৃর্ত্তি হইয়া থাকে।
বিশেষত শ্রুতিতে বিজ্ঞানঘন প্রভৃতি উক্তিতে ঘনশন্দের প্রয়োগ করিয়া
তাঁহার বিগ্রহবত্ব প্রমাণ করিয়াছেন। এইরূপে চিদানন্দ বস্তুর মূর্ত্তিমত্ব নির্দারণে
ভগবদ্বিগ্রহে দেহদেহিভেদও নিরস্ত হইয়াছে। মূর্ত্তিমন্ত্রের বিভূত্বও অসম্পত
নহে। কারণ, মাণ্ডুক্যে বলিয়াছেন,—

"বৃক্ষ ইব স্তব্ধে। দিবি তিষ্ঠত্যেক-স্তেনেদং পূৰ্ণং পুৰুষেণ দৰ্মক্ ॥'' ইতি

একমাত্র সেই হরিই রুক্ষের ন্যার সকলের ন্মস্য হইরা প্রব্যোমে অধি-ষ্ঠিত আছেন। কিন্তু সেই পুরুষ কর্তৃক নিথিল জগৎ ব্যাপ্ত আছে। বিশেষত অসংখ্য ভক্তের মানসে এককালে বহুরূপে প্রতিষ্ঠিত হয়েন বলিয়াই, উহা তাঁহার নিত্য ধর্মাই বলিতে হইবে।

শ্রীমন্তাগবতেও বলিয়াছেন,—

"ন চান্তর্ন বহির্যক্ত ন পূর্বং নাপি চাপরম্। গোপিকোলৃথলে দায়। ববন্ধ প্রাক্কতং যথা॥"

যাঁহার অন্তর বাহির ও পূর্বাণর রূপ পরিচ্ছেদ নাই, কিন্তু যিনি জগতের পূর্বাণর ও অন্তর্বহির্দেশে বর্তমান, যাঁহার শক্তি জগন্যাপিনী, তাঁহাকেই মা যশোদা প্রাক্তি বালকের স্থায় বন্ধন করিলেন, এইরূপ বলাতেই উাহার বিজ্ঞান্যনত্ত ও বিভূত্বসত্ত্বেও মুর্ত্তিমত্ত্ব স্পাইই প্রতিপাদিত হইতেছে।• •

এীমন্তগবদগীতাতেও উক্ত হইয়াছে,—

"ময়া ততমিদং সর্কাং জগদব্যক্তম্র্তিনা।

মংস্থানি সর্বভূতানি ময়ি তে চন তেম্বহং॥" ইতি॥

প্রত্যগ্বিগ্রহ মৎকর্ত্বক এই জগৎ ব্যাপ্ত; আমিই ভূতগণের আপ্রম, কিন্তু আমি তাহাদিগের আপ্রিত নহি। উহারা মৎকর্ত্বক গৃত হইরাও কলদে জলের ফ্লার গৃত নহে; অর্থাৎ আমি সকলমাত্রই উহাদিগকে ধারণ করিয়া আছি; অতএব উহারা মন্ত্রণাধিদম্বন্ধ হাপনে সমর্থ নহে; বেহেতু আমি ঈশ্বর; ইহাই আমার যোগমহিমা বা অচিন্তা শক্তির প্রভাব।

পূর্ব্বোক্ত আদিশন্দ দারা যে সর্ব্বজ্ঞত্বাদি সঙ্কেতিত হইয়াছে, একণে তাহা-দেরই প্রমাণ যথাক্রমে প্রদর্শিত হইতেছে। সর্ব্বজ্ঞত্ব যথা মুগুকে,—

"यः मर्सछः मर्सिवि ॥" हेि ॥

যিনি সর্বজ্ঞ ও সর্বসম্পন্ন। আনন্দিত্ব যথা তৈত্তিরীয়কে,—

"আননাং ব্ৰহ্মণো বিধান্ ন বিভেতি কুতশ্চন॥" ইতি ॥ ব্ৰহ্মাননা অন্নভূত হইলে, কালকৰ্মাদিক্বত সকল ভয়ই নিবাৰণ হয়। প্ৰভুত্ব, স্বহাত্ব, জ্ঞানদত্ব ও মোচকত্ব যথা খেতাখতৰে,—

> "সর্বস্য প্রভূমীশানং সর্বস্থ শরণং স্কৃত্।" ইতি। "সংসারবন্ধহিতিযোকহেতুঃ॥" ইতি চ॥

যিনি সকলের প্রভূ, নিয়ন্তা, রক্ষক ও একমাত্র হিতকারী স্ক্রং; বাঁহার সেবা করিলে, তদীয় নিজ ধর্মভূতা সনাতনী প্রজ্ঞা জীবে আবির্ভূত হয়; এবং যিনি সংসারবন্ধন মোচনের হেতু।

বিভূষাদি লোকবিশাপন গৌরবজ্ঞানোত্ত ঐশর্য্যের স্থায় প্রেমক্রিত লোকাকর্যক মাধুর্যাগুণশালিত যথা গোপালোপনিষদে,—

> "নৎপুগুরীকনয়নং মেঘাভং বৈছ্যতাম্বরম্। "বিভূকং মৌনমুদ্রাচ্যং বনমালিনমীশ্বরম্॥" ইতি॥

বিক্সিত-পুণ্ডরীক-নয়ন নবীন-নীয়দ-সমকান্তি বিছাল্লভা-সদৃশ-পীতবসন-পরিছিত বনমালা-বিরাজিত-গলদেশ ও মৌনমুদ্রাযুক্ত ছিভুজ ময়ুষ্যাকার ভগবানই সমন্ত লীলার প্রকাশক। ভগবানের ভগবভার অন্তর্মন্ত্রী ঐখর্য্য ও মাধ্র্য্য কেহ কাহারও বিরোধ উৎপাদন করে না। ত্তনপান হারা পুতনার প্রাণহরণ, কোমলপাদপ্রহারে কঠিনতর শক্ট ভঞ্জন, সপ্তমবর্ধ বয়সে গোবর্জন ধারণ প্রভৃতি কার্য্যে ময়ুষ্যভাবেই পরমেশ্বরসাধ্য কার্য্য সকল সম্পাদিত হইয়াছে এবং তত্তৎকালেই আবার দ্বিপরক্তেয় ও ব্রজ্জীজন-লোল্পড়াদি মানবকার্য্যও সম্পাদিত হইয়াছে। এইয়প জনক-জননীর নিক্ট চতুর্ভ্জম্তির প্রকাশাদি এবং অর্জ্কনাদি ভক্তের নিক্ট বিশ্বরূপ-প্রকাশনাদি কার্য্যে নর-লীলার অপেক্ষা না করিয়াই পারনৈশ্ব্যাও প্রকাশিত হইয়াছে।

ভগবানের মূর্ত্তথাদি ধর্মন্ত ধর্মী ভগবান হইতে ভিন্ন নহে; যেহেতু "এবং ধর্মান পৃথক্ পঞ্চংস্তানেবায়্বিধাবতি" প্রভৃতি শ্রুতিতে তাদৃশ ভেদ নিষিদ্ধই ইয়াছে। আবার তিনি ঐ সকল ধর্ম হইতে অভিন্নও নহেন। কারণ, অভেদত্ব স্বীকারে তাঁহার নৈর্প্রণাপত্তি হয়। বস্তুত স্বরূপত ভেদ না থাকিলেও স্বর্ত্তি-বিশেষ-বলে অচিস্তা ভেদজ্ঞান হইয়া থাকে। যেরূপ কাল সর্বাদা আছে, সন্তা আছে, ইত্যাদি প্ররোগে কালের কালাশ্রম্ম ও সন্তার সন্তাশ্রম্বাদি ভেদাভাবেও ভিন্ন ভাবের প্রতীতি হইয়া থাকে, তক্ষপ ঈশ্বনের বিভূত্বাদি ধর্মা, তাঁহা হইতে ভিন্ন না হইলেও ভেদভানের প্রতীতি হইয়া থাকে। বিশেষই ঐ ভেদভানের হেতু। উহার সম্বীকারে ভিন্নবাচ্যবাচক সত্যাদিশক্ষেরও একবাচ্যবাচকতারূপ পর্যায়তার আপত্তি হয় । ঐ বিশেষ বা ভেদক ধর্মা, বস্তু হইতে অভিন্ন ও স্থানির্মাহক, উহা ধর্মিগ্রাহক-প্রমাণিসিদ্ধ।

, নারদপঞ্চরাত্রেও উক্ত হইয়াছে,---

"নির্দোষপূর্বগুণবিগ্রহ আত্মতন্ত্রো নিশ্চেতনাত্মকশরীরগুণৈশ্চ হীন:। আনন্দমাত্রকরপাদমুখোদরাদি: সর্বত্র চ স্বগতভেদবিব্যক্তিতাত্বা॥" ইতি॥ ভগবান শ্রীকৃষ্ণ মুগ্রডাদি-দোবশ্ন্য, সার্বজ্ঞাদিগুণ-পূর্ণবিগ্রহ, আত্মতন্ত্র, নিশ্চেতনাত্মক-জড়শরীর-ধর্ম-বিবর্জ্জিত, অতএব তাঁহার করপাদম্খোদরাদি অব্ধ্রুর সকল আনন্দমাত্র। তিনি স্থগতভেদ-বিবর্জ্জিতাত্মা; অর্থাৎ প্রাকৃত বন্ধমাত্রই স্থজাতীয়, বিজাতীয় ও স্থগত,এই ত্রিবিধ ভেদবিশিষ্ট, কিন্তু আনন্দস্করণ ভগবানে ঐ সকল ভেদের সম্ভাবনাই নাই। মুগ্রডাদি অষ্টাদশ দোব মাধ্যালীলাতে দৃষ্ট্র হইলেও উহারা লীলার পৃষ্টিকারক ও প্রাকৃতগঙ্কশৃত্য বলিয়া ভগবানকে তত্তদ্দোষ-বিবর্জ্জিতই জানিতে হইবে। তাঁহার মুগ্রডাদিদোষরাহিত্য বথা তত্ত্ব,—

"অষ্টাদশমহাদোধৈঃ রহিতা ভগবততঃ।
সইর্ন্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরপিণী॥" ইতি॥
ভগবতত্ত্ব অষ্টাদশদোষবিবর্জ্জিত ও বিজ্ঞানানন্দররূপ।
উক্ত অষ্টাদশ দোষ যথা.—

"মোহস্তক্রা প্রমো কক্ষরসতা কাম উবন:।
লোলতা মদমাৎসর্য্যে হিংসা থেদপরিশ্রমৌ ॥
অসত্যং ক্রোধ আকাজ্জা আশহা বিশ্ববিশ্রম:।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতা॥" ইতি ॥

ভক্তানন্দ-বৈচিত্র্য-পোষক ঐ দোষ সকল ভগবানের লীলাবিলাস, ভক্ত-সংরক্ষণ ও বাৎসল্যাদি সিদ্ধির নিমিত্ত সমরে সময়ে উদিত হয়। উহারা প্রাকৃতগন্ধাস্পৃষ্ট ও ভগবৎস্বরূপভূত। ঐ সকল ব্যতিরেকে লীলাই অসিদ্ধ হয়। ফলত মুগ্ধতা ও আশঙ্কা দারা ঐশ্বর্যদেবী ভক্তে বিতর্ক ও বিশ্বয়রদের উত্তেক হয় এবং মাধুর্য্যভক্তের বাৎসল্যাদি রদের উল্পাম হয়। লোলতা ও মদ দারা স্থাগণের কীড়নেচ্ছা ও গোপীগণের কাম উদ্রিক্ত হয়। খেদাদি দারা ভক্তহালয়ে সেবাভিলাব জন্মে। মাৎস্ব্যা, কোধ ও হিংলা দারা অসাধু বিনাশে ভক্তসংরক্ষণ হয়। ভ্রম ও লোলতা দারা পিতৃগণের কোতৃক বৃদ্ধি হয়। অসত্য দারা স্থা ও স্থী প্রভৃতির কোপাদির উদরে তত্ত্রদের বৃদ্ধি হয়। বিশ্ববিভ্রম দারা প্রকৃতিলীন জীবগণের প্রতি অনুগ্রহ করা হয়। তবে মুগ্ধঘাদি দোষের উদয়কালে ভগবানের সর্বজ্ঞখাদি গুণের অভাব অধীকার্য্য। ভগ্নবানের স্বরূপামুবন্ধী গুণ সকল যথা—

"অয়ং নেতা স্থরম্যাক্তঃ সর্বসন্ধন্দণান্তিতঃ। ক্রচিরন্তেজ্সা যুক্তো বলীয়ান বয়সান্থিত: n বিবিধাম্বতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ম্বদঃ। বাবদূক: স্থপাণ্ডিত্যো বৃদ্ধিমান্ প্রতিভাষিত: 🛭 বিদশ্বকতুরো দক্ষঃ ক্রতজ্ঞঃ স্থুদূত্রতঃ। দেশকালমুপাত্রজ্ঞ: শান্তচকু: ভচির্বাণী॥ স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সম:। বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্তমানকুৎ ॥ দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ। স্থী ভক্তস্থহৎ প্রেমবশ্যঃ সর্বান্তভঙ্করঃ।। প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ। নারীগণমনোহারী সর্কারাধ্যঃ সমৃদ্ধিমান্॥ বরীয়ানীশ্বশ্চেতি গুণাস্তসামুকীর্ত্তিতা:। সদা স্বরূপসম্প্রাপ্তঃ সর্বজ্ঞো নিত্যনূতনঃ ॥ সচিদানন্দ্রসাক্ষাক্ষঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ। অবিচিন্তামহাশক্তিঃ কোটিব্রন্ধাণ্ডবিগ্রহঃ ॥ অবতারাবলীবীঞ্জং হতারিগতিদায়কঃ। আত্মারামগণাকর্ষীত্যমী রুষ্ণে কিলান্তুতা: 🛭 সর্বাদ্ভতচমৎকারলীলাকল্লোলবারিধিঃ। অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডলঃ॥ ত্রিজগন্মানসাকর্ষিমুরলীকলকৃজিতঃ। অসমানোর্জরপত্রীবিশ্বাপিতচরাচর: ॥ ৰীলা প্রেয়া প্রিয়াধিক্যং মাধুর্য্যং বেণুরূপয়োঃ ॥ ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দশু চতুষ্টয়ম্। এবং গুণাশ্চতুর্ভেদাশ্চতুঃষ্টিক্ষদাহতা:॥

ভগবানের নিত্যলক্ষীকত্ব যথা বিষ্ণুপ্রাণে,—"নিত্যৈব দা জগন্মাতেত্যাদি।" ভগবান বিষ্ণুর নিত্যা শক্তিজগন্মাতা লক্ষীদেবী তাঁহাতেই নিত্যসম্বদ্ধা। তিনি যেরপ সর্বব্যাপক, তাঁহার শক্তিও তজ্রপ। ভগবানের শক্তি প্রধানত তিনটি. —পরা, ক্ষেত্রজ্ঞা বা জীবশক্তি এবং অপরা বা মায়াশক্তি। ইহাদের মধ্যে পরা শক্তিই লক্ষীরূপিণী এবং ভগবান হইতে অভিন্ন। ভগবান শুদ্ধ অর্থাৎ পরাথা শক্তি হইতে অভিন্ন হইলেও উপচার বশত পরমেশ অর্থাৎ পরাশক্তির অধীশব বলিরা কথিত হরেন। ভগবানের নিতাবিবিধশক্তিময়ত্ব যথা শ্বেতাশ্বতরে,— "পরাস্য শক্তিবিবিধৈব শ্রন্থতে স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ।।" ইতি। যের্ন্ত্রপ অগ্নির উষ্ণতাশক্তি, সেইরপ জ্ঞান, বল ও ক্রিয়ারপিণী সন্থিৎ সন্ধিনী,ও स्लामिनी मिक्क उाँदात श्वाजाितकी ७ श्रक्रशासूनिसनी। भूटकीक भन्नामिक्कर সম্বিদাদি ত্রিরূপে ভাসমানা হয়েন। যথা,—"হলাদিনী সন্ধিনী সম্বিৎ ত্বেয়কে-ज्यानि।" स्नानिनी (जगवान श्वयः स्नानाश्चा बहेया यन्त्राता स्नानवान बरयन. ও জীবকে আনন্দ প্রদান করেন), সন্ধিনী (ভগবান সদাত্মা হইয়াও यদারা সতা ধারণ করেন, ও জীবকে সতা প্রদান করেন), সম্বিৎ (ভগবান সম্বিদামা। হইয়াও যদ্ধারা জ্ঞানবান হয়েন ও জীবকে জ্ঞানবান করেন); এই ত্রিরূপা একই (অর্থাৎ বিশেষবলে নির্ভাতভেদকার্য্যা হইলেও নির্ভেদরূপা) পরাশক্তি তোমাতেই বর্ত্তমানা। লোদতাপকরী মিশ্রা প্রাক্ততা শক্তি প্রাকৃতগুণ-বর্জিত ভগবানে নাই। অর্থাৎ সন্তাংশ ছারা ফ্লাদকারিণী রক্ত অংশ ছারা তাপকারিণী ও তম অংশ দ্বারা মোহজননী মিশ্রা ত্রিগুণাত্মিকা মায়াশক্তি ভগবানে প্রকাশ পায় না। পূর্ব্বোক্তা অব্যভিচারিণী পরাশক্তি এক হইয়াও মণির নীলপীতাদি বর্ণ সকলের ত্থায় সাধকের ধ্যানভেদে বছরূপে বিরাজিতা ও প্রতি অবতারে সহায়রপে লীলাকারিণী। বিষ্ণুর একত্ব হইয়াও বছত্ব যথা গোপালোপ-नियम .- "একো वनी नर्स्ताः कुछ झेछा, একোश्मि मन् वहश याश्वछाछ। তং পীঠস্থং যে তু যজস্তি ধীরান্তেষাং স্থং শৃশ্বতং নেতরেষাম্।" ইতি। ভগবান প্রীকৃষ্ণ স্বয়ং সকলের পূজা সর্ব্বগামী বন্ধী ও একমাত্র হইয়াও রছ-लकारत व्यर्थाए मंदलानिकार नीना कतिया थारकन । शीर्ठमधान् जगरानिक অর্চনাই কেবল নিত্য স্থথের একমাত্র নিদান। লক্ষীদেবী ও ভগবানের নিজ নিজ অবতারে যদিও পূর্ণতা তুল্যা, তথাপি গুণপ্রাকট্যের তারতমাহেতুক ज्याः भिजाव श्रीकृष्ठ श्रेमा थाटक । यथा वाक्यत्नम्यत्क,—"পूर्वमनः पूर्विमनः

পূর্ণাৎ পূর্ণমুদ্দ্যতে। পূর্ণস্থ পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥" ইতি। অবতার-মাত্রেই অবিশেষপূর্ণতা বর্ত্তমানা আছে; অবতারীও পূর্ণ, অবতারও পূর্ণ; পূর্ণ অবতারী হইতেই পূর্ণ অবতার প্রাছর্ভৃত হয়েন। ইহাতে পূর্ণছের হানি হয় না। মহাবারাহে যথা,-- "সর্ব্বে নিত্যাঃ শাখতাশ্চেত্যাদি।" সেই পরমাত্মার লীলার্থ জগতে প্রকাশিত সকল দেহই নিত্য। কোন দেহই প্রাক্তত নহে। অতএব हार्रनाभानानविर्ष्कित खन्भूर्न ଓ द्वारम् । नन्त्रीरम्पीत्र व्यवजारत भूर्नजा यथा বিষ্ণুপ্রাণে,—"এবং যথা জগৎস্বামীত্যাদি।" দেবদেব জগৎস্বামী জনাদিন যথন যেরূপ অবতার প্রকাশ করেন, তৎসহায়িনী লক্ষ্মীদেবীও তদ্ধপ অবতার প্রকাশ করেন। আদিত্যাবতারে পল্মজা, ভার্গবে ধরণী, রামাবতারে সীতা ও कृत्छ क्रिनी। अवजात नकन जूना श्रेरन अक्र अक्र अक्रामंत्र नाम विनाम, হুই এক শক্তি প্রকাশের নাম অংশ বা কলা এবং পূর্ণশক্তি প্রকাশের নাম •স্বয়ং ভগবান, এইরূপ তারতম্য শাস্ত্রে উক্ত হয়। যথা শ্রীমন্তাগবতে,—"এতে চাংশকলেত্যাদি।" পূর্ব্বোক্ত চতুর্বিংশতি অবতার গর্ব্তোদশায়ী পুরুষের অংশ; কিন্তু কৃষ্ণ স্বয়ং ভগবান। এই পূর্ণ অবতার স্বয়ং ভগবানে সমস্ত অবতারই অংশুরূপে অমুপ্রবিষ্ট হয়েন। ইনিই একমাত্র অবতারী। লক্ষী-দেবীর অবতারতারতম্যে প্রমাণ যথা অথর্কোপনিষদে,—"গোকুলাথ্যে माथुतमख्रान वृक्तांवनमाथा मश्चाननभामाया कत्राज्ञार्यान चहिननारकमात গোবিলোহপি খান: পীতাম্বরো ছিতুলো ময়ুরপ্চছশিরো বেণুবেত্রহস্তো নির্গুণঃ স্ভুণো নিরাকারঃ সাকারো নিরীছঃ সচেষ্টো (সমুদ্রতরঙ্গতায়েন স্বোলাসাত্মক-নিত্যচেষ্টিতঃ) বিরাজতে। দে পার্শ্বে চন্দ্রাবলী রাধিকা চেতি। যস্তা অংশে লক্ষীত্র্গাদিকা শক্তিরিতি। অগ্রে চ তন্তাদ্যা প্রকৃতিঃ রাধিকা নিত্যনির্প্তণ-সর্বালস্কারশোভিতা প্রসন্নাশেষলাবণ্যস্থলরীত্যাদি।" শ্রীরাধিকাই অংশিনী; লক্ষীহুর্গাদিকা তাঁহার অংশভূতা। গৌতমীয়তন্ত্রে যথা,—"দেবী রুক্তময়ী-ত্যাদি।" श्रीताथारे मर्सनन्त्रीयती अतुरान्या। श्रामिश्रानाक ভगवानित धार्मामित নিত্যত্ব যথা ছান্দোগ্যে,—"স ভগবঃ ক্সিন্ প্রতিষ্ঠিতঃ ? তেম হিমি।" ইতি। হে ভগবন! দেই ভূমাথ্য হরি কোথায় প্রতিষ্ঠিত আছেন? স্বীয় অসাধারণ মহিমাপুরে। মুণ্ডকে যথা,—"দিব্যে পুরে হেষ সংব্যোদ্যাত্মা প্রতিষ্ঠিতঃ।"

ইতি। আত্মাশ্বরূপ সেই ভগবান দ্যোতনাত্মক স্বীয় পুরে প্রতিষ্ঠিত আছেন। ঋথেদে যথা,—"তাং বাং বাস্তৃত্বাশ্মসি গমধ্যে যত্র গাবো ভূরিশৃঙ্গ**ৈ** অয়াসঃ।" ষ্পত্রাহ। "তহরুগায়স্থ বৃষ্ণ: পরমং পদমবভাতি ভূরি।" ইতি। তোমাদিগের সেই গৃহ দকল প্রাপ্ত হইতে অভিলাষ করি, যেখানে গাভীসকল প্রশন্ত শৃঙ্গ-বিশিষ্ট ও শুভাবহবিধিরূপা। ভক্তেচ্ছাবর্ষণকারী ঐক্তিষ্টের পরমপদ প্রচুররূপে অবভাত হইতেছে। গোপালোপনিষ্দে যথা,—"তাদাং মধ্যে দাক্ষাৎ ব্ৰহ্ম গোপালপুরী হি।" দপ্তপুরীর মধ্যে গোপালপুরী মথুরা দাক্ষাৎ ত্রহ্ম স্বরূপ অর্থাৎ প্রপঞ্চগত হইয়াও নিতা। তছপরি গোকুল ও নিমে দারকাপুরী। কারণ, ভগবান নিজধামই প্রপঞ্চে অবতারিত করিয়া স্বয়ং অবতার করেন। ভগবানের লীলাও নিত্যা। যথা শ্রুতিতে,—"যদগতং ভবচ্চ ভবিষ্যচ্চ।" ইতি। "একো দেবো নিত্যলীলামুরক্তো ভক্তব্যাপী ভক্তবৃদ্যস্তরাত্মা।" ইতি চ। ব্রহ্মনিষ্ঠ গুণ ও কর্ম্মকল নিতা। একমাত্র সেই নিতালীলামুরক্ত ভগবান ভক্তব্যাপক ও ভক্তश्नराय माक्कां अत्राप्त विज्ञासमान । ভগবানের রূপ, পার্ষদ ও ধামাদির আনস্তা হেতৃক অপ্রকটেও লীলার নিত্যত্বের হানি হয় না। কারণ, ভিন্ন চ্লিন্ন লোকে তত্ত্রীলার কোন কালেই ব্যভিচার নাই। প্রকট ও অপ্রকট অবস্থাই দর্শন ও অদর্শনের হেতু।

ভগবানের অথিলামায়বেদ্য যথা গোপালোপনিষদে,—"যোহসৌ সর্বৈকেনিদ্যাঁয়তে।" ইতি। বাঁহাকে সকল বেদ গান করেন। কাঠকে,—"সর্বেন
বেদা যৎপদমামনস্তি তপাংদি সর্বানি চ যদস্তি।" ইতি। সকল বেদ ও
তপভা যে একমাত্র ব্রহ্মবস্তকেই গান করেন। হরিবংশে,—"বেদে রামারণে চৈবেত্যাদি।" বেদ, রামারণ, পুরাণ ও ভারত প্রভৃতি সমস্ত শাক্রই সর্ব্বে
শীহরিকে গান করেন। ফলত সমস্ত বেদই সাক্ষাৎ ও পরস্পরাক্রপে একমাত্র
ভগবান শীক্ষককে গান করিয়া থাকেন। তন্মধ্যে বেদান্ত সকল সাক্ষাৎ সম্বর্দ্ধে
এবং তদতিরিক্ত কর্মকাণ্ড সকল ভগবজ্জানের অক্ষভূত চিত্তবিশুদ্ধিকারক
কর্মবিধানপরীপাটী হারা পরস্পরা সহদ্ধে গান কবিয়া থাকেন। পুরাণাদিও
তক্ষপ। এ সকল বেদাদি শাস্তের প্রমাণপরস্পরা হারা ইহাই প্রতিপন্ন হয়
যে, ভগবান অব্যর্গতিরেক মুথে বেদ সকলের বেদ্য, লক্ষ্য নহেন। তবে

কোন কোন ('যতো বাচো নিবৰ্ত্তন্তে অপ্ৰাপ্য মনদা দহ' ইত্যাদি) শ্ৰুতিতে যে তাঁহার অবাচ্যন্ত ও অজ্ঞেরস্বাদি উক্ত হইয়াছে, তাহা কেবল তাঁহার মহন্ত্র-প্রযুক্ত। অর্থাৎ বেদ সকল বা জীব সকল তাঁহার মহিমাগুণাদি সর্বতোভাবে বলিতে ও ধারণা করিতে পারে না বলিয়াই শ্রুত্যাদিশান্ত্রে ঐ প্রকার বিরুদ্ধ वारकात विज्ञान मुद्दे हहेगा थारक । निर्वित्मयबक्षवानिशन वरनन, बक्क क्रांकि-গুণ-ক্রিয়া-সংজ্ঞা-রহিত বস্তু। স্থতরাং তাঁহাদের মতে শব্দপ্রবৃত্তির হেতুভূত উক্ত বিষয় চতুষ্টয়ের অভাবে নির্ধর্মক ব্রহ্ম বেদের বাঁচ্য হইতে পারেন না। কিন্ত লক্ষণাশক্তি দ্বারা বেদগণ ত্রন্ধে প্রবৃত্ত হইয়া কথঞ্চিৎ জ্ঞান উৎপাদন করেন। তাঁহাদিগের এইরূপ দিদ্ধান্ত নিতান্ত অসঙ্গত। কারণ, লক্ষণা যে শব্দের শক্তি त्महे मक्हे यि बद्धात वाठक ना इहेन, তবে তাहात त्महे मिळका नक्षा দ্বারাই বা কিরূপে ব্রহ্মজ্ঞান হইতে পারে! বিশেষত বিচার করিয়া দেখিলে. সমস্ত নির্বিশেষ-বাদিনী শ্রুতিরই উপসংহারভাগোক্ত স্বিশেষবাদ্ই বলীয়ান বোধ হয়। অধিকন্ত ব্রন্ধের বেদাবাচাত স্বীকারে বেদপাঠাদিরও বৈয়র্থ্য হয়। •বিশ্বের সত্যন্ত যথা বিষ্ণুপুরাণে,—"একদেশস্থিতস্তেত্যাদি।" যেমত অগ্নি একস্থানে থাকিয়াও স্বীয় বিস্তারিণী কিরণশক্তি দ্বারা দেশব্যাপক হয়েন. তত্রূপ দেই পরব্রন্ধ স্বীয় শক্তি দারা এই অথিল জগৎ ব্যাপিয়া আছেন, অর্থাৎ এই বিশ্ব তাঁহার শক্তিকার্য্য বা সত্য। শ্বেতাশ্বতরে যথা.—"য একোহবর্ণো বছধা শক্তিযোগাৰণাননেকান্ নিহিতাৰ্থো দধাতি।" ইতি । অদিতীয় প্রমে-শ্বর এক হইয়াও স্বীয় শক্তি দারা বহুধা স্ষ্টি করেন। ঐ স্ষ্টির প্রতি কারণ তাঁহার লীলাসভল। ঈশাবাভোপনিষদে,—"স পর্যাগাচ্চুক্রমকারমত্রণমন্থা-বিরং শুদ্ধমপাপবিদ্ধন্। কবির্মনীধী পরিভুঃ স্বয়ন্ত্র্যাথাতথ্যভোহর্থান্ ব্যদধাৎ শাখতীভ্য: সমাভ্য:।" ইতি। যিনি দীপ্ত স্থলস্ক্ষকায়বৰ্জ্জিত অক্ষত রাগাদিরহিত ভদ্ধ ও অপাপবিদ্ধ দৰ্শ্বজ্ঞ মনীষী ও মায়েশ্বর এবং যিনি শ্বর্জু, সেই ব্যাপক পরমাত্মা সম্বৎসরগণ ব্যাপিয়া মহদাদি : অর্থকে সত্যরূপে বিহিত করিয়াছেন। বিষ্ণুপুরাণে ও মহাভারতে,—"তদেতদক্ষমিত্যাদি।" "ব্রহ্ম সত্যমিত্যাদি চ।" মুনিবর ! এই অধিল জগৎ নিতা ও অক্ষা। ইহার জন্ম ও নাশ আবির্ভাব ও তিরোভাব মাত্র। সচিচ্দানন্দর্রপ ব্রহ্ম সত্য, স্মালোচনা রূপ তাঁহার তপ

সত্যা, তাঁহার নাভিকমণোদ্ভব ব্রদ্ধা সত্যা, ভূত সকল সত্যা ও ভূতময় জগংও সত্যা। একমাত্র আত্মার অন্তিত্বস্থাক প্রমাণ সকল "বন-সীন-বিহল্প" স্থান্থেই সঙ্গত হয়। অর্থাৎ বিহঙ্গণ ব্যেরপ বনে অব্স্থিতি করে, সেইরূপ আত্মাতে এই জগৎ স্ক্রেরপে অবস্থান করে। অতএব 'প্রথমত আত্মাই একমাত্র ছিল' ইত্যাদি শ্রুত্যর্থেরও কোনরূপ অসামঞ্জন্ম হইতে পারিল না।

অনস্তর ঈশ্বর হইতে জীবের ভেদ প্রদর্শিত হইতেছে,—শ্বেতাশ্বতরে উক্ত হইয়াছে, "ৰাস্থপণা সমুজা স্থায়া স্মানং বুক্ষং পরিষ্মজাতে তয়োরতঃ পিপ্লবং স্বাহত্যনল্লনোংভিচাকশীতি। সমানে বুক্ষে পুরুষো নিমগ্রোহনীশয়া শোচতি মুক্মানঃ জুষ্টং যদা পঞ্চতানামীশমশু মহিমানমেতি বীতশোকঃ।" ইতি। জীব ও ঈশবরূপ ছইটি পক্ষী সহযোগে তুল্যভাবে দেহরূপ সমান একটি বুক্ষ আশ্রর করিয়া স্মাছেন। তন্মধ্যে জীবরূপ পক্ষী নানাবিধ স্থথছঃথরূপ কর্ম্মফল ভোগ করিয়া থাকেন। অপর ঈশররূপ পক্ষী ফলভুক না হইয়া প্রদীপ্তভাবেই অবস্থিত হয়েন। দেহরূপ সমান এক বুক্ষে নিমগ্ন ও মাগা কর্তৃক মোহিত হইয়া জীব অশেষ-শোক-ভাজন হয়েন। অনস্তর যথন আপনা হইতে ভিন্ন ন্ধরকে উপাস্থ এবং আপনাকে উপাদকরূপে দেথিতে পান, তথন ঈশ্বরের মহিমা অধিগত হইয়া বীতশোক হয়েন। এই শ্রুতি ছারা জীব ঈশ্বর হইতে ষে ভিন্ন, ইহাই অবগত হওয়া গেল। শ্রুতি-তাৎপর্য্য-জ্ঞান-কারণরূপ উপক্রমাদি দারা ভেদই নির্ণীত হইয়াছে। "দাস্থপর্ণ" অর্থাৎ হইটি পক্ষী ভিন্ন, এই উপক্রম ষারা, "অন্তমীশং" অর্থাৎ ঈশ্বর জীব হইতে অন্ত বা ভিন্ন, এই উপসংহার ধারা, "হা তয়োরন্য: অনশ্রন্য:" অর্থাৎ হই, উভয়ের অন্যতর, অন্য ঈশর ফলভুক না হইয়াও, এই তিনটি স্থলে কোন বিশেষ ভাব প্রকাশ না করিয়াই প্নক্ষিত বা অভ্যাস বারা, অণুবর্হবাদি-বিরুদ্ধ-নিত্য-ধর্মাবচ্ছিন্ন-প্রতিযোগি-ভাবে ভেদের শাস্ত্র ব্যতিরেকে গৌকিক প্রমাণ হইতে অপ্রতীতি হেতৃক, অপূর্বতা দারী ও বীতশোকরপ ফল দারা "তস্ত মহিমানমেতি" অর্থাৎ তাঁহার মহিমা অবগত হইয়া. এই অর্থবাদ বা প্রশংসা ঘারা, ফলভুক না হইয়াও, এইরূপ উপপত্তি বা ভেদ-বিষয়ে যুক্তি দারা শাস্ত্রে ভেদ উক্ত হইরাছে। অধিকন্ত মুগুক উপনিষদেও উক্ত হইয়াছে,—"यमा পশুঃ পশুতে রুক্মবর্ণং কর্তারমীশং পুরুষং এক্ষযোনিষ্।

তদা বিধান প্ণাপাপে বিধ্য নিরঞ্জনঃ প্রমং সাম্যুদ্ধতি।" ধ্যাতা জীব যথন রুক্সবর্ণ জ্যোতিঃস্বরূপ জগৎকর্তা ব্রহ্মযোনি প্রমপুরুষকে দুর্শন করেন, তথন তত্ত্ববিৎ সেই সাধক বন্ধনের মূলীভূত কারণ পুণাপাপ সমূলে পরি-হার পূর্বক নির্দোষ হইয়া পরম সাম্য লাভ করেন। কাঠকে,--"যথোদকং ভদ্ধে ভদ্ধমাদিক্তং তাদুগেব ভবতি। এবং মুনের্বিজ্ঞানত আত্মা ভবতি গৌতম।" ইতি। যেমত শুদ্ধ সলিল নিৰ্মাণ জলে প্ৰক্ষিপ্ত হইলে, তাদৃশই হয়, গৌতম । আত্মবিৎ মুনির আত্মাও সেইরূপ হয়। অর্থাৎ তাঁহার আত্মাতে দেহাদিবৃদ্ধির সংযোগ না থাকাতে তিনি স্বরূপ প্রাপ্ত হয়েন। গীতাতে,— "ইদং জ্ঞানেত্যাদি।" এই জ্ঞান আশ্রয় করিয়া যাঁহারা আমার সাধর্ম্য প্রাপ্ত হয়েন, তাঁহারা আর স্ষ্টিকালে ও প্রলয়কালে জন্মস্ত্যুজন্য ব্যথার ভাজন হয়েন না। পূর্ব্বোক্ত বাক্য সকলে নোক্ষাবস্থাতেও সাম্যাদি উপমাবাচক শব্দের প্রয়োগ হেতু ভেদের পারমার্থিকত্ব নি:সন্দিগ্ধরূপে প্রতিপন্ন হইতেছে। এক্ষণে "দ এব মায়াপরিমোহিতাঝা শরীরমাস্থায় করোতি সর্বং।" সেই ব্রশ্নই মায়া কর্তৃক পরিমোহিত হইয়া শরীর গ্রহণ পুরঃসর সকলই করিতেছেন, ইত্যাদি শ্রুতির অর্থাভাদমাত্র গ্রহণে শঙ্করমতাত্মযায়ী কেহ কেহ কল্পনা করিয়া থাকেন যে, অবিদ্যা-পরিমোহিত ব্রহ্মই একমাত্র বাস্তব জীব, দেই জীবই আমি, আমা ভিন্ন অন্য জীব আমারই অবিদ্যা-পরিকলিত এবং স্বপ্নাদিদৃষ্ট त्रथाधानिमन्म, अनस्तत आमि यथन खाजाञ्चल इहेर, ज्थन आत त्करहे থাকিবেন না, ইত্যাদি যে মত, তাহা দূষিত। "নতুবা, নিত্যো নিত্যানাং চেতনৈশ্চেতনানাং একো বহুনাং যো বিদ্ধাতি কামান তমাত্মস্থং যেহমুপশুন্তি ধীরান্তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষামৃ।" যিনি নিত্যচৈতন্যস্বরূপ পরমেশ্বর এবং যিনি চৈতন্যস্বরূপ ও নিত্যভূত জীবগণের একমাত্র সাধনাত্ররূপ বাঞ্চিতার্থ বিধান করেন, তাঁহাকে যে সকল ধীর আত্মন্তরূপে দর্শন করেন, তাঁহারাই শাৰত স্থাধর অধিকারী হয়েন, অন্ত নহে। ইত্যাদি শ্রুতির অসঙ্গতি হয়। যথন চৈতন্যস্বরূপ এক ঈশ্বর হইতে তাদৃশ চৈতন্যস্বরূপ বছ জীব পরস্পার তিন্ন হইরা থাকেন, তথন জীব ও ঈশবের ভেদও অবশ্র নিত্য, ইছা প্রতিপন্ন হইতেছে। তবে অণুচৈতনারপে জীব ঈশবের অংশ হইলেও এই

পারমার্থিক ভেদ্ম্বলে ভক্তগণ জীব ও ঈশ্বরের অচিস্তা ভেদাভেদ স্বীকার করিয়া থাকেন। এক্ষণে এই আশঙ্কা হইতে পারে, "সর্ব্বং থবিদং রহ্ম," "তত্ত্ব-মিদি" ইত্যাদি শ্রুতির কি গতি হইবে ? তহন্তরে এই বলা যায় যে, যেরূপ বাগাদি ইক্সিয়গণ একমাত্র প্রাণেরই অধীন বলিয়া তাহাদিগকে প্রাণ শব্দেই অভিহিত করা হয়, তদ্রপ এই জগংও ব্রন্ধেরই অধীনবৃত্তিতা হেতৃক ব্রহ্ম শব্দেই উক্ত হইরা থাকে। "এই ব্রহ্মের ব্যাপকত্ব হেতু জগং ব্রহ্মরূপে উক্ত হইলেও বস্তুত তিনি জগং হইতে ভিন্ন। বাঁহারা প্রতিবিদ্ধ ও পরিচ্ছেদ বাদ স্বীকার করেন, তাঁহাদিগের সেই পক্ষর্যই ত্রন্ধের বিভূষ ও অবিষয়ত্ব, এই ट्यूडिय बाता निताकुळ इटेया थाटक। अर्थाए त्करनारेबळवां नीता त्य वतनन, মায়ারূপ উপাধিতে প্রতিবিম্বিত অথবা মায়োপাধি কর্তৃক পরিচ্ছিন্ন ব্রহ্মই জীবরূপ হয়েন, এবং ঐ উপাধির অপগম হইলেই গুদ্ধ একমাত্র ব্রহ্মই থাকেন। তাঁহাদিগের উক্ত দিদ্ধান্ত অপদিদ্ধান্ত; কারণ, ব্রহ্ম যথন বিভূ অর্থাৎ ব্যাপক পদার্থ এবং অবিষয় অর্থাৎ কোন বস্তুর গ্রাহ্ম নহেন, তথন তিনি কোন মতেই উপাধিতে প্রতিবিম্বিত বা তৎকর্ত্বক পরিচ্ছিন্ন হইতে পারেন না। যাহার পরিচ্ছেদ আছে, সেই বস্তুই প্রতিবিশ্বিত হইতে পারে, এবং যে বস্তু পরিচ্ছিন্ন বা ব্যাপা তাহাই অন্য বস্তুর বিষয় হইতে পারে। সর্বব্যাপক ও অবিষয় ব্রহ্ম পদার্থ কথনই প্রতিবিশ্বিত বা পরিচ্ছিন্ন হইতে পারেন না। ক্ষণিকত্ব দোষু দুর্শনে ঐ পরিচ্ছেদের বাস্তবত্ব স্বীকারেও মহান অনর্থ আপতিত হয়। অর্থাৎ উহার নিত্যত্বযীকারে টঙ্কচ্ছিন্ন পাষাণথণ্ডাদির ন্যায় বিকারিছ-রূপ অপরিহার্য্য দোষ উপস্থিত হয়। স্বতরাং প্রতিবিশ্বাদিবাদ সর্বতোভাবে হেয়। ঐরপ অহৈত পক্ষও দূষিত। জীবব্রহ্মের অহৈত, ব্রহ্ম হইতে ভিন্ন কি না ? ভিন্নে দৈতাপত্তি এবং অভিন্নে সিদ্ধদাধনতা অপরিহার্য্যা। কারণ, উহা শ্রুতিই প্রতিপাদন করিয়াছেন। "দাক্ষী চেতাঃ কেবলো নির্গুণশ্চ৭" কেবল-চৈতন্য-স্বন্ধপ সাক্ষী সেই প্রমান্মা নির্গুণ, ইত্যাদি শ্রুত্যর্থ অবলম্বন পূর্ব্বক বাঁহারা নির্গুণ ব্রন্ধেরই বাস্তবন্থ স্বীকার করেন, তাঁহাদিগের মতও ভ্রাস্ত। কারণ, প্রমাণের অবিষয়তা হেতৃক নির্গুণ ব্রহ্ম অলীক। অতএব ঐ মত অশ্রদ্ধেয়। নির্গুণ ব্রহ্মের রূপাদির অভাব হেতু তাঁহাতে প্রত্যক্ষ প্রমাণ যাইতে পারে না। ব্যাপ্তিলিক্ষেত্র

অভাব হেতু অমুমানও যাইতে পারে না। শব্দপ্রবৃত্তির কারণভূত জ্বাতি-গুণাদির অভাব বশ্ত শব্দও গমন করিতে পারে না। স্বতরাং শব্দশক্তি লক্ষণাও যাইতে পারে না। অতএব ব্রহ্ম যে স্বরূপামুবন্ধিগুণবিশিষ্ট, ইহা স্থির হইতেছে।

জীবের ভগবদাসত্ব যথা শ্বেতাশ্বতরে,—"তমীশ্বরাণাং প্রমং মৃত্যেশ্বরং তং দেবতানাং পরমঞ্চ দৈবতম্। পতিং পতীনাং পরমং পরস্তাৎ বিদাম দেবং ভূবনেশমীডাম ॥" ইতি। ত্রহ্মাদি ঈশ্বরগণের পরম ঈশ্বর, ইক্রাদিদেবতা-কুন্দেরও পরম দেবতা, দক্ষাদি প্রজাপতিগণেরও পরম পতি, এবং পর হইতেও পরতম, জগতের একমাত্র ঈশ্বর, অতএব পূজ্য সেই দেবকে জানিব। শ্বতিতে যথা,—"ব্ৰহ্মা শম্ভুক্তথৈবাৰ্কশচন্দ্ৰমাশ্চ শতক্ৰতুঃ। এবমাদ্যান্তথৈবান্যে युक्ता दिक्षवराज्यमा ॥" इंजाि । कमनामन, महारानव, न्र्रा, हक्क ७ हेक्ता नि দেবতা সকল ভগবান বিষ্ণুরই তেজোযুক্ত। সকল দেবতাই সেই পরম দেবের অর্চনা করিয়া থাকেন। জীবগণ একমাত্র হরিরই দাসভত। জীবের মুক্তাবস্থাতে সগুণ ব্রহ্মের সহিত দাম্য হইলেও জীব তাঁহা হইতে ভিন্নই থাকেন। ঐ জীবগণও আবার পরস্পর ভিন্ন। ফলত জীবগণের অণ্টেতন্য-রূপত্ব ও জ্ঞানিত্বাদির অবিশেষ হেতু পরস্পর সাম্য সত্ত্বেও সাধনতারতম্যে ভারতম্য হইরা থাকে। অর্থাৎ কর্মারূপ ও ভক্তিরূপ সাধনের ভারতম্য হেতৃক ঐহিক ও পারত্রিক ফলেরও তারতম্য হইয়া থাকে। কর্ম্ম-তারতম্য হেতু ঐহিক এবং ভক্তিভারতম্য হেতু পারত্রিক ফলের ভারতম্য হয়। ঐরপ জীবগণের স্বরূপত অণুরূপে সামাসত্ত্বেও মায়ামোহিতত্বরূপে ব্রহ্ম হইতে ভেদ এবং সাধনতারতম্য হেতু পরস্পর ভেদ অবশ্র স্বীকার্য্য।

জীবের অণু চৈতন্যরূপদের প্রমাণ যথা, ষেতাশ্বতরে,—"বালাগ্রশতভাগদ্য শতধা করিত্যা চ। ভাগো জীবং দ বিজ্ঞেয়ং দ চানস্ত্যার করতে ॥" ইতি। শতভাগে বিভক্ত বে কেশাগ্র, জীব তাহার শতাংশ হইয়াও ভগবৎপ্রপন্ন হইয়া মায়োত্তীর্ণ ও মুক্ত হয়েন। জ্ঞানিদের প্রমাণ যথা বট্প্রশ্নে,—"এব হি জন্তী স্প্রতী শোতা ভ্রাতা রসয়িতা মস্তা বোদ্ধা কৃত্তা বিজ্ঞাতাত্মা পুরুষং।" ইতি। এই বিজ্ঞাতাত্মা পুরুষ জীবই জন্তা, শ্রোতা, ভ্রাণক্ত্রা, স্পর্শক্তা, আস্বাদক্তা, মস্তা, বোদ্ধা ও ক্ত্রা। আদিপদ-প্রাপ্ত গুণবারা দেহব্যাপিত্বও উক্ত হইয়াছে। যথা গীতাতে,—"যথা প্রকাশয়ত্যেক" ইত্যাদি। ভারত! যেমত এক হুর্য্য এই অথিল লোক প্রকাশ করেন, তজ্ঞপ ক্ষেত্রজ্ঞ জীবও সমন্ত দেহ প্রকাশ করেন। স্ত্রকারও বেদাস্তস্ত্রে বলিয়াছেন,—"আলোকবদিতি।" আলোক মেত গুল দ্বারা সমন্ত গৃহ আলোকিত করেন, তজ্ঞপ জীবও চেতনাথা স্বীয় গুল দ্বারা সমন্ত দেহ ব্যাপিয়া অবস্থান করেন। এ গুলও নিত্য, যথা বাঙ্গসনেয়কে,—"অবিনাশী বা অরে আআলুছিভিধর্মা।" ইতি। মৈত্রেয়ি! এই জীব স্বরূপতই অবিনাশী ও উচ্ছেদশৃত্য। সাধন-জনিত বৈষম্যের প্রমাণ যথা কৌথ্-মীয় শাথাতে,—"যথাক্রতুর্ম্মিন্ লোকে প্রুষ্যা ভবতি তথেতঃ প্রেত্য ভবতি।" ইতি। ইহলোকে প্রুষ্য যেরূপ সাধন করেন, লোকান্তরে ফলও তজ্ঞপই হয়। স্মৃতিতে,—"যাদৃশী ভাবনেত্যাদি।" যাহার যেরূপ সাধন, তাঁহার সিদ্ধিও তজ্ঞপ হয়। শাস্তাদি রতি পর্যান্ত যে পাঁচাট ভাব শান্ত্রে কীর্ত্তিত হইয়াছে, সেই সেই ভাবাহুসারে জীবগণের হরির স্মরণাদিতে ফলেরও তারতম্য হয়।

কৃষ্ণপ্রান্তিই পরম মোক। যেতাখতরে উক্ত ইইরাছে, "জ্ঞাত্বা দেবং সর্ব্বপাশাপহানিরিত্যাদি।" যিনি সদ্গুকর নিকট পরমেখরতত্ব অবগত ইইরাছেন, তাঁহার দেহদৈহিক মমতাদি পাশের হানির সহিত পাশজন্ত ক্লেশ সকল সমূলে ক্ষর হয়। অতঃপর জন্মমূত্যুরও হানি হয়। তদনস্তর উত্তরোত্তর ভগবানের অভিধ্যান বারা লিঙ্গশরীরের একেবারে নাশ ইইলে, গুদ্ধসত্বমর অপ্রাক্ত ভাগবত-পদপ্রাপ্তিতে অভিলাষ পূর্ণ হয়। গোপালতাপনী শ্রুতিতেও বলিরাছেন, "একো বশী সর্ব্বগঃ কৃষ্ণ উত্যাদি। যাঁহারা পীঠমধ্যন্থিত সেই ভগবানের পূজা করেন, তাঁহারাই কেবল শাখত স্থপসন্তোগে সমর্থ হয়েন। এক্ষণে সংশন্ন হইতে পারে যে, শ্রীকৃষ্ণপ্রাপ্তিই যদি মোক্ষ হইল, তবে শ্রীরামাদি অবতারগণের প্রাপ্তি মোক্ষ হয় কি না ? কিন্তু তাদৃশ সংশন্ধের কোন কারণ নাই; কারণ, স্বায়ং প্রভু শ্রীকৃষ্ণই বছ বছ বেশে বছ প্রকারে প্রকাশিত হয়েন। অতএব যে কোন প্রকারেই হউক, উপাসনা অনুসারে মুক্তি ও নিত্যধানে স্থপে অবস্থিতি হইনা থাকে।

একান্ত ভক্তিই ঐ মৃক্তির হেতৃ। ভক্তির লক্ষণাদি যথান্থানে বিবৃত হইবে। ভক্তি মৃক্তির হেতৃ হইয়াও শ্বয়ং অহৈতৃকী। সাধুসেবা ও গুরুসেবাই ভক্তিলাভের একমাত্র উপায়। সাধুসেবাদি ব্যক্তিরেকে ঐ ভক্তি লাভ করিতে পারা যায় না। বথা-তৈত্তিরীয়কে, "অতিথিদেবো ভব।" অতিথিদেব হও; অর্থাৎ দেবভাবে অতিথির সেবা কর। "আচার্য্যদেবো ভব।" আচার্য্যদেব হও; অর্থাৎ দেবভাবে গুরুর সেবা কর। শেতাশ্বতরেও বলিয়াছেন, "যশু দেবে পরা ভক্তির্যথা দেবে তথা গুরের। তস্তৈতে কথিতা "হর্থাঃ প্রকাশস্তে মহাত্মনঃ॥" ইতি। বাঁহার দেবতার প্রতি এবং গুরুর প্রতি প্রমভক্তি আছে, তাঁহার সম্বন্ধই উপদিষ্ঠ বিষয় সকল ক্তির্ লাভ করে।

পূর্বেই বলা হইয়াছে, প্রত্যক্ষ, অনুমান ও শব্দ, এই তিনটিই প্রমাণ।
অন্যান্য তল্লোক্ত প্রমাণগুলি উহাদেরই অস্তর্ভুক্ত। উক্ত প্রমাণএয়ের মধ্যে
অপৌরুষের বাক্য শ্রুতিই সর্বেণিকেট প্রমাণ। কারণ, প্রত্যক্ষ ও অনুমান
উভয় প্রমাণই সদোষ। ইল্রিয়সকল সন্নিক্ট স্থূলবস্তকেই গ্রহণ করে। অতি
দূরবর্তী আকাশচর পক্ষী বা অতি নিক্টস্থ নেত্রেম্ব অঞ্জন ইল্রিয়গ্রাহ্য হয় না।
চিত্ত অনবস্থিত থাকিলে, স্থূল বস্তরেও গ্রহণ হয় না। রবি-কিরণাভিভূত গ্রহনক্ষত্রাদি দৃষ্টি-গোচর হয় না। ক্ষীরে অমুভূত দধিভাবের প্রত্যক্ষ হয় না।
জলাশয়ে জলদ-বিমুক্ত জলবিন্দুর প্রত্যক্ষ হয় না। অতি স্ক্রপরমাণুরও প্রত্যক্ষ
হয় না। ইল্রিজালাদির ত কথাই নাই। এইরপে প্রত্যক্ষের প্রামাণ্য সর্বাদাই
ছট্ট হইয়া পড়ে। অনুমানও প্ররূপ।

অমুমানমাত্রই প্রত্যক্ষমূলক। যাহার কিছুই প্রত্যক্ষ নাই, তাহার অমুমান বাই। তবে প্রত্যক্ষ ও অমুমানে প্রভেদ এই যে, প্রত্যক্ষে অমুমান নাই; কিন্তু অমুমানে প্রভ্যক্ষ আছে। প্রকৃত পক্ষে প্রত্যক্ষের সম্ভাবনার নামই অমুমান। দেশ, কাল ও পাত্র প্রভৃতির ভিন্ন ভিন্ন অবস্থা সহকারে যাহা সম্পূর্ণরূপে প্রত্যক্ষাভূত হইত, আপাতত তাহার আংশিক প্রভ্যক্ষ হইতে অবশিষ্ট অপ্রত্যক্ষকে মানসিক ধ্যানে সংযোজন করাই অমুমানের কার্য্য। যদি সকল সময় সকল অবস্থায় সকল বিষয় সম্পূর্ণরূপে প্রভাক হইত, তাহা হইলে, আর অমুমানের আবশ্রকতা থাকিত না। তাহা হয় না বলিয়াই অমুমান অপরিহার্য। অমুমান আমাদিগের একটি প্রশস্ত জ্ঞানমার্গ। এমন কি, আমাদের জ্ঞানের অধিকাংশই অমুমানসাপেক্ষ। পূর্ব্ব প্রত্যক্ষ বা তচ্ছায়াই

অসুমানের বেলাভূমি। উহা অতিক্রম করিবার সামর্থ্য অসুমানে নাই। স্বতরাং অপ্রত্যাকের অসুমান আছে, ইল্রিয়াতীতের অসুমান নাই। অসুমান অপ্র-ত্যককে আবির্ভূত করিয়া থাকে, কিন্তু বেথানে প্রত্যাক্রর সম্ভাবনা নাই, অর্থাৎ বেথানে দেশ, কাল, অবস্থা, প্রভৃতিতেও প্রত্যক্ষ হইবার নহে, সেথানে অসুমানের কোন অধিকারই নাই।

অনুমান প্রভাক্ষমূলক বলিয়া উহার ভ্রমণ্ড অপরিহার্যা। যাহাকে সচরাচর কথার প্রত্যক্ষ বলে, তাহার প্রায় দশভাগের একভাগ ব্যতীত সমন্তই অনুমান। পরিচিত ব্যক্তির কণ্ঠম্বর শ্রবণ করিলাম। শুদ্ধ তাঁহার তুল্য কণ্ঠম্বর কর্ণগোচর হইল। স্মৃতিপটে সেই কণ্ঠম্বর ব্যক্তিবিশেষ-সমন্বিত-ভাবেই রহিরাছে। আজি সেই সমন্বিত পূর্ণভাবের কণ্ঠম্বররূপ সামান্ত আংশিক প্রত্যক্ষে অবশিপ্ত ব্যক্তিবিশেষ অনুমিত হইল। তাই বলিলাম, পরিচিত ব্যক্তি আসিয়াছেন। কিন্তু আর কাহারও যদি তাঁহার তুল্য কণ্ঠম্বর থাকে, তাহা হইলেই অনুমান ভ্রান্ত হইল। পরিচিত ব্যক্তিবিশেষ আসিয়াছেন, বলায় দোষ জন্মিল। প্রত্যক্ষের ন্যায় স্মৃতি ও সাদৃশ্রনিরূপণ প্রভৃতির দোষগুণেও অনুমানের দোষগুণ জন্মে। সন্মুথে মনুষ্য দেখিলাম। দৃষ্ট মনুষ্যের বর্ণ, অবয়ব, গঠন প্রভৃতি নয়নগোচর হইল। এই প্রত্যক্ষের সামগ্রীতে শারীরিক তাপ, কোমলতা, প্রভৃতি আপাতত অপ্রত্যক্ষ ছাচ্-প্রকরণ অনুমান করিলাম। প্রত্যক্ষ ও অনুমান বলে স্থির হইল যে, দৃষ্টমূর্ন্তি মনুষ্য বিশেষ। নিকটে আসিয়া স্পর্শ করিয়া দেখিলাম, প্রত্যাশিত তাপ, প্রভৃতি অনুভৃত হইতেছে না। তথন ব্রিলাম, ভুল হইরাছে। দৃষ্ট মনুষ্য দর্পণে প্রতিবিশ্বিত বা ভান্ধরেণাদিত মূর্ন্তি মাত্র।

অনুমানে সংসর্গ প্রবল। যাহা সতত একত্র দেখা যায়, তাহার একটি দেখিবামাত্র অপরটি স্বতই মনে আইসে। এই অনুমান-সংশ্লিষ্ট ইন্দ্রিয়-বোধকেই আমরা সচরাচর কথায় প্রত্যক্ষ বলিয়া থাকি। ভূতলে রক্ষণাথা দৃষ্ট হইল, এবং দৃষ্ট শাখা হইতে অদৃষ্ট স্বন্ধ, মূল, প্রভৃতি অনুমান করিয়া মনে বক্ষের পূর্ণ মূর্ত্তি উপস্থিত করিলাম। ভূতলে দৃষ্ট শাখাগুলির অবশাই অদৃষ্ট স্বন্ধ, মূল প্রভৃতি আছে; অনুমানে ইহাই স্থির হইল। কেন না, স্বন্ধ, মূল, শাখা প্রভৃতি সতত সমন্থিত ভাবেই দেখা যায়। কিন্তু যদি কেহ বস্ততই

করেকটি শাথা বৃক্ষ হইতে সদ্যঃ-বিচ্ছিন্ন করিয়া ভূমিতলে বৃক্ষাকারে সাজাইয়া রাখিয়া থাকেন, তাহা হইলেই উক্ত অনুমান ভ্রাস্ত হইল।

সাদৃশ্যাহ্মানেও ঐরপ। তবে বস্তগত বাস্তবিক সাদৃশ্যে ব্যাপ্তির প্রসা-রতা প্রযুক্ত সাম্বন্ধিক সাদৃশ্যের ন্যায় ভ্রম অত্যন্ন পরিমাণেই হইয়া থাকে। সাষ্দ্রিক সাদৃশ্যে বস্তর সংখ্যা অল, সদৃশ গুণ বা লক্ষণের সংখ্যাই অধিক। ছুই বা বহু বস্তুতে কোন অসাধারণ ধর্ম দর্শনে পরস্পরের সাদৃশ্যানুমানই বান্তবিক সাদৃশ্যাত্মান। জলবিন্দু বা শিশির বিন্দুতে বঙ্কিম সূর্য্যরশ্মি পড়িলে যে বর্ণাবলি অভিব্যক্ত হয়, তদর্শনে রামধনুর বর্ণকেও জলবিন্দু-পতিত-সূর্য্য-কিরণ-সমুদ্ধত বলিয়া সিদ্ধান্ত করাই বাক্তবিক সাদৃশ্যার্মানের ফল। ইহাতে আমরা নানা বস্তুতে কোন অসাধারণ গুণ বা লক্ষণ দেখিয়া থাকি। কিন্তু সাম্বন্ধিক সাদৃশ্যে সেরপ হয় না। উহাতে চিন্তনীয় বস্তু অপেকা সদৃশ গুণ বা লক্ষণের সংখ্যাই অধিক হয়। অতএব সাম্বন্ধিক সাদৃশ্য গভীর হইলেও বাস্তবিকের স্থান্ন ব্যাপক নহে। মন্ত্রী ও কর্ণধারের কার্য্য সম্পূর্ণ পৃথক ; কিন্তু কর্ণধারের তরীর সহিত যে সম্বন্ধ, মন্ত্রীরও রাজ্যের সহিত সেই সম্বন্ধ; স্থতরাং সাম্বন্ধিক সাদৃশ্যে মন্ত্রীকে রাজ্যের কর্ণধার বলা যাইতে পারে। স্বর্ণ পদার্থে ও স্বর্ণ শব্দে কোন সাদৃশ্যই নাই; তথাপি উভয়ে বাচ্যবাচকতা-লক্ষণ-সম্বন্ধ-স্ত্রে গ্রথিত বলিয়া একের সাহায্যে অপরের অমুমান হইয়া থাকে। বাস্ত-বিকেও ভ্রম ঘটে। দাম্বন্ধিকের ত কথাই নাই। কোন ভূমির গোধ্মের অংশবিশেষ দেথিয়া তত্রত্য সমস্ত গোধুমের অনুমানই যথন নিঃসংশয় হইতে পারে না, তথন গোধ্ম দেখিয়া তণ্ডুলের অহমানে ত সংশয় থাকিবেই থাকিবে। গোধুমে গোধুমে পূর্ণমাতার সাদৃশ্য আছে, বিসদৃশ লক্ষণ নাই বলিলেই হয়; কিন্তু তণ্ডুলে গোধুমে সদৃশ ভাব থাকিলেও অনেক বিসদৃশ লক্ষ্ণ আছে। অতএধ ইহাতে ভ্রমের সম্ভাবনাই অধিক। এই স্কল বিচার করিয়া দেখিলে, অনুমানের প্রামাণ্যেও নির্ভর করা ঘাইতে পারে না। আপ্ত-বাক্য-লক্ষণ শব্দের কুত্রাপি ব্যভিচার হয় না। অতএব সর্ক-পুক্ষ-পরম্পরাগত-প্রসিদ্ধি সর্বলোকিকালোকিক-জ্ঞান-নিদানভূত অপ্রাকৃত-লক্ষণ শব্দের আমুগত্য ব্যতিরেকে কি প্রত্যক্ষ কি অনুমান, কাহারই স্বতন্ত্র

প্রামাণ্য স্বীকার্য্য হইতে পারে না। জীবমাত্রই ভ্রম, প্রমাদ, বিপ্রবিদ্যা ও করণাপটিবরূপ-দোষচতৃষ্ট্র-চৃষ্ট; স্থতরাং প্রমাতৃজীবগত দোষ সকল প্রমাণেও সঞ্চারিত হয় বলিয়া তংক্ত প্রমাণও সদোষই হইবে। সদোষ প্রমাণ বারা বস্তুতন্ত্ব নির্ণয় করা নিতান্ত অসন্তব। এই নিমিত্ত শল্পের—আগমের অনুগত প্রত্যক্ষ ও অনুমানেরই প্রামাণ্য স্বীকৃত হইয়া থাকে। বিশেষত সর্ব্বতি তর্কের প্রতিষ্ঠা নাই। তবে যেথানে বেদবাক্যের প্রস্পের বিরোধ বোধ হইবে, সেই দেই স্থলে শুক্তা-দোষ-বিরহিত অনুক্ল তর্ক বারা সংশার চ্ছেদ করিয়া সিদ্ধান্ত করাই করিব্য।

বাজসনেয়ীর। বলেন,—"আয়া বা অরে দ্রপ্তবাঃ শ্রোতবাো মন্তবাো
নিদিধ্যাদিতবাঃ।" দৈত্রেয়ি, আয়ার দাক্ষাৎকার করিবে; এবং উহার
সাধনভূত শ্রবণ, মনন ও নিদিধ্যাদন করিবে। কাঠকে বলিয়াছেন,—"নৈষা
তর্কেণ মতিরাপনেয়া প্রোক্তান্যেন স্মজ্ঞানায় প্রেষ্ঠ।" প্রেষ্ঠ নচিকেত, ব্রহ্মক্রোনের যোগ্য এই মতিকে শুষ্ক তর্ক দ্বারা অপমার্গে নীত করা কর্ত্রিয় নহে।
বেদজ্ঞ শুক্ক কর্ত্ক শিক্ষিত হইলে, উহা স্মজ্ঞানের নিমিত্ত হইবে। স্মতিতেও
বলিয়াছেন,—"পূর্ব্বাপরাবিরোধেন কোহত্রার্থোহভিমতো তবেৎ। ইত্যাদ্যম্হনং তর্কঃ শুষ্কতর্কস্ত বর্জ্জয়েং॥" পূর্ব্বাপরের অবিরোধে কোন্ অর্থাট অভিমত হইতেপারে, ইত্যাদি উহনের নামই তর্ক এবং ঐরপ তর্কই গ্রাহ্ম। শুষ্কতর্ক
পরিবর্জ্জন করিবে। বিশেষত শ্রুতিতে বলিয়াছেন,—"নাবেদবিন্মন্তে তং
স্কৃষ্টেম্।" "ঔপনিষদং পুরুষং পৃচ্ছামি।" বেদজ্ঞানবিরহিত ব্যক্তি কথনই
ব্রহ্মবন্ত্রকালিতে পারেন না। উপনিষৎ-প্রতিপাদ্য পুরুষই জীবের ক্লিজ্ঞান্ত।
অতএব বেদাত্বগত প্রত্যক্ষাদিই প্রমাণ।

পরিশেযে ভক্তির স্বরূপ ও লক্ষণ বিচারিত হইতেছে।

ভক্তিই জীবের একমাত্র পুরুষার্থের সাধন। ঐ ভক্তি হলাদিনী শক্তি জ সম্বিৎ শক্তির সারভূতা। স্থতরাং ভক্তি জ্ঞানরূপিণী ও আনন্দদায়িনী। জ্ঞানের সারই ভক্তি। ঐ জ্ঞান দিবিধ; বিদ্যা ও বেদন। শুদ্ধস্বস্পদার্থামূ-সন্ধি অর্থাৎ নির্ভেদত্রক্ষানুসন্ধানাত্মক জ্ঞানের নাম বিদ্যা। এই বিদ্যা কৈবলাঃ বা নির্বাণ মুক্তির সাধন। এবং তৎপদার্থ-পরিশুদ্ধি-বিজ্ঞানরূপ সালোক্যাদি- সাধক জ্ঞান বা বিধিভক্তি, ও নির্প্তণভক্তি রূপ প্রকৃত পুরুষার্থসাধক জ্ঞান পা কচিভক্তির নামই বেদন। শাস্ত্রীয় জ্ঞান বা বৈরাগ্য উভয়ত্তই হারভূত। জ্ঞান ও বৈরাগ্য সামান্যত ভক্তিমার্গে বর্জনীয় হইলেও উহার অবিরোধী জ্ঞান ও বৈরাগ্য যে তৎপ্রবেশের সহায়, তাহা অবশ্য স্বীকার্য্য। বে জ্ঞান ও বেরাগ্য হইতে চিত্তের কাঠিন্য জন্মে, তাহাই ভক্তিমার্গে বর্জনীয় জানিতে হইবে। ভক্তি অতি স্কুমারপ্রকৃতি। কোন কারণে চিত্তের কাঠিন্ত জন্মিলে, ভক্তিক্ত্রির ব্যাঘাত ঘটে বলিয়াই ভক্তিতত্ত্ববিদ্গণ চিত্তের কঠিন্তাসাধক জ্ঞানবৈরাগ্যাদি বর্জন করিয়াছেন। কথিত আছে:—

"কর্ম বিক্ষেপকং তন্তা বৈরাগ্যং রসশোষকম্। জ্ঞানং হানিকরং তত্তচ্ছোধিতং অনুষাতি তাম॥"

কর্ম চিত্তকে বিক্ষিপ্ত করে, বৈরাগ্য শুদ্ধ করে, জ্ঞান প্রদাশূন্য করে বিলয়াই ভক্তিতে ঐ তিনটি বিরোধি বস্তু বর্জনীয় হইয়াছে। ভক্তিশাস্ত্র-শিরোমণি শ্রীমন্তাগবতেও উক্ত হইয়াছে;—

> "বদন্তি তৎ তত্ত্বিদন্তবং যজ্ঞানসৰ্যম্। ব্ৰুক্ষেতি প্ৰমান্থেতি ভগবানিতি শব্যুতে ॥ তজ্জ্দধানা মূন্য়ো জ্ঞানবৈৰাগ্যযুক্ত্যা। গগুস্তাাথ্যনি চাম্বানং ভক্ত্যা শ্ৰুতগৃহীতয়া॥"

তত্ত্বিদ্ব্যক্তিগণের মধ্যে কেহ কেহ ধর্মকেই তত্ত্ব বলিয়া থাকেন। বস্তুত্ত ধর্ম ও তত্ত্ব একই। শাস্ত্রে ক্ষণিক জ্ঞানের ব্যাবর্জন পূর্বক অবর তত্ত্ত্জানকেই জ্ঞান বলিয়াছেন। ঐ অবর তত্ত্ব ও ধর্মের বস্তুত্ত কোন ভেদই দেখা বার না। ঐ তত্ত্বেরও আবার স্বগত ভেদ নাই। বৈদান্তিকেরা বাঁহাকে ব্রহ্ম বলেন, সাংখোরা বাঁহাকে প্রমার্মা বলেন, ভগবন্তক্ত সকল তাঁহাকেই ভগবান বলিয়া থাকেন। ঐ তিন তত্ত্বের মধ্যে পরস্পার্ম বস্তুত ভেদ নাই। তবে শক্তির প্রকাশ ও অপ্রকাশে অথবা তত্তারত্য্যে ভেদের প্রতীতিমাত্র। শ্রদ্ধান মুনিগণ অমুকূল-জ্ঞান-বৈরাগ্য-যুক্ত শ্রুভগৃহীত ভক্তি দারা আত্মাতেই ঐ তত্ত্বের সাক্ষাৎকার লাভ করিয়া থাকেন।

ভক্তির লক্ষণ যণা, গোপালতাপনীয় ক্রতিতে,—

"ভক্তিরস্ত ভলনং তদিহাসুত্রোপাধিলৈরাস্তেনামুমিন্ মনঃক্রনমেতদেব নৈক্র্যামিতি।"

সর্ববিধ-উপাধি-শৃক্ত হইরা অনুক্লভাবে শ্রীক্লকের ভজনের নামই ভক্তি, এবং ইহাতেই নৈকর্ম্যদিদ্ধি।

অবিকল এই শ্রুতির অন্তবাদে গোস্বামিপাদগণ ভক্তিরসামৃতি সন্ত্র ভক্তির যে লক্ষণ করিয়াছেন, তাহা এই—

"অত্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্মাদ্যনার্তম্। আহুকুল্যেন কৃষ্ণান্ধশীলনং ভব্জিক্তমা॥"

শীক্ষসম্বন্ধীয় অফুক্ল অমুশীলনকেই সামান্যত ভক্তি বলা যায়। ঐ অমু-শীলন যদি জ্ঞান ও কর্ম হারা অনাবৃত এবং ভক্তি ভিন্ন অন্য বস্তুমাত্রের স্পৃহাশূন্য হয়, তবেই তাহাকে উদ্ভমা ভক্তি বলা যায়।

এই স্থলে শ্রীক্লফশন্দ তদীয় অবতারাদির উপলক্ষক। ফলত শ্রীক্লফট ভক্তির অধিতীয় বিষয় বা চরম বিশ্রামন্থান। তাঁহার অন্যান্য অবতারাদিতেও ভক্তির ক্রিয়া হইলেও তত্তবিষয়ে পূর্ণ ক্রিয়ার অসম্ভাবনা প্রযুক্ত ততৎস্থলীয় ভক্তির ন্যুনতা অনিবার্য্যা। বস্তুত অতল্লিরসনমূথে জ্ঞানদৃষ্ট মান্নাতিরিক্ত শক্তিগণরহিত চিন্মাত্রতত্ত্ব ব্রহ্মবস্তর দিগ্দর্শনে বা যোগাদিমার্গামুসদ্ধের অস্ত-র্য্যামিত্বময় মায়াশক্তিপ্রচুর চিচ্ছক্ত্যংশযুক্ত পরমাত্মতত্ত্বের পরিদর্শনে ভক্তির বাদুশী ক্রিয়া লক্ষিত হয়, তাহা পরিপূর্ণসর্কশক্তিসমন্বিত সর্কতন্তাত্মক ভগবানে অর্পিত ছক্তির ক্রিয়ার নিকট অতীব অকিঞ্চিৎকরী। অতএব একমাত্র আফু-কুলাময়ী কৃষ্ণচেষ্টাই ভক্তি। অনুশীলন শব্দে প্রবুত্তাাত্মক ও নিরুষ্ট্যাত্মক শারীরিক, মানসিক ও বাচনিক চেষ্টা এবং প্রীতিবিষয়াত্মক মানসিক ভাব। উহা কেবন শ্ৰীকৃষ্ণ ও তম্ভক্ৰগণের অনুগ্ৰাহেই নদ্ধ হইয়া থাকে। ধাতু হইতে অমুশীলন শব্দের বাৎপত্তিলভা অর্থ উক্ত প্রকারে ছিবিধ হইলেও কারণাছাক স্বপ্রকাশরহিত ভাবরূপ অফুশীবন, কার্য্যাত্মক স্বপ্রকাশধর্ম্মি চেষ্টারূপ অফুশীবন ৰাৱা নিয়ত আচ্চাদিত আছে বলিয়া চেষ্টাই একমাত্ৰ অফুশীলনের পর্যায়ক্তপে পর্য্যবসিত হইতেছে। এই কৃষ্ণানুশীল অমুকূল হওয়া চাই; প্রতিকৃল হইলে, छाहारक छक्ति वना शहरव ना। औक्रश्वविषयि त्वांत्रमाना कर्यार न्यृहनीया

প্রবৃত্তিই এই স্থানে স্বায়ুকূল্য শব্দের স্বর্থ। লক্ষণোক্ত জ্ঞানশব্দে ভঙ্গনীয়ন্ত্রন্ত্রণ অনুসন্ধান ভিন্ন অভেদ ব্রন্ধজ্ঞান এবং কর্ম শব্দে শ্রীকৃষ্ণানুশীলনের উপযোগী দেবনাদি ভিন্ন স্মৃত্যক্ত নিতানৈমিত্তিকাদি কর্ম্মই বুঝিতে হইবে। কারণ, ভক্তিতে ভজনীয়ত্বারুসন্ধানরপ জ্ঞান এবং শ্রীকৃষ্ণভজনরূপ কর্ম্ম বর্জনীয় নছে; কারণ, উহারা ভক্তিরই অঙ্গ। বস্তুত আমরা শারীরিক, মানসিক বা বাচিক যে কোন বিষয়ে প্রবৃত্ত ও তাহা হইতে নিবৃত্ত হই, এবং যে কোন জ্ঞান উপাদ র্জ্জন করি, সে সমুদায়ই শ্রীক্ষের প্রীত্যুদ্দেশে, এই প্রকার অমুরাগ রূপ মান-সিক ভাব বিশেষের নামই উত্তমা ভক্তি। যদিও জ্ঞানাদিশন্য অনুকূলতাচরণই সেবন শব্দের মুখ্যার্থ, তথাপি এন্থলে বিশুদ্ধ ভক্তির লক্ষণ প্রদর্শন করিবার নিমিত্ত শারীরিক ব্যাপারাদিরূপ গৌণার্থও বিবক্ষিত হইয়াছে। ভক্তিপদবাচ্য অনুশীলনের তিনটি অবস্থা; সাধন, ভাব ও প্রেম। ইন্দ্রিয়গণের প্রেরণা দ্বারা সাধনীয়া সামান্য-ভক্তির নামই সাধন-ভক্তি। ইহা জীবের হৃদয়নিহিত প্রেমকে উদ্দীপিত করে বলিয়াই ইহাকে সাধন-ভক্তি বলে। গুদ্ধসন্ত্বিশেষ-স্বরূপ, প্রেমস্থ্যাংশুসদৃশ এবং রুচি দারা চিত্তের স্নিগ্ধতা সম্পাদক ভক্তিবিশে-ষের নামই ভাব। এই ভাব প্রেমের প্রথম অবস্থা। এই নিমিত্ত ভাব ঘনীভূত হইলেই তাহাকে প্রেম বলা হয়। বিষয়ভোগদত্ত্বেও দৌভাগ্য বশত যথন জীবের বহির্মুখতার নিবৃত্তি হয়, তথন ঈশ্বর, আত্মা, পরলোক ও কর্মফল, এই সকল বিষয়ে বিশ্বাস জন্মে। ক্রমে তত্তবিষয়ের কিছু কিছু আলোচনারও উদয় হইতে থাকে। এইরপে অপ্রাকৃত তত্ত্বের আলোচনা হইতে হইতে শ্রবণ-কীর্ত্তনাদি তত্তবিষয়িণী ইক্রিয়চেষ্টার সহিত উহা ক্রমে চরম অবস্থায় উপনীত হয়। ঐ চেষ্টা প্রথমে সাধনরূপেই প্রকাশ পায়। পরে উহা ভাবের উদ্দীপন করে। ঐ ভাব আবার পরিশেষে প্রেমরূপে পরিণত হয়। অতএব প্রেমই উক্ত চেষ্টার চরম ফল। বাস্তবিক, প্রেমই জীবের নিত্য ধর্ম। কিন্ত যতদিন ভগবতত্ত্বের অভ্যাদয় না হয়, সেই পর্যান্ত উহা অপরিক্ষৃটই থাকে। তবে জীবের অবস্থাভেদে সাধন ও ভাব রূপে উহার কিঞ্ছিৎ নৈমিতিকতামাত্র দৃষ্ট হয়। প্রীক্লফবিষয়ক ভাব বাসনারপে আত্মাতে নিতাই অবস্থান করিতেছে। সাধন-ভক্তি ঐ ভাবকে জীবের জনয়ে প্রকটিত করিয়া দেয় বলিয়াই উহা সাধন রূপে

এবং ভাব সাধ্যরূপে পরিগণিত হইয়া থাকে। বস্তুত ভগবানে যাঁহাদিগের স্থাভাবিক রাগের উদয় আছে, তাঁহারাই প্রকৃত প্রেমিক; তাঁহাদিগের পক্ষে সাধন ভক্তির প্রয়োজনীয়তাই নাই।

বিশ্বদ্ধা ভক্তি কেশনাশিনী, শুভদায়িনী, মোকলঘুতাকারিণী, মুহুর্লভা, সান্তাননত্বরূপিণী ও শ্রীরুফাকর্ষণী। ক্লেশ-পাপ, পাপবীত্ব ও অবিদ্যা ভেদে তিন প্রকার। তন্মধ্যে পাপ হিবিধ; অপ্রারন্ধ ও প্রারন্ধ। যাহাতে কোন ফুল অর্থাৎ কটন্বাদিরূপ কার্য্যাবস্থা আরম্ধ হয় নাই, তাহাকেই অপ্রারম্ধ পাণ বলে। ঐ অপ্রারন্ধ পাপ অদৃষ্টরূপে আত্মাতেই অবস্থান করে; উহা অনাদি ও অনন্ত। আর যাহা ফলোলুথ, অর্থাৎ যদ্বারা হুর্জাতিতে জন্মগ্রহণ প্রভৃতি ক্রেশ ভোগ করিতে হয়, তাহাকেই প্রারন্ধ পাপ বলে। আমরা নিষিদ্ধ কর্মোর অনুষ্ঠানাদি দারা পূর্বজন্মে অথবা বর্ত্তমানে যে পাপ করিয়াছি বা করিতেছি, যাহার ফলভোগ অবশ্রুই আমাদিগকে করিতে হইবে, অর্থাৎ যে পাপ, ফল -জনাইয়া দেয়, তাহাকেই প্রারন্ধ পাপ কহে। উহা অবশুই স্বীকার করিতে হইবে যে, আমাদিগের পাপকর্ম্মে প্রবৃত্তি জন্মাইবার কোন একটি বিশেষ কারণ আছে; ঐ কারণটি অনাদি সংস্কাররূপে আত্মাতেই অবস্থিতি করি-তেছে। উহা পাপকর্ম্মের প্রবর্ত্তক বলিয়া অপ্রারন্ধ পাপ রূপে কথিত হইয়া থাকে। প্রারন্ধ পাপ উহারই কার্য্যভূত। ঐ কার্য্য আবার ক্রমবিকাশি। অপ্রারন্ধ পাপ ক্রমান্বয়ে কূট, বীজ ও ফলরূপে পরিণত হইয়া থাকে। ফলা-বস্থার নামই প্রাবন্ধ পাপ। কূট বীজত্বের উন্মুথ অর্থাৎ বীজের কারণ। বীজ আবার অঙ্কুর উৎপাদন করাইয়া তদ্বারা ফলের জনক হয়।

জগতের প্রীতিবিধান, অনুরাগ, সদ্গুণ ও সুথ প্রভৃতির নামই শুভ।
যিনি প্রীহরির অর্চনা করেন, তাঁহা হইতে অথিল জগৎ প্রীতি লাভ করে,
এবং স্থাবরজন্মাত্মক নিথিল জগৎই তাঁহাতে অনুরক্ত হয়। দুেবতাগণ
তাঁহাতে অনুরক্ত হইয়া বৈরাগ্যাদি বিবিধ সদ্গুণের সহিত তাঁহাতেই অবস্থান
করিয়া থাকেন। বৈষ্
রিক, ব্রান্ধ ও ঐশর ভেদে স্থও তিন প্রকার। বাঁহারা
গোবিন্দে ভক্তি লাভ করেন, তাহাদিগের কি ভ্ক্তিরূপ বৈষ্
রিক স্থ কি
মৃক্তিরূপ বান্ধ স্থে এবং কি নিতা পরমানদ্শেষ ঐশ্বর স্থ দক্ষই আয়ত

হুইয়া থাকে। ঐ হরিভক্তি স্থল্পতা, অর্থাৎ একমাত্র দাধন ভক্তি তির অন্য কোন উপায়ে উহা লাভ করা যায় না। ঐ সাধ্য ভক্তির পর পর আটটি অবস্থা। যথা—তাব, প্রেম, প্রণয়, স্নেহ, রাগ, মান, অন্তরাগ ও মহাভাব।

সাধুসঙ্গানিজনিত সংস্কার বিশেষ দারা যাঁহার জ্রীক্ষণেরনে শ্রদ্ধা জ্বিয়াছে এবং যিনি কর্মযোগনাত্তে বৈরাগ্যযুক্ত বা অতিসক্ত হয়েন নাই; অর্থাৎ জ্রীক্ষণের গুণাস্থবাদাদি ভিন্ন অন্ত কর্ম্মে যাঁহার আসজ্ঞি নাই, তিনিই ভক্তিবিষয়ে অধিকারী।

ঐ অধিকারী তিন শ্রেণীতে বিভক্ত; উত্তম, মধ্যম ও কনিষ্ঠ।

যিনি শাল্পে ও শাল্তামুগত যুক্তিবিন্যাসে বিশেষ নিপুণ, যিনি তম্ববিচার, সাধনবিচার এবং পুরুষার্থবিচার, অর্থাৎ প্রীক্তম্বের অতিরিক্ত তত্ত্ব নাই, প্রবণ কীর্ত্তনাদির অতিরিক্ত সাধন নাই, এবং প্রেমের অতিরিক্ত পুরুষার্থ নাই, এইরূপ স্থিরনিশ্চয় করিয়াছেন; এবং এই প্রকার বিচার দারা ভগবানই একমাত্র উপাস্য বস্তু ও প্রাপ্তির বিষয়, এইরূপ নিশ্চয় বাঁহার দৃঢ়তর হইয়াছে, এবং বিশাস্ত প্রগাঢ় হইয়াছে, তিনিই ভক্তিবিষয়ে উত্তম অধিকারী।

যিনি শাস্ত্রে ও শাস্ত্রাভূমোদিত যুক্তি প্রদর্শনে বিশেষ নৈপুণ্য লাভ করিতে পারেন নাই; কিন্তু তাহাতে শ্রদ্ধাবান হইয়াছেন, তিনিই মধ্যম অধিকারী।

শালে ও শালামুগত যুক্তি প্রদর্শনে নৈপুণ্য লাভ দ্রে থাকুক, যাঁহার বিখাসও কোমল, অর্থাৎ বিরুদ্ধ শাল্প ও যুক্তি দারা যাঁহার বিখাস অনায়াসেই শিথিল করা যাইতে পারে, তিনিই ভক্তি বিষয়ে কনিষ্ঠ অধিকারী।



গোবিন্দভাষ্যবিব্যতি সমাপ্ত।

নিম-লিখিত প্তকগুলি কলিকাতা—নিমতলা—গোপীক্ষণ পালের লেন ১৫ নং ভবনেপুরাণ-কার্যালয়ে বিক্রীয়ার্থ প্রস্তুত আছে। প্রীযুক্ত বাবু ক্ষণগোপাল ভক্ত মহাশরের নিকট মূল্যসহ পত্র লিখিলেই পাওয়া যায়। মূল্য, মণি-অর্জর দ্বারা পাঠাইতে হয়। অল্ল হইলে অর্দ্ধ আনা মূল্যের টিকিট দ্বারা পাঠাইলেও চলিবে। অন্তত পাঠাইবার খরচ অগ্রিম পাঠাইলে ভ্যালুপেয়েবল-পোষ্টেও পাঠান হয়।

(১) শ্রীযুক্ত বাবু কৃষ্ণগোপাল ভক্ত সম্পাদিত।

>। অভ্তপূর্ব স্থলভ, একত্র সংগৃহীত ও বিশুদ্ধ সংকরণ শ্রীমন্তাগবত। বিশেষ বিবরণ স্বতন্ত্র বিজ্ঞাপনে ক্রইব্য।

২। খ্রীমন্মধুস্দনসরস্থতী-কৃতা শ্রীমন্ত্রপত্তীদ্যক্ষোকতায়স্থ ভ্রীমন্ত্রপত্তীদ্যক্ষোকতায়স্থ টিকা।

মূল্য চারি আনা; ডাকে মামূল অর্দ্ধ আনা।

৩। বেদান্তদর্শন।

শ্রীমদ্ধলদেব-বিদ্যাভ্যণ-বিরচিত সটাক গোবিলভাষা, অমুবাদ ও বিবৃতি সমেত। ২৯ থণ্ডে সম্পূর্ণ হইরাছে। মূল্য সাত টাকা আট আনা। মফখনে পাঠাইবার থরচ আট আনা।

৪। যোগশাস্ত্র—শিবসংহিতা।

অমুবাদ ও যোগণাত্রসঘদীয় অত্যাবশুক টিশ্লনী সমেত। উত্তমরূপে বাধান। মূল্য দেড় টাকা; মফখলে পাঠাইবার গরচ হুই আনা।

৫। মহানিৰ্কাণ তন্ত্ৰ।

কুলাবধৃত শ্রীমদ্ হরিহরানন্দ ভারতী বিরচিত টীকা এবং শ্রীমৃক্ত বৃদ্ধ জগল্পাহন তর্কালক্ষার কৃত অনুবাদ ও প্রায় ৪০০ অতি
প্ররোজনীয় টিমনী সমেত। কিবিংদধিক ৯০০
পৃষ্ঠায় সম্পূর্ণ। বিলাতী কাগড়ে উত্তমরূপে
বাধান। মূল্য ছয় টাকা ছলে সম্প্রতিপাঁচ
টাকা; মফবলে পাঠাইবার থরচ আট আনা।

৬। বাল্মীকি রামায়ণের গদ্য অনুবাদ।

বিভিন্ন প্রকার মূল এছের সহিত সামঞ্চত ক্রিয়া ইছার অনুবাল হইয়াছে। ইহাতে মুলের একটি বর্ণও পরিত্যক্ত হয় নাই। আংধচ ভাষা যতদুর সরল ও প্রাঞ্জল হইতে পারে।

হইয়াছে। ৺ কালীপ্রসন্ন সিংহ মহোল্যের
মহাভারতের পর এরপ অবিকল আর্থত প্রাঞ্জল অফ্রাদ আর দেখা যার নাই।

হবৃহৎ আকারের ১৬০০ পৃষ্ঠায় সম্পূর্ণ।
মূল্য বার টাকা আটে আনা স্থলে সম্প্রতি
পাঁচ টাকা; মফখলে পাঠাইবার থরচ এক
টাকা চারি আনা।

৭। স্বর্গীয় স্থার রাজা রাধাকান্ত দেব বাহাত্র সঙ্কলিত

শব্দকল্পদ্রুম।

(বাঙ্গালা অক্ষরে দিতীয় সংস্করণ ।

মূল্য ৭৫, টাকা ছলে সম্প্রতি ৬০, টাকা;
মফখলে পাঠাইবার থরচ পাঁচ টাকা।

শক্ষক্রদ্রের অন্তর্গত কোনকোন প্রথম

শব্দকাদ্র মন্তর্গত কোন কোন থণ্ডের আবিশুক ইইলেও পাওয়া যায়। মূল্য প্রতি থণ্ড এক টাকা; ডাকমাহল এক আনা।

> ৮। দশরণ-ক্ত-শনৈশ্চরস্তোত্রমুর্

শনিগ্রহ-প্রশীড়িত ব্যক্তিমাতেরই পাঠ কর। একান্ত কর্ত্তব্য⁸। মূল্য এক আনা; ডাকমাস্ক অর্ক আনা।

৯। বিশ্বরহম্ম।

অতি আশর্চা প্রাকৃতিক ও লৌকিক রহস্তসন্দর্ভ। মূল্য আট আনা; ভাকমাংকল অব্ধ আনা।

১০। চাতকভূঙ্গবিবাদ। থগুকাবা বিশেষ; নিবিধ ছন্দোৰদ্ধে বিরচিত।

মূল্য আড়াই আনা; ডাকমাহল অৰ্থ আনা।

১। প্রীপ্রীপ্রতন্ত্রম্।

৪০০ বংশরের হস্তলিখিত প্রাচীন পৃথি দৃষ্টে

ফুদ্রিত। জীযুক্ত জগরোহন তর্কালভার কর্তৃক
অনুবাদ সমেত। মূল্য চারি আনা হলে
সম্প্রতি হুই আনা। ডাকমান্ত্র অধ্বানা।

২। কৃষ্ণদাসচরিতম্।

খণ্ডকাব্যম ।

স্বৰ্গীয় কৃষ্ণদাস পালের জীবনীর প্রধান প্রধান ঘটনাবলী স্থলনিত সংস্কৃত কবিতায় লিখিত। ^হমূন্য হুই আনা; ডাকমাফ্ল অৰ্ধ আনা।

৩। মিবারদলন কাব্য।

চিতোরের হৃদরভেদী পরিণাম—অমি-ক্রাক্ষরস্থান বিরচিত। মূল্য এক টাকা স্থলে সম্প্রতি আটি আদা; ডাকমাস্ল এক আনা।

৪। মধুবিলাপ।

অথাং মাইকেল সধুস্দন দত্তের বিয়োগ-জনিত বিলাপ্ত। মূল্য এক আনা; ডাকমাসল অৰ্দ্ধ আনা। ৫। বাবু রাজনারায়ণ বহু প্রণীত সেকাল আরি একাল। মূল্য আট আনা; ডাকমাসল অৰ্দ্ধ আনা।

৬। বাঙ্গালা মুদ্রাঙ্কনের ইতিরত।

নানেই এছের পরিচর পাওরা বাইভেছে। মূল্য চারি স্নানা; ডাক্যান্থ্য স্ক্র জানা। ৭। পাণ্ডত ক্লফধন বিদ্যারত্ন অন্তব্যদিত হরিবংশের অন্তর্গত

(১) মধুময় কৃষ্ণলীলাপূর্ণ

বিষ্ণুপর্বব ৷

মূল্য দেড় টাকা ছলে সম্প্রতি আট আবা: ডাকমাহল হুই আনা!

(২) ঐ ঐ ভবিষ্যপর্ব।

মূল্য এক টাকা ছলে সম্প্রতি ছয় আনা;

ডাকমাহল ছই আনা।

৮। ইচ্ছামূলাকর্ণ।

আৰু পুত্তক ; ইং, ছারা বর্গ ঘন প্রভৃতি সকল প্রকার মূল ইচ্ছামত আকর্ষণ করিছে: পারাযায়। মূল্য পাঁচ আনা ছলে সম্প্রতি তিন্ আনা; ডাক্মাহেল অর্দ্ধ আনা।

৯। লাট রিপণ সাহেবের বক্তৃতা।--

(हेश्ताकी)

লর্ড রিপণের তুল্য প্রজারপ্তন লাটসাহেব ভারতবর্ধে পদার্পণ করিয়া কোষার বি বলিরাছেন, তাহা এই পুন্তক পাঠে জানিত্তে পারা যায়। ইহা সকলেরই পাঠ করা কর্ত্তবা মূল্য সর্কাশধারণের হুবিধার নিমিত্ত এবং বাহলার্রাণে প্রচারের নিমিত, ক্ষতি বীকার করিয়াও হুই টাকা ছরে সম্প্রতি আটি আনা। মক্ষতে পাঠাইবার খরচ ছুই আনা। উত্তর-রূপে বিলাভা ক্ষাপ্ততে বীধানর ফুলা এক টাকা; পাঠাইবার খরচ ছারি আনা।

(৩) পুরাণ-কার্য্যালয়ে বিক্রমার্থ স্থাপিত।

১। শ্রীমন্তগবদগীতা।

প্রমণ্বলদেববিদ্যাভূষণ কৃত ভাষা, শীৰ্ক শীৰ্কজানি কৃত দীৰ্কা, সাধ্বাদ গীতামাহাল্য এবং শীৰ্ক ভাষ্ণাল গোৰাদি কৃত বাকালা অধ্বাদ ও ন্যালোচন মুম্মেত। মুল্য লাড়াই টাকা; ডাকে পাঠাইবার ধ্বচ তিন আমা।

२। अस्त्रात्रज्ञावली।

জীবুক গৌকুলচজ্ৰ সৌন্তিকত অনুবাদ সমেত মূল্য বাব জালা; ডাকমাহল আৰ্ছ ভাৰাঃ

৩। প্রাণতোষিণী।

মূলা সম্প্রতি হই টাকা; পাঠাইরার কা চারি আনা।

৪। গুপ্তলিপি।

(অপূৰ্ক নৰঞাস) ২য় ভাগ। মূল্য এক টাকা হলে সম্প্ৰতি ভাট ভালা ডাকমাহল এক আনা।

৫। ভূগোলরত্বাকর।

कृत्यानवित्त्रव । कृता ध्वान आस्त्र । विक्षति वर्ग साम्रोतिकास्य सर्व साम्

মহিয়াড়ী সাধারণ পুস্তকালয়

निक्तांतिए फिल्बत भतिहा भन्न

| 7 | ৰ্গ সংখ্যা | পরিগ্রহণ সংখ্যা | | থ্যা | | | |
|---|---------------|-----------------|-------------|-------|------|-------|---------|
| | এই পুস্তকধানি | নিয়ে | নিৰ্দ্ধারিত | पित्न | অথবা | ভাগার | পার্বেব |

প্রস্থাগারে অবশ্য ফেরত দিতে হইবে। নতুবা মাসিক ১ টাকা হিসাবে জরিমানা দিতে হইবে।

| নিৰ্দ্ধারিত দিন | নিৰ্দ্ধারিত দিন | নিৰ্দ্ধারিত দিন | নির্দ্ধারিত দিন |
|-----------------|-----------------|-----------------|---------------------|
| Dr 226 | | | The first sections. |
| | | | |
| l l | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

এই পুস্ক কথানি বাক্তি গওভাবে অথবা কোন ক্ষমভা-প্রদন্ত প্রতিনিধির মারফং নিদ্ধারিত দিনে বা ভাচার পূর্বেকেরং হইলে অথবা অক্ত পাঠকের চাহিদানা থাকিলে পুনঃ ব্যবহার্থে নিঃস্ত হুইতে পারে।